লেকচার

Short সিলেবাসে
HSC সৃজনশীল

# MADE EASY

with Test Papers

# অর্থনীতি

## প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে
QR Code টি
স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও
শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা
পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ১–১৮

১. ঢাকা বোর্ড ২০২২ ........ ১
২. রাজশাহী বোর্ড ২০২২ ........ ২
৩. যশোর বোর্ড ২০২২ ........ ৩
৪. কুমিল্লা বোর্ড ২০২২ ........ ৪
৫. চট্টগ্রাম বোর্ড ২০২২ ........ ৫
৬. সিলেট বোর্ড ২০২২ ........ ৬
৭. বরিশাল বোর্ড ২০২২ ........ ৭
৮. দিনাজপুর বোর্ড ২০২২ ........ ৮
৯. ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ৯
১০. ঢাকা বোর্ড ২০২১ ........ ১০
১১. রাজশাহী বোর্ড ২০২১ ........ ১১
১২. যশোর বোর্ড ২০২১ ........ ১২
১৩. কুমিল্লা বোর্ড ২০২১ ........ ১৩
১৪. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........ ১৪
১৫. সিলেট বোর্ড ২০২১ ........ ১৫
১৬. বরিশাল বোর্ড ২০২১ ........ ১৬
১৭. দিনাজপুর বোর্ড ২০২১ ........ ১৭
১৮. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ১৮

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---------- ১৯–৩৬

১৯. ঢাকা বোর্ড ২০২২ ........ ১৯
২০. রাজশাহী বোর্ড ২০২২ ........ ২০
২১. যশোর বোর্ড ২০২২ ........ ২১
২২. কুমিল্লা বোর্ড ২০২২ ........ ২২
২৩. চট্টগ্রাম বোর্ড ২০২২ ........ ২৩
২৪. সিলেট বোর্ড ২০২২ ........ ২৪
২৫. বরিশাল বোর্ড ২০২২ ........ ২৫
২৬. দিনাজপুর বোর্ড ২০২২ ........ ২৬
২৭. ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ২৭
২৮. ঢাকা বোর্ড ২০২১ ........ ২৮
২৯. রাজশাহী বোর্ড ২০২১ ........ ২৯
৩০. যশোর বোর্ড ২০২১ ........ ৩০
৩১. কুমিল্লা বোর্ড ২০২১ ........ ৩১
৩২. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........ ৩২
৩৩. সিলেট বোর্ড ২০২১ ........ ৩৩
৩৪. বরিশাল বোর্ড ২০২১ ........ ৩৪
৩৫. দিনাজপুর বোর্ড ২০২১ ........ ৩৫
৩৬. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ৩৬

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ------------------------------------------------৩৭–৪৪


৩৭. রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা ........ ৩৭

৩৮. আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা ........ ৩৮

৩৯. ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ ........ ৩৯

৪০. কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর ........ ৪০

৪১. বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম ........ ৪১

৪২. পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজ, রংপুর ........ ৪২

৪৩. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সৈয়দপুর ........ ৪৩

৪৪. কঞ্ঝাক্ষ্ম. পাবলিক 'স্কু ও কএলজ, বিইউসৈমৈসৈ, পাবউতীপুর, দিনাজপুর ........ ৪৪


## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি--------------------------------৪৫–৫২


৪৫. রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা ........ ৪৫

৪৬. আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা ........ ৪৬

৪৭. সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর ........ ৪৭

৪৮. খুলনা সরকারি মহিলা কলেজ ........ ৪৮

৪৯. কক্সবাজার সরকারি মহিলা কলেজ ........ ৪৯

৫০. ব্লু বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট ........ ৫০

৫১. কঞ্ঝাক্ষ্ম. পাবলিক 'স্কু ও কএলজ, বিইউসৈমৈসৈ, পাবউতীপুর, দিনাজপুর ........ ৫১

৫২. আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ ........ ৫২


## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ------------------------------------------------------------৫৩–৫৪


৫৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ........ ৫৩

৫৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ........ ৫৪


## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ------------------------------------------------৫৫–৫৬


৫৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ........ ৫৫

৫৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ........ ৫৬

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 9

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট | **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান : ৪০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। কিবরিয়া সাহেব একজন সরকারি কর্মকর্তা। তিনি সম্প্রতি ইউরোপের একটি দেশ ভ্রমণ করেন। তিনি লক্ষ করেন, উক্ত দেশের জীবনযাপন পদ্ধতি তার নিজ দেশ থেকে আলাদা। ভ্রমণকৃত দেশের সকল সম্পদের মালিক রাষ্ট্র এবং বাজারে অবাধ প্রতিযোগিতা নেই। অথচ তার দেশে সম্পদের মালিকানা ব্যক্তিকেন্দ্রিক এবং সমাজে বৈষম্য বিদ্যমান।

ক. অভাব কী? ১
খ. 'সম্পদের দুষ্প্রাপ্যতা অর্থনৈতিক সমস্যার মূল ভিত্তি'– ব্যাখ্যা কর। ২
গ. কিবরিয়া সাহেবের ভ্রমণকৃত দেশে কোন ধরনের অর্থব্যবস্থা চালু রয়েছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, কিবরিয়া সাহেবের নিজ দেশের অর্থব্যবস্থার চেয়ে ভ্রমণকৃত দেশের অর্থব্যবস্থা অধিকতর শ্রেয়– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। $Q_d = 25 - 2P$
$Q_s = -5 + P$
ক. অপেক্ষক কী? ১
খ. সব সময় আয়ের পরিবর্তনে চাহিদার পরিবর্তন হয় না– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম 7 টাকা হলে ভারসাম্যের উপর কীরূপ প্রভাব পড়বে– বিশ্লেষণ কর। ৪

৩।




ক. চাহিদা কী? ১
খ. পরিবর্তক দ্রব্যের চাহিদা রেখার আকৃতি কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ST রেখার ঢাল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চিত্রে ST রেখাকে কি যোগান রেখা বলা যায়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪।

| উৎপাদন (Q) | স্থির খরচ (TFC) | মোট খরচ (TC) |
|---|---|---|
| 1 | 10 | 20 |
| 2 | 10 | 25 |
| 3 | 10 | 28 |
| 4 | 10 | 35 |
| 5 | 10 | 45 |
| 6 | 10 | 60 |


ক. উৎপাদন কী? ১
খ. উৎপাদন ক্ষেত্রে স্বল্পকালে স্থির খরচের অস্তিত্ব বিদ্যমান থাকে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে উৎপাদনের প্রতিটি স্তরে TVC ও MC নির্ণয় করে সূচি আকারে দেখাও। ৩
ঘ. প্রাপ্ত সূচি থেকে MC রেখা অঙ্কন করে এর আকৃতি ব্যাখ্যা কর। ৪

৫।

| Q (উৎপাদন ) | TR (আয়) |
|---|---|
| 1 | 10 |
| 2 | 20 |
| 3 | 30 |
| 4 | 40 |
| 5 | 50 |
| 6 | 60 |

ক. গড় আয় কী? ১
খ. মোট স্থির খরচ রেখা ভূমি অক্ষের সমান্তরাল– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে দাম, গড় আয় ও প্রান্তিক আয় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে প্রদত্ত তথ্য কোন বাজার ব্যবস্থাকে সমর্থন করে? যুক্তি দাও। ৪

৬।




ক. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কী? ১
খ. 'একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে E বিন্দুতে মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. AC রেখার সর্বনিম্ন বিন্দু যদি M হয়, তাহলে ফার্মটির ভারসাম্য অবস্থা বিশ্লেষণ কর। ৪

৭। X ও Y দুটি পণ্য। X পণ্যটির বাজারে একজন মাত্র বিক্রেতা। অপরদিকে, Y পণ্যের বাজারে অসংখ্য ক্রেতা-বিক্রেতার সমাগম রয়েছে এবং সমজাতীয় পণ্য উৎপাদনে প্রতিযোগিরা অবাধে প্রবেশ ও প্রস্থানের সুযোগ পায়।

ক. ভারসাম্য কী? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে AR = MR হয় কেন? ২
গ. X পণ্যের বাজারটি কোন ধরনের বাজার? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই ধরনের বাজারের পার্থক্য লেখ। ৪

৮।

| সামগ্রিক আয় (Y) | মোট সঞ্চয় (S) | মোট বিনিয়োগ (I) |
|---|---|---|
| 400 | 100 | 200 |
| 500 | 200 | 200 |
| 600 | 300 | 200 |

ক. সামগ্রিক আয় কী? ১
খ. সঞ্চয় ও বিনিয়োগের সম্পর্ক কীরূপ? ২
গ. উদ্দীপক থেকে বিনিয়োগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় ব্যাখ্যা কর। ৪

৯। $C = 50 + 0.25Y$
$I = 50, G = 50$
ক. জাতীয় আয় কী? ১
খ. জাতীয় আয় গণনায় চূড়ান্ত দ্রব্য অন্তর্ভুক্ত– ব্যাখ্যা কর। ২
গ. ভারসাম্য জাতীয় আয় উদ্দীপকের আলোকে নির্ণয় কর। ৩
ঘ. সরকারি ব্যয় দ্বিগুণ হলে ভারসাম্যের উপর কীরূপ প্রভাব পড়বে বিশ্লেষণ কর। ৪

১০। আলম সাহেব এমন একটি ব্যাংকে চাকরি করেন যেটি মুদ্রা ছাপায় ও ঋণ নিয়ন্ত্রণ করে। অপরদিকে, রবিন সাহেব অন্য একটি ব্যাংকে চাকরি করেন যেটি জনগণ থেকে আমানত গ্রহণ করে ও ঋণ প্রদান করে।

ক. মুদ্রা কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে আলম সাহেবের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১১। একটি দেশে মোট বিহিত মুদ্রার পরিমাণ M = 1000 ও প্রচলিত গতি V = 20। এই দেশে ব্যাংকসৃষ্ট মুদ্রার পরিমাণ M′ = 600 এবং প্রচলন গতি V′ = 10, লেনদেনের পরিমাণ T = 1000।

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. মোবাইল ব্যাংকিং গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের আলোকে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশটিতে লেনদেনের পরিমাণ কমে 800 এবং ব্যাংক মুদ্রার পরিমাণ কমে 500 হলে দামস্তরের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

# ২ ✓ রাজশাহী বোর্ড ২০২২

## অর্থনীতি প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। সোহেলের বাবা একজন গরিব কৃষক। তিনি সরকার থেকে বয়স্ক ভাতা পেলেও পাঁচজনের সংসারে তা পর্যাপ্ত নয়। সোহেলের দুই বোন স্কুলে পড়ে। সেখানে বিনামূল্যে পাঠ্যবই পায়। সোহেল সরকারি কলেজে পড়ে। অপরদিকে, তার বন্ধু বেসরকারি কলেজে পড়ে। সোহেলের কলেজ ড্রেস ও ব্যাগ প্রয়োজন। বাবাকে নিয়ে অনেকগুলো দোকান ঘুরে দেখল। তার বাবার যা সামর্থ্য তাতে একসঙ্গে দুটি জিনিস কিনে দেওয়া সম্ভব নয়। তাই দুটির মধ্যে কোন জিনিসটি কিনবে তা নিয়ে দ্বিধাগ্রস্ত হয়ে পড়ল।

ক. অর্থনৈতিক ব্যবস্থা কী? ১
খ. নির্দেশমূলক অর্থনৈতিক ব্যবস্থায় প্রতিযোগিতা থাকে না কেন? ২
গ. সোহেলের দেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা চালু আছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সোহেলের দ্রব্য ক্রয়ে দ্বিধাগ্রস্ততা কোন ধরনের অর্থনৈতিক সমস্যাকে নির্দেশ করে তা বিশ্লেষণ কর। ৪

২। নির্দিষ্ট সম্পদ ও চলতি প্রযুক্তি সাপেক্ষে দুটি দ্রব্যের উৎপাদন সূচি নিচে দেওয়া হলো :

| X দ্রব্য | Y দ্রব্য | সংমিশ্রণ |
|---|---|---|
| ১২০ একক | ০০ একক | A |
| ১০০ একক | ৫০ একক | B |
| ৫০ একক | ১০০ একক | C |
| ০০ একক | ১২০ একক | D |

ক. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা কাকে বলে? ১
খ. নির্দেশমূলক অর্থব্যবস্থা ও ধনতান্ত্রিক অর্থব্যবস্থার মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকে তথ্য হতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে প্রদত্ত শর্তসাপেক্ষে একই সঙ্গে X দ্রবের ১০০ একক এবং Y দ্রব্যের ১০০ একক উৎপাদন সম্ভব কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। বেলাল সাহেব একটি দ্রব্যের বিভিন্ন একক ভোগ করে যে উপযোগ পেলেন তা নিম্নরূপ :

| কমলা (একক) | মোট উপযোগ (ইউটিল) |
|---|---|
| ১ | ১৫ |
| ২ | ২৫ |
| ৩ | ৩০ |
| ৪ | ৩০ |
| ৫ | ২৫ |

ক. চলক কাকে বলে? ১
খ. চাহিদা বিধিতে আয় স্থির ধরা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে প্রান্তিক উপযোগ সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে সম্পর্ক চিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৪। বিভিন্ন দামে একটি দ্রব্যের চাহিদা ও যোগানের পরিমাণ নিচে দেওয়া হলো :

| দাম (P) | চাহিদার পরিমাণ (Qd) | যোগানের পরিমাণ (Qs) |
|---|---|---|
| ৫ টাকা | ১৫০ একক | ৫০ একক |
| ১০ টাকা | ১০০ একক | ১০০ একক |
| ১৫ টাকা | ৫০ একক | ১৫০ একক |

ক. অপেক্ষক কী? ১
খ. স্বর্ণের চাহিদার স্থিতিস্থাপকতা কেমন হবে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্য হতে চিত্রের মাধ্যমে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. সূচিতে উল্লিখিত দাম স্তরে চাহিদা স্থির থেকে যোগানের পরিমাণ 100 একক করে বৃদ্ধি পেলে ভারসাম্যের কীরূপ পরিবর্তন হবে ব্যাখ্যা কর। ৪

৫। করিম পাঁচ একর জমিতে প্রথম বছর দশ হাজার টাকার শ্রম ও মূলধন নিয়োগ করে ২০০ কেজি মাল্টা উৎপাদন করেন। লাভজনক হওয়ায় পরবর্তী তিন বছরে একই পরিমাণ জমিতে যথাক্রমে ২০ হাজার টাকা, ৩০ হাজার টাকা ও ৪০ হাজার টাকার শ্রম ও মূলধন নিয়োগ করে যথাক্রমে ৩৫০ কেজি, ৪৫০ কেজি এবং ৫০০ কেজি মাল্টা উৎপাদন করেন। এতে তার পরিবারের আর্থিক সচ্ছলতা ফিরে আসে।


ক. উৎপাদন কী? ১
খ. মোট স্থির ব্যয় (TFC) রেখা কেন ভূমি অক্ষের সমান্তরাল হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে প্রান্তিক উৎপাদন সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকে প্রদত্ত তথ্যের আলোকে উৎপাদন বিধিটি ব্যাখ্যাপূর্বক কৃষিক্ষেত্রে এর প্রয়োগযোগ্যতা বিশ্লেষণ কর। ৪

৬। 'ক' ফার্মের উৎপাদন ব্যয়ের তথ্য নিচে দেওয়া হলো :

| উৎপাদনের পরিমাণ (Q) | মোট ব্যয় (TC) (হাজার টাকায়) |
|---|---|
| ১ একক | ৫ |
| ২ একক | ৯ |
| ৩ একক | ১২ |
| ৪ একক | ১৬ |
| ৫ একক | ২২ |

ক. প্রান্তিক আয় কী? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে গড় আয় (AR) ও প্রান্তিক আয় (MR) রেখা একই হয় কেন? ২
গ. উদ্দীপক হতে গড় ব্যয় (AC) নির্ণয় করে সূচিতে দেখাও। ৩
ঘ. উদ্দীপকের আলোকে চিত্রের মাধ্যমে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC)-এর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৭। উদ্দীপকটি লক্ষ কর :




ক. অর্থনীতিতে বাজার কী? ১
খ. ফার্ম ও শিল্পের দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে ফার্মের ক্ষতির পরিমাণ নিরূপণ কর। ৩
ঘ. উদ্দীপক ভারসাম্য অবস্থায় স্বল্পকালে ফার্ম উৎপাদন চালিয়ে যাবে কি? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮। একটি দ্বীপ জেলায় বহুসংখ্যক মুরগির খামার গড়ে উঠেছে। প্রত্যেক খামারিকে রহিম সাহেবের নিকট থেকে মুরগির খাদ্য সংগ্রহ করতে হয়। রহিম সাহেব ইচ্ছামতো দাম বাড়িয়ে অধিক মুনাফা অর্জন করতে পারলেও খামারিরা দাম বাড়াতে পারে না। রহিম সাহেবের অধিক মুনাফার কথা বিবেচনা করে অনেকেই মুরগির ডিমের ব্যবসায় ছেড়ে খাদ্যের ব্যবসার দিকে ঝুঁকছে।

ক. অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প একই– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে খামারিদের মুরগির ডিমের উৎপাদন ও বিপণন যে বাজারের অন্তর্ভুক্ত তার তিনটি বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে মুরগির ডিমের উৎপাদন ও বিপণনের সাথে রহিম সাহেবের মুরগির খাদ্যের বাজারের তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯। ২০২০-২১ অর্থবছরে 'ক' দেশের মোট ভোগ ব্যয় (C) ২০,০০০ কোটি টাকা, বিনিয়োগ ব্যয় (I) ৫,০০০ কোটি টাকা, সরকারি ব্যয় (G) ১০,০০০ কোটি টাকা, রপ্তানি আয় (X) ৫,০০০ কোটি টাকা এবং আমদানি ব্যয় (M) ৬০০ কোটি টাকা।

ক. নিট জাতীয় আয় (NNP) কী? ১
খ. দ্বৈত গণনার সমস্যা কীভাবে পরিহার করা যায়? ২
গ. উদ্দীপকে 'ক' দেশের মোট জাতীয় আয় (GNI) নির্ণয় কর। ৩
ঘ. অন্যান্য ব্যয় স্থির থেকে সরকারি ব্যয় বৃদ্ধি পেয়ে ১৫,০০০ কোটি টাকা হলে ভারসাম্য জাতীয় আয়ে কী পরিবর্তন হবে তা চিত্রের মাধ্যমে দেখাও। ৪

১০। দেওয়া আছে, সঞ্চয় সমীকরণ $S = -100 + 0.5Y$, বিনিয়োগ $(I) = 200$।

ক. মোট দেশজ উৎপাদন (GDP) কাকে বলে? ১
খ. কোন ধরনের ভোগ আয়ের ওপর নির্ভরশীল নয়– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সমীকরণ ব্যবহার করে ভারসাম্য জাতীয় আয় (Y) নির্ণয় কর। ৩
ঘ. বিনিয়োগের পরিমাণ 400 হলে জাতীয় আয়ের কী পরিবর্তন হবে তা চিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

১১। ধরি, বিহিত মুদ্রা (M) = ১০০০, বিহিত মুদ্রার প্রচলন গতি (V) = ৫, ঋণপত্রের পরিমাণ (M′) = ৫০০, ঋণপত্রের প্রচলন গতি (V′) = ২, লেনদেনের পরিমাণ (T) = ১০০০।

ক. আমানত কাকে বলে? ১
খ. বাংলাদেশের দুই টাকার নোট কেন সসীম বিহিত মুদ্রা– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে ফিশারের বিনিময় সমীকরণের সাহায্যে দামস্তর (P) নির্ণয় কর। ৩
ঘ. $M = 2000$ এবং $M' = 1000$ হলে পরিবর্তিত দামস্তর ও অর্থের মূল্য নির্ণয়পূর্বক তাদের মধ্যে সম্পর্ক চিত্রের মাধ্যমে ব্যাখ্যা দাও। ৪


## ৩ যশোর বোর্ড ২০২২

### অর্থনীতি প্রথম পত্র ➤ সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। একজন কৃষিবিদ এক বিঘা জমিতে গম ও আলুর সম্ভাব্য ফলনের তথ্য একটি রেখার সাহায্যে তুলে ধরলেন। রেখাটি নিম্নরূপ :





ক. ব্যষ্টিক অর্থনীতি কাকে বলে? ১
খ. অর্থনীতিতে নির্বাচন সমস্যা কেন দেখা দেয়? ২
গ. কৃষিবিদ উদ্দীপকের রেখাচিত্রটির সাহায্যে যা দেখিয়েছেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. কোনো কৃষক যদি M বিন্দুতে উৎপাদন করে তবে কি তাকে দক্ষ কৃষক বলা যায়? কেন? বুঝিয়ে বল। ৪

২। চিনির চাহিদা অপেক্ষক, $Q = 450 - 4P$, যেখানে P = দাম (টাকা/কেজি), Q = চাহিদার পরিমাণ।

ক. বাজার ভারসাম্য কাকে বলে? ১
খ. পরিবহণ খরচ বাড়লে যোগান কি বাড়ে? কেন? ২
গ. চিনির চাহিদা রেখার ঢাল নির্ণয় কর। ৩
ঘ. চিনির চাহিদার অপেক্ষকটির সাহায্যে চাহিদার সংকোচন প্রসারণের ধারণা ব্যাখ্যা কর। ৪

৩। জামদানি শাড়ির বাজার চাহিদা ও যোগান রেখা নিম্নরূপ :




$D_1D'_1$ = স্বাভাবিক সময়ের চাহিদা রেখা, $D_2D'_2$ = ঈদবাজারে চাহিদা রেখা।

ক. চাহিদা কাকে বলে? ১
খ. কোনো দ্রব্যের পরিপূরক দ্রব্যের দাম বাড়লে দ্রব্যটির চাহিদাতে কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২
গ. জামদানি শাড়ির যোগান সূচি নির্ণয় কর। ৩
ঘ. স্বাভাবিক সময়ের তুলনায় ঈদবাজারে জামদানি শাড়ির বাজার ভারসাম্যে যে পরিবর্তন ঘটে তা চিত্রের আলোকে ব্যাখ্যা কর। ৪

৪। আপেলের দাম ১২০ টাকা/কেজি থেকে বেড়ে ১৫০ টাকা কেজি হলে বাজারে আপেলের চাহিদার পরিমাণ ৪০০ কেজি থেকে কমে ২৪০ কেজি হয়। অন্যদিকে, আপেলের দাম বেড়ে যাওয়ায় কমলার চাহিদার ২৫০ কেজি থেকে বেড়ে ৩০০ কেজি হয়।

ক. চাহিদা সূচি কাকে বলে? ১
খ. 'যোগন ও মজুদ এক নয়।'– বুঝিয়ে বল। ২
গ. আড়াআড়ি স্থিতিস্থাপকতার সাহায্যে আপেলের সাথে কমলার সম্পর্ক নির্ণয় কর। ৩
ঘ. আপেলের চাহিদা কি স্থিতিস্থাপক? উদ্দীপকের তথ্য বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৫। একটি পোশাক কারখানায় ব্যবহৃত উপকরণ ও শার্ট তৈরির তথ্য নিম্নরূপ :

| কর্মীর সংখ্যা | সেলাই মেশিনের সংখ্যা | শার্টের সংখ্যা |
|---|---|---|
| 50 | 10 | 200 |
| 100 | 20 | 400 |
| 150 | 30 | 600 |


ক. স্বল্পকালীন উৎপাদন অপেক্ষক কাকে বলে? ১
খ. সিলেটের কমলা ঢাকায় আনাকে কি উৎপাদন বলা যায়? বুঝিয়ে বল। ২
গ. পোশাক কারখানাটিতে উৎপাদনের কোন বিধি কার্যকর হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পোশাক কারখানাটিতে কি শ্রমের প্রান্তিক উৎপাদন নির্ণয় করা যাবে? কেন? ব্যাখ্যা কর। ৪

৬। একটি বেকারিতে ব্রেড তৈরির ব্যয় নিম্নরূপ :

| ব্রেডের পরিমাণ (পাউন্ড) | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
|---|---|---|---|---|---|---|
| মোট ব্যয় (টাকা) | 60 | 80 | 90 | 120 | 200 | 360 |

ক. উৎপাদন কাকে বলে? ১
খ. দীর্ঘকাল স্থির ব্যয় থাকে না কেন? বুঝিয়ে বল। ২
গ. ব্রেড তৈরির মোট ব্যয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. ব্রেড তৈরির গড় ব্যয় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৭। একটি শহরে 'W' নামের প্রতিষ্ঠান আবাসিক এলাকায় পানি সরবরাহ করে। প্রতিষ্ঠানটির মাসিক গড় ব্যয়, গড় আয় ও প্রান্তিক আয় রেখা নিম্নরূপ :




ক. মনোপসনি বাজার কাকে বলে? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কেন প্রান্তিক আয় ও গড় আয় দামের সমান হয়? ২
গ. উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটির মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের চিত্রে AC রেখা যদি G বিন্দুতে স্পর্শ করে তাহলে মুনাফার পরিমাণ ব্যাখ্যা কর। ৪

৮। একটি দেশের 2020 সালের বিনিয়োগ ব্যয় I = 50, সরকারি ব্যয় G = 25 এবং ভোগ ব্যয় $C = 100 + 0.5Y$। 2021 সালের সরকারি ব্যয় বৃদ্ধি পেয়ে G = 50 হলো।

ক. GDP কাকে বলে? ১
খ. যন্ত্রপাতি মেরামতের খরচ বাড়লে NNI এর ওপর কী প্রভাব পড়ে? ব্যাখ্যা কর। ২
গ. দেশটির ভোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. দেশটির ভারসাম্য জাতীয় আয় 2020 সালের তুলনায় কি 2021 সালে বৃদ্ধি পেয়েছে? উদ্দীপকের তথ্য বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৯। একটি দেশে 2020 সালে একটি বাণিজ্যিক ব্যাংকের প্রাথমিক আমানত 1000 কোটি টাকা এবং ঐ বছর কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক নির্ধারিত রিজার্ভ অনুপাত ছিল 20%। 2021 সালে দেশটির কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভ অনুপাত বাড়ানোর পাশাপাশি ব্যাংক হার বাড়িয়ে দিল এবং খোলাবাজারে ঋণপত্র বিক্রি করল।

ক. সসীম বিহিত মুদ্রা কাকে বলে? ১
খ. মুদ্রার যোগানের সাথে মুদ্রার মূল্যের সম্পর্ক কেমন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির কার্যাবলির মধ্যে পার্থক্য বর্ণনা কর। ৩
ঘ. 2021 সালে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক গৃহীত পদক্ষেপ দেশটির বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদানের ক্ষমতার ওপর কী প্রভাব ফেলবে? ব্যাখ্যা কর। ৪

১০। 'X' ব্যাংক আমানত গ্রহণ, ঋণ প্রদান, অর্থ স্থানান্তর ইত্যাদি কাজের পাশাপাশি গ্রাহকদের পক্ষে অর্থ সংগ্রহ, অর্থ পরিশোধ এবং শেয়ার, সিকিউরিটি ইত্যাদি ক্রয়-বিক্রয় করে। সম্প্রতি ব্যাংকটি মোবাইল ফোন ও ইন্টারনেটের সাহায্যে ব্যাংকিং সেবা জনগণের দ্বার প্রান্তে পৌঁছে দিয়েছে। এতে শ্রম, সময় ও খরচ সাশ্রয়ের পাশাপাশি গ্রিন ব্যাংকিং এর সুযোগ সৃষ্টি হয়েছে।

ক. খোলাবাজার কারবার কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? ২
গ. 'X' ব্যাংকের কর্মকাণ্ডের আলোকে বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যাবলি বর্ণনা কর। ৩
ঘ. 'X' ব্যাংক সম্প্রতি যে ব্যাংকিং সেবা চালু করেছে তার সুবিধা উদ্দীপকের তথ্যের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

১১। মি. করিমভ এমন একটি দেশের নাগরিক যেখানে নাগরিকরা নিজ যোগ্যতা অনুযায়ী কাজ করেন এবং প্রয়োজন অনুযায়ী ভোগ করেন। উৎপাদনের উপকরণের ওপর তাদের কোনো মালিকানা নেই। কারণ তার দেশের সরকার সব সম্পদের মালিক এবং কেন্দ্রীয় পরিকল্পনা কর্তৃপক্ষের মাধ্যমে উৎপাদন ও বণ্টন নিয়ন্ত্রিত হয়।

ক. নির্বাচন কী? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় দাম কীভাবে নির্ধারিত হয়? ২
গ. উদ্দীপকের আলোকে করিমভ-এর দেশের অর্থব্যবস্থার বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর। ৩
ঘ. করিমভ-এর দেশে বিদ্যমান অর্থব্যবস্থা জনকল্যাণে যথেষ্ট ভূমিকা রাখছে বলে তুমি কি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## ৪ ✓ কুমিল্লা বোর্ড ২০২২

### অর্থনীতি প্রথম পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১।

| 'X' দেশ | 'Y' দেশ |
|---|---|
| অনিয়ন্ত্রিত দাম ব্যবস্থা | নিয়ন্ত্রিত দাম ব্যবস্থা |
| উদ্যোগে স্বাধীনতা | চাহিদার ওপর নিয়ন্ত্রণ |
| শ্রেণি বিভক্তি | স্বতঃস্ফূর্ত উৎপাদন |
| শ্রমবাজারের নমনীয়তা | বণ্টনে অসমতা |
| মুক্তবাজার অর্থনীতি | শোষণ নেই |
| উত্তরাধিকার সূত্রে প্রাপ্তি ও বণ্টনের সুযোগ | মুদ্রাস্ফীতি নেই |

ক. অর্থনৈতিক ব্যবস্থা কী? ১
খ. অভাব পূরণে নির্বাচন সমস্যায় পড়তে হয় কেন? ২
গ. 'X' দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন দেশের অর্থব্যবস্থাকে তুমি সর্বাধিক উত্তম বলে মনে কর? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২।

| X দ্রব্য (একক) | Y দ্রব্য (একক) |
|---|---|
| ০০ | ৫০ |
| ৩০ | ৪০ |
| ৪০ | ৩০ |
| ৫০ | ০০ |

ক. দুষ্প্রাপ্যতা বলতে কী বোঝ? ১
খ. ব্যষ্টিক অর্থনীতি ও সামষ্টিক অর্থনীতি একে অপরের পরিপূরক– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. "'X' দ্রব্য ৫০ একক অবস্থায় 'Y' দ্রব্য ৫০ একক উৎপাদন সম্ভব নয়" – উদ্দীপকের আলোকে যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৩। মি. অর্ণব ৪০ টাকা দামে ১০ কেজি আম ক্রয় করেন। দাম বৃদ্ধি পেয়ে ৬০ টাকা হলে তিনি ৬ কেজি আম ক্রয় করেন।
ক. চাহিদা স্থিতিস্থাপকতা কী? ১
খ. পরিবর্তক দ্রব্যের ক্ষেত্রে চাহিদা বিধি কার্যকর হয় না কেন? ২
গ. উদ্দীপকের আলোকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে স্থিতিস্থাপকতা নির্ণয়পূর্বক দ্রব্যের প্রকৃতি নির্ণয় কর। ৪

৪। একটি ফার্মের উৎপাদন সম্পর্কিত তথ্য নিচে দেওয়া হলো :

| উৎপাদনের পরিমাণ (Q) একক | মোট ব্যয় (TC) (টাকা) |
|---|---|
| ১ | ২০ |
| ২ | ২৫ |
| ৩ | ২৯ |
| ৪ | ৪০ |
| ৫ | ৫৬ |

ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. একচেটিয়া বাজারে গড় আয় ও প্রান্তিক আয় সমান হয় না কেন? ২
গ. উদ্দীপকের আলোকে প্রান্তিক ব্যয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. "প্রান্তিক ব্যয় রেখা গড় ব্যয় রেখাকে সর্বনিম্ন বিন্দুতে ছেদ করে" – উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। 'X' দেশের–
ভোগ ব্যয় (C) = ৮৫০০ টাকা
বিনিয়োগ ব্যয় (I) = ৫০০০ টাকা
সরকারি ব্যয় (G) = ৩০০০ টাকা
নিট রপ্তানি ($X_n$) = ১০০০ টাকা
ক. নিট জাতীয় আয় কী? ১
খ. সঞ্চয় বাড়লে বিনিয়োগ বাড়ে– ব্যাখ্যা কর। ২
গ. ত্রি-খাতবিশিষ্ট অর্থনীতিতে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. সরকারি ব্যয় ৫০০ টাকা বৃদ্ধি পেলে ভারসাম্য জাতীয় আয়ের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৬। নিচে একজন ভোক্তার উপযোগ সূচি দেওয়া হলো :

| দ্রব্যের একক | প্রান্তিক উপযোগ |
|---|---|
| ১ | ৮ |
| ২ | ৬ |
| ৩ | ৪ |
| ৪ | ২ |
| ৫ | ০ |
| ৬ | –২ |

ক. ঢাল কী? ১
খ. 'যোগান ও মজুদ এক নয়' – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মোট উপযোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রান্তিক উপযোগ ও মোট উপযোগের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৭। নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| পরিমাণ (একক) | চিনির দাম (টাকা) | তেলের দাম (টাকা) |
|---|---|---|
| ১ | ৭০ | ১৮০ |
| ২ | ৭০ | ১৭০ |
| ৩ | ৭০ | ১৬০ |
| ৪ | ৭০ | ১৪০ |
| ৫ | ৭০ | ১৩০ |

ক. ফার্ম কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প একই হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে চিনির গড় আয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. তেলের বাজারটি কী ধরনের বাজার উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪


৮। একটি অর্থনীতির মুদ্রা বাজারের তথ্য নিম্নে দেওয়া হলো :
মোট বিহিত মুদ্রার পরিমাণ (M) = ৬০০
মুদ্রার প্রচলন গতি (V) = ৪০
ব্যাংক মুদ্রার পরিমাণ (M′) = ৩০০
ব্যাংক মুদ্রার প্রচলন গতি (V′) = ৪০
লেনদেনের পরিমাণ (T) = ১০০০
ক. মুদ্রা কী? ১
খ. 'মোবাইল ব্যাংকিং সাধারণ জনগণের কাছে সহজতর' – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. মুদ্রার পরিমাণ দ্বিগুণ হলে অর্থের মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা। ৪

৯।

| শ্রম ও মূলধন (টাকা) | মোট উৎপাদন (TP) (একক) |
|---|---|
| ১০০০ | ১০ |
| ২০০০ | ১৮ |
| ৩০০০ | ২৪ |
| ৪০০০ | ২৮ |
| ৫০০০ | ৩০ |

ক. প্রান্তিক উৎপাদন কী? ১
খ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপকরণ' – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সচিতে উৎপাদনের কোন বিধি কার্যকর হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যদি সকল উপকরণ স্থির রেখে উৎপাদনের কলাকৌশলের পরিবর্তন করা হয় তবে উদ্দীপকের বিধিটি কার্যকর হবে কিনা বিশ্লেষণ কর। ৪

১০। একটি ফার্মের স্বল্পকালীন ভারসাম্য নিম্নের চিত্রের মাধ্যমে দেখানো হলো :




ক. বাজার কাকে বলে? ১
খ. 'পূর্ণ প্রতিযোগিতায় ফার্মকে দামগ্রহীতা বলা হয়' – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. ১০০ একক উৎপাদন স্তরে গড় ব্যয় বৃদ্ধি পেয়ে ১৫০ টাকা হলে, ফার্মের ভারসাম্যের ওপর কী প্রভাব পড়বে– ব্যাখ্যা কর। ৪

১১। বাণিজ্যিক ব্যাংক 'X'-এর প্রাথমিক আমানত ৫০০০ টাকা। ব্যাংকের প্রয়োজনীয় বৈধ রিজার্ভ ১০%। কিন্তু দেশে বিদ্যমান মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হার বৃদ্ধি করে ২০% করেছে।
ক. অর্থের মূল্য কী? ১
খ. দাম স্তরের পরিবর্তনে ব্যবসায় বাণিজ্যের গতি প্রকৃতি পরিবর্তন হয়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে বৈধ রিজার্ভ ১০%-এর ক্ষেত্রে সৃষ্ট ঋণ আমানতের পরিমাণ কত? ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ হার বৃদ্ধির ফলে ঋণ সৃষ্টির ক্ষেত্রে কীরূপ প্রভাব পড়বে বলে মনে কর? ৪

# ৫ চট্টগ্রাম বোর্ড ২০২২

## অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট — পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। দুটি প্রতিবেশী দেশ A এবং B। A দেশের নাগরিকদের ব্যক্তি মালিকানায় কোনো সম্পদ নেই। তারা যোগ্যতা অনুযায়ী রাষ্ট্র কর্তৃক কাজ ও মজুরি লাভ করে। অন্যদিকে B দেশের নাগরিকগণ সরকারের পাশাপাশি সম্পদের মালিক। তারা নিজ উদ্যোগে উৎপাদন কার্য পরিচালনা করতে পারে। তবে কেউ কেউ সরকারি চাকরি করে।

ক. অর্থব্যবস্থা কী? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় শ্রেণি বৈষম্য সৃষ্টি হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত A দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. A ও B দেশ দুটির মধ্যে কোন দেশের অর্থব্যবস্থাকে তুমি উত্তম বলে মনে কর? যুক্তি দাও। ৪

২।

| X দ্রব্য (একক) | Y দ্রব্য (একক) |
|---|---|
| ০ | ৮০ |
| ২০ | ৭০ |
| ৭০ | ২০ |
| ৮০ | ০ |

ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১
খ. নির্বাচন সমস্যার উদ্ভব হয় কেন? ২
গ. উদ্দীপক হতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. ২০ একক X দ্রব্যের সাথে ৫০ একক Y দ্রব্য উৎপাদনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩।

| ভোগের একক (Q) | মোট উপযোগ (TU) |
|---|---|
| ১ | ৬ |
| ২ | ১০ |
| ৩ | ১২ |
| ৪ | ১২ |
| ৫ | ১০ |

ক. উপযোগ কী? ১
খ. প্রান্তিক উপযোগ হ্রাস পায় কেন? ২
গ. উদ্দীপকে প্রদত্ত সূচি হতে প্রান্তিক উপযোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে যে উপযোগ বিধিটি কার্যকর হয়েছে তা কি সকল ক্ষেত্রে কার্যকর? ব্যাখ্যা কর। ৪

৪। $Qd = 100 - 5P$
এখানে, $Qd$ = চাহিদার পরিমাণ
$P$ = দ্রব্যের দাম

ক. চাহিদা বিধি কী? ১
খ. শুধুমাত্র কোনো কিছু পাওয়ার আকাঙ্ক্ষাকে চাহিদা বলা যায় না কেন? ২
গ. উদ্দীপকে প্রদত্ত অপেক্ষক থেকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপক হতে চাহিদার স্থিতিস্থাপকতা নির্ণয়পূর্বক দ্রব্যটির প্রকৃতি নির্ণয় কর। ৪

৫। $Qd = 30 - 4P$
$Qs = 12 + 2P$
এখানে, $Qd$ = চাহিদার পরিমাণ
$Qs$ = যোগানের পরিমাণ
$P$ = দ্রব্যের দাম

ক. যোগান কী? ১
খ. হীরকের চাহিদা স্থিতিস্থাপক হয় কেন? ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম ৭ টাকা হলে বাজারে কী প্রভাব পড়বে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬।

| দাম (L) | মোট উৎপাদন (TP) |
|---|---|
| ১ | ৪ |
| ২ | ১০ |
| ৩ | ১৮ |
| ৪ | ২৮ |


ক. উৎপাদন কী? ১
খ. ভূমির যোগান বৃদ্ধি করা যায় না কেন? ২
গ. উদ্দীপকে প্রদত্ত সূচি হতে মোট উৎপাদন রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে কোন উৎপাদন বিধিটি কার্যকর হয়েছে? এটি উৎপাদনের কোন পর্যায়ে বেশি কার্যকর। ৪

৭।

| উৎপাদন (Q) | মোট স্থির ব্যয় (TFC) | মোট পরিবর্তনীয় ব্যয় (TFC) |
|---|---|---|
| ১ | ১০ | ১০ |
| ২ | ১০ | ২৬ |
| ৩ | ১০ | ৩৮ |
| ৪ | ১০ | ৫৪ |
| ৫ | ১০ | ৮০ |
| ৬ | ১০ | ১০০ |

ক. গড় ব্যয় কী? ১
খ. দীর্ঘকালে স্থিরব্যয় থাকে না কেন? ২
গ. উদ্দীপক হতে মোট ব্যয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গড় ব্যয় (AC) অঙ্কন কর এবং রেখাটির আকৃতির উপর মন্তব্য কর। ৪

৮।




ক. ফার্ম কী? ১
খ. একচেটিয়া বাজারে P = AR > MR হয় কেন। ২
গ. উদ্দীপক হতে ফার্মটির মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. AC রেখা G বিন্দুতে স্পর্শ করলে ফার্মটির মুনাফার ক্ষেত্রে কী পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

৯। $S = 75 - 0.75Y$
$I = 300$
এখানে, $S$ = সঞ্চয়
$I$ = বিনিয়োগ
$Y$ = জাতীয় আয়

ক. GDP কাকে বলে? ১
খ. "বিনিয়োগ সঞ্চয়ের উপর নির্ভরশীল"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য জাতীয় আয় (Y) নির্ণয় কর। ৩
ঘ. যদি বিনিয়োগের পরিমাণ অর্ধেক হয় তবে জাতীয় আয়ের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

১০। একটি দেশে,
বিহিত মুদ্রার পরিমাণ $(M) = 500$
ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ $(M') = 400$
উভয় মুদ্রার প্রচলন গতি $(V$ ও $V') = 5$
লেনদেনের পরিমাণ $(T) = 25$

ক. অর্থের মূল্য কী? ১
খ. "মুদ্রার প্রচলন ব্যবসা-বাণিজ্যকে সহজ করেছে"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. যদি বিহিত মুদ্রার পরিমাণ দ্বিগুণ হয়, তবে অর্থের মূল্যের উপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১১। একটি দেশের সকল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো তাদের উৎপাদিত ঔষধ নির্দিষ্ট দামে বিক্রি করে। দেশে ঔষধের অসংখ্য উৎপাদনকারী ও ক্রেতা রয়েছে। ঔষধ উৎপাাদনকারী প্রতিষ্ঠানগুলোর মোট আয় ও মোট ব্যয় সমান।

ক. মনোপসনি কী? ১
খ. ফার্ম ও শিল্প কি এক হতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঔষধের বাজার কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ঔষধের বাজারের একটি ফার্মের স্বল্পকালীন ভারসাম্য চিত্রের সাহায্যে দেখাও। ৪

# ৬ সিলেট বোর্ড ২০২২

## অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১।

| X দ্রব্য (একক) | Y দ্রব্য (একক) |
|---|---|
| ০ | ১১০ |
| ৪০ | ৯০ |
| ৮০ | ৬০ |
| ১১০ | ০ |

ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১

খ. "সম্পদের দুষ্প্রাপ্যতাই অর্থনৈতিক সমস্যার মূল কারণ"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সূচিটি ব্যবহার করে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩

ঘ. (X = ৮০ একক, Y = ৫০ একক) এবং (X = ১১০ একক, Y = ৩০ একক) সংমিশ্রণে উৎপাদনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। জনাব রহমান 'X' দেশের একটি সরকারি অফিসে কাজের জন্য গিয়ে দেখতে পেলেন সেই দেশের সকল সম্পদের মালিক সরকার এবং সকল অর্থনৈতিক কর্মকাণ্ড সরকারের নিয়ন্ত্রণে পরিচালিত হয়। অথচ তার নিজ দেশ বাংলাদেশের পরিস্থিতি সম্পূর্ণ ভিন্ন।

ক. নির্বাচন করতে কী বোঝায়? ১

খ. "ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় ভোক্তার সার্বভৌমত্ব নিশ্চিত হয়"– ব্যাখ্যা কর। ২

গ. 'X' দেশে প্রচলিত অর্থব্যবস্থার সাথে কোন ধরনের অর্থব্যবস্থার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'X' দেশে বাংলাদেশের মতো অর্থনৈতিক ব্যবস্থা চালু করতে হলে কী কী ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে তুমি মনে কর? ৪

৩।

| দ্রব্যের একক | মোট উপযোগ | প্রান্তিক উপযোগ |
|---|---|---|
| ১ | ২০ | ২০ |
| ২ | ৩৫ | ১৫ |
| ৩ | ৪৫ | ১০ |
| ৪ | ৫০ | ৫ |
| ৫ | ৫০ | ০ |
| ৬ | ৪৫ | – ৫ |

ক. চলক কাকে বলে? ১

খ. উপকরণের দামের সাথে দ্রব্যের যোগান কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ২

গ. উপরিউক্ত সূচির ভিত্তিতে প্রান্তিক উপযোগ রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপক থেকে মোট উপযোগ এবং প্রান্তিক উপযোগের সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৪। একটি দ্রব্যের দাম ও চাহিদার তথ্য নিম্নের টেবিলে প্রদত্ত হলো :

| সংমিশ্রণ | দাম (টাকা) | চাহিদার পরিমাণ |
|---|---|---|
| A | ৬ | ২০ (একক) |
| B | ১০ | ১৬ |
| C | ১২ | ১২ |

ক. চাহিদা বলতে কী বোঝ? ১

খ. ক্রেতার আয় বৃদ্ধি কীভাবে চাহিদা প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে একটি চাহিদা রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকের B এবং C বিন্দু বিবেচনা করে দ্রব্যটির প্রকৃতির ওপর মন্তব্য কর। ৪

৫। চাহিদা সমীকরণ : $D = 20 - 2P$

যোগান সমীকরণ : $S = -8 + 2P$

যেখানে,

D = চাহিদার পরিমাণ

S = যোগানের পরিমাণ

P = দ্রব্যের দাম

ক. প্রান্তিক উপযোগ কী? ১

খ. ভোক্তার রুচির সাথে চাহিদার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত চাহিদা ও যোগান সমীকরণ হতে ভারসাম্য পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. দ্রব্যের দাম ৪ টাকা হলে ভারসাম্যের ওপর কী ধরনের প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৬।

| দ্রব্যের একক (Q) | মোট স্থির ব্যয় (TFC) | মোট পরিবর্তনীয় ব্যয় (TVC) |
|---|---|---|
| ১ | ২০০ | ৬০ |
| ২ | ২০০ | ১০০ |
| ৩ | ২০০ | ২৬০ |
| ৪ | ২০০ | ৫০০ |

ক. পরিবর্তনীয় ব্যয় কী? ১

খ. "দীর্ঘকাল স্থির ব্যয় থাকে না"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক থেকে গড় ব্যয় (AC) রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপক থেকে গড় ব্যয় এবং প্রান্তিক ব্যয়ের সম্পর্ক দেখাও। ৪

৭।

| জমির পরিমাণ | শ্রম (L) | মূলধন (K) | মোট উৎপাদন (TP) |
|---|---|---|---|
| ১ একক | ১ | ১০০০ | ৪০ কেজি |
| ১ একক | ২ | ১০০০ | ৭০ কেজি |
| ১ একক | ৩ | ১০০০ | ৯০ কেজি |
| ১ একক | ৪ | ১০০০ | ১০০ কেজি |


ক. উৎপাদন বলতে কী বোঝ? ১

খ. মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে শ্রমের প্রান্তিক উৎপাদন রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপক থেকে প্রাপ্ত প্রান্তিক উৎপাদন (MR) রেখাটি উৎপাদনের কোন বিধির সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৪

৮।





ক. অর্থনীতিতে বাজার বলতে কী বোঝায়? ১

খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে P = AR = MR হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে মোট আয়, মোট খরচ এবং মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে AC রেখা E বিন্দুতে স্পর্শ করলে ফার্মটি কী ধরনের মুনাফা অর্জন করবে? ব্যাখ্যা কর। ৪

৯।




ক. অলিগোপলি বাজার বলতে কী বোঝায়? ১

খ. অবাধ প্রবেশ এবং প্রস্থান একচেটিয়া বাজারকে পূর্ণ প্রতিযোগিতা থেকে আলাদা করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী ফার্মের মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের AC রেখা K বিন্দু দিয়ে গমন করলে ফার্মের ওপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১০। দেওয়া আছে, $S = -40 + 0.5Y$ এবং $I = 200$

যোগান, S = সঞ্চয়

I = বিনিয়োগ

Y = জাতীয় আয়

ক. মোট দেশজ উৎপাদন বলতে কী বোঝ? ১

খ. স্বল্পকালীন ও দীর্ঘকালীন ভোগ অপেক্ষকের মধ্যে কোনো পার্থক্য আছে কিনা? ২

গ. উপরের উদ্দীপক থেকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের পরিমাণ ২৫০ টাকা হলে ভারসাম্য জাতীয় আয়ে কী ধরনের পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

১১।

| অর্থের যোগান (M) কোটি টাকা | দামস্তর (P) টাকা |
|---|---|
| ১০০ | ১০ |
| ২০০ | ২০ |
| ৩০০ | ৩০ |

ক. কেন্দ্রীয় ব্যাংক কাকে বলে? ১

খ. 'ব্যাংক হার' কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে দামস্তর ও অর্থের যোগানের সম্পর্ক চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক থেকে অর্থের যোগান বৃদ্ধি কীভাবে অর্থের মূল্যের ওপর প্রভাব বিস্তার করছে? ব্যাখ্যা কর। ৪

# ৭ বরিশাল বোর্ড ২০২২

## অর্থনীতি প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। সুজন সাহেব 'Y' দেশে বেড়াতে গেলেন। তিনি দেখলেন, সে দেশে শিক্ষা ব্যবস্থা, উৎপাদন ব্যবস্থা, চিকিৎসাসেবাসহ সবকিছু সরকারি উদ্যোগে পরিচালিত হয়। কিন্তু সুজনের দেশে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি খাতের উদ্যোক্তাও আছে।

ক. উৎপাদন সম্ভাবনা রেখা কী? ১
খ. মৌলিক অর্থনৈতিক সমস্যার উদ্ভব হয় কেন? ২
গ. 'Y' দেশের অর্থব্যবস্থার বৈশিষ্ট্য লেখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুটি দেশের অর্থব্যবস্থার তুলনা কর। ৪

২।

| উৎপাদন সংমিশ্রণ | X দ্রব্য (একক) | Y দ্রব্য (একক) |
|---|---|---|
| A | 0 | 15 |
| B | 1 | 14 |
| C | 2 | 12 |
| D | 3 | 9 |
| E | 4 | 5 |
| F | 5 | 0 |

ক. অর্থনীতিতে দুষ্প্রাপ্যতা কী? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার সাথে স্বয়ংক্রিয় দাম ব্যবস্থার সম্পর্ক কীরূপ? ২
গ. উদ্দীপক থেকে উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. G (2, 8) এবং H (3, 12) বিন্দু দুটির উৎপাদন সম্ভাবনা যাচাই কর। ৪

৩। চাহিদা অপেক্ষক, $Q_d = 10 - 2p$
যোগান অপেক্ষক, $Qs = -2 + 2p$
যেখানে, $Q_d$ = চাহিদার পরিমাণ, $Q_s$ = যোগানের পরিমাণ,
p = দাম

ক. প্রান্তিক উপযোগ কী? ১
খ. গিফেন দ্রব্যের ক্ষেত্রে চাহিদা বিধি কাযকর হয় না কেন? ২
গ. উদ্দীপক থেকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম 4 টাকা হলে ভারসাম্য পরিমাণের পরিবর্তন ব্যাখ্যা কর। ৪

৪।

| দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| 15 | 20 |
| 10 | 25 |
| 5 | 30 |

ক. স্বাধীন চলক কী? ১
খ. দ্রব্যের যোগানের ওপর ভর্তুকির প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. দাম 15 টাকা থেকে হ্রাস পেয়ে 10 টাকা হলে দাম স্থিতিস্থাপকতা নির্ণয় করে দ্রব্যের প্রকৃতির ওপর মন্তব্য কর। ৪

৫।

| শ্রম (L) | মোট উৎপাদন (TP) |
|---|---|
| 1 | 4 |
| 2 | 10 |
| 3 | 18 |
| 4 | 25 |
| 5 | 30 |
| 6 | 30 |
| 7 | 28 |


ক. প্রান্তিক উৎপাদন কী? ১
খ. মাত্রাগত উৎপাদন কোন উৎপাদন কালের সাথে সম্পর্কিত? ২
গ. উদ্দীপক থেকে AP ও MP সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী TP রেখা অঙ্কন করে এর আকৃতি ব্যাখ্যা কর। ৪

৬।

| উৎপাদনের পরিমাণ (Q) | মোট স্থির ব্যয় (TFC) | মোট পরিবর্তনীয় ব্যয় (TVC) |
|---|---|---|
| 1 | 6 | 4 |
| 2 | 6 | 10 |
| 3 | 6 | 15 |
| 4 | 6 | 22 |
| 5 | 6 | 34 |


ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. শ্রমকে উৎপাদনের জীবন্ত উপকরণ বলা হয় কেন? ২
গ. উদ্দীপক হতে খরচ (AC) সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রান্তিক খরচ (MC) রেখা অঙ্কন কর এবং কোন উৎপাদন স্তরে AC = MC তা নির্ণয় কর। ৪

৭।




ক. শিল্প কী? ১
খ. একচেটিয়া বাজারে স্বলকালে একটি ফার্ম সবসময়ই কি অস্বাভাবিক মুনাফা অর্জন করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য বিন্দুতে মোট আয় ও মোট ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. গড় খরচ 10 হলে মুনাফার পরিমাণ নির্ণয় করে এর ধরন ব্যাখ্যা কর। ৪

৮।




ক. মনোপসনি বাজার কী? ১
খ. একচেটিয়া বাজার AR রেখা নিম্নগামী কেন? ২
গ. উদ্দীপকে ভারসাম্যস্তরে মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. AC রেখা 'g' বিন্দুতে স্পর্শ করলে মুনাফার ধরন সম্পর্কে মন্তব্য কর। ৪

৯। একটি অর্থনীতিতে ভোগ ও বিনিয়োগ সমীকরণ নিম্নরূপ :
$C = 150 + 0.5Y, I = 150$
যেখানে C = ভোগ ব্যয়; I = বিনিয়োগ

ক. জাতীয় আয় কী? ১
খ. আয়ের সাথে প্ররোচিত ভোগের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সমীকরণ থেকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. সরকারি ব্যয় ২০০ হলে ভারসাম্য জাতীয় আয়ের ওপর কীরূপ প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

১০। সিমা আক্তার একজন গৃহিণী। তার ব্যক্তিগত মোবাইলে স্কুলপড়ুয়া সন্তানের বৃত্তির টাকা পেয়ে থাকেন। বিদ্যুৎ ও ইন্টারনেট বিলও তিনি মোবাইলের মাধ্যমে পরিশোধ করেন। সম্প্রতি তিনি জানতে পারলেন যে, মোবাইলের মাধ্যমে মাসিক সঞ্চয় জমা করা যায়।

ক. অর্থ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক নগদ জমার হার পদ্ধতিতে কীভাবে ঋণ নিয়ন্ত্রণ করে? ২
গ. উদ্দীপকে কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকিং ব্যবস্থার আর্থসামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

১১। বিহিত মুদ্রার পরিমাণ (M) = 600
ব্যাংক অর্থের পরিমাণ (M′) = 500
বিহিত মুদ্রার প্রচলন গতি (V) = 10
ব্যাংক অর্থের প্রচলন গতি (V′) = 20
লেনদেনের পরিমাণ (T) = 160

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে M ও M′-এর মান দ্বিগুণ হলে দামস্তর ও অর্থমূল্যের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

## ৮ ✔ দিনাজপুর বোর্ড ২০২২

### অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। সালমান সাহেব 'X' নামক এমন একটি দেশের প্রবাসী যে দেশের প্রতিটি অর্থনৈতিক কর্মকাণ্ড সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হয়। উৎপাদন, বণ্টন, ভোগ সবই কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে পরিচালিত হয়। কিন্তু তাঁর নিজ দেশে শুধু সরকার নয়, বেসরকারি উদ্যোগেও অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হয়।

ক. উৎপাদন সম্ভাবনা রেখা কাকে বলে? ১
খ. অভাব পূরণের ক্ষেত্রে নির্বাচন একটি বড় সমস্যা– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে 'X' দেশের তিনটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুটি দেশের অর্থব্যবস্থা কি এক? ভিন্ন হলে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

২। চাহিদা সমীকরণ, $Qd = 40 - 4P$
যোগান সমীকরণ, $Qs = -8 + 4P$
যেখানে, $Qd$ = চাহিদার পরিমাণ
$Qs$ = যোগানের পরিমাণ
$P$ = দাম

ক. রেখার ঢাল কাকে বলে? ১
খ. চাহিদা রেখা ঊর্ধ্বগামীও হতে পারে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম 4 টাকা হলে চাহিদা ও যোগানের কী পরিবর্তন হয়? চিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৩। নিচের সূচিতে ২টি দ্রব্য উৎপাদনের ৩টি সংমিশ্রণ দেওয়া হলো :

| X-দ্রব্য | Y-দ্রব্য | সংমিশ্রণ |
|---|---|---|
| ০ | ২৫ | A |
| ১৫ | ১৫ | B |
| ২৫ | ০ | C |

ক. নির্দেশমূলক অর্থনীতি কাকে বলে? ১
খ. ব্যষ্টিক ও সামষ্টিক অর্থনীতির মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের সূচি ব্যবহার করে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী 'X' দ্রব্য ২৫ একক এবং 'Y' দ্রব্য ১০ একক উৎপাদন করা সম্ভব কি? ব্যাখ্যা কর। ৪

৪। নিচে একটি যোগান সূচি দেওয়া হলো :


| দাম | যোগানের পরিমাণ |
|---|---|
| ৩ টাকা | ১০ একক |
| ৬ টাকা | ২০ একক |
| ৯ টাকা | ৩০ একক |

ক. অপেক্ষক কী? ১
খ. ভোক্তার আয় কীভাবে চাহিদা বিধিকে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে যোগান রেখা অঙ্কন কর। ৩
ঘ. যদি দাম ৩, ৬ ও ৯ টাকায় চাহিদা যথাক্রমে ৩০, ২০ ও ১০ একক হয় সেক্ষেত্রে উদ্দীপক অনুযায়ী ভারসাম্য চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৫। মি. 'X' তাঁর জমিতে ধান চাষের সিদ্ধান্ত নিলেন। প্রথম বছর তিনি ১০০০ টাকার শ্রম নিয়োগ করে ২০০ কেজি ধান উৎপাদন করলেন। অধিক উৎপাদনের আশায় পরবর্তী ৩ বছর যথাক্রমে ২০০০, ৩০০০ ও ৪০০০ টাকার শ্রম নিয়োগ করে উৎপাদন পেলেন যথাক্রমে ২২০, ২৩৫ ও ২৪৫ কেজি ধান।

ক. উৎপাদন বিধি কী? ১
খ. দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে মোট উৎপাদন (TP) রেখা অঙ্কন কর। ৩
ঘ. মি. 'X' এর চাষাবাদে অর্থনীতির কোন বিধি কার্যকর হবে? চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৬।




ক. ফার্ম কী? ১
খ. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে ফার্মকে 'দাম গ্রহীতা' বলা হয় কেন? ২
গ. উদ্দীপক হতে মুনাফার পরিমাণ বের কর। ৩
ঘ. উদ্দীপকে AC রেখা স্থানান্তর হয়ে G বিন্দুতে অবস্থান করলে মুনাফার কি কোনো পরিবর্তন হবে? চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৭। যদি কোন একটি অর্থনীতির ভোগ ও বিনিয়োগ সমীকরণ হয় নিম্নরূপ :
$C = 10 + 0.75Y$ এবং $I = 100$
যেখানে, C = ভোগ, I = বিনিয়োগ এবং Y = জাতীয় আয়

ক. জিডিপি কী? ১
খ. 'সঞ্চয় বিনিয়োগের ভিত্তি'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে সরকারি ব্যয় (G) 200 অন্তর্ভুক্ত করলে ভারসাম্য জাতীয় আয়ে কীরূপ প্রভাব পড়বে– চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

৮। 'X' একটি আর্থিক প্রতিষ্ঠান; যে গ্রাহকদের নিকট হতে আমানত সংগ্রহ করে উদ্যোক্তার ঋণ প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে। অপরদিকে 'Y' এমন একটি আর্থিক প্রতিষ্ঠান যে অর্থবাজারের অভিভাবক হিসেবে কাজ করে।


ক. ফিসারের বিনিময় সমীকরণটি লেখ। ১
খ. অর্থের একমাত্র কাজ কি বিনিময়ের মাধ্যম? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নির্দেশিত 'X' প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ তিনটি কাজের ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী 'Y' প্রতিষ্ঠান কর্তৃক 'X' প্রতিষ্ঠানের ঋণ নিয়ন্ত্রণ করা সম্ভব কি? কীভাবে? তা ব্যাখ্যা কর। ৪

৯। একটি ফার্মের গম উৎপাদনের মোট ব্যয় (TC) ও গড় ব্যয় (AC) সূচি নিম্নরূপ–

| উৎপাদন (একক) | মোট ব্যয় (TC) | গড় ব্যয় (AC) |
|---|---|---|
| ১ | ১০ | ১০ |
| ২ | ১৬ | ৮ |
| ৩ | ১৮ | ৬ |
| ৪ | ২৪ | ৬ |
| ৫ | ৪০ | ৮ |
| ৬ | ৬০ | ১০ |

ক. উৎপাদন কী? ১
খ. "মূলধন উৎপাদনের উৎপাদিত উপকরণ" – ব্যাখ্যা কর। ২
গ. উপরের তথ্যের ভিত্তিতে ফার্মটির প্রান্তিক ব্যয়ের সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) এর সম্পর্ক চিত্রের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

১০। 'A' ফার্ম সম্পর্কিত তথ্য নিম্নের চিত্রে দেওয়া হলো :




ক. বাজার কাকে বলে? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুযায়ী, যথাযথ যুক্তিসহ ভারসাম্য বিন্দু নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী, প্রয়োজনীয় গড় খরচ রেখা অঙ্কন করে অস্বাভাবিক মুনাফা অঞ্চল বিশ্লেষণ কর। ৪

১১। 'Y' নামক একটি দেশের নিট জাতীয় উৎপাদন ১০০০ কোটি টাকা, অবচয় ব্যয় ১৫০ কোটি টাকা, রপ্তানি ৪০০ কোটি টাকা এবং আমদানি ২০০ কোটি টাকা।

ক. সামগ্রিক ব্যয় কী? ১
খ. ব্যক্তির আয়ের পুরোটাই কি ব্যয়যোগ্য আয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে 'Y' দেশের মোট জাতীয় উৎপাদন এবং মোট অভ্যন্তরীণ উৎপাদন বের কর। ৩
ঘ. আমদানির পরিমাণ যদি ৪০০ কোটি হয়, তবে উদ্দীপকে উল্লিখিত দেশটির GNP এবং GDP' এর মধ্যে কী ধরনের পরিবর্তন ঘটবে তা বিশ্লেষণ কর। ৪

# ৯ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

## অর্থনীতি প্রথম পত্র ◈ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১।

| অর্থব্যবস্থার বৈশিষ্ট্য | |
|---|---|
| **A দেশ** | **B দেশ** |
| i) সম্পদের ব্যক্তি মালিকানা | i) সম্পদের রাষ্ট্রীয় মালিকানা |
| ii) উদ্যোগের স্বাধীনতা | ii) কেন্দ্রীয় পরিকল্পনা কর্তৃপক্ষ |
| iii) স্বয়ংক্রিয় দামব্যবস্থা | iii) শ্রেণি শোষণ অনুপস্থিত |
| iv) সমাজে শ্রেণি বিভক্তি | iv) দাম নিয়ন্ত্রণ |

ক. PPC-এর পূর্ণরূপ লেখ। ১

খ. অভাব অসীম— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বৈশিষ্ট্যগুলো আলোচনাপূর্বক B দেশের অর্থনৈতিক ব্যবস্থা চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'A' দেশের দামব্যবস্থা বিশ্লেষণ কর। ৪

২। নিচের সূচিটি লক্ষ কর :

| সংমিশ্রণ | ধান (টন) | গম (টন) |
|---|---|---|
| a | ০ | ২০ |
| b | ৫ | ১৮ |
| c | ১০ | ১৪ |
| d | ১৫ | ৮ |
| e | ২০ | ০ |


ক. নির্বাচন কী? ১

খ. ব্যষ্টিক ও সামষ্টিক অর্থনীতি পরস্পর প্রতিযোগী নয় বরং পরিপূরক। — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক থেকে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩

ঘ. ধান উৎপাদন ২০ টন অবস্থায় গম উৎপাদন ২০ টন সম্ভব নয় কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৩।




ক. যোগান বিধি কী? ১

খ. মোট উপযোগ সর্বোচ্চ অবস্থায় প্রান্তিক উপযোগ শূন্য হয় কেন? ২

গ. 'CD' রেখার K বিন্দুতে ঢাল নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের CD রেখাকে কি চাহিদা রেখা বলা যায়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। চাহিদা সমীকরণ, $D = 5 - P$
যোগান সমীকরণ, $S = -4 + 2P$

ক. প্রান্তিক উপযোগ কী? ১

খ. লম্ব অক্ষের সমান্তরাল চাহিদা রেখার স্থিতিস্থাপকতা শূন্য হয় কেন? ২

গ. প্রদত্ত সমীকরণদ্বয়ের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. চাহিদা সমীকরণ স্থির রেখে যোগান সমীকরণ, $S = -7 + 2P$ হলে ভারসাম্য দাম ও পরিমাণের উপর কী প্রভাব পড়বে? ৪

৫। করিম একজন আলুচাষি। তার নিজের ১ একর জমিতে তিনি ১ম বছর শ্রম বাবদ ১০০০ টাকা ব্যয় করে ১০ মণ আলুর ফলন পান। পরবর্তীতে শ্রম বাবদ ২য় বছর ২০০০ টাকা, ৩য় বছর ৩০০০ টাকা ও ৪র্থ বছর ৪০০০ টাকা ব্যয় করেন। ফলস্বরূপ যথাক্রমে ২২ মণ, ৩২ মণ ও ৪০ মণ আলু উৎপাদন হয়।


ক. গড় আয় কী? ১

খ. "মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক থেকে মোট উৎপাদন (TP) ও প্রান্তিক উৎপাদন (MP) সূচি তৈরি কর। ৩

ঘ. উদ্দীপক থেকে প্রান্তিক উৎপাদন রেখা অঙ্কন করে কোন প্রান্তিক উৎপাদন বিধি কার্যকর হয়েছে— তা ব্যাখ্যা কর। ৪

৬। নিচের চিত্রটি লক্ষ কর :




ক. মাত্রাগত উৎপাদন কী? ১

খ. দীর্ঘকালে মোট স্থির ব্যয় শূন্য (0) হয় কেন? ২

গ. উদ্দীপকে প্রদত্ত রেখাদ্বয়ের আলোকে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC)-এর সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের AB রেখা 'U' আকৃতির হয় কেন? ব্যাখ্যা কর। ৪

৭। মি. রহিম 'K' শহরে দুই দশক ধরে বসবাস করে আসছেন। শুরুতে তিনি দেখতে পান, শহরের একমাত্র ফুলের দোকানে প্রচুর ফুল বিক্রি হতো এবং মুনাফার পরিমাণ ছিল আকর্ষণীয়। সময়ের পরিবর্তনে ওই শহরে অনেক ফুলের দোকান গড়ে ওঠে এবং বর্তমানে ক্রেতারা একটি নির্দিষ্ট দামে যেকোনো দোকান থেকে ফুল কিনতে পারে?


ক. বাজার কী? ১

খ. পূর্ণ প্রতিযোগিতার বাজারে ফার্মের চাহিদা রেখা ভূমি অক্ষের সমান্তরাল হয় কেন? ২

গ. দুই দশক আগে 'K' শহরে কোন ধরনের ফুলের বাজার বিদ্যমান ছিল তা চিহ্নিত করে ওই বাজারের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'K' শহরের ফুলের বর্তমান বাজার এবং অতীতের বাজারের মধ্যে তুলনা কর। ৪

৮। চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. অলিগোপলি বাজার কাকে বলে? ১

খ. "একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন।" — ব্যাখ্যা কর। ২

গ. চিত্র থেকে মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. চিত্রের 'n' বিন্দুতে ফার্মের উৎপাদন চালিয়ে যাওয়ার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৯। একটি সামগ্রিক আয় নির্ধারণ মডেল নিম্নরূপ :

| | |
|---|---|
| $Y = C + I + G$ | যেখানে, Y = জাতীয় আয় |
| $C = 100 + 0.5\,Y$ | C = ভোগ ব্যয় |
| $I = 50$ | I = বিনিয়োগ ব্যয় |
| $G = 20$ | G = সরকারি ব্যয় |

ক. নিট জাতীয় আয় (NNI) কী? ১

খ. "সঞ্চয় হলো বিনিয়োগের ভিত্তি।" — বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক থেকে ভারসাম্য জাতীয় আয়স্তর $(\bar{Y})$ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের ভোগ অপেক্ষকটি $C = 100 + 0.6Y$ হলে ভারসাম্য জাতীয় আয়স্তরের ওপর কী প্রভাব পড়বে? ৪

১০। শেফালি ঢাকা শহরে একটি বাসায় মাসিক ৩০০০ টাকা বেতনে গৃহকর্মী হিসেবে নিয়োজিত আছেন। শেফালি প্রতি মাসে বেতনের একটি অংশ 'বিকাশ' বা 'নগদ'-এর মাধ্যমে অতিসহজে গ্রামে তার পরিবারের নিকট প্রেরণ করেন। এ ধরনের নির্ঝঞ্ঝাট লেনদেন গ্রাম-শহরের কিংবা দেশ-বিদেশের প্রকৃতি দূরত্ব অনেকখানি হ্রাস করেছে বলে আশা করা যায়।


ক. বিহিত মুদ্রা কী? ১

খ. "বাণিজ্যিক ব্যাংক সমাজসেবায় ভূমিকা রাখে।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকিং কার্যক্রমের সুবিধাসমূহ লেখ। ৩

ঘ. "আর্থিক লেনদেনের ক্ষেত্রে গ্রাম-শহরের এবং দেশ-বিদেশের দূরত্ব ক্রমে হ্রাস পাচ্ছে" — যুক্তি দাও। ৪

১১।




ক. অনলাইন ব্যাংকিং কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২

গ. উদ্দীপক থেকে দেখাও যে, "দামস্তর দ্বিগুণ হলে অর্থের মূল্য অর্ধেকে নেমে আসে।" ৩

ঘ. উদ্দীপকের চিত্রে a হতে b বিন্দুতে গেলে উৎপাদন, বিনিয়োগ ও কর্মসংস্থানের ওপর কী প্রভাব পড়বে ব্যাখ্যা কর। ৪

## ১০ ঢাকা বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মি. আরিফ দোকান থেকে ৫টি লিচু কিনল। তিনি ১ম একক থেকে ১২ ইউটিল, দুই একক থেকে ২০ ইউটিল, তিনি একক থেকে ২৬ ইউটিল, চার একক থেকে ৩০ ইউটিল এবং ৫ একক থেকে মোট ৩২ ইউটিল উপযোগ লাভ করেন।


ক. উপযোগ কী? ১

খ. স্বাভাবিক দ্রব্যের ক্ষেত্রে চাহিদা রেখা বাম থেকে ডানদিকে নিম্নগামী হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে মোট উপযোগ রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকের বক্তব্য ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধিকে সমর্থন করে কিনা তা ব্যাখ্যা কর। ৪

২। নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।




ক. চাহিদা কী? ১

খ. দামের সাথে যোগানের সম্পর্ক কীরূপ? বুঝিয়ে লেখ। ২

গ. X দ্রব্যের চাহিদা সমীকরণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে স্থিতিস্থাপকতা নির্ণয় করে X দ্রব্যের প্রকৃতি সম্পর্কে মন্তব্য কর। ৪

৩। একটি দ্রব্যের চাহিদা ও যোগান অপেক্ষক নিম্নরূপ—

$Qd = 100 - 10P$

$Qs = -8 + 2P$

যেখানে,

Qd = চাহিদার পরিমাণ

Qs = যোগানের পরিমাণ

P = দাম

ক. চলক কাকে বলে? ১

খ. আড়াআড়ি স্থিতিস্থাপকতার মান ধনাত্মক হলে দ্রব্য দুটির প্রকৃতি কীরূপ? ২

গ. উদ্দীপকের আলোকে যোগানের রেখা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর এবং দাম যখন ৫ টাকা হয় তখন ভারসাম্যের কীরূপ পরিবর্তন হয়– ব্যাখ্যা কর। ৪

৪। জন্মদিনের উপহার হিসেবে ছেলে ও মেয়েকে তার বাবা কম্পিউটার ও প্রাইজবন্ড কিনে দেওয়ার মনস্থির করলেন। অনেক কম্পিউটারের দোকান যাচাই করে একই গুণসম্পন্ন কম্পিউটারের একই দাম দেখতে পেলেন। প্রাইজবন্ড ক্রয় করতে গিয়ে দেখলেন ঐ পণ্যের বিক্রেতা শুধুমাত্র সঞ্চয় অধিদপ্তর।


ক. মনোপসনি বাজার কাকে বলে? ১

খ. একচেটিয়া বাজারের গড় আয় রেখা বাম থেকে ডানদিকে নিম্নগামী হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কম্পিউটার যে বাজারের পণ্য নির্দেশ করে তার তিনটি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কম্পিউটার ও প্রাইজবন্ডের বাজারদ্বয়ের পার্থক্য লেখ। ৪

৫। নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. বাজার কাকে বলে? ১

খ. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে কেন AR = MR হয়? ২

গ. উদ্দীপক থেকে প্রতিষ্ঠানটির মোট মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. ৮ একক উৎপাদন স্তরে গড় ব্যয় বৃদ্ধি পেয়ে ১০ টাকা হলে প্রতিষ্ঠানটির মুনাফার উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৬। একটি বাজারে নির্দিষ্ট পণ্যের বিক্রয় তালিকা নিম্নরূপ—

| দাম (P) | বিক্রয়ের পরিমাণ (Q) | মোট আয় (TR) |
|---|---|---|
| ২০ | ১ | ২০ |
| ২০ | ২ | ৪০ |
| ২০ | ৩ | ৬০ |
| ২০ | ৪ | ৮০ |
| ২০ | ৫ | ১০০ |

ক. প্রান্তিক ব্যয় বলতে কী বোঝ? ১

খ. একচেটিয়া কারবারি কীভাবে দামের উপর প্রভাব বিস্তার করে? ২

গ. উদ্দীপকের আলোকে MR সূচি বের করে MR রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে দেখাও যে, এটি একটি পূর্ণপ্রতিযোগিতামূলক বাজার। ৪

৭। নিচের ছকটি লক্ষ কর—

| দাম (P) | বিক্রয়ের পরিমাণ (Q) |
|---|---|
| ১০০ | ১ |
| ৮০ | ২ |
| ৬০ | ৩ |
| ৪০ | ৪ |
| ২০ | ৫ |

ক. নির্বাচন কী? ১

খ. গড় ব্যয় কি প্রান্তিক ব্যয়ের চেয়ে সবসময় বেশি হয়? লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে প্রান্তিক আয় রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে AR ও MR রেখা কী অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের সাথে সংগতিপূর্ণ– ব্যাখ্যা কর। ৪

৮। একজন কৃষক তার এক বিঘা জমিতে ১ একক মূলধন ও ১ একক শ্রম নিয়োগ করে ৪০ একক পাট উৎপাদন করে। ভূমি ও মূলধন স্থির রেখে শ্রম ২, ৩ ও ৪ একক নিয়োগ করে যথাক্রমে ৮৮, ১২০ ও ১৪০ একক উৎপাদন করে।

ক. মাত্রাগত উৎপাদন কী? ১

খ. স্বল্পকালে একটি ফার্মকে কী কী ধরনের ব্যয় নির্বাহ করতে হয়?– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে মোট উপাদন রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিকে সমর্থন করে কিনা?– ব্যাখ্যা দাও। ৪

৯। 'X' দেশের বিহিত মুদ্রার পরিমাণ (M) = 50, ব্যাংক সৃষ্ট মুদ্রা (M′) = 50, বিহিত মুদ্রার প্রচলন গতি (V) = 10, ব্যাংক সৃষ্ট মুদ্রার প্রচলন গতি (V′) = 10 লেনদেনের পরিমাণ (T) = 10। ঐ দেশের মুদ্রার পরিমাণ ও ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ দ্বিগুণ করা হলো।

ক. কেন্দ্রীয় ব্যাংক কাকে বলে? ১

খ. মুদ্রাকে সঞ্চয়ের বাহন বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে X দেশের দাম স্তর (P) নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে অর্থের যোগান ও অর্থের মূল্যের সাথে সম্পর্ক ফিশারের তত্ত্বের আলোকে মূল্যায়ন কর। ৪

১০। 'X' ও 'Y' দুইজন বন্ধু। তারা দুজন আলাদা দুটি ব্যাংকে কর্মরত 'X' যে ব্যাংকে চাকরি করেন সে ব্যাংকটি নোট প্রচলন করে। অন্যদিকে 'Y' বন্ধু যে ব্যাংকে চাকরি করেন ঐ ব্যাংকটি জনগণের নিকট থেকে আমানত সংগ্রহ করে এবং বিভিন্ন মেয়াদে ঋণ বিতরণ করে।

ক. মুদ্রা কী? ১

খ. দামস্তর ও অর্থের মূল্যের মধ্যে সম্পর্ক কীরূপ? ২

গ. উদ্দীপকের উল্লিখিত 'X' বন্ধু যে ব্যাংকে চাকরি করে তার ধরন উল্লেখপূর্বক তিনটি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত ব্যাংক দুটির কার্যাবলির তুলনা কর। ৪

১১। জমিলা ও কনিকা দুজন 'ক' গ্রামের বাসিন্দা। স্বল্প শিক্ষিত জমিলা গাজীপুরের একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে কাজ করে। সে তার মাসিক আয়ের টাকা তার পরিবারকে মোবাইলের মাধ্যমে পাঠায়। অপরদিকে উচ্চ শিক্ষিত কনিকা একটি বহুজাতিক প্রতিষ্ঠানে কর্মরত। সে তার বেতনের টাকা ব্যাংকের মাধ্যমে তার পরিবারকে পাঠায়।

ক. বাণিজ্যিক ব্যাংক কাকে বলে? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সকল ব্যাংকের অভিভাবক বলা হয়? ২

গ. যে পদ্ধতিতে জমিলা টাকা প্রেরণ করে তার নাম উল্লেখপূর্বক তিনটি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত টাকা প্রেরণের দুটি পদ্ধতির তুলনা কর। ৪

# ১১ রাজশাহী বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। একজন ভোক্তার উপযোগ সূচি নিম্নরূপ–

| দ্রব্যের একক | প্রান্তিক উপযোগ (MP) |
|---|---|
| ১ম | ২০ |
| ২য় | ১৬ |
| ৩য় | ১২ |
| ৪র্থ | ৮ |
| ৫ম | ৪ |
| ৬ষ্ঠ | ০ |
| ৭ম | – ৪ |

ক. ভেবলেন দ্রব্য কী? ১
খ. ভোক্তার আয়ের পরিবর্তন হলে চাহিদা বিধি কার্যকর হয় না কেন? ২
গ. উদ্দীপক থেকে মোট উপযোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মোট ও প্রান্তিক উপযোগের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

২। X দ্রব্যের দাম যখন ২ টাকা চাহিদার পরিমাণ ৩০ একক। দাম বেড়ে ৪, ৬, ৮, ১০, ১২ টাকা হলে চাহিদার পরিমাণ হয় যথাক্রমে ২৫, ২০, ১৫, ১০ এবং ৫ একক।
ক. চাহিদার দাম স্থিতিস্থাপকতা কী? ১
খ. চায়ের দাম বাড়লে চিনির চাহিদার পরিবর্তন ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. দ্রব্যের দাম স্থির থেকে ভোক্তার আয় বাড়লে চাহিদার পরিবর্তন চিত্রে ব্যাখ্যা কর। ৪

৩। নিচের উদ্দীপক থেকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :
চাহিদা সমীকরণ $Q_d = 16 - 4P$
যোগান সমীকরণ $Q_s = -8 + 4P$
এখানে P = দাম
$Q_d$ = চাহিদার পরিমাণ
$Q_s$ = যোগানের পরিমাণ
ক. পরিপূরক দ্রব্য কাকে বলে? ১
খ. সীমাবদ্ধ যোগানের ক্ষেত্রে যোগান বিধি অকার্যকর– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. চাহিদা সমীকরণ স্থির থেকে যোগান সমীকরণ পরিবর্তন হয়ে $Q_{s_1} = -4 + 4P$ হলে ভারসাম্য অবস্থার পরিবর্তন ব্যাখ্যা কর। ৪

৪। নিচের ছকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| উপকরণ ব্যয় | ১০০ | ২০০ | ৩০০ | ৪০০ | ৫০০ | ৬০০ |
|---|---|---|---|---|---|---|
| মোট উৎপাদন | ৩ | ৮ | ১৫ | ২৫ | ৩৭ | ৫২ |

ক. ভূমির মালিকের আয়কে কী বলা হয়? ১
খ. শ্রমিক কেন তার শ্রমকে সঞ্চয় করে রাখতে পারে না– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি কোন ধরনের উৎপাদন বিধি প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে ধরনের উৎপাদন বিধি দেখানো হয়েছে তা বাস্তবে কোনো উৎপাদন ক্ষেত্রে কার্যকর হয় কি? তোমার মতামত দাও। ৪

৫। জনাব নাসরিনের শিল্পকারখানায় বিভিন্ন ধরনের উৎপাদন ব্যয় হয় এগুলো হলো– কারখানা ভাড়া, স্থায়ী কর্মচারীর বেতন, কাঁচামাল ক্রয়ের ব্যয়, অস্থায়ী শ্রমিকের মজুরি, জ্বালানি ব্যয়, অবচয় ব্যয়, পরিবহণ ব্যয়, প্যাকিং খরচ, দীর্ঘকালীন ঋণের সুদ ইত্যাদি। Covid-19 এর কারণে লকডাউনে কিছুদিন তার কারখানা বন্ধ থাকে। কিন্তু তিনি লক্ষ করেন তখনো তাকে কিছু ব্যয় বহন করতে হচ্ছে। আবার কিছু ব্যয় উৎপাদন বন্ধের সাথেই বন্ধ হয়ে গেছে।
ক. মাত্রাগত উৎপাদন কী? ১
খ. সংগঠনকে উৎপাদন ব্যবস্থার কান্ডারি বলা হয় কেন? ২
গ. উদ্দীপক ব্যবহার করে স্থির ও পরিবর্তনশীল ব্যয়ের একটি তালিকা প্রস্তুত কর। ৩
ঘ. দীর্ঘকাল বিবেচনা করা হলে উক্ত শিল্পকারখানার ব্যয়ের ক্ষেত্রে কোনো পরিবর্তন হবে কি? তোমার মতামত দাও। ৪

৬। নিচের উদ্দীপকটি পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| উৎপাদনের একক (Q) | মোট স্থির ব্যয় (TFC) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) |
|---|---|---|
| ১ | ৬ | ৭ |
| ২ | ৬ | ১০ |
| ৩ | ৬ | ১৫ |
| ৪ | ৬ | ২৬ |
| ৫ | ৬ | ৩৯ |


ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. উৎপাদন ক্ষেত্রে দীর্ঘকাল ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে গড় ব্যয় (AC) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক থেকে প্রাপ্ত গড় ব্যয় (AC) রেখার আকৃতি সম্পর্কে মন্তব্য কর। ৪

৭। নিচের ছকে দুটি বাজারে বিক্রয়ের পরিমাণ ও মোট আয় দেয়া আছে :

| A বাজার | | B বাজার | |
|---|---|---|---|
| বিক্রয়ের পরিমাণ (Q) | মোট আয় (TR) | বিক্রয়ের পরিমাণ (Q) | মোট আয় (TR) |
| ১ | ৮ | ১ | ৬ |
| ২ | ১৪ | ২ | ১২ |
| ৩ | ১৮ | ৩ | ১৮ |
| ৪ | ২০ | ৪ | ২৪ |
| ৫ | ২০ | ৫ | ৩০ |


ক. অলিগোপলি বাজার কী? ১
খ. একচেটিয়া বাজারে বিজ্ঞাপন খরচ নেই কেন? ২
গ. A বাজারের গড় আয় (AR) ও প্রান্তিক আয় (MR) রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের A ও B বাজারের মধ্যে প্রতিযোগিতার ভিত্তিতে কোনো পার্থক্য আছে কি? ব্যাখ্যা কর। ৪

৮। নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. স্বল্পকালীন বাজার কী? ১
খ. একটি মাত্র ফার্ম কি কখনো শিল্প হিসেবে বিবেচিত হতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে ফার্মের মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে ফার্মের গড় ব্যয় ১০ টাকা বৃদ্ধি পেলে ফার্ম উৎপাদন চালিয়ে যাবে কি? ব্যাখ্যা কর। ৪

৯। নিচের চিত্র থেকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. মূলধন বাজার কাকে বলে? ১
খ. ফার্মের স্বাভাবিক মুনাফা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক থেকে ফার্মের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উৎপাদনকারী কখন উৎপাদন বন্ধের সিদ্ধান্ত নেবে? উদ্দীপকের চিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

১০। 'ক' দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে দেশটির কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করে। এগুলো হলো ব্যাংক হার পরিবর্তন, খোলা বাজার নীতি, ঋণের রেশনিং, নগদ জমার হার পরিবর্তন, নৈতিক প্ররোচনা, বন্ধকী ঋণের নগদাংশ পরিবর্তন, সংরক্ষণ অনুপাত পরিবর্তন ইত্যাদি।
ক. অর্থের ফটকা চাহিদা কী? ১
খ. অর্থ কীভাবে ব্যক্তিজীবনে মনস্তাত্ত্বিক প্রভাব সৃষ্টি করে? ২
গ. উদ্দীপক থেকে ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতিগুলো চিহ্নিত করে এর কার্যকারিতা লেখ। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত পরিমাণগত পদ্ধতিগুলোর যেকোনো একটির ঋণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৪

১১। চট্টগ্রামে X ব্যাংকে রাফির একটি একাউন্ট আছে। রাজশাহীতে খালার বাসায় বেড়াতে গেলে হঠাৎ তার কিছু টাকার প্রয়োজন হয়। তখন সে রাজশাহীতে উক্ত X ব্যাংকের শাখায় গিয়ে খুব সহজেই টাকা উত্তোলন করে।
ক. তারল্য নীতি কী? ১
খ. মুদ্রার লেনদেন চাহিদা মানুষের আয়ের ওপর নির্ভর করে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থার কথা বলা হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকব্যবস্থা লেনদেন ক্ষেত্রে কতটুকু ইতিবাচক পরিবর্তন এনেছে বলে তুমি মনে কর? ৪

# ১২ ✓ যশোর বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। একজন ভোক্তার একটি দ্রব্যের উপর উপযোগ সূচি নিম্নরূপ—

| দ্রব্যের একক | মোট উপযোগ |
|---|---|
| ১ | ২৫ |
| ২ | ৩৫ |
| ৩ | ৪২ |
| ৪ | ৪২ |
| ৫ | ৪০ |

ক. উপযোগ কী? ১
খ. মোট উপযোগ হচ্ছে প্রান্তিক উপযোগের সমষ্টি— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে প্রান্তিক উপযোগ সূচি তৈরি কর এবং প্রান্তিক উপযোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে কোন ধরনের প্রান্তিক উপযোগ বিধি বর্ণিত হয়েছে তা বর্ণনা কর। ৪

২। নিচের চিত্রটি লক্ষ কর।




ক. যোগান কী? ১
খ. স্বাধীন চলক ও অধীন চলকের মধ্যে পার্থক্য কী? ২
গ. উদ্দীপকের SS রেখার ঢাল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের SS রেখাকে কী যোগান রেখা বলা যায়? তোমার মতামত দাও। ৪

৩। দুটি দ্রব্যের চাহিদা সূচি নিম্নরূপ—

| মূল্য | X দ্রব্যের চাহিদা | Y দ্রব্যের চাহিদা |
|---|---|---|
| 20 | 24 | 40 |
| 40 | 20 | 10 |

ক. চাহিদার দাম স্থিতিস্থাপকতা কী? ১
খ. কেন বিলাসজাত দ্রব্য স্থিতিস্থাপক? ২
গ. উদ্দীপক হতে X দ্রব্যের দাম স্থিতিস্থাপকতা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক হতে X এবং Y দ্রব্যের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৪। একটি দ্রব্যের চাহিদা অপেক্ষক ও যোগান অপেক্ষক দেওয়া হলো :
$Qd = 20 - P$ এবং $Qs = -4 + 3P$
যেখানে $Qd$ = চাহিদার পরিমাণ
$P$ = দাম
$Qs$ = যোগানের পরিমাণ

ক. চাহিদা কী? ১
খ. চালের মূল্য বৃদ্ধিতে গমের চাহিদার উপর যে প্রভাব পড়বে তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য মূল্য ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. সরকার যদি দ্রব্যের দাম 4 টাকা নির্ধারণ করে তবে কী অবস্থা হবে তা ব্যাখ্যা কর। ৪

৫। একটি দ্রব্যের মোট উৎপাদন ও মোট ব্যয় নিচে দেওয়া হলো—

| উপকরণ সংমিশ্রণ | ভূমি (একরে) | শ্রম ও মূলধন ব্যয় (টাকায়) | মোট উৎপাদন (মণ) |
|---|---|---|---|
| A | 2 | 9,000 | 80 |
| B | 2 | 12,000 | 140 |
| C | 2 | 20,000 | 180 |
| D | 2 | 24,000 | 200 |

ক. উৎপাদন কী? ১
খ. ফার্মকে কখন স্থির ব্যয় বহন করতে হয়? ২
গ. উদ্দীপকের আলোকে মোট উৎপাদন রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রান্তিক উৎপাদন বিধিটির কৃষিক্ষেত্রে কার্যকারিতা ব্যাখ্যা কর। ৪

৬। একটি ফার্মের মোট ব্যয় নিম্নরূপ—

| উৎপাদন (Q) | মোট ব্যয় (TC) |
|---|---|
| 1 | 80 |
| 2 | 140 |
| 3 | 180 |
| 4 | 240 |
| 5 | 350 |
| 6 | 480 |


ক. স্থির ব্যয় কী? ১
খ. দীর্ঘকাল সকল ব্যয় পরিবর্তনশীল— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে প্রান্তিক ব্যয় সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য থেকে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC)-এর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৭। একটি ফার্মের মোট আয় নিম্নরূপ—

| পরিমাণ(Q) | মোট আয় (TR) |
|---|---|
| 1 | 100 |
| 2 | 180 |
| 3 | 240 |
| 4 | 280 |
| 5 | 300 |
| 6 | 300 |

ক. মাত্রাগত উৎপাদন কী? ১
খ. শিল্পক্ষেত্রে কী ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি কার্যকর? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে মোট আয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য থেকে বর্ণনা কর যে গড় আয় (AR) প্রান্তিক আয়ের (MR) চেয়ে বেশি। ৪

৮। নিচের চিত্রটি লক্ষ কর।




ক. ডুয়োপলি বাজার কী? ১
খ. একটি মনোপলি ফার্ম মূল্য নিয়ন্ত্রণ করে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে e বিন্দুতে মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক হতে মুনাফার উপর নতুন গড় ব্যয় রেখার ($AC_1$) প্রভাব বিশ্লেষণ কর। ৪

৯। একটি দেশের অর্থের যোগান, অর্থের প্রচলন গতি এবং লেনদেনের পরিমাণ হচ্ছে যথাক্রমে $M = 500$, $V = 40$ এবং $T = 400$। সম্প্রতি সরকার অর্থের যোগান কমিয়ে 400 নির্ধারণ করে।

ক. আমানত কী? ১
খ. অর্থের প্রয়োজন হয় কেন? ২
গ. উদ্দীপকের দেশটির দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক হতে দামস্তরের উপর সম্প্রতি সরকারের সিদ্ধান্তের প্রভাব ব্যাখ্যা কর। ৪

১০। একটি বাণিজ্যিক ব্যাংকের প্রাথমিক আমানতের পরিমাণ 2,00,000 টাকা এবং রিজার্ভ রেশিও 10%। দেশে মূল্যস্ফীতি দেখা দেওয়ায় কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভ রেশিও বৃদ্ধি করে 15% করে।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. দামস্তর ও অর্থের মূল্যের মধ্যে সম্পর্ক কী? ২
গ. উদ্দীপকের ব্যাংকটির সৃষ্ট আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. রিজার্ভ রেশিও পরিবর্তনের ফলে অর্থনীতিতে কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

১১। ইফফাত ও জেরিন দুই বন্ধু ব্যাংকে চাকরি করেন। ইফফাতের ব্যাংক জনগণের অর্থ জমা রাখে। অন্যদিকে জেরিনের ব্যাংক খোলা বাজার নীতির সাহায্যে ঋণ নিয়ন্ত্রণ করে।

ক. অর্থ কী? ১
খ. চাহিদা আমানত ও অর্থের যোগানের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ইফফাতের ব্যাংকটির তিনটি কাজ বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জেরিনের ব্যাংকের নীতিটি বিশ্লেষণ কর। ৪

# ১৩ কুমিল্লা বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আরিফ 'আইস জোন'-এ গিয়ে আইসক্রীম খেল। আইসক্রীম হতে তার প্রাপ্ত উপযোগ হলো নিম্নরূপ—

| আইসক্রীমের একক | মোট উপযোগ (ইউটিল) |
|---|---|
| প্রথম | ৪ |
| দ্বিতীয় | ৭ |
| তৃতীয় | ৯ |
| চতুর্থ | ১০ |
| পঞ্চম | ১০ |
| ষষ্ঠ | ৯ |

ক. প্রান্তিক উপযোগ কী? ১
খ. প্রান্তিক উপযোগ রেখা নিম্নগামী হয় কেন? ২
গ. উপরোক্ত উদ্দীপক থেকে প্রান্তিক উপযোগ সূচি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের উপযোগের যে বিষয়টি কার্যকর হয়েছে তার ব্যতিক্রমসমূহ বিশ্লেষণ কর। ৪

২। একটি পটেটো চিপসের চাহিদা সূচি নিম্নরূপ—

| দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ৩ | ১৮ |
| ৬ | ১৪ |
| ৯ | ১০ |
| ১২ | ৬ |

ক. চাহিদা বিধি কী? ১
খ. চাহিদা বিধি কি সবসময় কার্যকর হয়? ২
গ. উদ্দীপকের প্রদত্ত তথ্য হতে চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য থেকে প্রাপ্ত চাহিদা রেখার আকৃতি কেন এমন হয়, যুক্তিসহ লেখ। ৪

৩। দুটি দ্রব্যের চাহিদা সূচি দেওয়া আছে—

| 'X' দ্রব্যের দাম | 'X' দ্রব্যের চাহিদা | 'Y' দ্রব্যের চাহিদা (একক) |
|---|---|---|
| 12 টাকা | 12 | 14 |
| 14 টাকা | 8 | 18 |

ক. স্থিতিস্থাপকতা কী? ১
খ. নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের চাহিদা অস্থিতিস্থাপক হয় কেন? ২
গ. উদ্দীপকের ভিত্তিতে X দ্রব্যের চাহিদার দাম স্থিতিস্থাপকতা নির্ণয় কর। ৩
ঘ. আড়াআড়ি স্থিতিস্থাপকতার ভিত্তিতে উপরোক্ত দুটি দ্রব্যের সম্পর্কের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৪। নিচে আমের বাজার সম্পর্কিত তথ্য দেওয়া হলো—

| দাম (টাকা) | (চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ২০ | ৫০ | ১০ |
| ৩০ | ৪০ | ২০ |
| ৪০ | ৩০ | ৩০ |
| ৫০ | ২০ | ৪০ |


ক. রেখার ঢাল কাকে বলে? ১
খ. অর্থনীতিতে 'মজুদ' ও 'যোগান' কি এক হতে পারে? ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. বাজার দাম যদি তার ভারসাম্য দাম হতে বিচ্যুত হয় তবে উদ্ভূত পরিস্থিতি উদ্দীপকের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৫। একটি চা বাগানের (২০১৮-১৯ সনের) উৎপাদন ব্যয় সম্পর্কিত তথ্য নিম্নের টেবিলে দেওয়া হলো—

| উৎপাদন (Q) (টন) | মোট স্থির ব্যয় (TFC) (লক্ষ টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) (লক্ষ টাকা) |
|---|---|---|
| ১ | ১২ | ৫ |
| ২ | ১২ | ১৪ |
| ৩ | ১২ | ২১ |
| ৪ | ১২ | ৩৬ |
| ৫ | ১২ | ৬৩ |


ক. উৎপাদন উপকরণ কী কী? ১
খ. দীর্ঘকালে স্থিরব্যয় থাকে না কেন? ২
গ. উদ্দীপক হতে উৎপাদনের প্রতি স্তরে মোট খরচ (TC) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক হতে প্রাপ্ত গড় ব্যয় রেখার এরূপ আকৃতি হওয়ার কারণসমূহ আলোচনা কর। ৪

৬।




ক. মাত্রাগত উৎপাদন কী? ১
খ. স্বল্পকালীন উৎপাদন অপেক্ষকে সব উপকরণ পরিবর্তন হয় না কেন? ২
গ. উদ্দীপকের আলোকে বিক্রেতার গড় আয়ের সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকটি যে বাজারব্যবস্থাকে নির্দেশ করে তার বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৪

৭।





ক. মনোপসনি বাজার কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন কেন? ২
গ. উদ্দীপকে ভারসাম্য বিন্দু চিহ্নিত করে মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের AC রেখা যদি K বিন্দু দিয়ে যায়, তবে ফার্মের উদ্ভূত নতুন পরিস্থিতি বিশ্লেষণ কর। ৪

৮। মাওয়া ঘাট বর্তমানে নতুন একটি আকর্ষণীয় পর্যটন কেন্দ্র। সেখানে 'আহারে-বাহারে' নামে একটি খাবার দোকান গড়ে উঠেছে। আর কোনো মানসম্মত খাবার দোকান না থাকায় পর্যটকরা সেখান থেকে বেশি দামে খাবার খেতে বাধ্য হয়। অথচ অন্যান্য পর্যটন কেন্দ্রগুলোতে বহুসংখ্যক খাবারের দোকান থাকায় পর্যটকরা এসব সমস্যার সম্মুখীন হয় না।

ক. অর্থনীতিতে বাজার বলতে কী বোঝায়? ১
খ. পূর্ণপ্রতিযোগিতায় P = AR = MR কেন হয়? ২
গ. উদ্দীপকের 'আহারে-বাহারে' খাবার দোকান অর্থনীতিতে যে বাজারকে নির্দেশ করে, তার বৈশিষ্ট্যগুলো লেখ। ৩
ঘ. নতুন পর্যটন কেন্দ্র ও অন্যান্য পর্যটন কেন্দ্রের খাবার দোকানের যে যে বাজারের সাথে সংগতিপূর্ণ তাদের বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ তুলে ধর। ৪

৯।





ক. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজার কাকে বলে? ১
খ. বাংলাদেশের তৈরি পোশাকের বাজারকে কেন আন্তর্জাতিক বাজার বলা যায়? ২
গ. উদ্দীপক থেকে স্বাভাবিক মুনাফায় ভারসাম্য অর্জনের চিত্র আঁক ও মুনাফার পরিমাণ দেখাও। ৩
ঘ. উদ্দীপকের বাজার কাঠামো অনুযায়ী স্বল্পকালে কী অস্বাভাবিক মুনাফা অর্জন করা সম্ভব? ব্যাখ্যা কর। ৪

১০। ২০১৮ সনে 'ক' দেশে যে মূল্যস্তর ছিল, বর্তমানে করোনা মহামারির কারণে সে দেশে মূল্যস্তর অনেক বৃদ্ধি পেয়েছে। এ অবস্থায় সে দেশের কেন্দ্রীয় ব্যাংক, ব্যাংক হার বৃদ্ধি, খোলা বাজারে ঋণপত্র বিক্রি ও নগদ জমার হার বাড়িয়ে দেয়। এছাড়া ঋণের রেশনিং, বন্ধকি ঋণের নগদাংশ পরিবর্তন করে এবং নৈতিক প্ররোচণাও চালায়।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. মুদ্রার যোগান বলতে কি শুধু চাহিদা আমানতকেই নির্দেশ করে? ২
গ. উদ্দীপক হতে ঋণ নিয়ন্ত্রণের পরিমাণগত ও গুণগত হাতিয়ারগুলো চিহ্নিত কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত সিদ্ধান্ত মূল্যস্তর নিয়ন্ত্রণে কীভাবে ভূমিকা পালন করতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১।




ক. বিহিত মুদ্রা কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংককে কেন স্বল্পমেয়াদি ঋণের ব্যবসায়ী বলা হয়? ২
গ. উদ্দীপকের চিত্রটি কীভাবে ফিসারের অর্থের পরিমাণ তত্ত্বের সাথে প্রাসঙ্গিক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী অর্থের মূল্য $Vm_1$ থেকে $Vm_2$ তে পরিবর্তনের ফলে অর্থনীতিতে কী কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

## ১৪ চট্টগ্রাম বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। নিচে একটি পণ্যের চাহিদা সূচি দেওয়া হলো—

| প্রতি একক পণ্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ২ | ২০ |
| ৪ | ১৫ |
| ৬ | ১০ |
| ৮ | ৫ |

ক. চলক কী? ১
খ. যোগান বিধি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত চাহিদা সূচি থেকে একটি চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দাম বাড়ার পাশাপাশি আয়ের বৃদ্ধি ঘটলে উদ্দীপকে বর্ণিত চাহিদার কী পরিবর্তন হবে? চিত্রসহকারে বিশ্লেষণ কর। ৪

২। নিচে একজন ভোক্তার আপেল ক্রয় থেকে প্রাপ্ত উপযোগের তথ্য দেওয়া হলো—

| আপেল (একক) | মোট উপযোগ (TU) |
|---|---|
| ১ | ৫ |
| ২ | ৮ |
| ৩ | ৯ |
| ৪ | ৯ |
| ৫ | ৮ |

ক. উপযোগ কী? ১
খ. "দামের সাথে যোগানের পরিমাণের সম্পর্ক সমমুখী"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে প্রান্তিক উপযোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে যে বিধিটি প্রকাশিত হয়েছে, কী কী অবস্থার প্রেক্ষিতে কার্যকর হবে না বলে তুমি মনে কর। ৪

৩। $Qd = 50 - 10P$
$Qs = -10 + 10P$
ক. ঢাল কী? ১
খ. আয় চাহিদাকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দামের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম বৃদ্ধি পেলে ভারসাম্যের ওপর কীরূপ প্রভাব পড়বে? উদ্দীপকের আলোকে তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৪। মি. কামালের একটি তাঁত শিল্প আছে। সেখানে ২০২০ সালের মার্চ থেকে জুন মাস পর্যন্ত উৎপাদন ও ব্যয়ের একটি তালিকা নিচে দেওয়া হলো—

| সময় | মোট ব্যয় (টাকা) | মোট উৎপাদন (একক) |
|---|---|---|
| মার্চ-২০২০ | ১০,০০০ | ১০০ |
| এপ্রিল-২০২০ | ২০,০০০ | ২০০ |
| মে-২০২০ | ৩০,০০০ | ৩০০ |
| জুন-২০২০ | ৪০,০০০ | ৪০০ |


ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. মোট আয় ও প্রান্তিক আয়ের মধ্যে পার্থক্য কী? ২
গ. প্রদত্ত সূচি অনুযায়ী প্রান্তিক উৎপাদন রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সারণি উৎপাদনের কোন বিধিকে সমর্থন করে? ব্যাখ্যা কর। ৪

৫।

| বিক্রয়ের পরিমাণ (Q) | দাম (P) |
|---|---|
| ১ | ১০ |
| ২ | ১০ |
| ৩ | ১০ |
| ৪ | ১০ |
| ৫ | ১০ |

ক. উৎপাদনের উপকরণসমূহ কী? ১
খ. দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না কেন? ২
গ. উদ্দীপক হতে প্রান্তিক আয়ের তালিকা প্রস্তুত কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত তথ্যাবলি যে বাজারের সাথে সম্পর্কিত সে বাজারে কেন অন্যান্য বাজারের তুলনায় ভোক্তার স্বার্থ অধিক সংরক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৪


৬। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. প্রান্তিক আয় কী? ১
খ. প্রান্তিক ব্যয় ও গড় ব্যয় কী একই ধারণা? ২
গ. উদ্দীপকে উল্লিখিত চিত্রে AFC রেখার আকৃতি বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চিত্রে SAC রেখার আকৃতি বিশ্লেষণ কর। ৪

৭। নাঈমা তার বাবার সাথে বই-এর দোকানে যায়। বিভিন্ন দোকান ঘুরে দেখে সকল দোকানে দাম একই। এতে সে খুব আনন্দ পায়। কিন্তু সে বিদ্যুতের ইউনিট প্রতি মূল্য পরিশোধের ক্ষেত্রে ভিন্ন চিত্র লক্ষ করে।
ক. অর্থনীতিতে বাজার কী? ১
খ. পূর্ণপ্রতিযোগিতা বাজারকে কেন দামগ্রহীতা বলা হয়? ২
গ. উদ্দীপকে বর্ণিত বইয়ের বাজারের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. নাঈমার দেখা দুই ধরনের বাজারের মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৪

৮। চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কী? ১
খ. কেন একচেটিয়া বাজারে বিক্রেতাকে দামের স্রষ্টা বলা হয়? ২
গ. উদ্দীপকের আলোকে মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উল্লিখিত মুনাফা কী সকল ক্ষেত্রে অর্জন করা সম্ভব? যুক্তিসহ মতামত দাও। ৪

৯। মি. জুয়েল একটি ব্যাংকে চাকরি করেন যাকে মুদ্রা বাজারের অভিভাবক বলা হয়। ব্যাংকটি নোট প্রচলনের একচেটিয়া অধিকার ভোগ করে। তার বন্ধু মি. রুবেল অন্য আরেকটি ব্যাংকে চাকরি করেন, যেটি জনসাধারণের নিকট থেকে আমানত সংগ্রহ করে এবং স্বল্প ও মধ্যমেয়াদে ঋণ প্রদান করে।
ক. মুদ্রার চাহিদা বলতে কী বোঝায়? ১
খ. মুদ্রার কার্যাবলি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মি. জুয়েলের ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোচিত দুটি ব্যাংক এক নয়— ব্যাখ্যা কর। ৪

১০। অর্থনীতিবিদ আরভিং ফিশারের অর্থের পরিমাণ তত্ত্বে $M = 100$, $V = 5$ এবং $T = 10$, যেখানে M = লেনদেনের পরিমাণ, P = দামস্তর ও V = প্রচলন গতি।
ক. 'নিকাশঘর' কী? ১
খ. অনলাইন ব্যাংকিং-এর বিশেষ সুবিধা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের M-এর মান ২০০ হলে অর্থের মূল্যের উপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব তুহিন ঢাকা শহরের একটি পোশাক কারখানায় চাকরি করেন। তিনি মোবাইল ফোনের মাধ্যমে গ্রামের বাড়িতে বাবা-মাকে টাকা পাঠান। এতে বাবা-মা তাৎক্ষণিকভাবে প্রেরিত অর্থ পেয়ে থাকেন। তবে এক্ষেত্রে বিশেষ সতর্কতাও অবলম্বন করার প্রয়োজন আছে।
ক. বাণিজ্যিক ব্যাংক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংকের দুটি গুরুত্বপূর্ণ কার্যাবলি বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি কোন ব্যাংকিং কার্যক্রমের প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত ব্যাংকিং কার্যক্রম অন্যান্য ব্যাংকিং কার্যক্রমের চেয়ে অনেক বেশি সুবিধাজনক— বিশ্লেষণ করে মন্তব্য লেখ। ৪

# ১৫ সিলেট বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ▸ সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। নিচের চাহিদা সূচি লক্ষ কর ও সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| দাম (P) (টাকা) | চাহিদা (Q) একক |
|---|---|
| ১০ | ২০০ |
| ১৫ | ১৫০ |

ক. উপযোগ কী? ১
খ. গিফেন দ্রব্যের ক্ষেত্রে চাহিদা রেখা উর্ধ্বমুখী হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে স্থিতিস্থাপকতা নির্ণয়পূর্বক দ্রব্যের প্রকৃতি ব্যাখ্যা কর। ৪

২। নিচের উদ্দীপক থেকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| দ্রব্যের একক (X) | মোট উপযোগ (TU) |
|---|---|
| ১ | ৪ |
| ২ | ৭ |
| ৩ | ৯ |
| ৪ | ১০ |
| ৫ | ১০ |
| ৬ | ৯ |

ক. অপেক্ষক কী? ১
খ. দামের সাথে যোগানের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মোট উপযোগ (TU) রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে যে বিধিটি কার্যকর তা বিশ্লেষণ কর। ৪

৩। দেয়া আছে, $Qd = 20 - 2P$

$Qs = -4 + 2p$

যেখানে,

P = দাম

Qd = চাহিদার পরিমাণ

Qs = যোগানের পরিমাণ


ক. চাহিদা কী? ১
খ. যোগানের ওপর সময়ের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম ৪ টাকা ও ৪ টাকা হলে উদ্দীপকের আলোকে বাজার পরিস্থিতি ব্যাখ্যা কর। ৪

৪। A ফার্মের উৎপাদন সম্পর্কিত তথ্য নিচে দেয়া হলো–

| উৎপাদনের পরিমাণ (Q) (একক) | মোট স্থির ব্যয় (TFC) (টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) (টাকা) |
|---|---|---|
| ১ | ৫ | ৫ |
| ২ | ৫ | ১৩ |
| ৩ | ৫ | ১৯ |
| ৪ | ৫ | ২৭ |
| ৫ | ৫ | ৪০ |

ক. উৎপাদন অপেক্ষক কাকে বলে? ১
খ. গড় স্থির ব্যয় কী শূন্য হতে পারে? ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপক হতে TFC রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে MC রেখা অঙ্কন করে এর আকৃতির ওপর মন্তব্য কর। ৪

৫। নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. একচেটিয়া বাজার কাকে বলে? ১
খ. একচেটিয়া বাজারে AR রেখা নিম্নগামী হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. H বিন্দু দিয়ে AC রেখা অতিক্রম করলে উৎপাদনের ব্যাপারে ফার্ম কী সিদ্ধান্ত নেবে? ব্যাখ্যা কর। ৪

৬। দেয়া আছে, $Qs = 10 + 4P$

যেখানে,

P = দাম

Qs = যোগানের পরিমাণ

ক. বাজার ভারসাম্য কাকে বলে? ১
খ. দাম স্থির থেকে আয় বাড়লে চাহিদা রেখার কোন ধরনের পরিবর্তন ঘটবে? ২
গ. উদ্দীপক হতে যোগান রেখা আঁক। ৩
ঘ. উপরের সমীকরণে ছেদক 5 হলে যোগান রেখার কোন ধরনের পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

৭। 'T' ফার্মের মোট খরচের সূচি নিম্নরূপ :

| উৎপাদন (Q) (একক) | মোট খরচ (TC) (টাকা) |
|---|---|
| ১ | ১০ |
| ২ | ১৫ |
| ৩ | ১৮ |
| ৪ | ২৪ |
| ৫ | ৩২ |
| ৬ | ৪২ |

ক. প্রান্তিক ব্যয় কাকে বলে? ১
খ. মোট স্থির খরচ রেখা ভূমি অক্ষের সমান্তরাল হয় কেন? ২
গ. উদ্দীপকের ভিত্তিতে AC ও MC নিরূপণ কর। ৩
ঘ. AC ও MC-এর মধ্যকার সম্পর্ক উদ্দীপকের আলোকে চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৮। A ব্যাংকের ক্ষেত্রে তথ্য নিম্নরূপ–

| | |
|---|---|
| প্রাথমিক আমানত টাকা | ৪৫,০০০ |
| ন্যূনতম রিজার্ভ অনুপাত | ১০% |

ক. অর্থ কাকে বলে? ১
খ. অর্থের মূল্যের সাথে দামস্তরের সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকের সৃষ্ট ঋণ আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভ অনুপাত ২০% এ বৃদ্ধি করলে অর্থনীতিতে কীরূপ প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৯। 'W' দেশের মুদ্রাসংক্রান্ত তথ্য নিচে দেয়া হলো–


M = 10,000

P = 80

T = 500

ক. বিহিত মুদ্রা কাকে বলে? ১
খ. অর্থের পরিমাণের সাথে অর্থের মূল্যের সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে অর্থের প্রচলন গতি নির্ণয় কর। ৩
ঘ. অর্থের পরিমাণ ২০,০০০ টাকা হলে, অর্থের মূল্যের ওপর কীরূপ প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

১০। নিচের চিত্র থেকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. ফার্ম কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্মকে 'দাম সৃষ্টিকারী' বলা হয় কেন? ২
গ. উদ্দীপকটি কোন বাজারের স্বল্পকালীন ভারসাম্য নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. AC রেখা E বিন্দুতে স্পর্শ করলে ফার্মের মুনাফার ধরনের কেমন পরিবর্তন হবে? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব 'Y' একজন ব্যবসায়ী। তাঁর কারবারকৃত পণ্যের বিকল্প দ্রব্য না থাকায় বেশি মুনাফা অর্জন করছেন।

ক. ডুয়োপলি বাজার কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প একই হয় কেন? ২
গ. জনাব 'Y' কোন বাজারে কারবার করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'Y'-এর বাজারের স্বল্পকালীন ভারসাম্য চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

# ১৬ বরিশাল বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। একজন ভোক্তার X দ্রব্য ভোগের পরিমাণ ও প্রাপ্ত উপযোগের তথ্য নিম্নরূপ—

| ভোগের একক | প্রাপ্ত মোট উপযোগ |
|---|---|
| ১ম | ১২ |
| ২য় | ২০ |
| ৩য় | ২৪ |
| ৪র্থ | ২৪ |
| ৫ম | ২২ |

ক. চাহিদার হ্রাস-বৃদ্ধি কী? ১
খ. পরিমাণগত উপযোগ ও পর্যায়গত উপযোগ একই নয়— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভিত্তিতে X দ্রব্যের প্রান্তিক উপযোগ সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে চিত্র অঙ্কনপূর্বক মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের প্রকৃতি ব্যাখ্যা কর। ৪

২। বাজারের প্রতি কেজি আমের দাম যখন ১০০ টাকা, তখন চাহিদার পরিমাণ ছিল ১৫ কেজি। একই সময়ে প্রতি ওজন কলার দাম ৯০ টাকা এবং চাহিদা ২০ ডজন ছিল। আমের দাম হ্রাস পেয়ে প্রতি কেজি ৭০ টাকা হলো এবং চাহিদা বৃদ্ধি পেয়ে ৩০ কেজি হলো। কলার দামের কোনো পরিবর্তন হলো না অথচ চাহিদা হ্রাস পেয়ে ১৫ ডজন হলো।
ক. অপেক্ষক কাকে বলে? ১
খ. "কোনো অপেক্ষকে একাধিক অধীন চলক থাকতে পারে না"— যুক্তিসহ ব্যাখ্যা করবে? ২
গ. উদ্দীপকের আলোকে আমের চাহিদা সমীকরণ নির্ণয় কর। ৩
ঘ. আমের দাম ও কলার চাহিদার সম্পর্ক তুমি কীভাবে স্থিতিস্থাপকতার মাধ্যমে ব্যাখ্যা করবে? ৪

৩। X দ্রব্যের চাহিদা ও যোগান অপেক্ষক নিম্নরূপ—
$Dx = 32 - 3P$
$Sx = 8 + 2P$
ক. চাহিদা বিধি কী? ১
খ. "বক্ররেখার ঢাল সকল বিন্দুতে সমান নয়"—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের অপেক্ষকদ্বয় ব্যবহার করে চিত্রের মাধ্যমে X দ্রব্যের ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. যদি সরকার কর্তৃক বাজার দাম ও টাকা ধার্য করা হয় তবে ভারসাম্যের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৪। মি. X একজন কৃষক। তিনি ২ একর জমিতে ৫ জন শ্রমিক দিয়ে ধান চাষ করেন ৫০ মণ। পরবর্তীতে শ্রমিক বাড়িয়ে যথাক্রমে ৬ ও ৭ জন হলে ধানের উৎপাদন দাঁড়ায় ৬৫ ও ৭২ মণ। এই প্রক্রিয়ায় তিনি লাভবান হতে পারছিলেন না। তাই তিনি ধান চাষের জন্য শ্রমিক বৃদ্ধির পাশাপাশি জমির পরিমাণ বৃদ্ধি ও ট্রাক্টরের ব্যবহার শুরু করেন। এর ফলে তার ধান উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেল এবং লাভবান হলেন।
ক. AVC নির্ণয়ের সূত্রটি লেখ। ১
খ. উৎপাদনের কোন উপকরণকে তুমি সবচেয়ে বেশি গতিশীল মনে কর? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে শ্রমের MP রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে ট্রাক্টরের ব্যবহার ও মাত্রাগত উৎপাদনের মধ্যে কি কোনো সম্পর্ক আছে? ব্যাখ্যা কর। ৪

৫।

| A-বাজার | |
|---|---|
| বিক্রয়ের পরিমাণ (Q) | দাম (P) |
| 1 | 16 |
| 2 | 16 |
| 3 | 16 |
| 4 | 16 |
| 5 | 16 |

| B-বাজার | |
|---|---|
| বিক্রয়ের পরিমাণ (Q) | দাম (P) |
| 1 | 89 |
| 2 | 88 |
| 3 | 87 |
| 4 | 86 |
| 5 | 85 |

ক. বাজার কাকে বলে? ১
খ. কখন ফার্ম এবং শিল্প একই? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে A-বাজারে TR এবং MR নির্ণয় কর। ৩
ঘ. A এবং B উভয় বাজারের AR রেখা কি একই? চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৪


৬। একটি মোটরসাইকেল তৈরি কারখানার উৎপাদন ও ব্যয়ের তথ্য নিম্নরূপ—

| উৎপাদন একক | মোট স্থির খরচ (লক্ষ টাকায়) | মোট খরচ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১ | ২০০ | ৪০০ |
| ২ | ২০০ | ৫২০ |
| ৩ | ২০০ | ৬১০ |
| ৪ | ২০০ | ৭২০ |
| ৫ | ২০০ | ১০০০ |

ক. পরিবর্তনীয় ব্যয় কাকে বলে? ১
খ. মোট আয় রেখা সবসময় ডানদিকে ঊর্ধ্বগামী হয় কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ২
গ. উদ্দীপকের আলোকে গড় ব্যয় ও গড় পরিবর্তনীয় সূচি তৈরি কর। ৩
ঘ. মোটর সাইকেল তৈরি কারখানায় গড় ব্যয় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে সম্পর্ক কেমন? ৪

৭। মি. রফিক X বাজারে গিয়ে দেখলেন অনেক বিক্রেতা সমজাতীয় পণ্য একই দামে বিক্রি করছেন। ক্রেতাগণ কোনো প্রকার দরকষাকষি না করে নির্ধারিত দামে পণ্য ক্রয় করছেন। রফিক সাহেব একটি পণ্যের ৩ একক ক্রয় করলেন। রফিক সাহেব Y বাজারে গিয়ে দেখলেন কোথাও সমজাতীয় পণ্য নেই। নির্ধারিত দামের অস্তিত্ব নেই। সব বিক্রেতাই ভিন্ন ভিন্ন পণ্য বিক্রি করছেন। রফিক সাহেব দরকষাকষি করে T পণ্যের ২ একক ক্রয় করলেন। এমন সময় বশির মিয়া সেখানে এলেন। বশির মিয়া বিক্রেতার কাছে T পণ্য ৬ একক ক্রয়ের আগ্রহ দেখালেন। বিক্রেতা রফিক সাহেবের তুলনায় কম দামে ৬ একক T পণ্য বশির মিয়ার কাছে বিক্রি করলেন। এই পরিস্থিতিতে রফিক সাহেব হতবাক হয়ে গেলেন।
ক. আন্তর্জাতিক বাজার কাকে বলে? ১
খ. "বাস্তবে বিশুদ্ধ পূর্ণপ্রতিযোগিতামূলক বাজার কোথাও নেই"— ব্যাখ্যা কর। ২
গ. X বাজারের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত X ও Y বাজারের মধ্যে কোন বাজারে ভোক্তা অধিক সন্তুষ্টি অর্জন করে? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪


৮।




ক. শিল্প কাকে বলে? ১
খ. পূর্ণপ্রতিযোগিতায় ক্রেতা ও বিক্রেতাকে দামগ্রহীতা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে ফার্মের ভারসাম্য অবস্থা ব্যাখ্যা কর। ৩
ঘ. ফার্মটির যদি 72 টাকা লোকসান হয় তবে AC রেখার কীরূপ পরিবর্তন হবে চিত্রে দেখাও। ৪

৯। আরিফ ও মাসুদ দুটি আলাদা ব্যাংকে চাকরি করেন। আলাপকালে আরিফ বলল আমাদের ব্যাংক আমানত গ্রহণের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একত্রিত করে। সেই আমানত হতে ব্যবসায়ী, শিল্পপতি, কৃষকসহ সকলকে ঋণ সরবরাহ করি। এভাবে আমরা অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখি। তার জবাবে মাসুদ বলল আমাদের ব্যাংক সরকারের পরামর্শে নতুন নোট ছাপায়। অন্যান্য ব্যাংকের ঋণদান কার্যক্রম নিয়ন্ত্রণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে। অন্যান্য ব্যাংকের অভ্যন্তরীণ দেনা-পাওয়া পরিশোধ করে। আর্থিক বিভিন্ন বিষয়ে সরকারকে পরামর্শ দিয়ে থাকে। এছাড়াও নানাবিধ কার্যক্রমের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখে।
ক. বিহিত মুদ্রা কাকে বলে? ১
খ. "অর্থের ব্যবহার না থাকলে সভ্যতার চাকা অচল"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. মাসুদ সাহেব যেখানে কাজ করেন তা কোন ধরনের ব্যাংক? ঐ ব্যাংকের তিনটি গুরুত্বপূর্ণ কাজের বর্ণনা দাও। ৩
ঘ. আরিফ ও মাসুদ সাহেব যে দুটি ব্যাংকে চাকরি করেন তাদের প্রকৃতি কি আলাদা? যদি তাই হয় তবে উদ্দীপকের আলোকে উভয় ব্যাংকের মধ্যে পার্থক্য দেখাও। ৪

১০। মি. M একজন গবেষক। তিনি লক্ষ করলেন, বাজারে দাম বেড়ে যাওয়ায় কিছু মানুষ যেমন– কৃষক, দেনাদার, করদাতা, ফটকা কারবারীরা আনন্দিত হলো। অন্যদিকে কিছু মানুষ যেমন- পাওনাদার, শ্রমিক, সঞ্চয়কারীরা হতাশ হয়ে পড়লেন। কারণ তাদের ক্রয়ক্ষমতা কমে গেল। তিনি তখন অর্থের মূল্য ও দামস্তর নিয়ে একটি চিত্র অঙ্কন করলেন। চিত্রটি নিম্নরূপ—




ক. চাহিদা আমানত কাকে বলে? ১
খ. অর্থের প্রচলন গতি কি অর্থের মূল্যকে প্রভাবিত করতে পারে? কীভাবে? ২
গ. মি. M তার চিত্রে দামস্তর ও অর্থের মূল্যের মধ্যে কীরূপ সম্পর্ক দেখিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. দামস্তর বৃদ্ধি পেলে কিছু মানুষ আনন্দ পায় আবার কিছু মানুষ হতাশ হয় কেন? উদ্দীপকের ভিত্তিতে এর কারণ ব্যাখ্যা কর। ৪

১১। মি. N একজন ক্ষুদ্র ব্যবসায়ী। দীর্ঘদিন ধরে তিনি দেশের বিভিন্ন এলাকায় গিয়ে পণ্য ক্রয়-বিক্রয় করছেন। কিছুদিন আগেও তাকে ব্যবসার জন্য নগদ টাকা নিয়ে প্রত্যন্ত অঞ্চলে যাতায়াত করতে হতো। এর ফলে তিনি অনেক সমস্যার সম্মুখীন হতেন। কিন্তু এখন তিনি এক নতুন ব্যাংকিং পদ্ধতির সাথে জড়িত। তাকে আর নগদ অর্থ বহন করতে হয় না। অথচ দ্রুততার সাথে অর্থের লেনদেন করতে পারেন। প্রয়োজনে তার স্বল্প টাকা কোনো মুদির দোকান বা অন্য কোনো দোকানে গিয়ে নিরাপদে জমা রাখতে পারেন। এমনকি দেশের যেকোনো এলাকা থেকে তার গ্রামের বাড়িতে সহজেই টাকা পাঠাতে পারেন।
ক. বিশেষায়িত ব্যাংক কাকে বলে? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক খোলা বাজার নীতি গ্রহণ করে কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. N কোন ধরনের ব্যাংকিং পদ্ধতির সাথে জড়িত? উদ্দীপকের ভিত্তিতে সেই ব্যাংকিং পদ্ধতির চারটি সুবিধা লেখ। ৩
ঘ. মি. N. যে ব্যাংকিং পদ্ধতির সাথে জড়িত তার সাথে সনাতন পদ্ধতির ব্যাংক ব্যবস্থাপনার মধ্যে যে সকল পার্থক্য বিদ্যমান তা উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

## ১৭ দিনাজপুর বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। শিহাব একটি পণ্য ৪ টাকা ধরে ৪ ডজন ক্রয় করেন। পণ্যটির মূল্য কমে ৩ টাকা হলে ৬ ডজন ক্রয় করেন।

ক. রেখার ঢাল কী? ১

খ. 'ভূমি অক্ষের সমান্তরাল রেখার ঢাল শূন্য'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে চাহিদা বিধি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে চাহিদার স্থিতিস্থাপকতা নির্ণয় করে সংশ্লিষ্ট দ্রব্যটির প্রকৃতি ব্যাখ্যা কর। ৪

২। 'ক' দ্রব্যের চাহিদা ও যোগান সূচি নিম্নরূপ—

| দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক |
|---|---|---|
| ২০ | ৯ | ৩ |
| ৪০ | ৬ | ৬ |
| ৬০ | ৩ | ৯ |

ক. চাহিদা কী? ১

খ. চাহিদা রেখা কখন ঊর্ধ্বগামী হয়? ২

গ. উদ্দীপকের আলোকে চিত্রের সাহায্যে ভারসাম্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকে প্রতিটি দামে যোগানের পরিমাণ স্থির থেকে চাহিদার পরিমাণ যথাক্রমে ১০, ৭ ও ৪ একক হলে, ভারসাম্যের ওপর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩। $Q_s = -2 + 4p$, একটি যোগান অপেক্ষক।


ক. চলক কী? ১

খ. অধীন চলক, স্বাধীন চলক থেকে কীভাবে ভিন্ন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক থেকে যোগান সূচি তৈরি কর। ৩

ঘ. উদ্দীপক থেকে যোগান বিধি ব্যাখ্যা কর। ৪

৪। নিচের চিত্রটি লক্ষ কর :




ক. আয় স্থিতিস্থাপকতা কী? ১

খ. উপকরণমূল্য কোনো দ্রব্যের যোগানকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপক থেকে TU ও MU-এর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সংশ্লিষ্ট বিধিটি ব্যাখ্যা কর। ৪

৫। 'X' এমন একটি বাজারের পণ্য যেখানে দ্রব্যটি ২০ টাকা দরে বিক্রি হয়। যোগান বাড়লে বা কমলে দ্রব্যটির দামের কোনো পরিবর্তন হয় না।

ক. মাত্রাগত উৎপাদন কী? ১

খ. একচেটিয়া বাজার ও একচেটিয়ামূলক প্রতিযোগিতা বাজারের মধ্যে পার্থক্য কীরূপ? ২

গ. 'X' দ্রব্যের বাজারটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে P, AR ও MR-এর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৬। নিচের সূচিটি লক্ষ কর :

| জমি (একর) | শ্রম ও মূলধন (টাকা) | মোট উৎপাদন (একক) |
|---|---|---|
| ১ | ৫০,০০০ | ১০০ |
| ১ | ১,০০,০০০ | ২০০ |
| ১ | ১,৫০,০০০ | ২৫০ |
| ১ | ২,০০,০০০ | ২৭৫ |

ক. স্থির খরচ কী? ১

খ. 'মূলধনকে উৎপাদনের উৎপাদিত উপকরণ বলা হয়'— ব্যাখ্যা কর। ২

গ. সূচি থেকে মোট উৎপাদন রেখা অঙ্কন কর। ৩

ঘ. সূচিটি উৎপাদনের কোন বিধিকে সমর্থন করে? বিশ্লেষণ কর। ৪

৭। কালাম সাহেব ক ও খ দুটি পণ্য ক্রয় করলেন। তিনি দেখলেন 'ক' পণ্যটির সরবরাহকারী একজন। অপরদিকে 'খ' পণ্যের বাজারে অসংখ্য ক্রেতা ও বিক্রেতার উপস্থিতিতে একই দামে পণ্য ক্রয়-বিক্রয় হচ্ছে।


ক. স্থানীয় বাজার কী? ১

খ. একচেটিয়া কারবারে AR > MR হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পণ্য দুটি কোন কোন বাজারের সাথে সংশ্লিষ্ট? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য দুটোর বাজারের মধ্যে তুলনা কর। ৪

৮। চিত্রটি লক্ষ কর :




ক. অলিগোপলি কী? ১

খ. একচেটিয়া কারবারি দ্রব্যের দামের ওপর প্রভাব বিস্তার করতে পারে কি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে a ও b-এর মধ্যে ভারসাম্য বিন্দু কোনটি এবং কেন? ৩

ঘ. উদ্দীপকের ফার্মটি ভারসাম্য বিশ্লেষণ কর। ৪

৯। জিলানী সাহেব ও হাক্কানী সাহেব দুই ভাই। তারা দুইজন ব্যাংকে কর্মরত। ছুটির দিনে এক আত্মীয় তাদের বাড়িতে বেড়াতে আসেন এবং তার ব্যবসা প্রতিষ্ঠানের উন্নতির লক্ষ্যে ব্যাংক থেকে ঋণ পাওয়ার ব্যাপারে জিলানী সাহেবের সাথে আলোচনা করেন। জিলানী সাহেব বললেন, তিনি এমন একটি ব্যাংকে চাকরি করেন যা সাধারণ জনগণকে ঋণ দেয় না বরং দেশের আর্থিক নীতি প্রণয়ন, নোট প্রচলনসহ সরকারের ব্যাংক হিসেবে কাজ করে। জিলানী সাহেব তার আত্মীয়কে হাক্কানী সাহেবের নিকট পাঠান। হাক্কানী সাহেব তার কর্মরত ব্যাংক থেকে তাদের আত্মীয়কে ঋণ পেতে আশ্বস্ত করেন।

ক. বিহিত মুদ্রা কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে নিকাশঘর বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে জিলানী সাহেবের কর্মরত ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ কর। ৩

ঘ. হাক্কানী সাহেবের কর্মরত ব্যাংকের ঋণ সৃষ্টির প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৪

১০। $PT = M_1V_1 + M_2V_2$

যখন P = দামস্তর

T = ক্রয়-বিক্রয়ের পরিমাণ

$M_1$ = বিহিত মুদ্রার পরিমাণ

$M_2$ = ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ

$V_1$ = বিহিত মুদ্রার প্রচলন গতি

$V_2$ = ব্যাংক সৃষ্ট মুদ্রার প্রচলন গতি।


ক. অর্থের চাহিদা কী? ১

খ. 'মোবাইল ব্যাংকিং একটি যুগপোযোগী ব্যাংকিং'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রদত্ত সমীকরণটি কোন তত্ত্বের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে অর্থের যোগানের সাথে দামস্তরের সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

১১।




ক. বাজার কী? ১

খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ফার্মটির মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে AC রেখা F বিন্দু দিয়ে অতিক্রম করলে ভারসাম্য অবস্থার কী পরিবর্তন হবে? বিশ্লেষণ কর। ৪

## ১৮ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। একজন ভোক্তার উপযোগ সূচি নিম্নরূপ :

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকা) |
|---|---|
| ১ | ১০ |
| ২ | ১৮ |
| ৩ | ২৪ |
| ৪ | ২৮ |
| ৫ | ৩০ |
| ৬ | ৩০ |
| ৭ | ২৮ |

ক. রেখার ঢাল কী? ১
খ. প্রান্তিক উপযোগ কখন ঋণাত্মক হয়? ২
গ. উদ্দীপক থেকে প্রান্তিক উপযোগের তালিকা তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের সাহায্যে মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

২। নিচের সূচিটি লক্ষ কর :

| দাম (P) | চাহিদার পরিমাণ (Qd) | সম্পর্কসূচক বিন্দু |
|---|---|---|
| ৫ | ০ | A |
| ৪ | ১০ | B |
| ৩ | ২০ | C |

ক. নির্ভরশীল চলক কী? ১
খ. 'কোনো কিছু পাওয়ার আকাঙ্ক্ষাই চাহিদা নয়'– ব্যাখ্যা কর। ২
গ. উপরিউক্ত সূচিটি চাহিদা বিধিকে প্রকাশ করে– ব্যাখ্যা কর। ৩
ঘ. B ও C-বিন্দু বিবেচনা করে দাম স্থিতিস্থাপকতার মান নির্ণয় করে দ্রব্যটির প্রকৃতি ব্যাখ্যা কর। ৪

৩। কোনো দ্রব্যের দাম ২৫ টাকা হলে যোগানের পরিমাণ ২০,০০০ একক। দাম বেড়ে ৩০ টাকা হওয়ায় যোগানের পরিমাণ বেড়ে ২৪,০০০ একক হয়।

ক. চাহিদার আয় স্থিতিস্থাপকতা কী? ১
খ. সময় কীভাবে কোনো দ্রব্যের যোগানকে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপক থেকে সংশ্লিষ্ট দ্রব্যটির যোগান সমীকরণ নির্ণয় কর। ৩
ঘ. দ্রব্যটির যোগান স্থিতিস্থাপকতার মান নির্ণয় কর এবং ফলাফলের ওপর মন্তব্য কর। ৪

৪। চাহিদা অপেক্ষক : $Q_d = 20 - 2P$
যোগান অপেক্ষক : $Qs = -5 + 3P$

ক. ভারসাম্য দাম কী? ১
খ. কোনো দ্রব্যের চাহিদার ওপর ভোক্তার আয় পরিবর্তনের প্রভাব কীরূপ? ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম ৬ টাকা হলে দ্রব্যটির ভারসাম্য পরিমাণের ওপর কীরূপ প্রভাব পড়বে? ৪

৫। একজন কৃষক দেখলেন যে, অন্যান্য উপকরণ স্থির রেখে শুধু শ্রম নিয়োগ বাড়ালে উৎপাদন নিম্নোক্তভাবে পরিবর্তিত হয় :

| শ্রম নিয়োগ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| মোট উৎপাদন | ১০ | ২২ | ২৭ | ৩০ | ৩২ | ৩৩ | ৩৩ |

ক. মাত্রাগত উৎপাদন কী? ১
খ. মূলধনকে কেন উৎপাদনের উৎপাদিত উপকরণ বলা হয়? ২
গ. উদ্দীপকে হতে প্রান্তিক উৎপাদনের তালিকাটি তৈরি কর। ৩
ঘ. প্রান্তিক উৎপাদন রেখাটি অঙ্কন করে তার আকৃতি ব্যাখ্যা কর। ৪

৬। একটি ফার্মের উৎপাদন ও ব্যয় সূচি নিম্নরূপ–

| উৎপাদন (Q) | মোট স্থির ব্যয় (টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (টাকা) |
|---|---|---|
| ১০ | ১২০ | ৮০ |
| ২০ | ১২০ | ১৮০ |
| ৩০ | ১২০ | ৪২০ |
| ৪০ | ১২০ | ৬৮০ |
| ৬০ | ১২০ | ১৩৮০ |


ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. স্থির মাত্রাগত উৎপাদনের ক্ষেত্রে গড় ব্যয় নির্ণয় কর। ২
গ. ২০ একক ৬০ একক উৎপাদনের ক্ষেত্রে গড় ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. গড় স্থির ব্যয় রেখাটি অঙ্কন করে এর আকৃতির ওপর মন্তব্য কর। ৪

৭। একটি ফার্মের আয় সূচি নিম্নরূপ :

| উৎপাদনের পরিমাণ (Q) | মোট আয় (টাকা) |
|---|---|
| ১ | ৮ |
| ২ | ১৬ |
| ৩ | ২৪ |
| ৪ | ৩২ |
| ৫ | ৪০ |
| ৬ | ৪৮ |


ক. উৎপাদন কী? ১
খ. দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে থেকে গড় আয় ও প্রান্তিক আয়ের তালিকা তৈরি কর। ৩
ঘ. প্রান্তিক আয় রেখাটি অঙ্কন করে এটি কোন বাজারের ক্ষেত্রে প্রযোজ্য তা লেখ। ৪

৮। নিচের চিত্রটি লক্ষ কর।




ক. একক ক্রেতার বাজারকে কী বলে? ১
খ. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে ফার্মের চাহিদা রেখা ভূমি অক্ষের সমান্তরাল হয় কেন? ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য বিন্দুতে ফার্মের মোট আয় ও মোট ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. AC রেখা E বিন্দুতে স্পর্শক হলে ফার্মের মুনাফা নির্ণয় কর এবং মুনাফার ধরন ব্যাখ্যা কর। ৪

৯। নিচের চিত্রটি লক্ষ কর।




ক. বাজার কী? ১
খ. একচেটিয়া বাজারে AR > MR হয় কেন? ২
গ. উদ্দীপকের কোন বিন্দুতে ফার্মের ভারসাম্যের শর্তগুলো পালিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে থেকে ফার্মের ভারসাম্যের ধরন ব্যাখ্যা কর। ৪

১০। একটি দেশের অর্থবাজার সম্পর্কিত তথ্যসমূহ নিম্নরূপ–
মোট বিহিত অর্থের পরিমাণ, M = 500
অর্থের প্রচলন গতি, V = 20
ক্রয়-বিক্রয়ের পরিমাণ, T = 2000

ক. অর্থের সতর্কতামূলক চাহিদা কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণের সাথে ব্যাংক হারের সম্পর্ক কীরূপ? ২
গ. উদ্দীপক হতে দামস্তর (P) নির্ণয় কর। ৩
ঘ. অর্থের পরিমাণ দ্বিগুণ হলে দামস্তরের ওপর কী প্রভাব পড়ে? বিশ্লেষণ কর। ৪

১১। কোনে দেশের দুটো ব্যাংক এবং তাদের কাজের ধরন নিম্নরূপ–

| ব্যাংক | কাজের ধরন |
|---|---|
| A | আমানত সংগ্রহ, ঋণ আমানত সৃষ্টি, মূলধন গঠন |
| B | ঋণ নিয়ন্ত্রণ, দামস্তরের স্থিতিশীলতা রক্ষা, নিকাশ ঘর |

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. মোবাইল ব্যাংকিং ক্রমশ জনপ্রিয় হয়ে উঠেছে কেন? ২
গ. A ব্যাংক কীভাবে মূলধন গঠন করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. B ব্যাংক কর্তৃক A ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে ব্যাংক হার নীতি কীভাবে কাজ করে তা বিশ্লেষণ কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৯ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 9

সময় : ২০ মিনিট

### অর্থনীতি প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা (সেট খ)

পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও।]

১. বিহিত মুদ্রা কত প্রকার?
K ২ L ৩ M ৪ N ৫

২. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের গুণগত হাতিয়ার হলো—
i. নৈতিক প্ররোচনা
ii. ব্যাংক হারের পরিবর্তন
iii. প্রত্যক্ষ আদেশ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :
MV = PT
এখানে, M = 500, V = 10, T = 100

৩. উদ্দীপকের আলোকে দামস্তর কত?
K 50 L 100 M 500 N 1000

৪. যদি অর্থের সরবরাহ (M) দ্বিগুণ করা হয়, তবে দামস্তর কত হবে?
K 1000 L 500 M 100 N 50


৫. বাণিজ্যিক ব্যাংকের কাজ হলো—
i. আমানত সংগ্রহ
ii. নোট প্রচলন
iii. ঋণদান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬. তিন খাত বিশিষ্ট অর্থনীতিতে জাতীয় আয় পরিমাপের সূত্র কোনটি?
K Y = C + I + G + (X + M)
L Y = C + I + G
M Y = C + I + G + (X – M)
N Y = C + I

৭. দেশে কর্মরত বিদেশিদের আয় নিচের কোনটিতে অন্তর্ভুক্ত হয়?
K GNI L NNI M GDP N CCA

৮. আয়ের পরিবর্তনে কোন ধরনের বিনিয়োগ পরিবর্তন হয় না।
K নীট বিনিয়োগ L মোট বিনিয়োগ
M প্ররাচিত বিনিয়োগ N স্বয়ম্ভূত বিনিয়োগ

■ নিচের উদ্দীপক হতে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :




৯. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয়স্তর কত?
K 100 L 200 M 300 N 400


১০. বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি পেয়ে 100 হলে, ভারসাম্য জাতীয় আয় কত হবে?
K 200 L 300 M 400 N 500

১১. যে বাজারে ক্রেতার সংখ্যা মাত্র একজন সে বাজারকে বলা হয়—
K মনোপসনি L মনোপলি
M ডুয়োপলি N ডুয়োপসনি

১২. নিচের কোনটি একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য?
K সমজাতীয় দ্রব্য
L উপকরণের পূর্ণগতিশীলতা
M নির্দিষ্ট দাম
N নিকট পরিবর্তক দ্রব্য নেই

১৩. একচেটিয়া বাজারে একটি ফার্মের ভারসাম্য বিন্দুতে—
i. MR = MC
ii. AR = MR
iii. P > MC
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের চিত্রটি লক্ষ কর এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :




১৪. উদ্দীপক অনুযায়ী ফার্মটির ভারসাম্য উৎপাদনের পরিমাণ কত?
K 10 L 20 M 30 N 40

১৫. উদ্দীপকে AC রেখা F বিন্দুতে স্পর্শ করলে কী হবে?
K স্বাভাবিক মুনাফা হবে
L অস্বাভাবিক মুনাফা হবে
M ক্ষতি হবে
N মুনাফা অপরিবর্তিত থাকবে

১৬. উৎপাদনের জীবন্ত উপকরণ কোনটি?
K ভূমি L মূলধন
M শ্রম N সংগঠন

১৭. প্রান্তিক উৎপাদন শূন্য হলে, মোট উৎপাদন কত হবে?
K শূন্য L ঋণাত্মক
M সর্বনিম্ন N সর্বোচ্চ

১৮. ভূমির বৈশিষ্ট্য হলো—
i. চিরস্থায়ী
ii. যোগান সীমাবদ্ধ
iii. স্থানান্তরযোগ্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :

| জমির পরিমাণ (একর) | শ্রম (একক) | মোট উৎপাদন (একক) |
|---|---|---|
| ১ | ১ | ২০ |
| ১ | ২ | ৩৮ |
| ১ | ৩ | ৫৪ |
| ১ | ৪ | ৬৪ |

১৯. ৩য় একক শ্রমের প্রান্তিক উৎপাদন কত?
K ১০ L ১৬ M ১৮ N ২০

২০. উদ্দীপকে কোন উৎপাদন বিধি কার্যকর হয়েছে?
K ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন
L ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন
M ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন
N ক্রমবর্ধমান মাত্রাগত উৎপাদন

২১. সাধারণতঃ কোন ধরনের দ্রব্যের চাহিদা স্থিতিস্থাপক?
K প্রয়োজনীয় দ্রব্য
L নিকৃষ্ট দ্রব্য
M জীবনরক্ষাকারী দ্রব্য
N বিলাস দ্রব্য

২২. ডাক্তারের চিকিৎসা কোন ধরনের উপযোগের সাথে সম্পর্কিত?
K রূপগত L স্থানগত
M সেবাগত N কালগত

২৩. যোগানবিধি অনুযায়ী 'অন্যান্য অবস্থা অপরিবর্তিত' বলতে বোঝায়—
i. উপকরণের দাম
ii. ভোক্তার আয়
iii. কারিগরি জ্ঞান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের সূচি থেকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :

| দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ১০ | ৪০০ | ২০০ |
| ২০ | ৩০০ | ৩০০ |
| ৩০ | ২০০ | ৪০০ |
| ৪০ | ১০০ | ৫০০ |

২৪. দ্রব্যটির ভারসাম্য পরিমাণ কত?
K ১০০ L ২০০
M ৩০০ N ৪০০


২৫. কোন দামে বাজারে ৪০০ একক উদ্বৃত্ত থাকবে?
K ৪০ L ৩০
M ২০ N ১০

২৬. নিচের কোনটি একটি দেশের অর্থনীতির আংশিক চিত্র তুলে ধরে?
K ব্যষ্টিক অর্থনীতি
L সামষ্টিক অর্থনীতি
M আন্তর্জাতিক অর্থনীতি
N উন্নয়ন অর্থনীতি

২৭. বাংলাদেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?
K ইসলামি L মিশ্র
M ধনতান্ত্রিক N নির্দেশমূলক

২৮. নির্দেশমূলক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য হলো—
i. অবাধ প্রতিযোগিতা
ii. সম্পদের রাষ্ট্রীয় মালিকানা
iii. কেন্দ্রীয় পরিকল্পনা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :




২৯. ধানের উৎপাদন শূন্য হলে, গমের উৎপাদন কত হবে?
K 0 L 10
M 20 N 25

৩০. উদ্দীপকে সম্পদের অপূর্ণ ব্যবহার নির্দেশক বিন্দু কোনটি?
K B L C
M E N F

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | N | ১১ | K | ১২ | N | ১৩ | L | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | N | ১৯ | L | ২০ | K | ২১ | N | ২২ | M | ২৩ | L | ২৪ | M | ২৫ | K | ২৬ | K | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | M |

# ২০ রাজশাহী বোর্ড ২০২২

## অর্থনীতি প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা (সেট খ)

সময় : ২০ মিনিট পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. "অর্থ যা করে তাই অর্থ"— এটি কার উক্তি?**
K ওয়াকার L রবার্টসন
M কেইন্স N মার্শাল

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'H' বাজার থেকে চারটি গোপালভোগ আম ক্রয় করল। ১ম আমটি ভোগের পর সে ৩০ টাকার সমান উপযোগ পেল। এভাবে ২য়, ৩য় ও ৪র্থ আম ভোগের পর সে যথাক্রমে ৫৫ টাকা, ৭৫ টাকা ও ৯০ টাকার সমপরিমাণ মোট উপযোগ পেল।

**২. উদ্দীপকে অর্থনীতির কোন বিধিটি প্রতিফলিত হয়েছে—**
K ক্রমবর্ধমান প্রান্তিক উপযোগ বিধি
L ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
M চাহিদা বিধি
N ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি


**৩. ৩য় আমটি ভোগের ক্ষেত্রে প্রান্তিক উপযোগ কত হবে?**
K ১৫ L ২০ M ২৫ N শূন্য

**৪. চাহিদার হ্রাস-বৃদ্ধি ঘটবে যদি—**
i. আয়ের পরিবর্তন হয়
ii. দামের পরিবর্তন হয়
iii. রুচির পরিবর্তন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৫. মোট উপযোগ যখন কমতে থাকে তখন প্রান্তিক উপযোগ হবে—**
K সর্বোচ্চ L সর্বনিম্ন
M শূন্য N ঋণাত্মক

**৬. উৎপাদনের উপকরণ কয়টি?**
K ১ L ২ M ৩ N ৪

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**





**৭. চিত্রের ভারসাম্য দাম ও পরিমাণ কত?**
K ০, ৬ L ১১, ১২
M ২২, ১৮ N ৩৩, ২৪

**৮. ১১ টাকা দামে D বিন্দুতে দ্রব্যের কী নির্দেশ করে?**
K ভারসাম্য পরিমাণ
L অতিরিক্ত যোগান
M অতিরিক্ত চাহিদা
N শূন্য চাহিদা

**৯. কোন দ্রব্যের অতিরিক্ত এক একক উৎপাদনের জন্য যে অতিরিক্ত ব্যয় হয়, তাকে বলে—**
K মোট ব্যয় L গড় ব্যয়
M প্রান্তিক ব্যয় N পরিবর্তনীয় ব্যয়

**১০. অর্থনীতিতে বাজার বলতে বোঝায়—**
i. একটি নির্দিষ্ট স্থান
ii. একটি নির্দিষ্ট পণ্য
iii. ক্রেতা-বিক্রেতার দরকষাকষির মাধ্যমে দ্রব্য ক্রয়-বিক্রয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**




**১১. উদ্দীপকে উল্লিখিত ভারসাম্য বিন্দু কোনটি?**
K 'T' L 'U' M 'R' N 'V'

**১২. চিত্রে 'AC' রেখা দাম রেখার উপরে স্থানান্তরিত হলে, ফার্ম অর্জন করবে—**
i. গড় ব্যয়ের তুলনায় গড় আয় কম
ii. স্বাভাবিক মুনাফা
iii. ক্ষতি স্বীকার করে উৎপাদন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. ব্যক্তিগত আয় হতে আয়কর বাদ দিলে পাওয়া যায়—**
K মোট জাতীয় আয় L মোট দেশজ আয়
M ব্যয়যোগ্য আয় N নিট জাতীয় আয়

**১৪. GNP এর পূর্ণরূপ কোনটি?**
K Gross National Product
L Gross Nominal Product
M Gross Net Product
N Gross Natural Product

**১৫. GNP-তে অন্তর্ভুক্ত হবে—**
i. ভূখণ্ডে অবস্থানরত দেশীয় নাগরিকদের আয়
ii. দেশে অবস্থানরত বিদেশি নাগরিকদের আয়
iii. বিদেশে কর্মরত দেশীয় নাগরিকদের আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৬. কোন ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়?**
K বাণিজ্যিক ব্যাংক L বিশেষায়িত ব্যাংক
M গ্রামীণ ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**১৭. মুদ্রার কাজ হলো—**
i. মূল্যের পরিমাপক
ii. যোগানের বাহন
iii. বিনিময়ের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X ব্যবসায়িক কারণে ব্যাংকে একটি হিসাব চালু করেন। এতে তিনি যে আমানত জমা করেন তা থেকে যখন ইচ্ছা এবং যত টাকা প্রয়োজন লেনদেন করতে পারেন।

**১৮. উদ্দীপকে কোন আমানতের কথা বলা হয়েছে?**
K সঞ্চয়ী আমানত L স্থায়ী আমানত
M চলতি আমানত N মেয়াদি আমানত


**১৯. উক্ত আমানতের বৈশিষ্ট্য হলো—**
i. আমানতকারীকে নির্দিষ্ট মেয়াদে আমানত রাখতে হয়
ii. আমানতকারী সুদ পায় না
iii. আমানতকারীর হিসাব হতে সার্ভিস চার্জ নেওয়া হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. আধুনিক অর্থনীতির জনক কাকে বলা হয়?**
K পল স্যামুয়েলসন L অ্যাডাম স্মিথ
M অধ্যাপক মার্শাল N ডেভিড রিকার্ডো

**২১. স্বয়ংক্রিয় দাম ব্যবস্থা কোন অর্থব্যবস্থার বৈশিষ্ট্য?**
i. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা
ii. নির্দেশমূলক অর্থব্যবস্থা
iii. মিশ্র অর্থব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২২. অ্যাডাম স্মিথ অর্থনীতিকে কী বলে অভিহিত করেছেন?**
K কল্যাণের বিজ্ঞান
L সম্পদের বিজ্ঞান
M স্বল্পতার বিজ্ঞান
N সমস্যার বিজ্ঞান

■ **নিচের চিত্রের আলোকে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**




**২৩. Y-দ্রব্যের উৎপাদন শূন্য হলে X-দ্রব্যের উৎপাদনের পরিমাণ কত?**
K 0 L 7 M 14 N 21

**২৪. চিত্রের মাধ্যমে ব্যাখ্যা করা যায়—**
i. দুটি দ্রব্যের বিভিন্ন সংমিশ্রণ
ii. সুযোগ ব্যয়
iii. চাহিদা বিধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. "উপযোগ হচ্ছে কোনো দ্রব্যের ওই বিশেষ গুণ বা ক্ষমতা, যা মানুষের অভাব পূরণ করতে পারে"— কে বলেছেন?**
K মার্শাল L মেয়ার্স
M লিপসী N রবিন্স

**২৬. পূর্ণপ্রতিযোগিতার বাজারে ফার্মের TR রেখার আকৃতি কেমন হবে?**
K বাম থেকে ডানে ঊর্ধ্বগামী
L বাম থেকে ডানে নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল

**২৭. মোট ব্যয় সমান—**
i. $TC = AC \times Q$
ii. $TC = TFC + TVC$
iii. $TC = MC \times Q$
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **নিচের ছকটি লক্ষ কর এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**

| জমির পরিমাণ | শ্রমের পরিমাণ | মোট উৎপাদন | প্রান্তিক উৎপাদন |
|---|---|---|---|
| ৫ একক | ২ একক | ১২ একক | ১২ একক |
| ৫ একক | ৩ একক | ২০ একক | ? |
| ৫ একক | ৪ একক | ? | ৬ একক |

**২৮. খালি (?) ঘরে মোট উৎপাদন ও প্রান্তিক উৎপাদন হবে যথাক্রমে—**
K ৩৪, ৯ L ১৪, ৬
M ১৫, ১০ N ২৬, ৮

**২৯. উপরিউক্ত উদ্দীপকে—**
i. মোট উৎপাদন ক্রমহ্রাসমান হারে বাড়ে
ii. গড় উৎপাদন সর্বদা স্থির থাকে
iii. প্রান্তিক উৎপাদন ক্রমহ্রাসমান হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩০. বহুসংখ্যক ক্রেতা-বিক্রেতার বাজারকে কী বলে?**
K একচেটিয়া বাজার
L দ্বৈয়াপলি বাজার
M মনোপসনি বাজার
N পূর্ণ প্রতিযোগিতার বাজার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | L | ৪ | M | ৫ | N | ৬ | N | ৭ | M | ৮ | M | ৯ | M | ১০ | L | ১১ | M | ১২ | L | ১৩ | M | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | M | ১৯ | M | ২০ | K | ২১ | M | ২২ | L | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

## ২১ ✓ যশোর বোর্ড ২০২২

সময় : ২০ মিনিট


### অর্থনীতি প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা (সেট গ)

পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. অর্থনীতিতে উৎপাদনের উপকরণ কয়টি?**
K ১ L ২ M ৩ N ৪

■ **নিচের চিত্র থেকে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**




**২. ভারসাম্য অবস্থায় চিত্রে প্রদর্শিত ফার্মটির মোট মুনাফা কত?**
K ০ L ৫০
M ১০০ N ১৫০

**৩. চিত্র অনুযায়ী—**
i. ফার্মটির মোট আয় রেখা মূল বিন্দুগামী সরল রেখা
ii. উৎপাদক দামের ওপর প্রভাব বিস্তার করতে পারে
iii. এটি অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের একটি ফার্ম

**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. কোন বাজারে দুজন ক্রেতা থাকে?**
K মনোপলি L মনোপসনি
M ডুয়োপলি N ডুয়োপসনি

■ **নিচের উদ্দীপক থেকে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
'X' দেশের জাতীয় আয় মডেল :
$Y = C + I + G$
$C = 100 + 0.8Y$
$I = 100, G = 200$

**৫. 'X' দেশের ভারসাম্য জাতীয় আয় কত?**
K 500 L 1000
M 2000 N 5000

N উপকরণ একত্রীকরণ

**১৬. কোনটি উৎপাদনের জীবন্ত উপকরণ?**
K ভূমি L শ্রম
M মূলধন N সংগঠন

**১৭. কখন গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) সমান হয়?**
K যখন AC নিম্নগামী
L যখন MC নিম্নগামী
M যখন AC সর্বনিম্ন
N যখন MC ঊর্ধ্বগামী


■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**




**১৮. চিত্রের ভারসাম্য বিন্দু কোনটি?**
K S L T M R N M

**১৯. উদ্দীপক অনুযায়ী $P_1$ দামে অতিরিক্ত যোগানের পরিমাণ কত?**
K ST L $P_3N$ M $P_1T$ N MN

**২০. নিচের কোনটি বাজার ভারসাম্য নির্দেশ করে?**
K চাহিদা > যোগান
L চাহিদা ≠ যোগান
M চাহিদা < যোগান
N চাহিদা = যোগান




**২১. চিত্রে C′ রেখাটি স্বল্পকালীন কী ধরনের ব্যয় নির্দেশ করে?**
K গড় ব্যয়
L মোট ব্যয়
M মোট স্থির ব্যয়
N মোট পরিবর্তনশীল ব্যয়

**২২. প্রতিযোগিতার ভিত্তিতে বাজার কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৩. "বিক্রেতা নয়, ক্রেতা বাজারকে নিয়ন্ত্রণ করে" এমন বাজারকে কী ধরনের বাজার বলে?**
K একচেটিয়া বাজার
L মনোপসনি বাজার
M ডুয়োপসনি বাজার
N ডুয়োপলি বাজার

■ **নিচের উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
শফিক নিজ উদ্যোগে একটি রুটির কারখানা স্থাপন করল। রুটি উৎপাদনের জন্য কাঁচামাল, বিদ্যুৎ বিল, পরিবহণ ব্যয় ও প্রহরীর বেতন বাবদ যথাক্রমে ১৫,০০০, ১,৫০০, ৩,০০০ ও ২,০০০ টাকা খরচ হয়।

**২৪. শফিকের রুটির কারখানায় মোট পরিবর্তনীয় খরচের (TVC) পরিমাণ কত?**
K ১৮,০০০ টাকা L ১৯,৫০০ টাকা
M ২০,০০০ টাকা N ২১,৫০০ টাকা


**২৫. নিচের কোনটি উদ্দীপকের আলোকে স্থির খরচ?**
K কাঁচামাল
L বিদ্যুৎ বিল
M প্রহরীর বেতন
N পরিবহণ ব্যয়

**২৬. কোন বাজারকে দাম গ্রহীতা বলা হয়?**
K ডুয়োপলি বাজার
L একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার
M একচেটিয়া বাজার
N পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার

**২৭. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের ক্ষেত্রে কোনটি সত্য?**
K P = AR > MC
L P = AR < MC
M P = AR = MC
N P = AR = MR

**২৮. সবজির চাহিদা বৃদ্ধি পেলেও একজন সবজি বিক্রেতা হঠাৎ সরবরাহ বাড়াতে পারে না। এক্ষেত্রে সবজির বাজার কোন ধরনের বাজারের উদাহরণ?**
K স্বল্পকালীন
L অতি স্বল্পকালীন
M দীর্ঘকালীন
N অতি দীর্ঘকালীন

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**




**২৯. উদ্দীপক অনুযায়ী মোট ব্যয় কত?**
K ১২০ L ৮০
M ৭২ N ৪০

**৩০. উদ্দীপক অনুযায়ী ফার্মটি কোন অবস্থায় উৎপাদন করছে?**
i. লোকসান অবস্থায়
ii. স্বল্পকালে
iii. সর্বনিম্ন গড় ব্যয়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | N | ৬ | K | ৭ | N | ৮ | M | ৯ | L | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | M | ১৯ | K | ২০ | N | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | L | ২৫ | M | ২৬ | N | ২৭ | N | ২৮ | L | ২৯ | K | ৩০ | K |

# ৩১ ✓ কুমিল্লা বোর্ড ২০২১

সময় : ৩০ মিনিট

## অর্থনীতি প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. $Q = f(\bar{L}, k)$ অপেক্ষক হলো—
(যেখানে L = শ্রম, k = মূলধন, f = অপেক্ষক, Q = উৎপাদন)
i. দীর্ঘকালীন উৎপাদন অপেক্ষক
ii. ব্যয় অপেক্ষক
iii. স্বল্পকালীন উৎপাদন অপেক্ষক
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২. একচেটিয়া বাজারে AR ও MR রেখার ক্ষেত্রে—
i. ডানে নিম্নগামী
ii. AR > MR
iii. AR < MR
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :

| সংমিশ্রণ | জমি | শ্রম ও মূলধন | মোট উৎপাদন | প্রান্তিক উৎপাদন |
|---|---|---|---|---|
| A | ১ একর | ১০০ টাকা | ৫ মণ | ৫ মণ |
| B | ১ একর | ২০০ টাকা | ৯ মণ | ৪ মণ |
| C | ১ একর | ৩০০ টাকা | ১২ মণ | ৩ মণ |

৩. উদ্দীপকে উৎপাদনের যে বিধি কার্যকর তা হলো—
i. ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
ii. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
iii. সমানুপাতিক উৎপাদন বিধি
নিচের কোনটি সঠিক?
K i L ii M i ও ii N i ও iii

৪. উদ্দীপকে যে উৎপাদন বিধি কার্যকর তা কোন উৎপাদন ক্ষেত্রে বিশেষভাবে প্রযোজ্য?
K শিল্প খাত L বাণিজ্য খাত
M কৃষি খাত N সেবা খাত

■ সূচিটি লক্ষ কর এবং ৫নং প্রশ্নের উত্তর দাও :

| শ্রম একক | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| মোট উৎপাদন | ১০ | ২০ | ৩০ | ৪০ |

৫. উদ্দীপকে গড় উৎপাদন কত?
K ১০ L ২০ M ৩০ N ৪০

৬. যে বাজারে একজন মাত্র ক্রেতা কিন্তু বিক্রেতা অসংখ্য, তাকে কীরূপ বাজার বলে?
K একচেটিয়া বাজার L মনোপসনি
M ডুয়োপসনি N ডুয়োপলি

৭. 'মুষ্টিমেয় বিক্রেতার বাজার' নিচের কোনটিকে বলা হয়?
K ডুয়োপলি L অলিগোপলি
M মনোপসনি N ডুয়োপসনি

৮. ক্ষতি স্বীকার করেও ফার্ম উৎপাদন করবে যখন—
K AC < P > AVC L AC < P < AVC
M AC > P > AVC N AC = P = AVC

৯. পাট, সোনা ও তৈরি পোশাকের বাজার—
i. স্থানীয় বাজার
ii. আন্তর্জাতিক বাজার
iii. জাতীয় বাজার
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১০. বাজার বলতে বোঝায়—
i. একটি নির্দিষ্ট স্থান
ii. একটি পণ্যকে কেন্দ্র করে লেনদেন প্রক্রিয়া
iii. নির্ধারিত দামে দ্রব্য ক্রয়-বিক্রয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটির আলোকে ১১নং প্রশ্নের উত্তর দাও :

| বিক্রয়ের পরিমাণ (Q) | দাম (P) |
|---|---|
| ১ | ১০ টাকা |
| ২ | ১০ টাকা |
| ৩ | ১০ টাকা |
| ৪ | ১০ টাকা |

১১. উদ্দীপকের বাজারটির নাম কী?
K পূর্ণ প্রতিযোগিতামূলক
L একচেটিয়া
M একচেটিয়ামূলক প্রতিযোগিতা
N দ্বিপাক্ষিক একচেটিয়া

১২. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ?
K নোট প্রচলন L ঋণ প্রদান
M আমানত গ্রহণ N হুন্ডি বাট্টা করা

১৩. দুধের বাজার কোন ধরনের?
K অতি স্বল্পকালীন L স্বল্পকালীন
M দীর্ঘকালীন N অতি দীর্ঘকালীন

১৪. ফিশারের বিনিময় সমীকরণ কোনটি?
K MT = VP L MV = PT
M MP = VT N M = VPT

■ উদ্দীপকটি পড়ে ১৫নং প্রশ্নের উত্তর দাও :

| দাম (P) (টাকা) | চাহিদা (Q) (একক) |
|---|---|
| ২০ | ৬০ |
| ১০ | ৮০ |

১৫. চাহিদার স্থিতিস্থাপকতা নির্ণয় কর।
K $\frac{২}{৫}$ L $\frac{৩}{৫}$ M $\frac{১}{৩}$ N $\frac{৪}{৫}$
[* বি. দ্র : সঠিক উত্তর $\frac{২}{৩}$]

■ নিচের উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :
সেলিনা বেগম একটি সুপার স্টোরে দৈনিক মজুরিতে কাজ করেন। তিনি একটি সঞ্চয়ী হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংকে গেলেন। কিন্তু সেখানে তিনি হিসাব খুলতে পারলেন না।

১৬. উদ্দীপকের আলোকে সেলিনা বেগমের সঞ্চয়ী হিসাব খুলতে না পারার কারণ কোনটি?
K জনগণের সাথে লেনদেন নেই
L আমানতের টাকা কম
M মহিলা হিসাবধারী
N প্রয়োজনীয় কাগজপত্র না থাকা

১৭. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকের প্রতিষ্ঠানটির অবদান হচ্ছে—
i. আমানত সংগ্রহ
ii. মুদ্রার মান নিয়ন্ত্রণ
iii. অর্থনৈতিক উন্নয়ন সাধন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৮. ঐচ্ছিক মুদ্রা হলো—
i. চেক
ii. ব্যাংক ড্রাফট
iii. সঞ্চয়পত্র
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. সঞ্চয় নির্ভর করে—
i. আয়ের ওপর
ii. প্রান্তিক ভোগপ্রবণতার ওপর
iii. সুদের হারের ওপর
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি দেখ এবং ২০নং প্রশ্নের উত্তর দাও :
PT = MV + M′V′
(এখানে M = ১০০, V = ৫, T = ১০, V′ = ৫ ও M′ = ১০০)

২০. উদ্দীপকের আলোকে দামস্তর (P) কত?
K ১০০ L ৬০ M ৫০ N ৪০

২১. পরিবর্তক দ্রব্যের ক্ষেত্রে চাহিদা রেখার আকৃতি কেমন?
K ডানদিকে উর্ধ্বগামী
L ডানদিকে নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল

২২. চাহিদা রেখার সমীকরণ D = a – bp তে 'a' হলো—
K ধ্রুবক L পরামিতি
M স্বাধীন চলক N অধীন চলক

২৩. মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ হবে—
K সর্বোচ্চ L সর্বনিম্ন
M ধনাত্মক N শূন্য

২৪. চাহিদার হ্রাস-বৃদ্ধি ঘটবে যদি—
i. রুচির পরিবর্তন হয়
ii. আয়ের পরিবর্তন হয়
iii. দামের পরিবর্তন হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


২৫. অর্থনীতিতে বাজার ধারণাটি সম্পর্কিত হলো—
i. চাহিদার সাথে
ii. সময়ের সাথে
iii. যোগানের সাথে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৬. বিভিন্ন দামে একটি দ্রব্যের চাহিদা ও যোগান নিম্নরূপ :

| দাম (টাকা) | চাহিদা (একক) | যোগান (একক) |
|---|---|---|
| ১০ | ১০ | ৬ |
| ১১ | ৮ | ৮ |
| ১২ | ৬ | ১০ |

উদ্দীপকে ভারসাম্য দাম কত?
K ১২ টাকা L ১১ টাকা
M ১০ টাকা N ৮ টাকা

২৭. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নটির উত্তর দাও :




AB রেখার ঢাল কত?
K – 2 L $-\frac{1}{2}$ M $\frac{1}{2}$ N 2

২৮. নিচের কোন রেখাটি 'U' আকৃতির হয়?
K TC L TFC M AFC N SAC

২৯. মাত্রাগত উৎপাদন কত প্রকার?
K দুই L তিন M চার N পাঁচ

৩০. স্বল্পকালে উৎপাদন বন্ধ থাকলেও ফার্মকে বা উৎপাদনকারীকে যে ব্যয় বহন করতে হয় তাকে কী বলে?
K স্থির ব্যয় L পরিবর্তনীয় ব্যয়
M মোট ব্যয় N প্রান্তিক ব্যয়

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | M | ১০ | M | ১১ | K | ১২ | K | ১৩ | K | ১৪ | L | ১৫ | * |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | N | ১৯ | N | ২০ | K | ২১ | K | ২২ | L | ২৩ | N | ২৪ | K | ২৫ | N | ২৬ | L | ২৭ | L | ২৮ | N | ২৯ | L | ৩০ | K |

## ৩২ চট্টগ্রাম বোর্ড ২০২১

সময় : ৩০ মিনিট

### অর্থনীতি প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. চাহিদার শর্ত কয়টি?**
K ২ L ৩ M ৪ N ৫

**২. একটি দ্রব্যের ভোগ বৃদ্ধি করতে যদি সম্পর্কযুক্ত অপর একটি দ্রব্যের ভোগ বৃদ্ধির দরকার হয়, তখন তাদের কোন দ্রব্য বলে?**
K পরিবর্তক L প্রয়োজনীয়
M সম্পর্কহীন N পরিপূরক


■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
Qd = 10 – 2P
Qs = – 2 + P

**৩. উদ্দীপকে ভারসাম্য দাম ও পরিমাণ কত?**
K 2 ও 2 L 2 ও 4
M 4 ও 2 N 4 ও 4

**৪. উদ্দীপকে ভারসাম্য দাম 2 টাকা হলে চাহিদার স্থিতিস্থাপকতার আলোকে দ্রব্যটি কোন ধরনের?**
K বিলাসজাত L অতি প্রয়োজনীয়
M প্রয়োজনীয় N স্বাভাবিক

**৫. ভূমির বৈশিষ্ট্য হলো—**
i. ভূমি প্রকৃতির দান
ii. যোগান সীমাবদ্ধ
iii. উর্বরাশক্তির পার্থক্য আছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**




**৬. চিত্রে S ও T রেখা দ্বারা প্রকাশ করে যথাক্রমে—**
K গড় ব্যয় ও প্রান্তিক ব্যয় রেখা
L প্রান্তিক ব্যয় ও গড় ব্যয় রেখা
M গড় উৎপাদন ও প্রান্তিক উৎপাদন রেখা
N মোট উপযোগ ও প্রান্তিক উপযোগ রেখা

**৭. চিত্রটি দ্বারা যে সম্পর্কটি প্রকাশ পায় তা হলো—**
i. M বিন্দুতে রেখা দুটি পরস্পর সমান
ii. M বিন্দুতে পূর্বে রেখা দুটি হ্রাস পায়
iii. M বিন্দুর পর T রেখা S রেখার নিচে অবস্থান করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. পূর্ণ প্রতিযোগিতার বাজারে ফার্মের দাম রেখা—**
K ডানদিকে উর্ধ্বগামী
L ডানদিকে নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল

**৯. বিহিত মুদ্রা বলতে কী বোঝায়?**
i. যে মুদ্রার নিজস্ব কোনো মূল্য নেই
ii. যা সরকারি আইন দ্বারা পরিচালিত
iii. যা সবাই গ্রহণ করতে বাধ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১০. বাড়তি লাভের প্রত্যাশায় মানুষের মুদ্রাকে হাতে ধরে রাখার প্রবণতাকে মুদ্রার কী ধরনের চাহিদা বলে?**
K লেনদেনজনিত চাহিদা
L সতর্কতামূলক চাহিদা
M ফটকা চাহিদা
N আমানত চাহিদা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'K' যে প্রতিষ্ঠানে কর্মরত সেটি অন্যান্য ব্যাংকের দুর্দিনে ঋণদানের শেষ আশ্রয়স্থল হিসাবে কাজ করে। কিন্তু প্রতিষ্ঠানটি জনগণের সাথে সরাসরি লেনদেন করে না।

**১১. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M শিল্প ব্যাংক N বিনিময় ব্যাংক

**১২. উদ্দীপকের ব্যাংকটির কাজ হলো—**
i. আমানত গ্রহণ করা
ii. নোট ইস্যু করা
iii. ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. "Money is what money does" অর্থের এ সংজ্ঞাটি কে দিয়েছেন?**
K এফ. এ. ওয়াকার
L জে. এম. কেইনস
M জি. ক্রাউথার
N ডি. এইচ. রবার্টসন

**১৪. ঋণ নিয়ন্ত্রণের হাতিয়ারগুলো হলো—**
i. ব্যাংক হারের পরিবর্তন
ii. খোলাবাজার নীতির পরিবর্তন
iii. নগদ জমার হার পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৫. উৎপাদনের উৎপাদিত উপাদানকে কী বলে?**
K শ্রম L মূলধন
M সংগঠন N ভূমি

**১৬. "উপযোগ হলো কোনো দ্রব্যের সেই বিশেষ গুণ বা ক্ষমতা যা মানুষের অভাব পূরণ করতে পারে।" — কে বলেছেন?**
K মার্শাল L মেয়ার্স
M ডি. স্যালভেটর N পি. এ. স্যামুয়েলশন


**১৭. ভারসাম্য অবস্থায় চাহিদা স্থির থেকে যোগান বাড়লে নিচের কোনটি ঘটবে?**
K দামের বৃদ্ধি ও চাহিদার হ্রাস
L দামের হ্রাস ও চাহিদার বৃদ্ধি
M দামের বৃদ্ধি ও চাহিদার বৃদ্ধি
N দামের হ্রাস ও চাহিদার হ্রাস

**১৮. দ্রব্যের দাম ও চাহিদার পরিমাণের মধ্যে ক্রিয়াগত নির্ভরশীলতার গাণিতিক সম্পর্ককে বলে—**
K চাহিদা অপেক্ষক
L চাহিদা বিধি
M দাম বিধি
N যোগান অপেক্ষক

**১৯. চাহিদার হ্রাস-বৃদ্ধি হয়—**
i. ক্রেতার আয় পরিবর্তনে
ii. আলোচ্য দ্রব্যের দাম পরিবর্তনে
iii. ক্রেতার রুচির পরিবর্তনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২০. বাম থেকে ডানদিকে নিম্নগামী একটি সরল রেখার ক্ষেত্রে—**
i. অসীম স্থিতিস্থাপক
ii. ঢাল সমান
iii. ঋণাত্মক ঢাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**




**২১. চিত্রে H ও T বিন্দুতে কী প্রকাশ করে?**
K দাম ও চাহিদার সম্পর্ক
L চাহিদা ও যোগানের সম্পর্ক
M দাম ও উৎপাদনের সম্পর্ক
N দাম ও যোগানের সম্পর্ক

**২২. উল্লিখিত চিত্রে $p_1 = 8$, $p_2 = 12$, $q_1 = 20$ ও $q_2 = 40$ হলে কী ধরনের স্থিতিস্থাপকতা প্রকাশ পায়—**
K একক স্থিতিস্থাপকতা
L এককের চেয়ে বেশি স্থিতিস্থাপকতা
M এককের চেয়ে কম স্থিতিস্থাপকতা
N অসীম স্থিতিস্থাপকতা

**২৩. মোট উৎপাদন যখন ক্রমবর্ধমান হারে বাড়ে, প্রান্তিক উৎপাদন তখন—**
K বৃদ্ধি পায় L হ্রাস পায়
M স্থির থাকে N শূন্য হয়

**২৪. দীর্ঘকালে গড় ব্যয় রেখার আকৃতি কেমন হয়?**
K উর্ধ্বগামী
L নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N সম্প্রসারিত U আকৃতির


**২৫. P = AR = MR হয় কোন ধরনের বাজারে?**
K পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে
L অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে
M একচেটিয়া প্রতিযোগিতার বাজারে
N ডুয়োপলি বাজারে

**২৬. একচেটিয়া বাজারে—**
i. AR ও MR উভয় রেখা ডানে নিম্নগামী
ii. AR রেখা ফার্মের চাহিদা নির্দেশ করে
iii. AR রেখা MR রেখার নিচে অবস্থান করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৭. "যে বাজারে বিক্রেতা দুইয়ের অধিক কিন্তু খুব বেশি নয়" এরূপ বাজারকে কী বলে?**
K ডুয়োপলি L মনোপলি
M ডুয়োপসনি N অলিগোপলি

**২৮. অর্থনীতিতে বাজার বলতে বোঝায়—**
i. একটি নির্দিষ্ট স্থানকে
ii. এক বা একাধিক পণ্যকে
iii. একটি নির্ধারিত দামে পণ্য ক্রয়-বিক্রয়কে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**




**২৯. চিত্রে একচেটিয়া বাজারে ফার্মের ভারসাম্য বিন্দু কোনটি?**
K B L R M S N T

**৩০. একচেটিয়া কারবারির অস্বাভাবিক মুনাফা হবে—**
K 31 L 90 M 189 N 279

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | K | ৫ | N | ৬ | K | ৭ | K | ৮ | M | ৯ | L | ১০ | M | ১১ | K | ১২ | M | ১৩ | K | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | N | ২৫ | K | ২৬ | K | ২৭ | N | ২৮ | L | ২৯ | L | ৩০ | L |

# ৩৩ সিলেট বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. উপযোগ সংখ্যায় পরিমাপযোগ্য এই ধারণাটি কে প্রদান করেন?**

K মার্শাল L মেয়ার্স
M এল. রবিন্স N ওয়ালরাস

**২. কোনো দ্রব্যের প্রান্তিক উপযোগ 5 ইউটিল হলে ঐ দ্রব্যের ভোগের পরিবর্তন কত হতে হবে?**

K ৪ একক L ৩ একক
M ২ একক N ১ একক

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**

চাহিদা সমীকরণ $D = 10 - 2P$
যেখানে D = চাহিদার পরিমাণ
P = দাম


**৩. উদ্দীপকের আলোকে দ্রব্যটির সর্বোচ্চ চাহিদা কত হবে?**

K 2 একক L 6 একক
M 8 একক N 10 একক

**৪. দ্রব্যটির দাম 2 টাকা থেকে 3 টাকা হলে চাহিদার দাম স্থিতিস্থাপকতার মান কত হবে?**

K $\frac{2}{3}$ L $\frac{3}{2}$ M $\frac{1}{2}$ N $\frac{1}{3}$

**৫. কোনো দ্রব্যের মোট উপযোগ স্থির থাকলে প্রান্তিক উপযোগ রেখার আকৃতি হবে—**




**৬. "উপযোগ হলো কোনো দ্রব্যের সেই বিশেষ গুণ বা ক্ষমতা যা মানুষের অভাব পূরণে সক্ষম" — এই উক্তির প্রবক্তা কে?**

K অধ্যাপক মার্শাল
L জে. আর হিকস
M ওয়ালরাস
N জেভন্স

[* বি. দ্র : সঠিক উত্তর অধ্যাপক মেয়ার্স]

**৭. চাহিদার শর্তের ক্ষেত্রে বিবেচিত হবে—**

i. আকাঙ্ক্ষা
ii. শারীরিক সামর্থ্য
iii. অর্থ ব্যয় করার ইচ্ছা

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. অর্থনীতিতে ভূমি বলতে বোঝায়—**

i. ভূপৃষ্ঠ
ii. নদনদী
iii. বাতাস

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৯. ফার্মের মুনাফা সর্বোচ্চকরণের শর্ত হলো—**

i. MR = MC
ii. MC রেখার ঢাল > MR রেখার ঢাল
iii. MR = AR

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকের আলোকে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**

কবির সাহেব বাজার থেকে কয়েক হালি কলা ক্রয় করলেন। ক্রয়কৃত কলার প্রাপ্ত উপযোগ নিম্নে দেখানো হলো—

| কলা (একক) | মোট উপযোগ (টাকা) |
|---|---|
| ১ম | ২০ |
| ২য় | ৩৮ |
| ৩য় | ৫৪ |
| ৪র্থ | ৬৮ |

**১০. ৩য় একক কলা থেকে কবির সাহেবের প্রাপ্ত প্রান্তিক উপযোগ কত?**

K ২০ L ১৮ M ১৬ N ১৪

**১১. উদ্দীপকে কার্যকর বিধির ক্ষেত্রে প্রযোজ্য হবে—**

i. ভোক্তার আয় রুচি অভ্যাস স্থির
ii. নির্দিষ্ট সময় বিবেচ্য
iii. উপযোগ পর্যায়গতভাবে পরিমাপযোগ্য

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১২. TFC = 10, TVC = 20 উৎপাদনের পরিমাণ Q = 10 হলে TC = কত?**

K 100 L 30
M 20 N 10

**১৩. একচেটিয়া বাজারের ক্ষেত্রে কোনটি সত্য?**

K P = AR = MR L P > AR = MR
M P = AR > MR N P = AR < MR


**১৪. ক্ষতি স্বীকার করেও ফার্ম উৎপাদন করবে যদি—**

K AC < P > AVC
L AC < P < AVC
M AC > P > AVC
N AC = P = AVC

**১৫. কোন বাজারের ক্ষেত্রে সাধারণত P = MC হয়?**

K পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার
L একচেটিয়া বাজার
M দ্বিপাক্ষিক একচেটিয়া বাজার
N একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার

■ **নিচের চিত্র হতে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**




**১৬. উদ্দীপকের চিত্রে ক্ষতির পরিমাপ কত?**

K 50 L 100
M 200 N 300


**১৭. AC রেখা, AR রেখার E বিন্দুতে স্পর্শক হলে ফার্ম যে অবস্থার সম্মুখীন হয়—**

K অস্বাভাবিক মুনাফা
L স্বাভাবিক মুনাফা
M উৎপাদন বন্ধের সিদ্ধান্ত নিবে
N লোকসান

**১৮. কোনটি স্থির খরচের অন্তর্ভুক্ত?**

K বিদ্যুৎ সংযোগ ব্যয়
L বিদ্যুৎ বিল
M পরিবহণ ব্যয়
N কাঁচামাল ক্রয়ে ব্যয়

■ **চিত্রের ভিত্তিতে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**




**১৯. চিত্রে C বিন্দুতে উৎপাদনের পরিমাণ কত হবে?**

K 38 L 39 M 42 N 45

**২০. উপরের চিত্রটি কোন ধরনের উৎপাদন বিধির সাথে সামঞ্জস্যপূর্ণ?**

K ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
L ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
M ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন
N স্থির মাত্রাগত উৎপাদন

**২১. বাজার অর্থনীতি নিয়ন্ত্রণ করে—**

K উৎপাদনকারী L ক্রেতা
M সরকার N দামব্যবস্থা

**২২. ফিশারের বিনিময় সমীকরণ : MV = PT এখানে MV দ্বারা কী বোঝায়?**

K অর্থের যোগান L অর্থের চাহিদা
M দামস্তর N অর্থের প্রচলন গতি

**২৩. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের সাথে সম্পর্কিত?**

K নোট ইস্যু L আমানত সংগ্রহ
M ঋণ নিয়ন্ত্রণ N নিকাশ ঘর

**২৪. ঐচ্ছিক মুদ্রা কোনটি?**

K ১০ টাকার নোট L ২০০ টাকার নোট
M সঞ্চয়পত্র N ৫০০ টাকার নোট

**২৫. অর্থ সরবরাহের প্রধান উপাদান কয়টি?**

K ২ L ৩ M ৪ N ৫


**২৬. ফার্মের কোন ব্যয় রেখার আকৃতি সম পরাবৃত্তাকার হয়?**

K AVC L AFC M AC N MC

**২৭. ইন্টারনেট সংযোগ ছাড়াও কোনটি সম্ভব?**

K অনলাইন ব্যাংকিং L ই-মেইল
M মোবাইল ব্যাংকিং N ই-ব্যাংকিং

■ **নিচের চিত্র হতে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**




**২৮. AB রেখার স্থিতিস্থাপকতার মান কত হবে?**

K Ep = 1 L Ep = 0
M Ep = ∞ N Ep > 1

**২৯. AB রেখার ক্ষেত্রে প্রযোজ্য হবে—**

i. রেখার ঢাল শূন্য
ii. AR = MR
iii. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার চাহিদা রেখা

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩০. মুদ্রার প্রধান কাজ কী?**

K বিনিময়ের মাধ্যম
L সঞ্চয়ের বাহন
M ঋণ পরিশোধের মাধ্যম
N মূল্যের পরিমাপ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | N | ৪ | K | ৫ | K | ৬ | * | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | M | ১১ | N | ১২ | L | ১৩ | M | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | M | ২৫ | L | ২৬ | L | ২৭ | M | ২৮ | M | ২৯ | N | ৩০ | K |

# ৩৪ বরিশাল বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০


[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. ক্রেতা কোনো নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট দামে, বাজারে সরবরাহকৃত কোনো দ্রব্যের যে পরিমাণ ক্রয় করতে রাজি থাকে, তাকে কী বলে?
K যোগান L চাহিদা
M উপযোগ N উৎপাদন

২. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির প্রবক্তা কে?
K হিকস্ L এলেন
M মার্শাল N রবিন্স

৩. চাহিদার দাম স্থিতিস্থাপকতা নির্ণয়ের সূত্র কোনটি?
K $Ep = \frac{\Delta Qd}{Qd} \cdot \frac{\Delta P}{P}$
L $Ep = \frac{\Delta Qd}{\Delta P} \cdot \frac{Qd}{P}$
M $Ep = \frac{\Delta P}{\Delta Qd} \cdot \frac{P}{Qd}$
N $Ep = \frac{\Delta Qd}{\Delta P} \cdot \frac{P}{Qd}$

■ নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :




৪. AB চাহিদা রেখার ঢাল কত?
K − ৬ L − ৪
M − ২ N − ৮

৫. উল্লিখিত উদ্দীপকের আলোকে সঠিক চাহিদা সমীকরণ কোনটি?
K $Qd = ৮ - \frac{১}{৮} P$
L $Qd = ৮ - \frac{১}{৬} P$
M $Qd = ৮ - \frac{১}{৪} P$
N $Qd = ৮ - \frac{১}{২} P$


৬. চাহিদা বিধির গাণিতিক প্রকাশকে বলে—
K চাহিদা সূচি
L চাহিদা সমীকরণ
M চাহিদা রেখা
N ব্যক্তিগত চাহিদা

৭. যদি কোনো দ্রব্যের প্রান্তিক উপযোগ শূন্য হয় তবে মোট উপযোগ—
K সর্বোচ্চ L সর্বনিম্ন
M শূন্য N ঋণাত্মক

৮. চালের দাম প্রতি কেজি ৫০ টাকা থেকে বেড়ে ৫৫ টাকা হওয়াতে চালের চাহিদা ৮ কেজি থেকে কমে ৪ কেজি হয়। এক্ষেত্রে চাহিদার স্থিতিস্থাপকতা কত?
K ০ L ১
M ২·৫ N ৫

৯. TFC ও TVC এর সমষ্টিকে বলা হয়—
K AC L MC
M TC N VC

১০. চিত্রে ডানদিকে নিম্নগামী A' রেখাটি কোন ধরনের ব্যয় নির্দেশ করে?




K TFC L AVC
M MC N AFC

■ উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :

| শ্রমিক সংখ্যা | মোট উৎপাদন (একক) |
|---|---|
| ১ | ৪০ |
| ২ | ৯০ |
| ৩ | ১২৫ |
| ৪ | ১৫০ |
| ৫ | ১৬৫ |
| ৬ | ১৭৫ |

১১. ছকে উল্লিখিত ৬ষ্ঠ শ্রমিকের প্রান্তিক উৎপাদন কত?
K ১০ একক L ১৫ একক
M ১৬৫ একক N ১৭৫ একক

১২. এক্ষেত্রে কোন উৎপাদন বিধি কার্যকর হয়েছে?
K ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
L ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
M ক্রমবর্ধমান মাত্রাগত উৎপাদন বিধি
N ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন বিধি

১৩. গড় আয় নির্ণয়ের সূত্র কোনটি?
K $AR = \frac{AC}{Q}$ L $AR = \frac{MC}{Q}$
M $AR = \frac{TR}{Q}$ N $AR = \frac{TP}{Q}$


১৪. কখন গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) সমান হয়?
K প্রান্তিক ব্যয় (MC) সর্বনিম্ন হলে
L প্রান্তিক ব্যয় (MC) বাড়লে
M গড় ব্যয় (AC) কমলে
N গড় ব্যয় (AC) সর্বনিম্ন হলে

১৫. মোট ব্যয় সমান—
K MC + AC L MC + AVC
M FC + MC N TFC + TVC

১৬. প্রতিযোগিতার ভিত্তিতে বাজার কত প্রকার?
K দুই L তিন M চার N পাঁচ

১৭. অর্থনীতিতে বাজার ধারণাটি সম্পর্কিত—
i. চাহিদার সাথে
ii. সময়ের সাথে
iii. যোগানের সাথে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৮. চিত্রানুসারে ফার্মটির মুনাফার পরিমাণ হলো—




K ১ টাকা L ২ টাকা M ৩ টাকা N ৪ টাকা

১৯. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের ক্ষেত্রে কোনটি সত্য?
K P = AR > MC
L P = AR < MC
M P = AR = MC
N P = AR = MR

২০. ক্ষতি স্বীকার করেও ফার্ম উৎপাদন করবে যখন—
K AC < P > AVC
L AC < P < AVC
M AC > P > AVC
N AC = P = AVC

২১. 'একজন ক্রেতা ও অসংখ্য বিক্রেতা' কোন ধরনের বাজারের বৈশিষ্ট্য?
K অলিগোপলি L মনোপসনি
M ডুয়োপলি N ডুয়োপসনি

২২. মোবাইল ব্যাংকিং-এর জন্য কী প্রয়োজন?
i. কম্পিউটার
ii. মোবাইল ফোন
iii. পিন কোড
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৩. গড় ব্যয় রেখা (AC) যখন নিম্নগামী, তখন নিচের কোনটি ঘটে?
K AC > MC L AC = MC
M AC < MC N AC ≥ MC

২৪. কোন বাজারে ফার্ম 'দাম সৃষ্টিকারী'?
K মনোপলি L ডুয়োপলি
M অলিগোপলি N মনোপসনি

■ নিচের উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :

| বিক্রয় (Q) পরিমাণ | মোট আয় (TR) |
|---|---|
| ১ | ১০ |
| ২ | ২০ |
| ৩ | ৩০ |

২৫. উদ্দীপকটি কোন বাজারের সাথে সম্পর্কিত?
K একচেটিয়া L পূর্ণ প্রতিযোগিতা
M অলিগোপলি N মনোপসনি

২৬. উদ্দীপক অনুযায়ী—
i. দাম স্থির
ii. TR = MR
iii. AR = P
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৭. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ?
K নোট প্রচলন
L আমানত গ্রহণ
M ঋণ আমানত সৃষ্টি
N ব্যবসায়ে বিনিয়োগ

■ উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :
MV = PT
এখানে, M = ১০০, V = ৫, T = ১০

২৮. উদ্দীপকের আলোকে দামস্তর (P) কত?
K ৪০ L ৫০ M ৬০ N ৭০

২৯. যদি অর্থের সরবরাহ (M) দ্বিগুণ হয়, তবে দামস্তর (P)—
K বাড়বে L কমবে
M দ্বিগুণ হবে N অপরিবর্তিত থাকবে

৩০. বিহিত মুদ্রা কত প্রকার?
K ২ L ৩ M ৪ N ৫

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | N | ৪ | M | ৫ | N | ৬ | K | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | N | ১১ | K | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | M | ২১ | L | ২২ | M | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | K | ২৮ | L | ২৯ | M | ৩০ | K |

# ৩৫ দিনাজপুর বোর্ড ২০২১


## অর্থনীতি প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. কোন ধরনের বাজারে ফার্ম ও শিল্প একই বলে বিবেচিত?**
K পূর্ণ প্রতিযোগিতা L একচেটিয়া
M অলিগোপলি N ডুয়োপলি

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**




**২. উদ্দীপকের MR রেখাটি কোন বাজারের?**
K পূর্ণপ্রতিযোগিতা
L মনোপলি
M ডুয়োপলি
N অলিগোপলি

**৩. ভারসাম্য অর্জনের জন্য কোন রেখাটি প্রয়োজন?**
i. AC
ii. MC
iii. MR
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৪. কোন বাজারে কোনো পরিবর্তক দ্রব্য থাকে না?**
K একচেটিয়া
L ডুয়োপলি
M পূর্ণ প্রতিযোগিতা
N অলিগোপলি

**৫. যে বাজারে একজন ক্রেতা এবং একজন বিক্রেতা বিদ্যমান সেই বাজারকে কী বলে?**
K ডুয়োপলি
L অলিগোপলি
M মনোপলি
N দ্বিপাক্ষিক একচেটিয়া বাজার

**৬. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে একটি ফার্মের ভারসাম্য বিন্দুতে—**
i. MR = MC
ii. AR = MR
iii. MC রেখার ঢাল > MR রেখার ঢাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. অর্থনীতিতে বাজার ধারণাটির সম্পর্ক হলো—**
i. চাহিদার সাথে
ii. সময়ের সাথে
iii. যোগানের সাথে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. বাণিজ্যিক ব্যাংক কোন আমানতের ওপর সুদ দেয় না?**
K চলতি আমানত
L সঞ্চয়ী আমানত
M স্থায়ী আমানত
N মেয়াদি আমানত

**৯. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের সঙ্গে সম্পর্কিত?**
K নোট ইস্যু
L ঋণ নিয়ন্ত্রণ
M আমানত গ্রহণ
N নিকাশঘর পরিচালনা

**১০. অর্থের মূল্য বলতে বোঝায়—**
K দাম নির্ধারণের ক্ষমতা
L ক্রয় করার ক্ষমতা
M ভোগ করার ক্ষমতা
N আয় করার ক্ষমতা

**১১. ফিশারের মতে অর্থের যোগান দ্বিগুণ হলে—**
i. অর্থের মূল্য অর্ধেক হবে
ii. দ্রব্যের মূল্য দ্বিগুণ হবে
iii. অর্থের গতি বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. ফিশারের বিনিময় সমীকরণে 'MV' দ্বারা কী বোঝানো হয়েছে?**
K মূল্যস্তর L অর্থের চাহিদা
M অর্থের যোগান N বিহিত মুদ্রার পরিমাণ

**১৩. ঐচ্ছিক মুদ্রা হলো—**
i. চেক
ii. ব্যাংক ড্রাফট
iii. সঞ্চয়পত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
একজন ব্যক্তি প্রতিমাসে ৫০০০ টাকা ব্যাংকে জমা রাখেন। বছর শেষে মোট জমাকৃত টাকার সাথে ব্যাংক অতিরিক্ত টাকা তার হিসাবে জমা করে।

**১৪. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের?**
K বাণিজ্যিক ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M বিশ্ব ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**১৫. উদ্দীপকের ব্যাংকটির কাজ হলো—**
i. ঋণদান করা
ii. আমানত গ্রহণ করা
iii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. গাণিতিক প্রক্রিয়ায় যেসব রাশির মান অজানা থাকে তাকে কী বলে?**
K চলক L ধ্রুবক
M পরামিতি N স্বাধীন চলক

**১৭. শূন্য স্থিতিস্থাপক চাহিদা রেখার আকৃতি কীরূপ?**
K ভূমি অক্ষের সমান্তরাল
L ডানদিকে উর্ধ্বগামী
M লম্ব অক্ষের সমান্তরাল
N ডানদিকে নিম্নগামী

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
যোগান সমীকরণ : $S = -3 + 3P$
(যেখানে = S যোগান, P = দাম)

**১৮. উদ্দীপকের আলোকে দ্রব্যটির কত দামে যোগান ঋণাত্মক হবে?**
K 0 L $\frac{1}{2}$ M 1 N 2
[* বি. দ্র : সঠিক উত্তর ক ও খ]

**১৯. উদ্দীপকের আলোকে দ্রব্যটির দাম বেড়ে 3 টাকা থেকে টাকা 6 হলে যোগান স্থিতিস্থাপকতা (ES) হবে—**
K $E_S < 1$ L $E_S = 0$
M $E_S = 1$ N $E_S > 1$

**২০. সীমাবদ্ধ সম্পদের যোগান রেখার ঢাল কেমন হবে?**
K ধনাত্মক L ঋণাত্মক
M শূন্য N অসীম

**২১. মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ—**
K কমতে থাকবে L শূন্য হবে
M বাড়তে থাকবে N স্থির থাকবে

**২২. মোট উপযোগ হলো, কোনো দ্রব্যের—**
i. অতিরিক্ত একক হতে প্রাপ্ত অতিরিক্ত উপযোগ
ii. সকল একক হতে প্রাপ্ত উপযোগের সমষ্টি
iii. প্রতি একক হতে প্রাপ্ত প্রান্তিক উপযোগের সমষ্টি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. ব্যয় কোনটির ওপর নির্ভরশীল?**
K আয় L উৎপাদন
M উপকরণ N বিনিয়োগ

**২৪. কোন উপকরণটির উৎপাদন কার্যক্রম তদারকি করে?**
K ভূমি L শ্রম
M সংগঠন N মূলধন

**২৫. নিচের ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য কোন রেখাটি মূলবিন্দু থেকে শুরু হয়?**
K TVC L TFC M TC N AFC

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
একটি কারখানায় ১টি মেশিনের সাহায্যে ৬ জন শ্রমিক ১০টি দ্রব্য উৎপাদন করতে পারে। নতুন ১জন শ্রমিক নিয়োগ দিলে উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পেয়ে ১৩টি হয়। তবে ৮ম শ্রমিক নিয়োগ দিলে কারখানায় উৎপাদন আর বৃদ্ধি পায় না।

**২৬. ৭ম শ্রমিকের প্রান্তিক উৎপাদন কত?**
K ৬ একক L ৭ একক
M ৩ একক N ১৩ একক

**২৭.** i. উক্ত কারখানার ক্ষেত্রে উৎপাদন শ্রম ও মূলধনের ওপর নির্ভরশীল অর্থাৎ $Q = f(\bar{L}, k)$
ii. উৎপাদন অপেক্ষক দীর্ঘকালীন
iii. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি কার্যকর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
[ বি. দ্র : সঠিক উত্তর iii ]

**২৮. স্বল্পকালে পরিবর্তন করা সম্ভব?**
i. যন্ত্রপাতি
ii. শ্রমিক
iii. কাঁচামাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. উৎপাদন বলতে নিচের কোনটি বোঝায়?**
K তৈরি করা L বৃদ্ধি করা
M সৃষ্টি করা N উপযোগ সৃষ্টি করা

**৩০. কোন বাজারে একজন মাত্র ক্রেতা থাকে?**
K মনোপলি L ডুয়োপলি
M মনোপসনি N অলিগোপলি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | N | ৭ | N | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | M | ১৩ | N | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | * | ১৯ | N | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | K | ২৪ | M | ২৫ | K | ২৬ | M | ২৭ | * | ২৮ | M | ২৯ | N | ৩০ | M |

# ৩৬ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

## অর্থনীতি প্রথম পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সঞ্চয় কোন উপকরণের উৎস?**
K ভূমি L শ্রম M মূলধন N সংগঠন

**২. দীর্ঘকালীন উৎপাদনের ক্ষেত্রে কোনটি সত্য?**
K শ্রম, মূলধন ও সংগঠন স্থির থাকে কিন্তু ভূমি পরিবর্তিত হয়
L ভূমি, শ্রম ও মূলধন স্থির থাকে কিন্তু সংগঠন পরিবর্তিত হয়
M ভূমি ও শ্রম স্থির কিন্তু মূলধন ও সংগঠন পরিবর্তিত হয়
N সকল উপকরণ পরিবর্তিত হয়

**৩. উৎপাদনের উপকরণসমূহকে একটি নির্দিষ্ট হারে বৃদ্ধি করলে উৎপাদনের যে পরিবর্তন ঘটে তাকে বলে—**
K উৎপাদন বিধি L মাত্রাগত উৎপাদন
M উৎপাদন ব্যয় N প্রান্তিক উৎপাদন

**৪. অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে—**
K AR = MR হয় L AR ≤ MR হয়
M AR < MR হয় N AR > MR হয়

**৫. হারুন সাহেবের প্রতিষ্ঠানে কারখানা ভাড়া ২০,০০০ টাকা, কাঁচামাল খরচ ১৭,০০০ টাকা, শ্রম ব্যয় ৩,০০০ টাকা, চলতি মূলধনের সুদ ২,০০০ টাকা। মোট পরিবর্তনশীল ব্যয় কত?**
K ১৯,০০০ টাকা L ২২,০০০ টাকা
M ২৩,০০০ টাকা N ৪৫,০০০ টাকা

■ **নিচের উদ্দীপক থেকে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**

| জমির পরিমাণ | শ্রম (L) | মোট উৎপাদন (TP) |
|---|---|---|
| ৫ একক | ২ একক | ৪ একক |
| ৫ একক | ৩ একক | ১০ একক |
| ৫ একক | ৪ একক | ২০ একক |

**৬. জমিতে ৪ একক শ্রম নিয়োগ করা হলে গড় উৎপাদন (AP) কত?**
K ৪ একক L ৫ একক
M ৬ একক N ১০ একক

**৭. উক্ত জমিতে যে উৎপাদন বিধি কার্যকর হয়েছে তা সাধারণত দেখা যায়—**
i. উৎপাদনের প্রাথমিক পর্যায়ে
ii. চাষাবাদ পদ্ধতি আধুনিকীকরণে
iii. নদী, বিল, পুকুরে মৎস্য আহরণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. একজন ক্রেতা এবং অসংখ্য বিক্রেতা থাকে কোন বাজারে?**
K পূর্ণ প্রতিযোগিতা L মনোপলি
M অলিগোপলি N মনোপসনি

**৯. অতি স্বল্পকালীন বাজারের বৈশিষ্ট্য—**
K দাম যে হারে বাড়ে যোগান তার চেয়ে বেশি হারে বাড়ে
L জনসংখ্যা বৃদ্ধি দ্বারা এ বাজার নিয়ন্ত্রিত হয়
L যোগান সম্পূর্ণ অস্থিতিস্থাপক হয়
N নতুন প্রযুক্তির প্রবর্তন সম্ভব হয়

**১০. কোন বাজারে শিল্প একক ব্যবস্থাপনায় পরিচালিত হয়?**
K পূর্ণ প্রতিযোগিতা L মনোপলি
M অলিগোপলি N মনোপসনি


**১১. একচেটিয়া বাজারে—**
K উৎপাদন অধিক হয় কিন্তু সম্পদ ব্যবহারে দক্ষতা অর্জিত হয় না
L দীর্ঘকালে শুধু স্বাভাবিক মুনাফা অর্জিত হয় কিন্তু যোগান রেখা নেই
M ফার্ম অর্থনৈতিকভাবে দক্ষ কিন্তু দাম অধিক হয়
N সামাজিক কল্যাণ সর্বোচ্চ হয় না কিন্তু দাম অধিক হয়

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জ্বালানি গ্যাসের বিল মাসে ৩০০ টাকা বেড়ে গেছে। বাজারে অন্য কোনো গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান না থাকায় জনাব মুশফিক বেশি দামে গ্যাস কিনতে বাধ্য হচ্ছেন।

**১২. উদ্দীপকে উল্লিখিত গ্যাসের বাজার—**
K একচেটিয়া L পূর্ণ প্রতিযোগিতা
M অলিগোপলি N ডুয়োপলি

**১৩. উক্ত বাজারে ফার্মের ভারসাম্য বিন্দুতে—**
i. MR < AR
ii. MR > AR
iii. MC এর ঢাল > MR এর ঢাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. নিচের চিত্র অনুসারে ফার্মটির মুনাফা কত?**




K ২ টাকা L ৪ টাকা
M ৫ টাকা N ৬ টাকা

**১৫. ফিশারের বিনিময় সমীকরণে V দ্বারা বোঝানো হয়—**
K দ্রব্যের পরিমাণ L দ্রব্যের দাম
M অর্থের পরিমাণ N অর্থের প্রচলন গতি

**১৬. বাণিজ্যিক ব্যাংকের কাজ—**
K আমানত গ্রহণ ও সরকারকে পরামর্শ দান
L বাণিজ্যচক্র রোধ ও আমানত গ্রহণ
M ঋণ সৃজন ও বিনিময় বিল বাট্টাকরণ
N বিনিময় বিল বাট্টাকরণ ও বাণিজ্যচক্র রোধ

**১৭. নিচের কোনটি সসীম বিহিত মুদ্রা?**
K ২ টাকার নোট L ১০ টাকার নোট
M ২০ টাকার নোট N ৫০ টাকার নোট

**১৮. কেন্দ্রীয় ব্যাংক খোলাবাজার থেকে ঋণপত্র ক্রয় করলে দেশে—**
K মুদ্রাস্ফীতি কমে
L ঋণের পরিমাণ কমে
M মুদ্রা সংকোচন কমে
N ঋণের পরিমাণ স্থির থাকে

**১৯. একটি নির্দিষ্ট সময়ে দেশের জনগণ যে পরিমাণ নগদ মুদ্রা হাতে ধরে রাখতে চায় তাকে বলে—**
K বিহিত মুদ্রা
L চলতি আমানত
M অর্থের যোগান
N অর্থের চাহিদা

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
আজাদ সাহেব এমন একটি তফসিলভুক্ত ব্যাংকের কাজ করেন যেটি অর্থ ও মূলধনের মধ্যে মধ্যস্থতাকারী ব্যবসায়িক প্রতিষ্ঠান। এই ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন।

**২০. উদ্দীপকে আজাদ সাহেব যে ব্যাংকে কাজ করেন সেটি—**
K কেন্দ্রীয় ব্যাংক
L বাণিজ্যিক ব্যাংক
M গ্রামীণ ব্যাংক
N কর্মসংস্থান ব্যাংক

**২১. উক্ত ব্যাংকের কাজ—**
i. বৈদেশিক বিনিময়ে সহায়তা করা
ii. বিনিময় বিল বাট্টাকরণ
iii. মূল্যবান অলংকার লকারে রাখা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. কোনো অর্থনীতিতে $M = 100$, $V = 10$, $M_1 = 50$, $V_1 = 10$, $T = 20$। দামস্তর কত?**
K ২৫ L ৫০ M ৭৫ N ১০০

**২৩. "উপযোগ হলো কোনো দ্রব্যের সেই বিশেষ গুণ বা ক্ষমতা যা মানুষের অভাব পূরণ করতে পারে।" সংজ্ঞাটি প্রদান করেন—**
K অধ্যাপক মার্শাল L অধ্যাপক মেয়ার্স
M জে. এম. কেইনস N ডি. স্যালভেটর


**২৪. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি কার্যকর হবে যখন—**
i. ভোক্তা যুক্তিশীল
ii. অর্থের প্রান্তিক উপযোগ স্থির
iii. শখের দ্রব্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L ii ও iii
M i ও ii N i, ii ও iii

**২৫. সমাজে করের বোঝা বেশি হলে দ্রব্যের চাহিদা—**
K কমবে L বাড়বে
M স্থির থাকবে N অসীম হবে

**২৬. লম্ব অক্ষের সমান্তরাল সরলরেখার ঢাল—**
K ধনাত্মক L ঋণাত্মক
M অসীম N শূন্য

**২৭. চাহিদা রেখা ডানদিকে নিম্নগামী হওয়ার কারণ—**
i. দাম ও চাহিদার সরাসরি সম্পর্ক
ii. যেকোনো দামে ক্রয়ের সামর্থ্য
iii. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপক থেকে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**




**২৮. চিত্রে যোগান রেখা SS থেকে $S_1S_1$ এ পরিবর্তন—**
K যোগানের সংকোচন
L যোগানের সম্প্রসারণ
M যোগানের হ্রাস
N যোগানের বৃদ্ধি

**২৯. উদ্দীপকে যোগান রেখার পরিবর্তনের কারণ হতে পারে—**
i. অনুকূল আবহাওয়া
ii. কর আরোপ
iii. ভর্তুকি প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. X দ্রব্যের দাম ১০ টাকা থেকে হ্রাস পেয়ে ৮ টাকা হলে Y দ্রব্যের চাহিদা ১০০ একক থেকে বৃদ্ধি পেয়ে ১৫০ একক হয়। X ও Y পরস্পর—**
K পরিপূরক দ্রব্য L পরিবর্তক দ্রব্য
M সম্পর্কহীন দ্রব্য N বিলাসজাত দ্রব্য

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | L | ৪ | N | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | K | ১৩ | L | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | M | ১৯ | N | ২০ | L | ২১ | N | ২২ | M | ২৩ | L | ২৪ | M | ২৫ | K | ২৬ | M | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | K |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৭ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 0 9

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ অর্থব্যবস্থা

(i) স্বতঃস্ফূর্ত উৎপাদন প্রণালি (i) সামাজিক শ্রমবিভাগের সর্বোচ্চকরণ
(ii) চাহিদার উপর নিয়ন্ত্রণ (ii) উৎপাদন ও পুঁজির কেন্দ্রীভূতকরণ

ক. দুষ্প্রাপ্যতা কী? ১
খ. নির্দেশমূলক অর্থব্যবস্থায় স্বয়ংক্রিয় দাম ব্যবস্থার গুরুত্ব নেই কেন? ২
গ. উদ্দীপকে B অর্থব্যবস্থাটি কোন অর্থব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩
ঘ. A অর্থব্যবস্থার সাথে B অর্থব্যবস্থার পার্থক্য নিরূপণ কর। ৪

২ ▶ নিম্নে X ও Y দ্রব্য দুটির একটি উৎপাদন সম্ভাবনা সূচি দেওয়া হলো—

| X-দ্রব্য | Y-দ্রব্য | সংমিশ্রণ |
|---|---|---|
| ০ | ২৫ | A |
| ১০ | ১৫ | B |
| ১৫ | ১০ | C |
| ২৫ | ০ | D |

ক. অভাব কী? ১
খ. নির্বাচন কেন মৌলিক অর্থনৈতিক সমস্যার ভিত্তিমূল? ২
গ. উদ্দীপকে প্রদত্ত সূচি হতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. (X = ১০ একক, Y = ১০) সংমিশ্রণ উৎপাদনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩ ▶ দুটি দ্রব্যের চাহিদা সূচি নিম্নরূপ :

| দ্রব্যের দাম (টাকা) | X-দ্রব্যের চাহিদার পরিমাণ (একক) | Y-দ্রব্যের চাহিদার পরিমাণ (একক) |
|---|---|---|
| ১০ | ১০ | ২০ |
| ২০ | ১৪ | ১০ |

ক. উপযোগ কী? ১
খ. গিফেন দ্রব্যের ক্ষেত্রে চাহিদা রেখার আকৃতি কেন উর্ধ্বমুখী হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে X দ্রব্যের চাহিদা সমীকরণ নির্ণয় কর। ৩
ঘ. স্থিতিস্থাপকতার আলোকে X ও Y দ্রব্যের প্রকৃতির উপর মন্তব্য কর। ৪

৪ ▶ চাহিদা অপেক্ষক : $15 - 5p$
যোগান অপেক্ষক : $-5 + 5p$
ক. রেখার ঢাল কাকে বলে? ১
খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ২
গ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. সরকার সর্বোচ্চ দাম 4 টাকা ধার্য করলে ভারসাম্যের উপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪


৫ ▶ Z নামক একটি ফার্মের উৎপাদন সম্পর্কিত তথ্য নিচের সূচিতে দেওয়া হলো—

| উৎপাদন (Q) | মোট স্থির ব্যয় TFC (টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় TVC (টাকা) |
|---|---|---|
| ১ | ২০ | ১০ |
| ২ | ২০ | ২০ |
| ৩ | ২০ | ২৫ |
| ৪ | ২০ | ৪০ |
| ৫ | ২০ | ৮০ |

ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. "দীর্ঘকালে সকল ব্যয় পরিবর্তনশীল"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে AC নির্ণয় করে রেখাচিত্রে রূপান্তর কর। ৩
ঘ. উৎপাদনের সকল এককের ক্ষেত্রে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয়র (MC) সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৬ ▶ রহমত একজন কৃষক। তিনি তার এক বিঘা জমিতে ১০০ টাকার শ্রম ও মূলধন ব্যয় করে ১০ মণ ধান উৎপাদন করেন। পরবর্তী বছরগুলো অধিক উৎপাদনের জন্য তিনি শ্রম ও মূলধন ব্যয় ১৫০, ২০০ ও ২৫০ টাকা বৃদ্ধি করে মোট উৎপাদন পান যথাক্রমে ১৮ মণ, ২২ মণ এবং ২৬ মণ।
ক. পরিবর্তনীয় ব্যয় কী? ১
খ. স্বাধীন চলক ও অধীন চলকের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ২
গ. উদ্দীপকের আলোকে প্রান্তিক উৎপাদন রেখা অঙ্কন কর। ৩
ঘ. রহমতের ধান উৎপাদনের ক্ষেত্রে যে বিধি কার্যকর হয়েছে তা কি সবসময়ই কার্যকর থাকে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▶ চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. ফার্ম কাকে বলে? ১
খ. পূর্ণ প্রতিযোগিতায় P = AR = MR কেন হয়? ২
গ. উদ্দীপকের আলোকে ফার্মের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে AC রেখা h বিন্দু দিয়ে অতিক্রম করলে ফার্মের যে পরিস্থিতির উদ্ভব হয় তাতে উৎপাদন চালিয়ে যাওয়া কি যুক্তিযুক্ত হবে? ব্যাখ্যা কর। ৪

৮ ▶ নিচের ছকটি লক্ষ কর :

| বিক্রয়ের পরিমাণ (Q) | মোট আয় (TR) |
|---|---|
| ১ | ১০ |
| ২ | ১৮ |
| ৩ | ২১ |
| ৪ | ২৮ |
| ৫ | ২৫ |

ক. ডুয়োপলি বাজার কাকে বলে? ১
খ. 'একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে MR রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য হতে প্রাপ্ত AR ও MR রেখা কোন বাজারের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৪

৯ ▶ একটি জাতীয় আয়ের মডেল নিম্নরূপ :
$Y = C + I + G$
$C = 100 + 0.5Y$
$I = 50, G = 150$
ক. GNI কাকে বলে? ১
খ. স্বল্পকালীন ও দীর্ঘকালীন ভোগ অপেক্ষকের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ২
গ. উদ্দীপকের ভোগ অপেক্ষকটি রেখাচিত্রে রূপান্তর কর। ৩
ঘ. সরকারি ব্যয় ১০০ টাকা বৃদ্ধি করলে পরিবর্তিত আয় ও ভোগ ব্যয় কত হবে তা নির্ণয় কর। ৪

১০ ▶ নিম্নে A ব্যাংকের ক্ষেত্রে তথ্য নিম্নরূপ :

| | |
|---|---|
| প্রাথমিক আমানত | ২,০০,০০০ টাকা |
| ন্যূনতম রিজার্ভ অনুপাত | ১৫% |

ক. বিহিত মুদ্রার সংজ্ঞা দাও। ১
খ. বাণিজ্যিক ব্যাংককে কেন স্বল্পমেয়াদি ঋণের কারবারি বলা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের আলোকে A ব্যাংকের সৃষ্ট আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংক যদি রিজার্ভের পরিমাণ ১৫% হতে ২০% এ উন্নীত করে তাহলে অর্থনীতিতে কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ X দেশে বিহিত মুদ্রার পরিমাণ (M) = ২৫, ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ (M′) = ২৫ বিহিত মুদ্রার এবং ব্যাংক সৃষ্ট মুদ্রার প্রচলন গতি যথাক্রমে (V) = ৫ এবং (V′) = ৫; লেনদেনের পরিমাণ ৫। সম্প্রতি কেন্দ্রীয় ব্যাংক বিহিত মুদ্রা ও ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ দ্বিগুণ করেছে।
ক. ব্যাংক হার কী? ১
খ. মোবাইল ব্যাংকিং কীভাবে ব্যাংকিং কার্যক্রমকে সহজ করেছে? ২
গ. উদ্দীপক হতে প্রাপ্ত তথ্যের আলোকে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংক মুদ্রার পরিমাণ দ্বিগুণ পরিমাণ বৃদ্ধি করলে দামস্তর ও অর্থের মূল্যের ওপর কী প্রভাব পড়তে তা বিশ্লেষণ কর। ৪

## ৩৮ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জাতীয় আয় $(Y) = \sum r + \sum w + \sum i + \sum \pi$ যেখানে $r$ = খাজনা, $w$ = মজুরি, $i$ = সুদ, $\pi$ = মুনাফা।

ক. সামগ্রিক আয় কী? ১

খ. GNP ও GDP কি একই ধরনের বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে জাতীয় আয় পরিমাপের কোন পদ্ধতি নির্দেশ করে– ব্যাখ্যা কর। ৩

ঘ. জাতীয় আয় নির্ণয়ের উক্ত পদ্ধতি বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কার্যকর কিনা তোমার মতামত দাও। ৪

২ ▸ ভোগ সমীকরণ $C = 100 + 0.5Y$, বিনিয়োগ $I_0 = 100$ এবং $C + I_0 = 200 + 0.5Y$.

ক. স্বয়ম্ভূত ভোগ কী? ১

খ. সঞ্চয়ের সাথে বিনিয়োগ কীভাবে সম্পর্কিত ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ব্যবহৃত সমীকরণ দ্বারা ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের ভোগ অপেক্ষকের সাহায্যে চিত্র অঙ্কন করে ভারসাম্য জাতীয় আয় বিশ্লেষণ কর। ৪

৩ ▸ কৃষক জমির শেখ তার ১ বিঘা আয়তনের কৃষি খামারের নির্দিষ্ট পরিমাণ মূলধন নিয়োগ এর সাথে শ্রমের নিয়োগ ১ জন করে বৃদ্ধি করার মাধ্যমে ধান উৎপাদন করা সম্ভব হয় যথাক্রমে ৫, ৯, ১২ ও ১৪ মণ। অপরদিকে আরাফ একজন আত্মকর্মী। সে তার মাছের খামারে ২৫ জন শ্রমিক ও ১০ লক্ষ টাকা বিনিয়োগ করে মাসে ২০ মণ মাছ উৎপাদন করতে পারে। পরবর্তীতে তিনি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫০ জন শ্রমিক ও ২০ লক্ষ টাকা বিনিয়োগ করে ৬০ মণ মাছ উৎপাদন করতে সক্ষম হন।

ক. উৎপাদন অপেক্ষক কী? ১

খ. অপূর্ণ প্রতিযোগিতা AR রেখা নিম্নগামী হয় কেন? ২

গ. উদ্দীপকে কৃষক জমির শেখের ক্ষেত্রে উৎপাদনের যে বিধি পরিলক্ষিত হয় লেখচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কৃষক জমির শেখ ও আত্মকর্মী আরাফ-এর উৎপাদন ক্ষেত্র কি একই ধরনের উৎপাদন বিধি কার্যকর– বিশ্লেষণ কর। ৪

৪ ▸ নিচের সারণিতে 'X' ফার্মের গড় ব্যয় ও উৎপাদন– এর তথ্য দেওয়া আছে :

| উৎপাদন (Q) | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
|---|---|---|---|---|---|---|
| গড় ব্যয় (AC) | 15 | 10 | 8 | 8 | 9 | 10 |

ক. মাত্রাগত উৎপাদন কী? ১


খ. মোট স্থির খরচ রেখা ভূমি অক্ষের সমান্তরাল হয় কেন? ২

গ. সারণি হতে প্রান্তিক ব্যয় (MC) রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপক হতে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) এর মধ্যে সম্পর্ক চিত্র অঙ্কন করে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ নিচের সারণি ও চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| সংমিশ্রণ | A | B | C | D | E |
|---|---|---|---|---|---|
| A দ্রব্য | 0 | 5 | 10 | 14 | 15 |
| B দ্রব্য | 15 | 14 | 10 | 5 | 0 |




ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১

খ. কীভাবে উৎপাদন করা হবে এই সমস্যার উদ্ভব হলো কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সারণি হতে উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চিত্রে বাজার ব্যবস্থায় কে লাভবান হয় এবং বাংলাদেশে কি তা বিদ্যমান যুক্তিসহ মতামত দাও। ৪

৬ ▸ দুটি দ্রব্যের চাহিদার সূচি নিম্নে দেওয়া আছে–

| Y দ্রব্যের দাম | X দ্রব্যের চাহিদা | Y দ্রব্যের চাহিদা |
|---|---|---|
| ২০ | ৩০ | ৪০ |
| ৪০ | ২০ | ১০ |


ক. উপযোগ কী? ১

খ. স্বাধীন চলক ও অধীন চলকের মধ্যে পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপক হতে Y দ্রব্যের দাম স্থিতিস্থাপকতা নির্ণয় কর। ৩

ঘ. আড়াআড়ি স্থিতিস্থাপকতার ভিত্তিতে উপরিউক্ত দুটি দ্রব্যের সম্পর্কের প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ নিচের চিত্রটি লক্ষ কর :




ক. চাহিদা অপেক্ষক কাকে বলে? ১

খ. উপকরণমূল্য কোনো দ্রব্যের যোগানকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপক এর SS রেখার ঢাল নির্ণয় কর। ৩

ঘ. SS রেখার প্রতিটি বিন্দুতে ঢাল সমান উক্ত রেখার স্থিতিস্থাপকতা কি সমান নাকি ভিন্ন ভিন্ন তোমার মতামত দাও। ৪

৮ ▸ মাইশা তার বাবার সাথে ওয়ালটন এর শোরুমে যায়। বিভিন্ন শোরুমে পণ্যের দাম একই। এতে মাইশা খুব খুশি হয়। কিন্তু সে বিদ্যুতের ইউনিটপ্রতি মূল্য পরিশোধের ক্ষেত্রে ভিন্ন চিত্র লক্ষ করে।


ক. ডুয়োপসনি বাজার কাকে বলে? ১

খ. গড় আয় ও প্রান্তিক আয় কি একই? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ওয়ালটন পণ্যের বাজারের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. মাইশার দেখা দুই ধরনের বাজারের মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৪

৯ ▸ চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. মুনাফা সর্বোচ্চকরণের দ্বিতীয় শর্তটি কি? ১

খ. ক্ষতি অবস্থায় একটি ফার্ম চলাকালে কখন উৎপাদন কার্যক্রম চালিয়ে যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত মুনাফা কি সব ক্ষেত্রে অর্জন করা সম্ভব? যুক্তিসহ মতামত দাও। ৪

১০ ▸ 'A' দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে দেশটির কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করে। এগুলোর মধ্যে নগদ জমার হার পরিবর্তন, ঋণের রেশনিং খোলাবাজার নীতি, নৈতিক আলোচনা, ভোগকারীর ঋণ নিয়ন্ত্রণ, ব্যাংক হার পরিবর্তন, প্রত্যক্ষ আদেশ, বন্ধকী ঋণের নগদাংশ পরিবর্তন ইত্যাদি।

ক. ফিশারের বিনিময় সমীকরণটি লেখ। ১

খ. সুদের হারের সাথে মুদ্রার ফটকা চাহিদার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক হতে ঋণ নিয়ন্ত্রণের গুণগত হাতিয়ারগুলো চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিমাণগত হাতিয়ারগুলোর যে কোনো দুটির ঋণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

১১ ▸ একটি বাণিজ্যিক ব্যাংকের প্রাথমিক আমানতের পরিমাণ ৪০,০০০ টাকা। প্রয়োজনীয় বৈধ রিজার্ভ ১৫%। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সম্প্রতি রিজার্ভের হার বৃদ্ধি করে ২০% করেছে।

ক. চাহিদা আমানত কী? ১

খ. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃক সৃষ্ট ঋণ আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক রিজার্ভের হার বৃদ্ধির ফলে ঋণ আমানত সৃষ্টির ক্ষেত্রে কীরূপ প্রভাব পড়বে বলে তুমি মনে কর? ৪

# ৩৯ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ A, B ও C তিনটি দেশ। A দেশে সকল কিছু ব্যক্তিমালিকানায় উৎপাদন ও বিক্রি করা হয়। ফলে দ্রব্যাদির দাম বেশি। এই দেশে ক্রমশই ধনী মানুষের সংখ্যা বাড়ছে। C দেশটি আবার একবারেই বিপরীত। অত্যন্ত প্রয়োজনীয় দ্রব্য থেকে শুরু করে উড়োজাহাজ সমস্ত কিছুই সরকারের নিয়ন্ত্রণে উৎপাদন ও বিক্রি হয়। ফলে দেখা যায়, একটি সুচ কিনতে গেলেও লাইন ধরে কিনতে হয়। তবে B দেশে সরকারি ও ব্যক্তিগত উভয় খাতে দ্রব্যসামগ্রী উৎপাদিত ও বিক্রি হয়। এই দেশে ব্যক্তিগত উৎপাদনকারীরা কোনো দ্রব্যের দাম বাড়ালে ভোক্তারা দ্রব্যটি সরকারি খাত থেকে কেনে।

ক. অভাব কী? ১
খ. উৎপাদন সম্ভাবনা রেখা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের দেশ তিনটিতে বিদ্যমান অর্থনৈতিক ব্যবস্থাসমূহ কী? ৩
ঘ. "দেশের জনগণের কল্যাণের জন্য মিশ্র অর্থনৈতিক ব্যবস্থাই উত্তম"—উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২ ▶

| সংমিশ্রণ | ধান (কুইন্টাল) | গম (কুইন্টাল) |
|---|---|---|
| A | ০ | ৭৫ |
| B | ২৫ | ৭০ |
| C | ৫০ | ৫০ |
| D | ৭০ | ২৫ |
| E | ৭৫ | ০ |

ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১
খ. "দুষ্প্রাপ্যতার কারণে নির্বাচন সমস্যার সৃষ্টি হয়"—ব্যাখ্যা কর। ২
গ. প্রদত্ত উদ্দীপক হতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপক হতে প্রাপ্ত উৎপাদন সম্ভাবনা রেখার বাইরে অবস্থিত কোন বিন্দুতে উৎপাদন সম্ভব নয়"—সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▶ দেওয়া আছে, $Qs = -10 + 5P$; এখানে P = দাম এবং Qs = যোগানের পরিমাণ।

ক. পরিবর্তক দ্রব্য কাকে বলে? ১
খ. চাহিদা কি শুধু দামের ওপর নির্ভরশীল—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে যোগান রেখা অঙ্কন করো। ৩
ঘ. প্রদত্ত সমীকরণের ছেদক ১০ হলে যোগান রেখার কীরূপ পরিবর্তন হবে বলে মনে কর? ব্যাখ্যা কর। ৪

৪ ▶ একটি দ্রব্য X এর যোগান সূচি নিম্নরূপ :

| প্রতি কেজি দ্রব্যের দাম | যোগানের পরিমাণ |
|---|---|
| ১০ টাকা | ২০ কেজি |
| ১৫ টাকা | ৩০ কেজি |
| ২০ টাকা | ৪০ কেজি |

ক. চলক কী? ১
খ. কাগজ ও কলম এ দুটি দ্রব্যের সম্পর্ক কেমন? ২
গ. উদ্দীপক থেকে X দ্রব্যের যোগান রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে প্রাপ্ত যোগান রেখা আকৃতি কেমন? এরূপ আকৃতির পিছনে যুক্তিসংগত কারণ দেখাও। ৪

৫ ▶ বুশরার ফার্মের উৎপাদন সম্পর্কিত তথ্য নিচের টেবিলে দেওয়া হলো :

| উৎপাদন (Q) একক | মোট স্থির ব্যয় (TFC) টাকা | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) টাকা |
|---|---|---|
| ১ | ১৫ | ৫ |
| ২ | ১৫ | ১১ |
| ৩ | ১৫ | ১৫ |
| ৪ | ১৫ | ৩৩ |
| ৫ | ১৫ | ৬০ |


ক. উৎপাদন অপেক্ষক কাকে বলে? ১
খ. "দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না"—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে মোট খরচ (TC) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক হতে AC" রেখা অঙ্কন করে এর আকৃতির ওপর মন্তব্য কর। ৪

৬ ▶

| উৎপাদন (Q) একক | মোট স্থির ব্যয় (TFC) (টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) (টাকা) |
|---|---|---|
| ১ | ১০০ | ৬০ |
| ২ | ১০০ | ১০০ |
| ৩ | ১০০ | ২৬০ |
| ৪ | ১০০ | ৫০০ |


ক. অর্থনীতিতে উৎপাদন বলতে কী বোঝায়? ১
খ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান'—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক থেকে গড় স্থির ব্যয় (AFC) রেখা অঙ্কন করে রেখাটির আকৃতির ওপর মন্তব্য কর। ৪

৭ ▶




ক. ডুয়োপলি বাজার কাকে বলে? ১
খ. ক্ষতি অবস্থায় একটি ফার্ম স্বল্পকালে কখন উৎপাদন কার্যক্রম চালিয়ে যায়? ২
গ. উদ্দীপক থেকে মোট স্থির ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে বাজারে কোন ধরনের ভারসাম্য প্রকাশ পায় বিশ্লেষণ কর। ৪

৮ ▶




ক. একচেটিয়া বাজার কাকে বলে? ১
খ. দীর্ঘকালীন বাজারে দাম নির্ধারণে চাহিদা ও যোগানের ভূমিকা কেমন? ২
গ. উদ্দীপক অনুযায়ী ফার্মের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের AC রেখা E বিন্দুতে স্পর্শক হলে মুনাফার ক্ষেত্রে কী পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪


৯ ▶ একটি তিন খাতবিশিষ্ট অর্থনীতির তথ্য নিম্নরূপ :
$C = 100 + 0.75Y$, $I = 100$, $G = 150$

ক. NNP-এর পূর্ণরূপ লেখ। ১
খ. সঞ্চয়ের সাথে বিনিয়োগ কীভাবে সম্পর্কিত? ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. সরকারি ব্যয় ৫০ টাকা হ্রাস করা হলে ভারসাম্য আয়ের ওপর কী প্রভাব পড়বে উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

১০ ▶ ২০১৮ সালে 'ক' নামক দেশের ভোগব্যয় (C) ১৫,০০০ কোটি টাকা, বিনিয়োগ ব্যয় (I) ১,০০০ কোটি টাকা, সরকারি ব্যয় (Q) ৮,০০০ কোটি টাকা, আমদানি ব্যয় (M) ১০০ কোটি টাকা এবং রপ্তানি আয় (X) ১৫০ কোটি টাকা। 'খ' দেশের বাসিন্দা মি. রবিন 'ক' দেশের একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে বৈধভাবে কাজ করে দেশে টাকা পাঠান।

ক. নিট জাতীয় আয় কাকে বলে? ১
খ. "সঞ্চয় বিনিয়োগের ভিত্তি"—উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে 'ক' দেশের জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. মি. রবিনের প্রেরিত অর্থ "ক" দেশের জিডিপি (GDP)-তে অন্তর্ভুক্ত হবে কী? তোমার মতামত দাও। ৪

১১ ▶




ক. বিহিত মুদ্রা কত প্রকার? ১
খ. মুদ্রাস্ফীতির ফলে ক্রেতা ও ভোগকারী কীভাবে প্রভাবিত হয়? ২
গ. A ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি ছাড়া উক্ত ব্যাংকের আরও তিনটি কার্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. B ব্যাংকটি চিহ্নিত করে উক্ত ব্যাংকটির ঋণ নিয়ন্ত্রণের তিনটি হাতিয়ার বিশ্লেষণ কর। ৪

## ৪০ ✓ কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রাতুল A দেশে জন্মগ্রহণ করে লেখাপড়া শেষ করে কর্মসংস্থানের জন্য B দেশে গমন করে। সেখানে গিয়ে রাতুল দেখতে পান, সে দেশের সকল অর্থনৈতিক কর্মকাণ্ড একটি কেন্দ্রীয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালিত হয়। অথচ রাতুল জন্মগ্রহণকারী দেশে সরকারি অফিসের পাশাপাশি বেসরকারি অফিসের কর্মকাণ্ড চালু রয়েছে।

ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১
খ. "অসীম সম্পদ থাকলে নির্বাচন সমস্যা সৃষ্টি হতো না।" ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুযায়ী B দেশের অর্থব্যবস্থার ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক A ও B দেশের অর্থব্যবস্থার মধ্যে কোন দেশের অর্থব্যবস্থা তুলামূলক ভালো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▶ নির্দিষ্ট সম্পদের অধীনে একজন উৎপাদকের X ও Y দ্রব্যের উৎপাদনের বিভিন্ন সংমিশ্রণ নিচের তালিকায় দেওয়া হলো :

| X দ্রব্যের উৎপাদন | Y দ্রব্যের উৎপাদন |
|---|---|
| ০ | ১০ |
| ৮ | ৫ |
| ১০ | ০ |

ক. সামষ্টিক অর্থনীতি কী? ১
খ. বাংলাদেশের অর্থব্যবস্থাকে মিশ্র অর্থব্যবস্থা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ভিত্তিতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. (X = ৮, Y = ১০) সংমিশ্রণটি উৎপাদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় তাহলে তা সম্ভব হবে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▶ চাহিদা সমীকরণ $Qd = 20 - 2p$
যোগান সমীকরণ $Qs = -4 + 2p$

ক. চাহিদা বিধি কী? ১
খ. ফ্রিজের চাহিদা স্থিতিস্থাপক হয় কেন? ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য দাম ও ভারসাম্য পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. দাম ৪ টাকা থেকে ৬ টাকায় পরিবর্তনের ক্ষেত্রে চাহিদার দাম স্থিতিস্থাপকতা নির্ণয় করে দ্রব্যের প্রকৃতির ওপর মন্তব্য কর। ৪

৪ ▶ মিতু প্রথমে একটি আপেল ভোগ করে ১০ ইউটিল উপযোগ পায়। পরবর্তীতে কোনো সময়ের ব্যবধান না রেখে ২য়, ৩য় ও ৪র্থ একক আপেল ভোগ করে সে যথাক্রমে ১৮, ২৪ ও ২৮ ইউটিল মোট উপযোগ পায়।

ক. উপযোগ কী? ১
খ. চাহিদা রেখা ডানদিকে নিম্নগামী হয় কেন? ২
গ. উদ্দীপক হতে মিতুর মোট উপযোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে মিতুর আপেল ভোগ করার ক্ষেত্রে কোন বিধি কার্যকরী হয়েছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▶ নিম্নের তালিকা লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :

| দাম (P) | চাহিদা ($Q_d$) | যোগান ($Q_s$) |
|---|---|---|
| ২ | ৪০ | ২০ |
| ৪ | ৩০ | ৩০ |
| ৬ | ২০ | ৪০ |
| ৮ | ১০ | ৫০ |


ক. যোগান কী? ১
খ. ঋতুর পরিবর্তন যোগানকে কীভাবে প্রভাবিত করে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তালিকা অনুযায়ী ভারসাম্য দাম ও পরিমাণ চিত্রে দেখাও। ৩
ঘ. যদি দাম স্থির অবস্থায় প্রতিটি দামস্তরে যোগান ২০ একক করে হ্রাস পায় তাহলে ভারসাম্যের ক্ষেত্রে কী ধরনের পরিবর্তন হবে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ নিম্নের সূচিটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :

| উৎপাদন | মোট ব্যয় |
|---|---|
| ১ | ৫ |
| ২ | ৮ |
| ৩ | ৯ |
| ৪ | ১২ |
| ৫ | ২০ |


ক. উৎপাদন কী? ১
খ. দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না কেন? ২
গ. উদ্দীপকের সূচি থেকে প্রান্তিক ব্যয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. উৎপাদনের সকল স্তরে গড় ব্যয় ও প্রান্তিক ব্যয় সমান থাকে কি? উদ্দীপকের আলোকে যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. অর্থনীতিতে বাজার কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্মকে দাম সৃষ্টিকারী বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে ফার্মটির লোকসানের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ফার্মটি যদি স্বাভাবিক মুনাফা অর্জন করতে চায় তাহলে উদ্দীপকের কোনো পরিবর্তন করতে হবে কি? তোমার মতামত দাও। ৪

৮ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. ফার্ম কী? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মকে দামগ্রহীতা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে ফার্মটির মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. যদি গড় ব্যয় বৃদ্ধি পেয়ে ২৫ টাকা হয় তাহলে মুনাফার ক্ষেত্রে কী ধরনের পরিবর্তন হবে ব্যাখ্যা কর। ৪

৯ ▶ $C = 200 + 0.5\ Y$, $I = 500$ যেখানে C = ভোগ ব্যয়, I = বিনিয়োগ ব্যয় এবং Y = আয়।

ক. ব্যয়যোগ্য আয় কী? ১
খ. "GNP ও GDP সব সময় সমান হয় না"। ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ভোগ রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের সাহায্যে সঞ্চয় ও বিনিয়োগের সমতা পদ্ধতিতে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৪

১০ ▶ একটি অর্থনীতির নিম্নোক্ত তথ্য বিদ্যমান রয়েছে।
মোট বিহিত মুদ্রা = ১০০০
মুদ্রার প্রচলন গতি = ৫
ব্যাংক মুদ্রার পরিমাণ = ৫০০
ব্যাংক মুদ্রার প্রচলন গতি = ২
লেনদেনের পরিমাণ = ১০০

ক. মুদ্রার মূল্য কী? ১
খ. অর্থকে বিনিময়ের মাধ্যম বলা হয় কেন? ২
গ. উদ্দীপক অনুযায়ী দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. যদি বিহিত মুদ্রার পরিমাণ দ্বিগুণ করা হয় তাহলে অর্থের মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ৪

১১ ▶ বাণিজ্যিক ব্যাংকের প্রাথমিক আমানতের পরিমাণ ১০০০০ টাকা এবং প্রয়োজনীয় বৈধ রিজার্ভ ১০%। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সম্প্রতি রিজার্ভ হার বৃদ্ধি করে ২০% করেছে।

ক. ব্যাংক হার কী? ১
খ. মোবাইল ব্যাংক কীভাবে ব্যাংকিং কার্যক্রমকে সহজ করেছে? ২
গ. উদ্দীপক অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকের ঋণসৃষ্টির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. রিজার্ভের হার বৃদ্ধির ফলে বাণিজ্যিক ব্যাংকের ঋণসৃষ্টির ওপর কী ধরনের প্রভাব পড়বে বলে তুমি মনে কর? ৪

## ৪১ বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিচে দুটি দ্রব্য X ও Y এর উৎপাদন সম্ভাবনা সূচি দেওয়া হলো। তার ভিত্তিতে নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দাও :

| সংমিশ্রণ | X দ্রব্য | Y দ্রব্য |
|---|---|---|
| A | ১২০ | ০০ |
| B | ১০০ | ৫০ |
| C | ৫০ | ১০০ |
| D | ০০ | ১২০ |


ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১
খ. সুযোগ ব্যয়ের উদ্ভব ঘটে কেন? ২
গ. উদ্দীপকের আলোকে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. 'X' দ্রব্যের উৎপাদন ১০০ একক অবস্থায় 'Y' দ্রব্য ১০০ একক উৎপাদন সম্ভব নয়–তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▶




ক. সুযোগ ব্যয় বলতে কী বোঝ? ১
খ. 'সম্পদের ব্যক্তিমালিকানা ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় বৈষম্য সৃষ্টি করে'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে মৌলিক অর্থনৈতিক সমস্যার কথা উপস্থাপিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. N বিন্দুতে উৎপাদন করার ক্ষেত্রে সম্ভাবনা ও যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. পরিপূরক দ্রব্য কী? ১
খ. দামের সাথে যোগানের সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. X দ্রব্যের চাহিদা সমীকরণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে স্থিতিস্থাপকতা নির্ণয় করে দ্রব্যের প্রকৃতি সম্পর্কে মন্তব্য কর। ৪

৪ ▶ চাহিদা সমীকরণ : $Qd = 100 - 10P$ যোগান সমীকরণ : $Qs = -8 + 2P$
এখানে, Qd = চাহিদার পরিমাণ, Qs = যোগান পরিমাণ এবং P = দাম

ক. অধীন চলক কী? ১
খ. আড়াআড়ি স্থিতিস্থাপকতার মান ধনাত্মক হলে দ্রব্য দুটির প্রকৃতি কীরূপ? ২
গ. উদ্দীপকের আলোকে যোগান রেখা নির্ণয় কর। ৩
ঘ. দাম বৃদ্ধি পেলে ভারসাম্যের ওপর কীরূপ প্রভাব পড়বে? মতামত দাও। ৪

৫ ▶

| বিক্রয়ের পরিমাণ | মোট আয় |
|---|---|
| ১ একক | ১৫ টাকা |
| ২ একক | ২৮ টাকা |
| ৩ একক | ৩৯ টাকা |
| ৪ একক | ৪৮ টাকা |
| ৫ একক | ৫৫ টাকা |


ক. মোট আয় কী? ১
খ. পূর্ণ প্রতিযোগিতা ও একচেটিয়া বাজারে কি গড় আয় রেখা একই হয়? কেন? ২
গ. উদ্দীপকের আলোকে মোট আয় রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গড় আয় ও প্রান্তিক আয় রেখা অঙ্কন পূর্বক তাদের আকৃতি বর্ণনা কর। ৪

৬ ▶ একটি ফার্মের উৎপাদন ও ব্যয় সূচি নিম্নরূপ :

| উৎপাদন (Q) | মোট স্থির ব্যয় (টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (টাকা) |
|---|---|---|
| ১০ | ১২০ টাকা | ৮০ |
| ২০ | ১২০ টাকা | ১৮০ |
| ৩০ | ১২০ টাকা | ৪২০ |
| ৪০ | ১২০ টাকা | ৬৮০ |
| ৫০ | ১২০ টাকা | ১৩৮০ |

ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. স্থির মাত্রাগত উৎপাদনের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. ২০ একক ও ৬০ একক উৎপাদনের ক্ষেত্রে গড় ব্যয় ও প্রান্তিক ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. গড় স্থির ব্যয় রেখাটি অঙ্কন করে এর আকৃতির ওপর মন্তব্য কর। ৪

৭ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. ফার্ম কাকে বলে? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ফার্মের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. ফার্মটির যদি 300 টাকা লোকসান হয় তবে AC রেখার কীরূপ পরিবর্তন হবে? সচিত্র বিশ্লেষণ কর। ৪


৮ ▶ মি. রায়হান তার ছোট্ট ছেলেকে নিয়ে বাড়ির নিকটবর্তী বাজারে গেলেন। সেখানে অনেক ক্রেতা বিক্রেতা দেখে ছেলে বাবাকে জিজ্ঞেস করল, এখানে এত লোক সমাগম কেন? বাবা উত্তরে বললেন, এরূপ বাজারে ক্রেতা বিক্রেতা এরকমই থাকে। ছেলে দেখলো বাজারে বিক্রয়কৃত দ্রব্যগুলো সমমানের। বাবার সাথে পছন্দনীয় দ্রব্য ক্রয় করে উভয়ে আনন্দচিত্তে বাড়ি ফিরল।

ক. অর্থনীতিতে বাজার কাকে বলে? ১
খ. সময়ের ভিত্তিতে বাজারের শ্রেণিবিভাগ উল্লেখ কর। ২
গ. কোন বাজারে চাহিদা রেখা বাজারকে ডানদিকে নিম্নগামী হয়? কেন? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বাজারের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৪

৯ ▶ স্বল্পকালীন ভোগ অপেক্ষক :
$C = 100 + 0.6Y$
$I = 200, G = 250$
যেখানে, C = ভোগ, I = বিনিয়োগ এবং G = সরকারি ব্যয়

ক. দ্বৈত গণনা সমস্যা কী? ১
খ. প্ররোচিত ভোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ভোগ রেখা অঙ্কন করে চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

১০ ▶ বাংলাদেশের ভারসাম্য জাতীয় আয় নিচের রেখাচিত্রের মাধ্যমে প্রকাশ করা হলো :




ক. মোট দেশজ উৎপাদন কী? ১
খ. সঞ্চয় বিনিয়োগের ভিত্তি–ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অপূর্ণ নিয়োগের ভারসাম্য জাতীয় আয় কোন বিন্দুতে নির্ধারিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থনীতিতে কীরূপে পূর্ণ নিয়োগের ভারসাম্য অর্জন করা যায়? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ একটি দেশের মুদ্রা সম্পর্কিত তথ্য নিম্নরূপ :
মোট বিহিত অর্থের পরিমাণ = ২০০ কোটি টাকা, অর্থের প্রচলন গতি = ১০, ব্যাংক অর্থের পরিমাণ = ১০০ কোটি টাকা, ব্যাংক অর্থের প্রচলন গতি = ৫, মোট বাণিজ্যের পরিমাণ = ১০০ একক


ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. সুদের হারের সাথে অর্থের ফটকা চাহিদার সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে দাম স্তর নির্ণয় কর। ৩
ঘ. মোট বিহিত মুদ্রার পরিমাণ দ্বিগুণ করা হলে মুদ্রার মূল্যের ওপর কী প্রভাব পড়বে? সচিত্র বিশ্লেষণ কর। ৪

## ৪২ ✓ পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজ, রংপুর

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶




ক. ব্যষ্টিক অর্থনীতি কাকে বলে? ১
খ. মিশ্র অর্থব্যবস্থায় মূল্য কীভাবে নির্ধারিত হয়? ২
গ. উদ্দীপকে যে মৌলিক অর্থনৈতিক সমস্যার কথা উপস্থিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. E ও F বিন্দুতে উৎপাদন করার ক্ষেত্রে সম্ভাবনা ও যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▶

| দ্রব্য ভোগের একক | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|
| ১ম | 10 |
| ২য় | 8 |
| ৩য় | 6 |
| ৪র্থ | 4 |
| ৫ম | 2 |
| ৬ষ্ঠ | 0 |
| ৭ম | – 2 |

ক. চাহিদার হ্রাস-বৃদ্ধি কী? ১
খ. প্রান্তিক উপযোগ রেখা নিম্নগামী হয় কেন? ২
গ. উদ্দীপক হতে মোট উপযোগের তালিকা প্রস্তুত কর। ৩
ঘ. উদ্দীপকে অর্থনীতির কোন বিধিটি কার্যকর? চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একটি দ্রব্যের চাহিদা অপেক্ষক ও যোগান অপেক্ষক দেওয়া হলো :
$Qd = 20 - P$ এবং $Qs = -4 + 3P$
ক. যোগান কী? ১
খ. চায়ের মূল্য বৃদ্ধিতে কফির চাহিদার ওপর যে প্রভাব পড়বে তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে ভারসাম্য মূল্য ও পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. সরকার যদি দ্রব্যের দাম ৪ টাকা নির্ধারণ করে তবে কী অবস্থা হবে তা ব্যাখ্যা কর। ৪

৪ ▶ নিচের ছকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :

| উপকরণ ব্যয় | ১০০ | ২০০ | ৩০০ | ৪০০ | ৫০০ | ৬০০ |
|---|---|---|---|---|---|---|
| মোট উৎপাদন | ৩ | ৮ | ১৫ | ২৫ | ৩৭ | ৫২ |


ক. ভূমির মালিকের আয়কে কী বলা হয়? ১
খ. শ্রমিক কেন তার শ্রমকে সঞ্চয় করে রাখতে পারে না ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি কোন ধরনের উৎপাদন বিধি প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে ধরনের উৎপাদন বিধি দেখানো হয়েছে তা বাস্তবে কোনো উৎপাদন ক্ষেত্রে কার্যকর হয় কি? তোমার মতামত দাও। ৪

৫ ▶

| উৎপাদন (Q) (টন) | মোট স্থির ব্যয় (TFC) (লক্ষ টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) (লক্ষ টাকা) |
|---|---|---|
| ১ | ১২ | ৫ |
| ২ | ১২ | ১৪ |
| ৩ | ১২ | ২১ |
| ৪ | ১২ | ৩৬ |
| ৫ | ১২ | ৬৩ |

ক. উৎপাদনের উপকরণ কী কী? ১
খ. দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না কেন? ২
গ. উদ্দীপক হতে উৎপাদনের প্রতি স্তরে মোট খরচ (TC) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক হতে প্রাপ্ত গড় ব্যয় রেখার এরূপ আকৃতি হওয়ার কারণসমূহ আলোচনা কর। ৪

৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. বাজার কাকে বলে? ১
খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কেন AR = MR হয়? ২
গ. উদ্দীপক থেকে প্রতিষ্ঠানটির মোট মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. ৮ একক উৎপাদন স্তরে গড় ব্যয় বৃদ্ধি পেয়ে ১০ টাকা হলে প্রতিষ্ঠানটির মুনাফার ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৭ ▶

| বিক্রয়ের মান (Q) (কেজি) | দাম (P) (টাকা) |
|---|---|
| 1 | 10 |
| 2 | 9 |
| 3 | 8 |
| 4 | 7 |

ক. ডুয়োপলি বাজার কাকে বলে? ১
খ. অতি স্বল্পকালীন বাজারে শুধু চাহিদার ওপর দাম নির্ধারিত হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে AR ও MR নির্ণয় কর। ৩
ঘ. দাম হ্রাস না পেয়ে 10 টাকায় স্থির থাকলে AR ও MR রেখা অঙ্কন কর ও বাজারব্যবস্থার প্রকৃতির ওপর মন্তব্য কর। ৪

৮ ▶ $Y = \sum R + \sum W + \sum i + \sum P$ .......... (i)
$Y = C + I + G + (X - M)$ .......... (ii)
ক. জাতীয় আয় কী? ১
খ. আয় থেকে বিনিয়োগের উৎপত্তি হয় কীভাবে? ২
গ. (i)নং সমীকরণ থেকে জাতীয় আয় প্রাপ্তি ব্যাখ্যা কর। ৩
ঘ. (ii)নং সমীকরণের আলোকে জাতীয় আয়ের উপাদানসমূহ বিশ্লেষণ কর। ৪

৯ ▶ সঞ্চয় সমীকরণ : $S = -10 + 0.2Y$; বিনিয়োগ সমীকরণ : $I = 100$.
ক. ভোগ কী? ১
খ. জি.ডি.পিতে প্রবাসীদের আয় অন্তর্ভুক্ত হয় না কেন? ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. বিনিয়োগের পরিমাণ 200 টাকা হলে জাতীয় আয়ের কী ধরনের পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

১০ ▶ অর্থনীতিবিদ আরভিং ফিশারের অর্থের পরিমাণ তত্ত্বে $M = 100$, $V = 5$ এবং $T = 10$, যেখানে M = লেনদেনের পরিমাণ, P = দামস্তর ও V = প্রচলন গতি।
ক. 'নিকাশঘর' কী? ১
খ. অনলাইন ব্যাংকিং-এর বিশেষ সুবিধা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের M-এর মান 200 হলে অর্থের মূল্যের ওপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ ২০১৮ সনে 'ক' দেশে যে মূল্যস্তর ছিল, বর্তমানে করোনা মহামারির কারণে সে দেশে মূল্যস্তর অনেক বৃদ্ধি পেয়েছে। এ অবস্থায় সে দেশের কেন্দ্রীয় ব্যাংক, ব্যাংক হার বৃদ্ধি, খোলাবাজারে ঋণপত্র বিক্রি ও নগদ জমার হার বাড়িয়ে দেয়। এছাড়া ঋণের রেশনিং, বন্ধকি ঋণের নগদাংশ পরিবর্তন করে এবং নৈতিক প্ররোচনাও চালায়।
ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. মুদ্রার যোগান বলতে কি শুধু চাহিদা আমানতকেই নির্দেশ করে? ২
গ. উদ্দীপক হতে ঋণ নিয়ন্ত্রণের পরিমাণগত ও গুণগত হাতিয়ারগুলো চিহ্নিত কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত সিদ্ধান্ত মূল্যস্তর নিয়ন্ত্রণে কীভাবে ভূমিকা পালন করতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

## ৪৩ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সৈয়দপুর

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### অর্থনীতি প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶

| সংমিশ্রণ | ধান | গম |
|---|---|---|
| A | 0 | 25 |
| B | 15 | 24 |
| C | 20 | 20 |
| D | 24 | 15 |
| E | 25 | 0 |

ক. অর্থনৈতিক ব্যবস্থা কী? ১

খ. কোনো একটি দেশের অর্থব্যবস্থাকে কখন মিশ্র বলা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উপরের সূচি ব্যবহার করে PPC রেখা অঙ্কন কর। ৩

ঘ. সূচির আলোকে (ধান $x = 15$, গম $y = 15$) এবং (ধান $x = 26$, গম $y = 20$) বিন্দু দুটো তুলনা কর। ৪

২ ▶ প্রদত্ত সমীকরণের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

চাহিদা সমীকরণ, $Qd = 20 - 4P$

যোগান সমীকরণ, $Qs = -4 + 4P$

যেখানে, Qd যোগান সমীকরণ, Qs চাহিদা সমীকরণ, দাম = P

ক. চাহিদা রেখা কী? ১

খ. বিজ্ঞাপন কি চাহিদাকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকের সমীকরণ দুটি থেকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. দাম 2 টাকা ও 4 টাকা হলে ভারসাম্যের ওপর কী প্রভাব পড়বে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ ভোজ্যতেলের মূল্যের পরিবর্তনের সাথে সাথে মিজান সাহেবের তেল ক্রয়ের পরিবর্তন ঘটে। নিম্নে বিভিন্ন দামের প্রেক্ষিতে মিজান সাহেবের তেল ক্রয়ের পরিমাণ দেখানো হলো :

| প্রতি লিটারে দাম | ক্রয়ের পরিমাণ |
|---|---|
| ৫০ | ১০ |
| ৬০ | ৯ |
| ৭০ | ৮ |

ক. রেখার ঢাল কী? ১

খ. চাহিদার ওপর আয়ের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উপরের উদ্দীপক হতে প্রাসঙ্গিক একটি রেখা অঙ্কন কর। ৩

ঘ. তেলের দাম ৫০/-টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৬০/- টাকা হলে স্থিতিস্থাপকতা নির্ণয় করে তেলের স্থিতিস্থাপকতার ওপর মন্তব্য কর। ৪

৪ ▶

| উৎপাদন (হাজারে) | ০ | ১০ | ২০ | ২০ | ৩০ | ৪০ | ৫০ |
|---|---|---|---|---|---|---|---|
| মোট স্থির ব্যয় (লক্ষ টাকায়) | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ |
| মোট ব্যয় (লক্ষ টাকায়) | ৩০ | ৩৬ | ৪২ | ৪২ | ৫৪ | ৮০ | ১৫০ |

ক. উৎপাদন অপেক্ষক কাকে বলে? ১

খ. উৎপাদনের ক্ষেত্রে দীর্ঘমেয়াদ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপক হতে প্রাপ্ত AVC রেখার আকৃতির ওপর মন্তব্য কর। ৩

ঘ. উদ্দীপক হতে AC ও MC এর সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৫ ▶ সাজুর ২ একর জমি আছে। ২০০৮ সাল থেকে তিনি উক্ত জমিতে টানা ৫ হাজার গাজর চাষ করেন। ১ম বছর ১ জন শ্রমিক নিয়োগ দিয়ে উৎপাদন হয় ৪ টন। গাজার উৎপাদন লাভজনক দেখে তিনি পরবর্তী প্রতিবছরই অতিরিক্ত ১ জন শ্রমিক নিয়োগ দেন এবং উৎপাদন হয় যথাক্রমে ১২ টন, ১৬ টন এবং ১৪ টন।


ক. মাত্রাগত উৎপাদন কী? ১

খ. শিল্পক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদনবিধিটি অপেক্ষাকৃত দেরিতে কার্যকর হয় কেন? ২

গ. উদ্দীপকের ভিত্তিতে গাজরের মোট উৎপাদন রেখাটি অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকে গাজর উৎপাদনের সকল পর্যায়েই ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদনবিধিটি কার্যকর হয়েছে কী? তোমার যুক্তির সাপেক্ষে মতামত দাও। ৪

৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।





ক. দ্বিপাক্ষিক একচেটিয়া কাকে বলে? ১

খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কেন AR = MR হয়? ২

গ. উদ্দীপক হতে প্রতিষ্ঠানটির মোট মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. ৮ একর উৎপাদন স্তরে গড় ব্যয় বৃদ্ধি পেয়ে ১০ টাকা হলে প্রতিষ্ঠানটির মুনাফার ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৭ ▶




ক. ফার্ম কাকে বলে? ১

খ. পূর্ণ প্রতিযোগিতায় ক্রেতা ও বিক্রেতাকে দামগ্রহীতা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে ফার্মের ভারসাম্য অবস্থা ব্যাখ্যা কর। ৩

ঘ. ফার্মটির যদি 72 টাকা লোকসান হয় তবে AC রেখার কীরূপ পরিবর্তন হবে চিত্রে দেখাও। ৪

৮ ▶ একটি অর্থনীতির ভোগ ও বিনিয়োগ সমীকরণ নিম্নরূপ—

$C = 100 + 0.8Y$

$I = 200$

ক. NNI এর সংজ্ঞা দাও। ১

খ. GDP ও GNP এর ২টি পার্থক্য দাও। ২

গ. উদ্দীপকের সমীকরণ ব্যবহার করে সঞ্চয় ও বিনিয়োগের সমতার মাধ্যমে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. সরকারি ব্যয় ২০০ টাকা যুক্ত হলে ভারসাম্য জাতীয় আয়ের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৯ ▶ জাতীয় আয়, $(Y) = C + I = AD_1$ ... (i)

$Y - C + I + G = AD_2$ ... (ii)

$Y = C + I + G + X_n$ .... (iii)

$45° = AS$ ... (iv)

ক. সামগ্রিক আয় কাকে বলে? ১

খ. কোন অবস্থায় GDP = GNP-ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের (i) ও (iv)নং সমীকরণ ব্যবহার করে জাতীয় আয়ের ভারসাম্যের চিত্র অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে পূর্ণ নিয়োগের ভারসাম্য অর্জন সম্ভব কি? চিত্রে বিশ্লেষণ কর। ৪

১০ ▶

| ব্যাংক | কাজের ধরন |
|---|---|
| A | আমানত সংগ্রহ, ঋণ আমানত সৃষ্টি, মূলধন গঠন |
| B | ঋণ নিয়ন্ত্রণ, দামস্তরের স্থিতিশীলতা রক্ষা, নিকাশ ঘর |

ক. বিহিত মুদ্রা কী? ১

খ. মোবাইল ব্যাংকিং ক্রমশ জনপ্রিয় হয়ে উঠছে কেন? ২

গ. A ব্যাংক কীভাবে মূলধন গঠন করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. B ব্যাংক কর্তৃক A ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে ব্যাংক হার নীতি কীভাবে কাজ করে তা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ একটি দেশের অর্থের যোগান, অর্থের প্রচলন গতি এবং লেনদেনের পরিমাণ হচ্ছে যথাক্রমে M = 500, V = 40, T = 400। সম্প্রতি সরকার অর্থের যোগান কমিয়ে 400 নির্ধারণ করে।

ক. বিশেষায়িত ব্যাংক কাকে বলে? ১

খ. অর্থের মূল্যের সাথে দ্রব্যমূল্যের সম্পর্ক কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের দেশটির দামস্তর নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক হতে দামস্তরের ওপর সম্প্রতি সরকারের সিদ্ধান্তের প্রভাব বিশ্লেষণ কর। ৪

## ৪৪ ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ, বিইউএসএমএস, পার্বতীপুর, দিনাজপুর

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶

| সংমিশ্রণ | ধান (মে. টন) | পাট (মে. টন) |
|---|---|---|
| A | ৩০ | ০ |
| B | ২৫ | ১৫ |
| C | ২০ | ২৫ |
| D | ২০ | ৩০ |
| E | ০ | ৩২ |

ক. নির্দেশমূলক অর্থব্যবস্থা কাকে বলে? ১
খ. দুষ্প্রাপ্যতা কাকে বলে? ২
গ. উদ্দীপকের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩
ঘ. ১০ মে. টন ধান এবং ১৫ মে. টন পাট উৎপাদন করা কী সম্ভব? তোমার মতামত দাও। ৪

২ ▶




ক. দুষ্প্রাপ্যতা কাকে বলে? ১
খ. মিশ্র অর্থব্যবস্থায় মূল্য কীভাবে নির্ধারিত হয়? ২
গ. উদ্দীপকে যে মৌলিক অর্থনৈতিক সমস্যার কথা উপস্থাপিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. E ও F বিন্দুতে উৎপাদন করার ক্ষেত্রে সম্ভাবনা ও যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩ ▶

| দ্রব্যের দাম (P) টাকা | চাহিদার পরিমাণ (Qd) (একক) | যোগানের পরিমাণ (Qs) (একক) |
|---|---|---|
| ১০ | ৩০০ | ১০০ |
| ২০ | ২০০ | ২০০ |
| ৩০ | ১০০ | ৩০০ |

ক. চাহিদার প্রসারণ কী? ১
খ. যোগান রেখা কী সর্বদা ডানদিকে উর্ধ্বগামী হয়? ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ধারণ চিত্রের সাহায্যে দেখাও। ৩
ঘ. ১০ টাকা ও ৩০ টাকা দামে বাজার পরিস্থিতির ওপর মন্তব্য কর। ৪

৪ ▶

| Q | TFC | TVC |
|---|---|---|
| ১ | ১০ | ৬ |
| ২ | ১০ | ১০ |
| ৩ | ১০ | ২৬ |
| ৪ | ১০ | ৫০ |


ক. উৎপাদন অপেক্ষক কী? ১
খ. উৎপাদনকারীকে কখন স্থির খরচ বহন করতে হয়? ২
গ. উদ্দীপকের আলোকে গড় খরচ বের কর। ৩
ঘ. উদ্দীপক থেকে প্রান্তিক ব্যয় রেখা অঙ্কন করে রেখার প্রকৃতি ব্যাখ্যা কর। ৪

৫ ▶

| শ্রম ও মূলধন | মোট উৎপাদন | প্রান্তিক উৎপাদন |
|---|---|---|
| ১ জন ও ১০০ টাকা | ১২ একক | ১২ একক |
| ২ জন ও ১০০ টাকা | ২২ একক | ১০ একক |
| ৩ জন ও ১০০ টাকা | ৩০ একক | ৮ একক |
| ৪ জন ও ১০০ টাকা | ৩৬ একক | ৬ একক |


ক. উৎপাদন কী? ১
খ. মূলধন হলো উৎপাদনের উৎপাদিত উপাদান– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মোট উৎপাদন রেখা অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে খামারে কোন বিধিটি কার্যকর হয়েছে? বিধিটি কোন ক্ষেত্রে বেশি কার্যকর? মতামত দাও। ৪

৬ ▶




ক. একচেটিয়া বাজার কাকে বলে? ১
খ. ক্ষতি অবস্থায় একটি ফার্ম স্বল্পকালে কখন উৎপাদন কার্যক্রম চালিয়ে যায়? ২
গ. উদ্দীপক থেকে মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. চিত্র অনুযায়ী গড় ব্যয় AC এর পরিবর্তে $AC_1$ হলে মুনাফার উপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৭ ▶





ক. ফার্ম কী? ১
খ. দীর্ঘকালীন বাজার বলতে কী বোঝায়? ২
গ. চিত্রে কী ধরনের মুনাফা অর্জিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. AR ও MR প্রদত্ত অবস্থায় ফার্ম অস্বাভাবিক মুনাফা অর্জন করতে পেলে AC ও MC রেখার সম্ভাব্য কোন ধরনের পরিবর্তন হতে পারে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ 'X' দেশের বিহিত মুদ্রার পরিমাণ (M) = 5000, ব্যাংক সৃষ্ট মুদ্রা (M′) = 3000, উভয় প্রকার মুদ্রার প্রচলন গতি (V ও V′) = 4, ক্রয়-বিক্রয়ের জন্য দ্রব্যসামগ্রীর পরিমাণ (T) = 4000। সময়ের পরিবর্তনে X দেশের বিহিত মুদ্রা ও ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ দ্বিগুণ হলো।

ক. ব্যাংক কাকে বলে? ১
খ. ‘বাংলাদেশ ব্যাংককে’ কেন কেন্দ্রীয় ব্যাংক বলা হয়? ২
গ. ফিশারের বিনিময় সমীকরণের আলোকে উদ্দীপকের প্রদত্ত তথ্যের আলোকে দামস্তর (P) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে অর্থের যোগান ও অর্থের মূল্যের বিপরীতে সম্পর্ক আরভিং ফিশারের অর্থের পরিমাণ তত্ত্বের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৯ ▶




ক. মুদ্রার মূল্য কী? ১
খ. অর্থের ফটকা চাহিদা কেন সুদের ওপর নির্ভরশীল? ২
গ. উদ্দীপকের Q দ্বারা যে ব্যাংকের নির্দেশ করছে সমাজসেবার ক্ষেত্রে তার ভূমিকা কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. P ব্যাংকটি Q ব্যাংকের ঋণ প্রবাহ নিয়ন্ত্রণে পরিমাণগত না কী গুণগত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি বেশি কার্যকর? বিশ্লেষণ কর। ৪

১০ ▶ $C = 100 + 0.75Y$, $I = 100$, $G = 150$

ক. দ্বৈত গণনা সমস্যা কী? ১
খ. সঞ্চয়ের সাথে বিনিয়োগ কীভাবে সম্পর্কিত? ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩
ঘ. সরকারি ব্যয় ৫০ টাকা হ্রাস করা হলে ভারসাম্য আয়ের ওপর কী প্রভাব পড়বে? আলোচনা কর। ৪

১১ ▶ একটি বাণিজ্যিক ব্যাংকে প্রাথমিক আমানতের পরিমাণ ২০,০০০ টাকা এবং প্রয়োজনীয় বৈধ রিজার্ভ ১০%। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সম্প্রতি রিজার্ভের হার বৃদ্ধি করে ২০% করেছে।

ক. অনলাইন ব্যাংকিং বলতে কী বোঝায়? ১
খ. মুদ্রার যোগান বলতে কি শুধু চাহিদা আমানতকেই নির্দেশ করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃক সৃষ্ট ঋণ আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক রিজার্ভের হার বৃদ্ধির ফলে ঋণ আমানত সৃষ্টির ক্ষেত্রে কীরূপ প্রভাব পড়বে বলে তুমি মনে কর। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৪৫ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 0 9

সময় : ৩০ মিনিট

### অর্থনীতি প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]


১. **"দুষ্প্রাপ্য সম্পদের ব্যবহার এবং সমাজের আয় ও নিয়োগ ব্যবস্থার আলোচনাই হলো অর্থনীতির মূল বিষয়"– উক্তিটি কার?**
K আর এম ববার L বেনহাম
M লর্ড জে. এম. কেইন্স N ডেভিড রিকার্ডো

২. **অস্ট্রেলিয়ান লেবার পার্টি বিশ্বে সর্বপ্রথম কখন সমাজতান্ত্রিক দল হিসেবে নির্বাচিত হয়েছিল?**
K ১৮৭০ সালে L ১৮৯৯ সালে
M ১৯১৭ সালে N ১৯৩০ সালে

৩. **ইজমা বা ঐকমত্য ইসলামি আইনের কততম উৎস?**
K ১ম L ২য় M ৩য় N ৪র্থ


৪. **ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়–**
i. সামাজিক নিরাপত্তা থাকে
ii. বেকারত্ব বিদ্যমান থাকে
iii. পরিকল্পনা হয় গণমুখী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **চিত্রটি দেখে ৫নং প্রশ্নের উত্তর দাও :**




৫. **যদি কোনো সমাজে Y দ্রব্যের তুলনায় X দ্রব্যের উৎপাদন বেশি করতে হয় তবে চিত্রে উল্লিখিত কোন বিন্দুতে উৎপাদন সর্বোচ্চ হবে?**
K Q বিন্দু L R বিন্দু M A বিন্দু N B বিন্দু

৬. **নিচের কোন রেখাটির স্থিতিস্থাপকতা একক স্থিতিস্থাপক?**
K L M N




৭. **দ্রব্যের দাম বৃদ্ধি পেলেও চাহিদা অপরিবর্তিত থাকবে যদি–**
i. ভবিষ্যতে দাম বৃদ্ধির সম্ভাবনা থাকে
ii. বিকল্প দ্রব্যের দাম কমে
iii. দ্রব্যটি অত্যাবশ্যকীয় হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮নং প্রশ্নের উত্তর দাও :**


| দ্রব্যের দাম (P) | আয় (Y) | চাহিদার পরিমাণ (Qd) |
|---|---|---|
| ১৫ টাকা | ২০০০ টাকা | ১০০ একক |
| ১৫ টাকা | ৪০০০ টাকা | ২০০ একক |

৮. **উদ্দীপক অনুসারে আয় স্থিতিস্থাপকতার মান কত হবে?**
K –1 L 1 M 0 N $\frac{1}{2}$

৯. **"একটি সরল রেখার ঢাল হলো Y অক্ষ বরাবর দূরত্ব পরিবর্তন এবং X অক্ষ বরাবর দূরত্ব পরিবর্তনের অনুপাত"– উক্তিটি কার?**
K আলফ্রেড মার্শাল L ডেভিড রিকার্ডো
M এ. সি. চিয়াং N আর. জে. লিপসি

১০. **কোনো দ্রব্যের দাম ৫ টাকা থেকে বেড়ে ১০ টাকা হলে চাহিদা যদি ১০ একক হতে পরিবর্তন না হয়ে পূর্বের মতোই থাকে তবে উক্ত দ্রব্যের স্থিতিস্থাপকতা কেমন হবে?**
K স্থিতিস্থাপকতা L বিশুদ্ধ স্থিতিস্থাপক
M বিশুদ্ধ অস্থিতিস্থাপকতা N অস্থিতিস্থাপক

■ **চিত্রটি দেখে ১১নং প্রশ্নের উত্তর দাও :**




১১. **উদ্দীপক অনুসারে উদ্বৃত্ত যোগানের পরিমাণ কত?**
K $P_1L$ L LM M $P_3R$ N RN

১২. **দীর্ঘকালীন গড় ব্যয় (LAC) রেখার আকৃতি কেমন হয়?**
K বাম থেকে ডান দিকে নিম্নগামী
L বাম থেকে ডানদিকে ঊর্ধ্বগামী
M অপেক্ষাকৃত খাড়া U আকৃতির
N অপেক্ষাকৃত বিস্তৃত U আকৃতির


১৩. **মোট উৎপাদন যখন ক্রমবর্ধমান হারে বাড়ে তখন–**
i. AP < MP হয়
ii. AP কমে এবং MP বাড়ে
iii. AP ও MP উভয়ই বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
X নামক বিস্কুট তৈরির কারখানায় ১টি মেশিন ব্যবহার করে ৫ জন শ্রমিক ১০ প্যাকেট বিস্কুট তৈরি করে। উৎপাদন বৃদ্ধির জন্য আরও ১ জন শ্রমিক নিয়োগ দিলে মোট উৎপাদন বেড়ে ১২ প্যাকেট হলেও পরবর্তীতে অতিরিক্ত ১ জন শ্রমিক নিয়োগ দিলে উৎপাদন আর বৃদ্ধি পায় না।

১৪. **৬ষ্ঠ শ্রমিকের প্রান্তিক উৎপাদন কত?**
K ১ L ২ M ৩ N ৪

১৫. **উক্ত কারখানার ক্ষেত্রে যা প্রযোজ্য তা হলো–**
i. উৎপাদন অপেক্ষক স্বল্পকালীন
ii. Q = f(L, k)
iii. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি কার্যকর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **চিত্রটি দেখে ১৬নং প্রশ্নের উত্তর দাও :**





১৬. **উপরের চিত্রটি কোন উৎপাদন বিধির সাথে সম্পর্কিত?**
K ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন বিধি
L ক্রমবর্ধমান মাত্রাগত উৎপাদন বিধি
M ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
N স্থির মাত্রাগত উৎপাদন বিধি

| শ্রম নিয়োগ (L) | মোট উৎপাদন (TP) | প্রান্তিক উৎপাদন (MP) |
|---|---|---|
| ১ | ২০ | ২০ |
| ২ | ২৫ | ৫ |
| ৩ | ? | ৪ |

১৭. **উদ্দীপকের খালি ঘরে মোট উৎপাদন কত হবে?**
K ৪৫ L ২০ M ২৫ N ২৯

১৮. **একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারে প্রবক্তা হিসেবে স্বীকার করা হয় নিচের কোন অর্থনীতিবিদকে?**
K জোয়ান রবিনসন L ই. এইচ. চেম্বারলিন
M লারনার N ই. ম্যালফিল্ড

■ **চিত্রটি দেখে ১৯নং প্রশ্নের উত্তর দাও :**




১৯. **উদ্দীপকে ফার্মের মুনাফার পরিমাণ কত?**
K 50 L 650 M 300 N 750

২০. **একচেটিয়া বাজারে–**
i. দীর্ঘকালে ফার্ম অতিরিক্ত মুনাফাই অর্জন করে
ii. ফার্ম দাম নিয়ন্ত্রণ করতে পারে
iii. স্বল্পকালে স্বাভাবিক মুনাফা অর্জন করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. **ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি কার হতে পরিশীলিত রূপ লাভ করে?**
K স্টিগলার L মার্শাল
M টারগো N এডওয়ার্ড ওয়েস্ট

২২. **নিচের কোন দেশটিতে সামগ্রিক আয় পরিমাপে উৎপাদন ও ব্যয় উভয় পদ্ধতির অনুসরণ করা হয়?**
K যুক্তরাজ্য L কানাডা
M ফ্রান্স N যুক্তরাষ্ট্র

২৩. **কোনটি সঞ্চয় সমীকরণ?**
K S = ১০ – ০.৫y L S = – ১০ – ০.৫y
M S = ১০ + ০.৫y N S = – ১০ + ০.৫y

২৪. **ক্লাসিক্যাল অর্থনীতিতে সামগ্রিক ব্যয়ের উপাদান হলো–**
i. বিনিয়োগ ব্যয়
ii. সরকারি ব্যয়
iii. ভোগ ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. **আবদ্ধ অর্থনীতিতে ভারসাম্য জাতীয় আয় নির্ধারণে নিচের কোন অনুমিত শর্তটি প্রযোজ্য নয়?**
K আর্থিক মজুরি ও দামস্তর স্থির
L সরকারি ব্যয় প্ররোচিত
M স্বল্পকাল বিবেচ্য
N তিন খাত বিশিষ্ট অর্থনীতি

২৬. **জে. জি. গার্লির মতে অর্থ সরবরাহের উপাদান নিচের কোনটি?**
K Ms = DD + Cu + TD
L Ms = DD + TD
M Ms = DD + Cu
N Ms = DD + Cu + TD + ma

২৭. **মুদ্রাস্ফীতিতে আমদানি ও রপ্তানির পরিমাণে কী পরিবর্তন ঘটে?**
K আমদানি কমে, রপ্তানি বাড়ে
L আমদানি ও রপ্তানি অপরিবর্তিত থাকে
M আমদানি বাড়ে, রপ্তানি কমে
N রপ্তানি স্থির, আমদানি কমে

২৮. **CSR কথাটির পূর্ণরূপ কী?**
K Corporate Social Response
L Corporate Social Responsibility
M Corporate Security Response
N Corporate Security Range

২৯. **M = 1000, V = 5 ও T = 10 হলে P = ?**
K 1000 L 150 M 450 N 500

৩০. **পরিমাণগত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি কার উপর প্রভাব বিস্তার করে?**
K ঋণ দাতা L ঋণ গ্রহীতা
M করদাতা N করগ্রহীতা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | M | ৪ | K | ৫ | N | ৬ | L | ৭ | L | ৮ | L | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | M | ২০ | L | ২১ | L | ২২ | N | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | L | ২৯ | N | ৩০ | K |

## ৪৬ আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

### অর্থনীতি প্রথম পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট                                                  পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. উৎপাদন সম্ভাবনা রেখার যেকোনো বিন্দু কী নির্দেশ করে?**
K স্বল্প উৎপাদন　L বেকারত্ব
M পূর্ণ নিয়োগ　N অপূর্ণ নিয়োগ

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
রনির উপযোগ সূচিটি নিম্নরূপ—

| আইসক্রিম (একক) | মোট উপযোগ (ইউটিল) | প্রান্তিক উপযোগ (ইউটিল) |
|---|---|---|
| ১ | ১২ | ১২ |
| ২ | ২২ | ১০ |
| ৩ | ? | ৮ |
| ৪ | ৩৬ | ৬ |
| ৫ | ৪০ | ৪ |

**২. রনির তৃতীয় একক থেকে প্রাপ্ত মোট উপযোগ কত?**
K ২৫　L ২৮　M ৩০　N ৩২


**৩. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে পার্থক্য হলো—**
i. মোট উপযোগ বৃদ্ধি পেলে প্রান্তিক উপযোগ হ্রাস পায়
ii. মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ শূন্য হয়
iii. মোট উপযোগ হ্রাস পেলে প্রান্তিক উপযোগ স্থির থাকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**৪. স্বল্পকালীন ভোগ অপেক্ষক কোনটি?**
K C = bY　L Y = C + I
M S = Y – C　N C = a + bY

**৫. কখন গড় ব্যয় (AC) = প্রান্তিক ব্যয় (MC) হয়?**
K যখন AC নিম্নগামী
L যখন MC নিম্নগামী
M যখন AC সর্বনিম্ন
N যখন MC ঊর্ধ্বগামী

**৬. ফার্মের ভারসাম্য অর্জনের শর্ত কোনটি?**
K AR = MR　L MR = AC
M MR = MC　N AC = TC

**৭. নিম্নের কোনটি AVC রেখা?**




**৮. বদ্ধ অর্থনীতির ক্ষেত্রে—**
i. GNP = GDP
ii. (X – M) অনুপস্থিত
iii. GNP > GDP
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**৯. D = 50 – 3p কী সমীকরণ?**
K চাহিদা　L যোগান
M শ্রমের চাহিদা　N শ্রমের যোগান


**১০. চা ও কফি কীরূপ দ্রব্য?**
K পরিপূরক দ্রব্য　L পরিবর্তক দ্রব্য
M বিলাসী দ্রব্য　N গিফেন দ্রব্য

■ **উদ্দীপকটি পড়ে ১১নং প্রশ্নের উত্তর দাও :**

| দাম (P) | চাহিদার পরিমাণ (D) |
|---|---|
| 10 | 3 |
| 10 | 3 |

**১১. চাহিদার দাম স্থিতিস্থাপকতা কত?**
K 0　L 5/6　M 1　N ∞

■ **চিত্রটি দেখে ১২নং প্রশ্নের উত্তর দাও :**




**১২. উপরের চিত্রে চাহিদার স্থিতিস্থাপকতা হলো—**
K স্থিতিস্থাপক
L অস্থিতিস্থাপক
M সম্পূর্ণ অস্থিতিস্থাপক
N সম্পূর্ণ স্থিতিস্থাপক

**১৩. অর্থনীতিতে উৎপাদন বলতে কী বোঝায়?**
K নতুন দ্রব্য তৈরি
L অভাব মোচন
M উপযোগ নিঃশেষ
N উপযোগ সৃষ্টি


■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**

| দাম (টাকা) | চাহিদা (একক) | যোগান (একক) |
|---|---|---|
| ২ | ৩০ | ১০ |
| ৩ | ২০ | ২০ |
| ৪ | ১০ | ৩০ |

**১৪. ভারসাম্য চাহিদা কী?**
K ৩০ একক　L ২০ টাকা
M ২০ একক　N ৩ টাকা

**১৫. S > D হলে তখন—**
K দাম বাড়ার প্রবণতা দেখা দেয়
L দাম কমার প্রবণতা দেখা দেয়
M দাম স্থির থাকে
N যোগান আরও বৃদ্ধি পায়

■ **চিত্রটি দেখে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**




**১৬. চিত্রে ফার্মের প্রতি একক দ্রব্যের ক্ষতির পরিমাণ কত?**
K OK　L $P_0K$　M $OQ_0$　N $Q_0E$

**১৭. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কোনটি সত্য?**
K P = AR > MC　L P = AR < MC
M P = AR = MR　N P = AR > MR

**১৮. সাধারণত দাম বাড়লে অর্থের মূল্য—**
K পূর্ব অবস্থায় বহাল থাকে
L স্থির থাকে
M বাড়ে
N কমে

**১৯. কোনো অর্থনীতিতে M = ২০০, V = ৫, V′ = ৫, T = 500। ঐ অর্থনীতিতে দামস্তর কত?**
K ১৬　L ৮　M ৪　N ২

**২০. দীর্ঘমেয়াদি ঋণ দেওয়া হয় কোন বাজারে?**
K বিস্তৃত বাজারে　L মুদ্রা বাজারে
M মূলধন বাজারে　N শেয়ার বাজারে

**২১. সরকারি নোট কোনটি?**
K ২ টাকা　L ৫ টাকা
M ১০ টাকা　N ২০ টাকা

**২২. মুদ্রার লেনদেন চাহিদা কিসের উপর নির্ভর করে?**
K সুদের হার
L আয়
M সঞ্চয়
N জনগণের হাতের মুদ্রার উপর

**২৩. সঞ্চয় কোন বিষয়ের উপর নির্ভরশীল?**
K ভোগ　L আয়
M বিনিয়োগ　N মূলধন

**২৪. কেন্দ্রীয় পরিকল্পনা কোন অর্থব্যবস্থার বৈশিষ্ট্য?**
K ধনতান্ত্রিক　L নির্দেশমূলক
M ইসলামি　N মিশ্র

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশে জাপানি রবি সেলফোন কোম্পানি ২০১৬ সালে প্রচুর মুনাফা অর্জন করে। বাংলাদেশেরও প্রায় ৫০ হাজার নাগরিক জাপানে কাজ করেন এবং তাদের অর্জিত আয় দেশে প্রেরণ করেন।

**২৫. রবি সেলফোন কোম্পানির আয় বাংলাদেশের—**
K GDP-তে অন্তর্ভুক্ত হবে
L GNP-তে অন্তর্ভুক্ত হবে
M GNP ও GDP উভয়ের মধ্যে অন্তর্ভুক্ত হবে
N GDP-তে অন্তর্ভুক্ত হবে না

**২৬. বাংলাদেশের নাগরিকদের প্রেরিত আয়—**
i. বাংলাদেশের GNP-তে অন্তর্ভুক্ত হবে
ii. জাপানের GNPতে অন্তর্ভুক্ত হবে
iii. জাপানের GDPতে অন্তর্ভুক্ত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**২৭. D = a – bP এই সমীকরণে ঢাল কোনটি?**
K a　L b　M D　N P

**২৮. AC রেখা দেখতে কী আকৃতির হয়?**
K U আকৃতির　L S আকৃতির
M V আকৃতির　N C আকৃতির

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**

| শ্রম | মোট উৎপাদন (একক) | প্রান্তিক উৎপাদন (একক) |
|---|---|---|
| ১ | ১০ | ১০ |
| ২ | ১৫ | ? |
| ৩ | ? | ৩ |

**২৯. উদ্দীপকে খালিঘর দুটিতে মোট ও প্রান্তিক উৎপাদন কত হবে?**
K ১৬, ৮　L ১৮, ৫
M ১৯, ৮　N ২০, ৩

**৩০. উদ্দীপক অনুযায়ী—**
i. মোট উৎপাদন ক্রমহ্রাসমান হারে বাড়ে
ii. গড় উৎপাদন স্থির থাকে
iii. প্রান্তিক উৎপাদন কমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | M | ৬ | M | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | L | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | M | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | L | ২৭ | L | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |

## ৪৭ সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, গাজীপুর

### অর্থনীতি প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অর্থনীতিতে 'অদৃশ্য হাত' ধারণাটির প্রবক্তা কে?**
K এল. রবিন্স
L অ্যাডাম স্মিথ
M স্যামুয়েলসন
N মার্শাল

**২. ইসলামি অর্থনীতির মূল উৎস কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**৩. অর্থনীতিতে নির্বাচন বলতে বোঝায়–**
i. অভাবের গুরুত্ব
ii. সম্পদের দক্ষ ব্যবহার
iii. সীমিত সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. স্বয়ংক্রিয় দাম ব্যবস্থা সে অর্থব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য–**
i. ধনতান্ত্রিক
ii. সমাজতান্ত্রিক
iii. মিশ্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
চীন ও বাংলাদেশের অর্থব্যবস্থার ভিন্নতা লক্ষ করা যায়। চীনে ব্যক্তিগত মালিকানার চেয়ে রাষ্ট্রীয় মালিকানা বেশি প্রাধান্য পায়। বাংলাদেশে চরম আয় বৈষম্য আছে।

**৫. চীন দেশের অর্থব্যবস্থা কোন ধরনের?**
K ধনতান্ত্রিক
L সমাজতান্ত্রিক
M মিশ্র
N ইসলামি

**৬. বাংলাদেশের অর্থব্যবস্থা কোন ধরনের?**
K ধনতান্ত্রিক
L সমাজতান্ত্রিক
M মিশ্র
N ইসলামি

**৭. পরিবর্তক দ্রব্যের আড়াআড়ি স্থিতিস্থাপকতা কী হবে?**
K ধনাত্মক L ঋণাত্মক
M শূন্য N স্থির

**৮. নিম্নের কোনটির চাহিদা অস্থিতিস্থাপক?**
K ভাত L পেপসি
M ব্রেড N রক্ত

**৯. অসীম স্থিতিস্থাপক চাহিদার রেখা কেমন হবে?**
K নিম্নগামী
L ঊর্ধ্বগামী
M সমান্তরাল
N ভূমি অক্ষের সমান্তরাল

**১০. ভূমি উৎপাদনের যে ধরনের উপাদান–**
i. আদি
ii. আপেক্ষিক
iii. মৌলিক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. নতুন উপযোগ সৃষ্টি করাকে কী বলে?**
K সম্পদ L উপকরণ
M উপাদান N উৎপাদন

**১২. প্রান্তিক উৎপাদন শূন্য হলে মোট উৎপাদন–**
K সর্বোচ্চ L সর্বনিম্ন
M ঋণাত্মক N স্থির

**১৩. মাত্রাগত উৎপাদন কত প্রকার?**
K ২ প্রকার L ৩ প্রকার
M ৪ প্রকার N ৫ প্রকার

■ **উদ্দীপকটি পড়ে ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
একটি কারখানায় উৎপাদন শূন্য অবস্থায় মোট ব্যয় ১,০০০ টাকা। ১ম একক উৎপাদনের মোট ব্যয় ১,২০০ টাকা। ২য় একক উৎপাদন অবস্থায় মোট ব্যয় ১,৩০০ টাকা এবং ৩য় একক উৎপাদন অবস্থায় মোট ব্যয় ১,৬০০ টাকা।

**১৪. উদ্দীপকে মোট পরিবর্তনীয় ব্যয় কত?**
K ৬০০ টাকা
L ১,৩০০ টাকা
M ১,০০০ টাকা
N ১,৬০০ টাকা

**১৫. চাহিদার বৈশিষ্ট্য হলো–**
i. আকাঙ্ক্ষা
ii. অর্থ ব্যয় করার ইচ্ছা
iii. ব্যয় করার সামর্থ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৬. কোন বাজারে একটি নির্দিষ্ট দাম বজায় থাকে?**
K একচেটিয়া বাজার
L মনোপসনি বাজার
M ডুয়োপলি বাজার
N পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার

**১৭. একচেটিয়া বাজারে–**
i. $P = AR$
ii. $AR > MR$
iii. $AR \neq MR$
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. একচেটিয়া বাজারে দাম নির্ধারিত হয়–**
K $P = AR$ L $P < AR$
M $MR = AR$ N $P > AC$

**১৯. ডুয়োপলি বাজারের বিক্রেতা কতজন থাকে?**
K ১ জন L ২ জন
M ৩ জন N অসংখ্য

**২০. উৎপাদনের উৎপাদিত উপাদান কোনটি?**
K ভূমি L শ্রম
M মূলধন N সংগঠন

**২১. কোনটি সরকারি ব্যয় নয়?**
K পেনশন L বেকার ভাতা
M বস্ত্র কেনা N শিক্ষা

**২২. কোনটি চূড়ান্ত দ্রব্য?**
K গম L আটা
M রুটি N চাল

**২৩. জাতীয় আয় গণনার পদ্ধতিমূলক কয়টি?**
K ৩টি L ৫টি
M ২টি N ৪টি

**২৪. GDP দ্বারা নিম্নের কোনটি বোঝায়?**
K মোট দেশজ আয়
L মোট জাতীয় উৎপাদন
M নিট জাতীয় উৎপাদন
N মোট দেশজ উৎপাদন

**২৫. অর্থনীতিতে চূড়ান্ত দ্রব্য হলো–**
i. সুতা
ii. বিস্কুট
iii. জামা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
K ঋণ সৃষ্টি
L ঋণ নিয়ন্ত্রণ
M আমানত গ্রহণ
N ওয়েজ আনার স্কিম

**২৭. 'অর্থ যা করে তাই অর্থ'– এটি কার উক্তি?**
K ওয়াকার L কোল
M রবার্টসন N ক্রাউথার

**২৮. অসীম বিহীত মুদ্রা হলো–**
i. 2.00
ii. 20.00
iii. 0.05
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. মুদ্রার যোগান সৃষ্টিকারী উপাদান কোনটি?**
K ব্যক্তি
L সরকার
M ব্যাংক
N বিনিয়োগকারী প্রতিষ্ঠান

**৩০. $Y = C + I + G + X - M$ = কী হবে?**
K GNP L GDP
M NDP N NNP

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | N | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | K | ৮ | N | ৯ | N | ১০ | L | ১১ | N | ১২ | K | ১৩ | L | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | K | ১৯ | L | ২০ | M | ২১ | M | ২২ | M | ২৩ | K | ২৪ | N | ২৫ | M | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | M | ৩০ | K |

# ৪৮ ✓ খুলনা সরকারি মহিলা কলেজ

## অর্থনীতি প্রথম পত্র ➔ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. উৎপাদন সম্ভাবনা রেখার যেকোনো বিন্দু কী নির্দেশ করে?**
K স্বল্প উৎপাদন L অধিক উৎপাদন
M পূর্ণ নিয়োগ N অপূর্ণ নিয়োগ

**২. অর্থনীতিবিদগণ প্রাথমিকভাবে কতটি অর্থনৈতিক সমস্যা চিহ্নিত করেন?**
K ২টি L ৩টি M ৪টি N ৫টি

**৩. অর্থনীতিতে 'অদৃশ্য হাত' ধারণার প্রবর্তক কে?**
K রবিন্স L অ্যাডাম স্মিথ
M স্যামুয়েলসন N মার্শাল

**৪. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য হলো—**
i. চাহিদা ও যোগানের সমন্বয়ে দাম নির্ধারণ
ii. অধিক উৎপাদন ও অধিক কল্যাণ নিশ্চিত করে
iii. উৎপাদনকারীদের মধ্যে অধিক প্রতিযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৫. ব্যক্তিগত ও সামাজিক উদ্যোগ কোন অর্থব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য?**
K ধনতান্ত্রিক L সমাজতান্ত্রিক
M মিশ্র N ইসলামি

**৬. পরিবর্তন দ্রব্যের চাহিদা রেখার আকৃতি কেমন হয়?**
K নিম্নগামী
L উর্ধ্বগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল


**৭. Qd = 28 – 8p চাহিদা সমীকরণে দ্রব্যটির কত দামে চাহিদা শূন্য হবে? (P = দ্রব্যের দাম, Qd = চাহিদার পরিমাণ)**
K ৫ টাকা L ৬ টাকা
M ৭ টাকা N ৮ টাকা

**৮. খুলনা শহরের জমির যোগান রেখার আকৃতি কেমন হবে?**
K ডানদিকে উর্ধ্বগামী
L ডানদিকে নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল

**৯. কোন একটি দ্রব্যের ভারসাম্য দাম (p) ও পরিমাণ (q) উভয়ই বাড়ে যদি—**
K চাহিদা রেখা স্থির থাকে যোগান রেখার সম্মুখ স্থানান্তর ঘটে
L চাহিদা রেখা স্থির থাকে যোগান রেখার পশ্চাত স্থানান্তর ঘটে
M যোগান রেখা স্থির থাকে চাহিদা রেখার সম্মুখ স্থানান্তর ঘটে
N যোগান রেখা স্থির থাকে চাহিদা রেখার পশ্চাৎ স্থানান্তর ঘটে

**১০. চাহিদা অপেক্ষক Qd = f(p) এ f কীসের চিত্র?**
K চাহিদা L দাম
M ধ্রুবক N নির্ভরশীলতা

**১১. কোন রেখাটি 'U' আকৃতির?**
K TC L TFC
M AFC N AC

**১২. TFC রেখার আকৃতি কেমন হবে?**



**১৩. অর্থনীতিতে দীর্ঘকাল বলতে কী বোঝায়?**
K ৫০ বছরের অধিক সময়কাল
L যে সময়কালে কিছু উপকরণ স্থির থাকে
M যে সময়কালে কিছু উপকরণ পরিবর্তক হয়
N যে সময়কালে সকল উপকরণই পরিবর্তনশীল

**১৪. কোন ধরনের বাজারে ফার্ম ও শিল্প একই বলে বিবেচিত?**
K পূর্ণ প্রতিযোগিতা
L একচেটিয়া
M অলিগোপলি
N একচেটিয়ামূলক প্রতিযোগি

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**

| সংমিশ্রণ | জমি | শ্রম ও মূলধন | মোট উৎপাদন | প্রান্তিক উৎপাদন |
|---|---|---|---|---|
| A | ১ একর | ১০০০ টাকা | ৪০ মণ | ৪০ মণ |
| B | ১ একর | ২০০০ টাকা | ৬০ মণ | ২০ মণ |
| C | ১ একর | ৩০০০ টাকা | ৭০ মণ | ১০ মণ |

**১৫. উদ্দীপকে যে উৎপাদন বিধি কার্যকর তা হলো—**
i. ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
ii. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
iii. সমানুপাতিক উৎপাদন বিধি
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N i ও iii

**১৬. উদ্দীপকে যে উৎপাদন বিধি কার্যকর তা কোন উৎপাদন ক্ষেত্রে বিশেষভাবে প্রযোজ্য?**
K শিল্প খাত L বাণিজ্য খাত
M কৃষি খাত N সেবা খাত

**১৭. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কোনটি সত্য?**
K P = AR > MR L P = AR = MR
M P = AR < MC N P = AR > MC

**১৮. অর্থনীতিতে যে প্রক্রিয়ায় বিভিন্নভাবে দ্রব্য বেচাকেনা করা হয় তাকে কী বলে?**
K বাজার
L বিনিয়োগ স্থান
M বিনিময়ের স্থান
N ক্রেতা-বিক্রেতার লেনদেন

**১৯. যে বাজারে একজন ক্রেতা থাকে, তাকে কীরূপ বাজার বলে?**
K অলিগোপলি L মনোপসনি
M ডুয়োপসনি N ডুয়োপলি

**২০. সমজাতীয় দ্রব্য উৎপাদনকারী সকল প্রতিষ্ঠানকে একত্রে বলে—**
K ফার্ম
L শিল্প
M অংশীদারি কারবার
N যৌথ মূলধনী কারবার

**২১. CCA কী?**
K Capital Consumption Allowance
L Cast of Capital in Average
M Cast of Capital Assumed
N Currecnt Cast Administration

**২২. GDP–এর পূর্ণরূপ কোনটি?**
K Gross Deomestic Product
L Gross Dramatic Product
M Gross Depreciation Product
N Gross Dominative Product

**২৩. মুক্তবাজার অর্থনীতিতে জাতীয় আয়ের সূত্র হলো—**
K C L C + I
M C + I + G N C + I + G + Xn

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আলমগীর হোসেনর আয় যখন ১৫০ কোটি টাকা, বিনিয়োগ তখন ৭৫ কোটি টাকা। তার আয় বৃদ্ধি পেয়ে ৩০০ বা ৪০০ কোটি টাকা হলে, বিনিয়োগ বৃদ্ধি পেয়ে ১৫০ ও ২০০ কোটি টাকা হয়।

**২৪. উদ্দীপকে কোন বিষয়টিকে নির্দেশ করা হয়েছে?**
K স্বয়ম্ভূত বিনিয়োগ
L প্ররোচিত বিনিয়োগ
M আয়ের চক্রাকার প্রবাহ
N ভারসাম্যপূর্ণ আয়

**২৫. উক্ত বিষয়টির বৈশিষ্ট্য হলো—**
i. বিনিয়োগ প্রভাবিত হয়
ii. অবচয় ব্যয় হ্রাস করে
iii. ব্যবসায়ীদের মুনাফার প্রত্যাশা বাড়ায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. অর্থের মূল্য বলতে কী বোঝায়?**
K দাম নির্ধারণের ক্ষমতা
L ভোগ করার ক্ষমতা
M ক্রয় করার ক্ষমতা
N আয় করার ক্ষমতা

**২৭. অর্থের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ কোনটি?**
K মূল্যের স্থানান্তরের মাধ্যম
L বিনিময়ের মাধ্যম
M আয় বণ্টনের মাধ্যম
N ঋণের ভিত্তি

**২৮. কোন ব্যাংক দেশে আর্থিক নীতি প্রণয়ন করে থাকে?**
K বাণিজ্যিক ব্যাংক
L বিশেষায়িত ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক
N সোনালী ব্যাংক

**২৯. সঞ্চয় মূলত কীসের ওপর নির্ভরশীল?**
K আয়ের L মুনাফার
M উৎপাদনের N ব্যয়ের

**৩০. মুদ্রার কাজ কোনটি?**
i. বিনিময়ের মাধ্যম সৃষ্টি
ii. মূল্যের পরিমাপক
iii. সঞ্চয়ের বাহন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | L | ৪ | M | ৫ | M | ৬ | L | ৭ | L | ৮ | N | ৯ | M | ১০ | N | ১১ | N | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | L | ২১ | K | ২২ | K | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | L | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

## ৪৯ কক্সবাজার সরকারি মহিলা কলেজ

### অর্থনীতি প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]


**১. ব্যাংক হার কমলে মূল্যস্তরের উপর কীরূপ প্রভাব পড়বে?**
K মূল্যস্তর স্থির থাকবে
L মূল্যস্তর কমে
M মূল্যস্তর বাড়ে
N কোনোটিই নয়

**২. একজনের ব্যক্তিগত আয় ১০,০০০ টাকা। সে কর দেয় ৩,৫০০ টাকা। তবে ব্যয়যোগ্য আয় কত?**
K ৭৫০০ L ৬৫০০
M ১০০০০ N ১৩৫০০

**৩. নিট জাতীয় উৎপাদন এর সংক্ষিপ্ত রূপ—**
K NNP L GNP
M GDP N NNI

**৪. পূর্ণ প্রতিযোগিতায় দাম রেখা কেমন হয়?**
K ডানদিকে উর্ধ্বগামী
L বামদিকে নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল

■ **নিচের চিত্রটি দেখে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**





**৫. উদ্দীপকে কে দাম নিয়ন্ত্রণ করে?**
K বিক্রেতা L ক্রেতা
M সরকার N কেন্দ্রীয় কর্তৃপক্ষ

**৬. চিত্রটি কোন বাজারের?**
i. পূর্ণ প্রতিযোগিতা
ii. অপূর্ণ প্রতিযোগিতা
iii. একচেটিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. দামের কারণে চাহিদা হ্রাস পেলে তাকে বলে চাহিদার—**
K সংকোচন L সম্প্রসারণ
M হ্রাস N বৃদ্ধি

**৮. কলমের পরিপূরক দ্রব্য কোনটি?**
K কালি L পেনসিল
M মাংস N মাছ

■ **নিচের চিত্রটি দেখে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**




**৯. উদ্দীপকের E বিন্দুতে কী নির্ধারিত হয়?**
K ভারসাম্য দাম ও পরিমাণ
L ভারসাম্য মজুরি
M ভারসাম্য উৎপাদন
N ভারসাম্য জাতীয় আয়

**১০. উদ্দীপকে চাহিদা রেখা ডানে স্থানান্তরিত হলে—**
i. দাম বাড়বে
ii. পরিমাণ বাড়বে
iii. উভয়ই বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. মিশ্র অর্থব্যবস্থার বৈশিষ্ট্য নয়—**
i. মুনাফার অনুপস্থিতি
ii. ভোক্তার স্বাধীনতা
iii. রাষ্ট্রের পূর্ণনিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
'N' ব্যাংকের পরিচালনা পরিষদ লক্ষ করলেন যে, তাদের দেশে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি অথচ মাথাপিছু আয় কম। এ অবস্থায় তারা অর্থনৈতিক ভারসাম্য রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উদ্যোগী হলেন।

**১২. 'N' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K বাণিজ্যিক L কেন্দ্রীয়
M গ্রামীণ N শিল্প

**১৩. অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় N। ব্যাংকের গৃহীত পদক্ষেপ হতে পারে—**
i. দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা
ii. নোট প্রচলন করা
iii. ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. মুদ্রার যোগানের একটি প্রধান অংশ হলো—**
K আমদানি L রপ্তানি
M বিনিয়োগ N ঋণ

**১৫. আধুনিক অর্থনীতিবিদগণ মুদ্রাকে কী ধরনের সম্পদ বলেছেন?**
K প্রধান সম্পদ L স্থায়ী সম্পদ
M তরল সম্পদ N অমূল্য সম্পদ

**১৬. প্রায় মুদ্রা হচ্ছে—**
i. বিনিময় বিল
ii. ট্রেজারি বিল
iii. প্রাইজবন্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. $M = 200$, $M' = 200$, $V = 5$, $V' = 5$ এবং $T = 500$ হলে $P$ = কত?**
K 16 L 10 M 4 N 2

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাশেদুল করিম একটি হিসাব খোলার জন্য একটি বাণিজ্যিক ব্যাংকে গেলেন। ব্যাংক কর্মকর্তা সোহেল তাকে বিভিন্ন ধরনের হিসাবের বর্ণনা দেন।

**১৮. ব্যাংক কর্মকর্তা সোহেল কয় ধরনের হিসাবের বর্ণনা দেন?**
K এক ধরনের L দুই ধরনের
M তিন ধরনের N চার ধরনের

**১৯. জনাব রাশেদুল করিমকে ব্যাংক হিসাব খোলার পর প্রদান করা হবে—**
i. চেক বই
ii. জমা বই
iii. একাউন্ট নম্বর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. প্রবাসী বাংলাদেশিদের আয় নিচের কোনটিতে অন্তর্ভুক্ত হয়?**
K GNP L GDP M NDP N CCA

**২১. ব্যয় পদ্ধতিতে জাতীয় আয়ের সমীকরণ কোনটি?**
K $Y = C + I + G - (X + M)$
L $Y = P_1X_1 + P_2X_2 + ..... + P_xX_x$
M $Y = R + W + I + P$
N $Y = C + I + G + (X - M)$

**২২. অর্থনীতিতে নতুন সাজসরঞ্জাম ক্রয়কে কী বলে?**
K উৎপাদন L বিনিয়োগ
M সঞ্চয় N ভোগ

**২৩. মুনাফা সর্বোচ্চকরণের শর্ত কোনটি?**
K MR = MC L TR = TC
M MR = AC N MC = AR

**২৪. 'মুনাফা হলো উদ্যোক্তার মজুরি'— কোন অর্থনীতিবিদ বলেছেন?**
K অধ্যাপক মার্শাল L অ্যাডাম স্মিথ
M কেইন্স N স্যামুয়েলশন

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**

| শ্রমের একক | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| মোট উৎপাদন | ১০ | ২০ | ৩৫ | ৬০ |

**২৫. উদ্দীপকে গড় উৎপাদন কত?**
K ১০ L ১২ M ১৫ N ২০

**২৬. উদ্দীপকে উৎপাদন বৃদ্ধির হার—**
K ক্রমবর্ধমান L ক্রমহ্রাসমান
M স্থির N সমানুপাতিক

**২৭. AC রেখার সর্বনিম্ন বিন্দুতে—**
i. AC = MC হয়
ii. MC সর্বনিম্ন হয়
iii. MC রেখা উর্ধ্বগামী হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. AC যখন উর্ধ্বগামী তখন নিচের কোনটি সঠিক?**
K AC > MC L AC < MC
M AC = MC N MC সর্বনিম্ন

**২৯. দুটি দ্রব্য পরস্পর বিকল্প হলে আড়াআড়ি চাহিদা রেখা হবে—**
K বাম থেকে ডানে উর্ধ্বগামী
L বাম থেকে ডানে নিম্নগামী
M ভূমি অক্ষের সমান্তরাল
N লম্ব অক্ষের সমান্তরাল

**৩০. ধ্রুবককে প্রকাশ করা যায়—**
i. ১, ২, ৩ ইত্যাদি গাণিতিক সংখ্যা দ্বারা
ii. A, B, C ইংরেজি বর্ণ দ্বারা
iii. $\alpha, \beta, \gamma$ গ্রিক বর্ণ দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | K | ৪ | M | ৫ | K | ৬ | M | ৭ | K | ৮ | K | ৯ | K | ১০ | N | ১১ | L | ১২ | L | ১৩ | M | ১৪ | N | ১৫ | M |
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হারের গতিধারা আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশের মোট জনসংখ্যার পরিমাণ বৃদ্ধি পেলেও জনসংখ্যা বৃদ্ধির হার ক্রমাগত হ্রাস পাচ্ছে কেন? ব্যাখ্যা কর। ৪

৫।




ক. গাণিতিক হার কী? ১
খ. নিট অভিবাসন কীভাবে জনসংখ্যা বৃদ্ধির হারকে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকের ? চিহ্নিত স্থানে কী হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলোর গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৬। জাতীয় বেতন স্কেল পরিবর্তনে 'A' দেশের ২০২০ সালের ভোক্তার মূল্যসূচক হলো ১১৮। এই অবস্থায় দেশটিকে ভোক্তা, ঋণদাতা ও শ্রমিক শ্রেণির ক্ষতিগ্রস্ত হওয়ার প্রবণতা লক্ষ করা গেল। অন্যদিকে ব্যবসায়ী, চোরাকারবারি, ঋণগ্রহীতা ও করদাতা লাভবান হলো। উল্লেখ্য, 'A' দেশে ২০১৫ সালে ভোক্তার মূল্যসূচক ছিল ১০০।

ক. সূচক সংখ্যা কী? ১
খ. "অর্থের যোগানের সাথে মুদ্রাস্ফীতির সম্পর্ক সরাসরি"—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে 'A' দেশের মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিবর্গ কীভাবে ক্ষতিগ্রস্ত ও লাভবান হবে? ব্যাখ্যা কর। ৪

৭। রফিক সাহেব অর্থনীতি ক্লাসে ছাত্রছাত্রীদের মুদ্রাস্ফীতি পড়াতে গিয়ে বলেন যে, একটি দেশের মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের আর্থিক নীতি যথা– ব্যাংক হার, নগদ রিজার্ভের অনুপাত এবং খোলাবাজার নীতি যেমন কার্যকর ভূমিকা রাখে, তেমনিভাবে সরকারের রাজস্ব নীতি যথা– সরকারি ব্যয়, কর এবং সরকারি ঋণও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ক. মুদ্রাস্ফীতি হার কী? ১
খ. উদার ঋণনীতি কীভাবে মুদ্রাস্ফীতিকে প্রভাবিত করে। ২
গ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে উদ্দীপকে উল্লিখিত আর্থিক নীতির হাতিয়ারগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকারের রাজস্ব নীতিগুলো কীভাবে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে? ব্যাখ্যা কর। ৪

৮। বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের গতিধারা পরিবর্তনে নিম্নের দ্রব্যসামগ্রীগুলো ভূমিকা রাখে : খাদ্যশস্য, তৈরি পোশাক, ভোজ্য তেল, কাঁচা পাট, তুলা, চা, অপরিশোধিত পেট্রোলিয়াম, মূলধনী দ্রব্য, জুতা, সিরামিক সামগ্রী, চামড়া, সার, ক্লিংকার, কাগজ, হিমায়িত দ্রব্যসামগ্রী ইত্যাদি।

ক. বিশ্বায়ন কী? ১
খ. পৃথক মুদ্রা ব্যবস্থা কীভাবে আন্তর্জাতিক বাণিজ্যকে বাধাগ্রস্ত করে? ২
গ. উদ্দীপকের তথ্য থেকে বাংলাদেশের রপ্তানি ও আমদানি পণ্যসমূহের বিবরণ দাও। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অপ্রচলিত রপ্তানি পণ্যগুলোকে চিহ্নিত কর এবং দেখাও যে, এগুলো দেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ৪


৯। সামিহা তার অর্থনীতি ক্লাস থেকে জানতে পারে যে, একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক বাণিজ্য নাকি বৈদেশিক সাহায্য বেশি ভূমিকা রাখে। বৈদেশিক বাণিজ্যের ফলে একটি দেশের বিনিয়োগ, কর্মসংস্থান ও উৎপাদন বৃদ্ধি পায়। সে এ বিষয়ে স্যারের সাথে একমত হয় যে, বৈদেশিক সাহায্য দীর্ঘমেয়াদে পরনির্ভরশীলতা বৃদ্ধি করে; কিন্তু বৈদেশিক বাণিজ্য এরূপ ক্ষতিকর প্রভাব সৃষ্টি করে না।

ক. সংরক্ষণ বাণিজ্য কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য সংঘটিত হওয়ার শর্তগুলো কী? ২
গ. উদ্দীপকের আলোকে একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে বৈদিশিক বাণিজ্য কীভাবে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে তুমি কি মনে কর অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক সাহায্যের চেয়ে বৈদেশিক বাণিজ্যই অধিক কার্যকর? ব্যাখ্যা কর। ৪

১০। একটি দেশের সরকার প্রতিবছর জনপ্রশাসন ও জনকল্যাণ সাধনে বাধ্যতামূলকভাবে ব্যয় করে যা পৌনঃপুনিক। আবার বার্ষিক উন্নয়ন কর্মসূচির আলোকে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নেও ব্যয় করে। ফলে তাকে ঘাটতে বাজেট গ্রহণ করতে হয়।

ক. প্রত্যক্ষ কর কাকে বলে? ১
খ. মূল্য সংযোজন কর কি প্রত্যক্ষ না পরোক্ষ কর? ২
গ. উদ্দীপকের আলোকে সরকারের কোন ধরনের ব্যয় পৌনঃপুনিক? ব্যাখ্যা কর। ৩
ঘ. সরকার কেন ঘাটতে বাজেট গ্রহণ করে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১।




ক. কর ঘাত কী? ১
খ. কর ও ফি এর মধ্যে কোনো পার্থক্য আছে কি? ২
গ. উদ্দীপকের আলোকে সরকারি ঋণের অভ্যন্তরীণ উৎসগুলোর বিবরণ দাও। ৩
ঘ. বৃহৎ প্রকল্প বাস্তবায়নে অভ্যন্তরীণ অর্থায়নের উৎসের পাশাপাশি বৈদেশিক অর্থায়নের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ৪ ✓ কুমিল্লা বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

### অর্থনীতি দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। আব্দাল মিয়া একজন ক্ষুদ্র চাষি। প্রাতিষ্ঠানিক ঋণ গ্রহণের জটিলতার কারণে গ্রাম্য মহাজন ও মধ্যস্বত্বভোগী দালালদের নিকট থেকে ঋণ গ্রহণ করে চাষাবাদ করেন। ফলে মূলধন সংকট লেগেই থাকে। ইদানীং সরকার কৃষকদের সহায়তা করার জন্য ভর্তুকি প্রদানের মাধ্যমে কৃষকের মাঝে স্বল্পমূল্যে রাসায়নিক সার, উচ্চ ফলনশীল বীজ, কীটনাশক ইত্যাদি উপকরণ পৌঁছে দিচ্ছে। ফলে আব্দাল মিয়ার মতো কৃষকেরা যথেষ্ট উপকৃত হচ্ছেন।

ক. শস্য বহুমুখীকরণ কী? ১
খ. 'জীবন নির্বাহী খামার' ও 'বাণিজ্যিক খামার' ধারণা দুটি ভিন্ন– ব্যাখ্যা কর। ২
গ. আব্দাল মিয়ার অপ্রাতিষ্ঠানিক ঋণের উৎসগুলোর বর্ণনা দাও। ৩
ঘ. কৃষির উন্নয়নে সরকার কর্তৃক গৃহীত কৃষি উপকরণ বিতরণের ইতিবাচক দিকটি মূল্যায়ন কর। ৪

২। বাংলাদেশের কৃষি এখনও প্রকৃতির ওপর বহুলাংশে নির্ভরশীল। বিশ্বব্যাপী অপরিকল্পিত শিল্পায়ন, নগরায়ণ, কার্বন নির্গমন ইত্যাদির প্রভাবে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে জলবায়ুর দ্রুত পরিবর্তন হচ্ছে। এর প্রভাবে বন্যা, খরা, প্রাকৃতিক দুর্যোগ, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ইত্যাদি বৃদ্ধি পাচ্ছে। তাই বাংলাদেশের কৃষি অতিমাত্রায় ঝুঁকিতে রয়েছে। কৃষি কার্যক্রমের অভিযোজন কৌশল বাস্তবায়নের জন্য সরকার একটি তহবিল গঠনসহ বিভিন্ন ধরনের কর্মসূচি বাস্তবায়ন করছে।

ক. কৃষি ঋণ কী? ১
খ. বাংলাদেশের কৃষি কি প্রকৃতির ওপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশের কৃষিতে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৩
ঘ. জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সরকার কর্তৃক গৃহীত কার্যক্রমগুলো উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

৩। আগের মতো বাংলাদেশ শিল্পে পশ্চাৎপদ নয়। এক সময় যেসব পণ্য বাহির থেকে আমদানি করত তার বেশিরভাগই এখন দেশের অভ্যন্তরে উৎপাদন হচ্ছে। এসব শিল্পগুলোর মধ্যে অন্যতম তৈরি পোশাক শিল্প, ঔষধ শিল্প, প্লাস্টিক শিল্প, সফটওয়্যার শিল্প। এসব শিল্প খাতগুলো সামগ্রিক রপ্তানি আয়ে অবদান রাখছে।

ক. বৃহৎ শিল্প কী? ১
খ. শিল্পায়ন কর্মসংস্থান সৃষ্টির অন্যতম সহায়ক—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলো কোন ধরনের শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পসমূহ বাংলাদেশের অর্থনীতিতে পর্যাপ্ত অবদান রাখতে পারছে কি? তোমার মতামত দাও। ৪

৪। বিশেষজ্ঞদের মতামত হলো, একটি দেশকে স্বয়ংসম্পূর্ণ হতে হলে অবশ্যই ওই দেশকে আমদানি বিকল্প শিল্প নীতি অনুসরণ করতে হবে। সাম্প্রতিককালে বাংলাদেশ এ নীতি অনুসরণ করছে। এর মাধ্যমে দেশীয় শিল্পের সংরক্ষণ, বৈদেশিক মুদ্রা সাশ্রয়, বাণিজ্য ঘাটতি হ্রাস পায়। এ নীতি অনুসরণে কৌশল নির্ধারণ, কর্মসংস্থান, ভোক্তা ক্ষতিগ্রস্ত হওয়ার মতো কিছু সমস্যাও সৃষ্টি হয়।


ক. হাইটেক শিল্প কী? ১
খ. স্বনির্ভরতা অর্জনে শিল্পায়ন জরুরি কেন? ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে আমদানি বিকল্প শিল্পের গুরুত্ব আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাসমূহ বিশ্লেষণপূর্বক এ নীতির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫। কোনো একটি উন্নয়নশীল দেশের ২৫ বছর অন্তর জনসংখ্যা বৃদ্ধির পরিমাণ নিম্নে ছকে উল্লেখ করা হলো :

| বছর | ০ | ২৫ | ৫০ | ৭৫ | ১০০ |
|---|---|---|---|---|---|
| জনসংখ্যা বৃদ্ধি | ১ | ২ | ৪ | ৮ | ১৬ |
| খাদ্য উৎপাদন | ১ | ২ | ৩ | ৪ | ৫ |


ক. মানবসম্পদ উন্নয়ন কী? ১
খ. জনসংখ্যা বৃদ্ধি খাদ্য সমস্যা সৃষ্টি করে—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ছকটি জনসংখ্যার কোন তত্ত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ—ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সারণিতে জনসংখ্যা বৃদ্ধি ও খাদ্য উৎপাদনের মধ্যে যে ব্যবধান সৃষ্টি হয়েছে তা দূরীকরণের উপায় ব্যাখ্যা কর। ৪

৬।




ক. আত্মকর্মসংস্থান কী? ১
খ. শিক্ষা কীভাবে মানবসম্পদের উন্নয়ন প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. 'P' বিন্দুতে অসাম্যঞ্জস্যের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে কাম্য জনসংখ্যা কত ও কেন? ব্যাখ্যা কর। ৪

৭। চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. CPI এর পূর্ণরূপ কী? ১
খ. অর্থ সরবরাহ বৃদ্ধি মুদ্রাস্ফীতির মূল কারণ—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ছেদবিন্দু $E_1$ থেকে $E_2$ তে পরিবর্তনের কারণগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সৃষ্ট মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকার কী ভূমিকা রাখতে পারে—ব্যাখ্যা কর। ৪

৮। 'X' দেশের ভিত্তি বছর ও বর্তমানে বছরের দুটি ভোগ্য পণ্যের পরিমাণ, দাম ও ব্যয়ের পরিমাণ নিম্নরূপ :

| ভোগ্য পণ্য | পরিমাণ ($Q_0$) কেজি/লিটার | ভিত্তি বছর | | বর্তমান বছর | |
|---|---|---|---|---|---|
| | | দাম ($P_0$) টাকা | ব্যয় ($P_0Q_0$) টাকা | দাম ($P_n$) টাকা | ব্যয় ($P_nQ_0$) টাকা |
| চাল | ৪০ | ৪০ | ১৬০০ | ৬০ | ২৪০০ |
| তেল | ৫ | ৮০ | ৪০০ | ১২০ | ৬০০ |

দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার স্বার্থে সরকার ব্যাংক হার বৃদ্ধি, অর্থের যোগান হ্রাস, সরকারি ব্যয় হ্রাস, উৎপাদন বৃদ্ধি ও পরোক্ষ করের হার কমিয়ে দেয়।

ক. সূচক সংখ্যা কী? ১
খ. "মুদ্রাস্ফীতি সবসময় খারাপ নয়"—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রদত্ত তথ্যের ভিত্তিতে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে কতটুকু ভূমিকা রাখবে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৯। মি. জামিল ও মি. সোহান দুই বন্ধু। তারা দুজনই তৈরি পোশাক কারখানার মালিক। মি. জামিল যে সমস্ত পোশাক প্রস্তুত করেন তিনি সেগুলো ইউরোপ ও আমেরিকার বাজারে বিক্রি করেন। এ ক্ষেত্রে মি. জামিল সরকার কর্তৃক নগদ সহায়তাসহ বিভিন্ন ধরনের সুবিধা ভোগ করেন। অন্যদিকে মি. সোহান তার তৈরি পোশাকগুলো দেশের অভ্যন্তরে বিক্রি করেন। কিন্তু তিনি সরকার কর্তৃক তেমন কোনো সুবিধা পান না।

ক. বিশ্বায়ন কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য সংঘটিত হয় কেন? ২
গ. মি. সোহানের বাণিজ্য কোন ধরনের বাণিজ্যের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. জামিলকে সহায়তা প্রদানের মাধ্যমে রপ্তানি বৃদ্ধির সরকারি পদক্ষেপের কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

১০। বাংলাদেশ যেসব পণ্য সচরাচর বিশ্ববাজারে রপ্তানি করে আসছে সেগুলো হলো কাঁচা পাট, চা, চামড়া ও চামড়াজাত পণ্য, কাগজ ইত্যাদি। সাম্প্রতিককালে রপ্তানি বাণিজ্যের গতিপ্রকৃতিতে বেশ পরিবর্তন এসেছে। বিশ্বব্যাপী বিভিন্নমুখী চাহিদার প্রেক্ষিতে এসব পণ্য রপ্তানিতে বাংলাদেশ বৈচিত্র্য এনেছে। নতুন এসব দ্রব্য রপ্তানির মধ্যে রয়েছে তৈরি পোশাক, হোসিয়ারি দ্রব্য, হিমায়িত খাদ্য, শাকসবজি, ফলমূল ইত্যাদি। বাংলাদেশের মোট রপ্তানিতে এসব পণ্যের অবদান ৮৫ ভাগেরও বেশি। ইদানীং সরকার রপ্তানি বাণিজ্য অধিক সম্প্রসারণের জন্য রপ্তানিকারকদের শুল্ক কর রেয়াত, আয়কর সুবিধাসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১
খ. উদ্বৃত্ত পণ্য আন্তর্জাতিক বাণিজ্যের ভিত্তি—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে প্রচলিত ও অপ্রচলিত রপ্তানি পণ্যের একটি তালিকা প্রস্তুত কর। ৩
ঘ. বাংলাদেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের জন্য সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থা কীরূপ ভূমিকা রাখছে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। অর্থনৈতিক উন্নয়ন ও কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারকে প্রচুর ব্যয় করতে হয়। শিক্ষা, চিকিৎসা, আইনশৃঙ্খলা রক্ষা, সামাজিক নিরাপত্তা, কর্মসংস্থান বৃদ্ধি প্রভৃতি খাতে সরকারকে প্রচুর ব্যয় করতে হয়। তবে এসব ঋণের দক্ষ ব্যবহার নিশ্চিত করতে না পারলে তা দেশের জন্য ক্ষতিকর হয়।

ক. আবগারি শুল্ক কী? ১
খ. মূল্য সংযোজন করকে পরোক্ষ কর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে সরকারি ব্যয়ের খাতগুলোর বর্ণনা দাও। ৩
ঘ. ঋণ গ্রহণের মাধ্যমে ব্যয় নির্বাহের অসুবিধা সম্পর্কে তোমার মতামত দাও। ৪

# ৫ চট্টগ্রাম বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। কাসিম ও হাসিম একই গ্রামের মানুষ। উভয়ই কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে। কাসিম সনাতন পদ্ধতিতে চাষাবাদ করার কারণে একর প্রতি উৎপাদন খুবই কম হয়। কিন্তু হাসিম শিক্ষিত যুবক হওয়ায় এ সনাতন পদ্ধতি থেকে বের হয়ে কৃষিতে উন্নত রাসায়নিক সার ও কীটনাশক, তেজস্ক্রিয় আইসোটোপ, উফশী বীজ ইত্যাদি ব্যবহারের মাধ্যমে ফসল উৎপাদন বাড়াতে পেরেছে। এছাড়াও সে লক্ষ করছে যে, ICT এর ব্যবহার তাকে অনেক লাভবান করছে। এর মাধ্যমে যেকোনো তথ্য সে সহজেই পাচ্ছে।

ক. কৃষি প্রযুক্তি কী? ১
খ. বৈশ্বিক উষ্ণতা কৃষির জন্য হুমকিস্বরূপ—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত হাসিমের কৃষিতে ব্যবহৃত প্রযুক্তিসমূহের গুরুত্ব উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকের আধুনিক প্রযুক্তি ব্যবহার কীভাবে কৃষকদের লাভবান করেছে? তোমার মতামত দাও। ৪

২। বাংলাদেশে খাদ্যশস্য উৎপাদনের গতিধারা নিম্নধারা :

| বছর | খাদ্যশস্য উৎপাদনের বিবরণ (কোটি মেট্রিক টন) |
|---|---|
| ১৯৮০–১৯৮১ | ১.৫০ |
| ২০০৪–২০০৫ | ২.৬৫ |
| ২০১৮–২০১৯ | ৪.২১ |

বর্তমানে বাংলাদেশে বিভিন্ন কারণে আবাদি জমির পরিমাণ হ্রাস পেলেও নতুন নতুন জাতের উফশী বীজের ব্যাপক ব্যবহার, পাওয়ার টিলারের ব্যবহার, যন্ত্রনির্ভর সেচব্যবস্থা, রাসায়নিক সার ও কীটনাশকের ব্যবহার ইত্যাদি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

ক. কৃষিপণ্যের বিপণন কী? ১
খ. মাশরুম মানবদেহের জন্য উপকারি খাদ্য—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভিত্তিতে খাদ্যশস্য উৎপাদনের গতিধারা লেখচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৩
ঘ. "কৃষি উৎপাদনযোগ্য ভূমির পরিমাণ দিন দিন হ্রাস পাওয়া সত্ত্বেও কৃষি উৎপাদনে বাংলাদেশের সাফল্য ঈর্ষণীয়"— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। বস্তুত ৫০ ও ৬০ দশকের দিকে কাঁচা পাট রপ্তানির মাধ্যমেই বাংলাদেশের রপ্তানি আয়ের সিংহভাগ অর্জিত হতো। এ কারণে তখন পাটকে, 'সোনালি আঁশ' বলা হতো। কিন্তু পাটের বিকল্প ব্যবহার, মূল্য সমস্যা, মধ্যবর্তী ব্যবসায়ীদের উপস্থিতি, প্রতিকূল বাণিজ্য শর্ত ইত্যাদির কারণে পাটের চাহিদা ও মূল্য দিন দিন হ্রাস পাচ্ছে। তবে বর্তমানে প্লাস্টিক পণ্য উৎপাদন নিষিদ্ধকরণ, পাটশিল্প উন্নয়নে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন, শ্রমিকের দক্ষতা বৃদ্ধিসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হলে পাটশিল্পের ভবিষ্যৎ উজ্জ্বল সম্ভাবনাময়।

ক. আমদানি বিকল্প শিল্প কী? ১
খ. কর্মসংস্থান সৃষ্টিতে কুটির শিল্পের অগ্রণী ভূমিকা রয়েছে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পাটশিল্পের সমস্যাসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে পাটশিল্পের সম্ভাবনা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। জনাব রহিম ৬০ কোটি টাকা ব্যয়ে একটি কারখানা স্থান করেন। কারখানার ৩২৫ জন শ্রমিকের অধিকাংশই দক্ষ। প্রতি বছর তিনি তার কারখানা থেকে ভালো মুনাফা লাভ করেছেন। এ ধরনের শিল্প স্থাপনে প্রচুর মূলধন লাগে। তাই উন্নয়নশীল দেশে এ শিল্পের সংখ্যা কম। দেশে এসব শিল্পের প্রসার ঘটানো সম্ভব হলে বেকারত্ব হ্রাসের পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন দ্রুত বৃদ্ধি পাবে।

ক. ক্ষুদ্র শিল্প কাকে বলে? ১
খ. ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. জনাব রহিম যে কারখানা স্থাপন করেছেন তা কোন শিল্পের অন্তর্ভুক্ত? উক্ত শিল্পের সুবিধা লেখ। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য উদ্দীপকে উল্লিখিত শিল্পের বিকল্প নেই—তুমি কি এই বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। 'B' একটি উন্নয়নশীল দেশ। দেশটির সর্বশেষ আদমশুমারি তথ্য অনুযায়ী নারী ও পুরুষের অনুপাত হচ্ছে ১০০ : ১০০.৫। মোট জনগোষ্ঠীর প্রায় অর্ধেক নারী হলেও বিভিন্ন কারণে তারা অর্থনৈতিক উন্নয়ন ধারার বাইরে। তাই দেশটির সরকার নারী শিক্ষা প্রসারের জন্য প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ পর্যায়ে উপবৃত্তি প্রদান, বিভিন্ন চাকরির ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার প্রদান, ইভটিজিং বন্ধে আইন প্রণয়নসহ নারী ও শিশুবিষয়ক মন্ত্রণালয় প্রতিষ্ঠা করেছে। এ ক্ষেত্রে সরকারের লক্ষ্য হচ্ছে নারীর ক্ষমতায়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা।

ক. গাণিতিক বৃদ্ধির হার কী? ১
খ. দরিদ্রতা জনসংখ্যা বৃদ্ধিকে কীভাবে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নারী উন্নয়নে সরকারের গৃহীত কর্মসূচি ব্যাখ্যা কর। ৩
ঘ. নারীর ক্ষমতায়ন কীভাবে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখবে? তোমার মতামত দাও। ৪

৬। 'X' দেশের জনসংখ্যা ও মাথাপিছু আয় সম্পর্কিত তথ্য নিম্নরূপ :

| নির্দেশক বিন্দু | মোট জনসংখ্যা (কোটি) | মাথাপিছু আয় (ডলার) |
|---|---|---|
| A | ৬ | ২,৮০০ |
| B | ১২ | ৪,২০০ |
| C | ১৮ | ২,৮০০ |

ক. CBR এর পূর্ণরূপ লেখ। ১
খ. অধিক জনসংখ্যা কীভাবে পরিবেশ বিপর্যয় ঘটায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্য রেখাচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন বিন্দুর সাথে তোমার দেশের জনসংখ্যা পরিস্থিতি সামঞ্জস্যপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

৭। মি. 'X' এর দেশে সরকার মেগা প্রকল্প গ্রহণ, সরকারি ব্যয় বৃদ্ধি ইত্যাদির মাধ্যমে জাতীয় মাথাপিছু আয়ের বৃদ্ধি ঘটায় ফলস্বরূপ সামগ্রিক চাহিদার বৃদ্ধি ও মুদ্রাস্ফীতি ঘটে। মি. 'Y' এর দেশে প্রাকৃতিক দুর্যোগ, মহামারি, উপকরণ সংকট ইত্যাদি কারণে সামগ্রিক যোগান হ্রাস পায় ও মুদ্রাস্ফীতি ঘটে।

ক. CPI এর পূর্ণরূপ লেখ। ১
খ. মুদ্রাস্ফীতির ফলে ঋণগ্রহীতা কীভাবে সুবিধা ভোগ করে— ব্যাখ্যা কর। ২
গ. X ও Y এর দেশের মুদ্রাস্ফীতির প্রভাবের তুলনা কর। ৩
ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকারি পদক্ষেপ কোন দেশে বেশি কার্যকর এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৮। বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যে তিনটি পণ্যের রপ্তানি আয়ের (মিলিয়ন মার্কিন ডলারে) গতি-প্রকৃতি নিচে দেওয়া হলো :

২০১৯–২০২০ অর্থবছরে যুক্তরাষ্ট্রে ৫,৮৩২ মিলিয়ন মার্কিন ডলার এবং জার্মানিতে ৫,০৯৯ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়।

| পণ্যের নাম | ২০১৮–২০১৯ | ২০১৯–২০২০ |
|---|---|---|
| কাঁচা পাট | ১১২ | ১৩০ |
| পাটজাত দ্রব্য | ৭০৪ | ৭৫২ |
| জুতা | ২৭২ | ২৭৭ |

বর্তমান সরকার কোভিড-১৯ প্রাদুর্ভাব কাটিয়ে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের জন্য বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে। যেমন— রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি, রপ্তানি উন্নয়ন ব্যুরোর পুনর্গঠন ইত্যাদি।

ক. বিশ্বায়ন কী? ১
খ. "উদ্বৃত্ত পণ্য রপ্তানি আন্তর্জাতিক বাণিজ্যের মূল লক্ষ্য"—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে কাঁচা পাট, পাটজাত দ্রব্য ও জুতার গতি-প্রকৃতি স্তম্ভ লেখের সাহায্যে দেখাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পদক্ষেপগুলো ব্যতীত আর কী কী পদক্ষেপ গ্রহণ করলে রপ্তানি বাণিজ্য সম্প্রসারিত হবে? — তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। ২০১৮–২০১৯ এবং ২০১৯–২০২০ অর্থবছরে উল্লেখযোগ্য কিছু প্রাথমিক ও শিল্পজাত পণ্যের আমদানি ও রপ্তানি তালিকা নিম্নের দেওয়া হলো :

(মিলিয়ন মার্কিন ডলারে)

| দ্রব্যসমূহ | ২০১৮–২০১৯ | ২০১৯–২০২০ |
|---|---|---|
| তৈরি পোশাক | ১৭,২৪৫ | ১৪,০৪০ |
| মূলধনী যন্ত্রপাতি | ৪,৫১৩ | ৩,৫৮১ |
| গম | ১,৪৩৭ | ১,৬৫১ |
| নিটওয়্যার | ১৬,৮৮৯ | ১৩,৯০৮ |
| পাটজাত দ্রব্য | ৭০৪ | ৭৫২ |
| তৈল বীজ | ৭৯৬ | ১,১৮৩ |
| হিমায়িত খাদ্য | ৫০০ | ৪৫৬ |
| ক্লিংকার | ৯৯৩ | ৮৭৯ |

ক. প্রকল্প সাহায্য কী? ১
খ. "বিশ্বায়ন প্রযুক্তির বিকাশ ঘটায়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে আমদানি ও রপ্তানি পণ্যের তালিকা তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে আন্তর্জাতিক বাণিজ্যের পরিবর্তনের ধারা বিশ্লেষণ কর। ৪

১০। সরকার জনকল্যাণ সাধন, প্রশাসনিক কার্যাবলি, আর্থসামাজিক এবং টেকসই উন্নয়ন, অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন উৎস থেকে আয় করে থাকে। তার মধ্যে উল্লেখযোগ্য হলো— কর রাজস্ব ও করবহির্ভূত রাজস্ব, যেমন— আয়কর, ফি, সম্পূরক শুল্ক, জরিমানা, নন-জুডিশিয়াল স্ট্যাম্প, সুদ, আবগারি শুল্ক, লেভি, ভূমি রাজস্ব ইত্যাদি। সরকার স্থিতিশীল উন্নয়নের জন্য আয় আরও বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারে। যেমন— কর ফাঁকি রোধ, করের ভিত্তি প্রসারণ।

ক. NBR এর পূর্ণরূপ কী? ১
খ. স্বেচ্ছামূলক দান কোন ধরনের কর? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কর রাজস্ব ও করবহির্ভূত রাজস্বের তালিকা তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকে সরকারের আয়ের উৎস হিসেবে কর রাজস্ব ও করবহির্ভূত রাজস্বের মধ্যে কোন উৎসটি আয় বৃদ্ধিতে অধিক ফলপ্রসূ বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১। 'A' দেশের সরকার অর্থনৈতিক উন্নয়ন ও জনগণের কল্যাণের জন্য অর্থ ব্যয় করে। সরকার এ সমস্ত ব্যয় কেন্দ্রীয়ভাবে এবং স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে সম্পন্ন করে থাকে। সরকারি ব্যয়ের প্রধান খাতগুলো হলো— প্রতিরক্ষা, গ্রাম পরিষদ, স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ, জেলা পরিষদ, পৌরসভা, শিক্ষা, মিউনিসিপ্যাল কর্পোরেশন প্রভৃতি। এসব ব্যয়ের মাধ্যমে যেমন কর্মসংস্থান সৃষ্টি হয়, তেমনি দেশকে টেকসই উন্নয়নের পথে অগ্রসর হতে সাহায্য করে।

ক. সম্পূরক শুল্ক কী? ১
খ. মূল্য সংযোজন করকে পরোক্ষ কর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ও স্থানীয় ব্যয়ের খাতগুলোর তালিকা তৈরি কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যয় অর্থনৈতিক উন্নয়নে বেশি সহায়ক কেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৬ সিলেট বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট — **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]


১। কৃষকদের দারিদ্র্য, অনুন্নত পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থা, গুদামজাতকরণ ও সংরক্ষণের অসুবিধা, দুর্বল বাজার কাঠামো, ঋণের অভাব, ত্রুটিপূর্ণ ওজন ও পরিমাপসহ নানাবিধ সমস্যার কারণে কৃষকরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য প্রাপ্তি হতে বঞ্চিত হয়। ফলে তাদের আর্থসামাজিক উন্নয়ন ব্যাহত হয়। উল্লিখিত সমস্যাগুলো সমাধান করা হলে কৃষকরা উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য লাভ করবে এবং তাদের জীবনযাত্রার মান উন্নত হবে।

ক. কৃষি ঋণ কী? ১
খ. শস্য বহুমুখীকরণের ফলে কর্মসংস্থান কীভাবে প্রভাবিত হয়? ২
গ. উদ্দীপকে কৃষকদের কোন সমস্যার দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে তোমার সুপারিশসমূহ তুলে ধর। ৪

২। রাকিব ও তুহিন একই গ্রামের দুইজন কৃষক। রাকিবের ছোট আয়তনের জমিতে যে ফসল উৎপাদন হয় তা দ্বারা তার পরিবার কোনোরকমে জীবিকা নির্বাহ করতে পারে। অন্যদিকে তুহিন তার বৃহৎ আয়তনের জমিতে চাষাবাদের আধুনিক পদ্ধতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদনের মাধ্যমে অধিক মুনাফা অর্জন করে।

ক. কৃষি কী? ১
খ. কৃষি খামার ও কৃষিজোত দুটি ভিন্ন ধারণা—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রাকিবের খামারের ধরন চিহ্নিত করে এই ধরনের খামারের দুটি সমস্যা তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত রাকিব ও তুহিনের খামারের মধ্যে তুলনামূলক পার্থক্য আলোচনা কর। ৪

৩। নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :





ক. নিট অভিবাসন কী? ১
খ. ভূ-প্রকৃতি জনসংখ্যার একটি গুরুত্বপূর্ণ নির্ধারক—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জনসংখ্যা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির একটি সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকে জনসংখ্যা বিষয়ক কোন তত্ত্বটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৪

৪। 'A' দেশ তার সম্পদকে কাজে লাগিয়ে উৎপাদিত দ্রব্য ও সেবা নিজ দেশের মধ্যে বিনিময় করে। 'B' দেশ তার উৎপাদিত পণ্য ও সেবা নিজ দেশ ও প্রতিবেশী দেশসমূহের মধ্যে বিনিময় করে থাকে। এতে 'B' দেশ তার সম্পদের উত্তম ব্যবহারের মাধ্যমে উদ্বৃত্ত পণ্য রপ্তানি করতে পারে এবং অনুৎপাদিত পণ্য আমদানি করতে পারে। ফলে দেশটি অর্থনৈতিকভাবে লাভবান হয়।

ক. বিশ্বায়ন কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্যের ফলে একচেটিয়া প্রভাব হ্রাস পায়— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'A' ও 'B' দেশে কোন ধরনের বাণিজ্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের অর্থনৈতিক উন্নয়নে 'B' দেশের বাণিজ্যের গুরুত্ব আলোচনা কর। ৪

৫। নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. সূচক সংখ্যা কী? ১
খ. সরকারি ব্যয় বৃদ্ধির ফলে দামস্তর বাড়ে—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের মুদ্রাস্ফীতি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রকাশিত মুদ্রাস্ফীতির কারণ ব্যাখ্যা কর। ৪

৬। 'A' দেশে ২০১৮ সালে ভোক্তার মূল্যসূচক ছিল ১৬০। ২০২০ সালে ঐ দেশের ভোক্তার মূল্যসূচক বেড়ে ১৮০ হয়। এর ফলে উৎপাদনকারীরা লাভবান হলেও গরিব ও সীমিত আয়ের লোক ভোগান্তির শিকার হয়।

ক. মুদ্রা সংকোচন কী? ১
খ. "মুদ্রাস্ফীতির ফলে অর্থের মূল্য হ্রাস পায়"— ব্যাখ্যা কর। ২
গ. 'A' দেশের ২০২০ সালের মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে উৎপাদনকারী এবং গরিব ও সীমিত আয়ের লোকের ওপর মুদ্রাস্ফীতির প্রভাব ব্যাখ্যা কর। ৪

৭। জাতীয় ব্যয় নির্বাহের জন্য সরকার বিভিন্ন উৎস যেমন : সরকারের প্রাপ্ত রাজস্ব, বিনিয়োগ প্রতিষ্ঠান, কর ও ঋণ, টাকা ছাপানো এবং অনুদান ও দান প্রভৃতি থেকে অর্থ সংগ্রহ করে। এই সংগৃহীত অর্থ সরকার রাষ্ট্র পরিচালনাসহ বিভিন্ন উন্নয়নমূলক ও জনহিতকর কাজের জন্য ব্যয় করে।

ক. আমদানি শুল্ক কী? ১
খ. "ফি বাধ্যতামূলক নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সরকারি অর্থব্যবস্থার কোন ধারণা দুটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশ সরকারের ব্যয়ের খাতসমূহ আলোচনা কর। ৪

৮। 'A' ব্যক্তির ওপর ধার্যকৃত করের বোঝা আংশিক বা সম্পূর্ণভাবে অন্যের ওপর চাপিয়ে দিতে পারে। কিন্তু 'B' ব্যক্তির ওপর ধার্যকৃত করের বোঝা সম্পূর্ণভাবে তাকেই বহন করতে হয়। 'A' ও 'B' ব্যক্তিদ্বয়ের ওপর ধার্যকৃত দুই ধরনের কর সরকারি আয়ের প্রধান গুরুত্বপূর্ণ উৎস। কিন্তু নিশ্চয়তা, নাগরিক চেতনা, পরিশোধ পদ্ধতি, জনপ্রিয়তা, দামের ওপর প্রভাব বিস্তার ইত্যাদি দিক থেকে কর দুটির মধ্যে পার্থক্য রয়েছে।

ক. সরকারি অর্থব্যবস্থা কী? ১
খ. প্রত্যক্ষ কর নাগরিক চেতনা বৃদ্ধিতে সহায়ক। — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কর দুটি চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে কর দুটির মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯। কর্মসংস্থান বৃদ্ধি, কৃষির ওপর জনসংখ্যার চাপ হ্রাস, মহিলাদের কাজের সুযোগ সৃষ্টি, সম্পদের সুষম বণ্টন ও বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশের কুটির শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও নানাবিধ সমস্যার ভারে এ শিল্প জর্জরিত। সহজ শর্তে ও কম সুদে পর্যাপ্ত ঋণের মাধ্যমে মূলধন সরবরাহ করা হলে এ শিল্প অর্থনৈতিক উন্নয়নে আরও বেশি ভূমিকা রাখতে পারবে।

ক. হাইটেক শিল্প কী? ১
খ. আমদানি বিকল্প শিল্প কীভাবে বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কুটির শিল্পের কোন সমস্যাটি সমাধানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

১০। একটি দেশ তার জরুরি, প্রয়োজনে, অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে খাদ্য, ওষুধ, প্রকল্প, দান, অনুদান, ঋণ, আর্থিক ও কারিগরি যেকোনো ধরনের সাহায্য গ্রহণ করতে পারে; যাকে বৈদেশিক সাহায্য বলে। তবে এ ধরনের সাহায্য কঠিন শর্তযুক্ত হয়। অনেক ক্ষেত্রে সুদের হার উচ্চ হয়ে থাকে, প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দাতার স্বার্থ সংরক্ষণে ব্যবহার হয় এবং গ্রহীতা দেশকে পরনির্ভরশীল করে রাখে। অন্যদিকে বৈদেশিক বাণিজ্যের মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদের কাম্য ব্যবহার নিশ্চিত করা যায়, স্বাধীনভাবে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা যায় এবং বৈদেশিক নির্ভরশীলতা হ্রাসের মাধ্যমে একটি আত্মনির্ভরশীল জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করা যায়।

ক. বাণিজ্য কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্যের মাধ্যমে ভোক্তারা কীভাবে উপকৃত হয়? ব্যাখ্যা কর। ২
গ. বৈদেশিক সাহায্য গ্রহণের পূর্বে কী কী বিষয় খেয়াল রাখা উচিত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "বৈদেশিক সাহায্য নয়; বৈদেশিক বাণিজ্যই একটি দেশকে আত্মনির্ভরশীল হতে সাহায্য করে।" — উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১। স্বল্পশিক্ষিত, আত্মবিশ্বাসী ও কঠোর পরিশ্রমী নাসিমা একদিন স্বপ্ন দেখেছিল সে উদ্যোক্তা হবে; অন্যের অধীনে কাজ করবে না; অন্যকে কাজ দিবে। যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে অল্পকিছু ঋণ নিয়ে হাঁস-মুরগি পালনের মাধ্যমে তার স্বপ্ন বাস্তবায়নের কাজ শুরু করে। আত্মপ্রত্যয়ী ও পরিশ্রমী নাসিমা এখান থেকে ভালো মুনাফা অর্জন করতে থাকে। বর্তমানে সে একটি নার্সারি ও একটি পোল্ট্রি ফার্মের মালিক এবং তার অধীনে প্রায় ১০ জন লোক কাজ করে।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১
খ. মানবসম্পদ উন্নয়নের জন্য শিক্ষা ও প্রশিক্ষণের গুরুত্বপূর্ণ অপরিসীম—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের কোন ধারণাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাসিমার উদ্যোগ বেকার সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

# ৭ বরিশাল বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। বাগমারা গ্রামের কৃষক আক্কাছ মিয়ার খামারের আয়তন ছোট হওয়ায় বেশি ফসল উৎপাদন করতে পারে না। যা উৎপাদন করে তা দিয়ে শুধুমাত্র তার পরিবারের ভরণপোষণ চলে। অন্যদিকে তার প্রতিবেশী মাসুমের খামারের আয়তন বড় হওয়ায় সে পরিবারের প্রয়োজন মেটানোর পর উদ্বৃত্ত ফসল বিক্রি করে মুনাফা অর্জন করে। এতে তার আর্থিক সচ্ছলতা অর্জিত হয়েছে।

ক. শস্য বহুমুখীকরণ কী? ১

খ. "মধ্যস্বত্বভোগীদের ভূমিকার কারণে কৃষকরা ফসলের ন্যায্যমূল্য পায় না।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আক্কাছ মিয়ার খামার কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মাসুমের খামার একটি দেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে"—যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২। বাংলাদেশের GDP-তে মৎস্য খাতের অবদান নিচের তালিকায় প্রদর্শিত হলো :

| | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১৩-১৪ | ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|
| GDP (কোটি টাকা) | ২১,৬০৭ | ২৩,০৫১ | ২৪,২৭৯ | ২৭,৪১৯ | ৩৭,১৪৬ |
| প্রবৃদ্ধির হার (%) | ৪.৬০ | ৪.৬৯ | ৫.৩২ | ৬.৩৬ | ৬.২১ |

ক. কৃষিজোত কাকে বলে? ১

খ. কৃষকরা ঋণ গ্রহণ করে কেন? ২

গ. উদ্দীপক থেকে বাংলাদেশের GDP-তে মৎস্য খাতের অবদানের লেখচিত্র অঙ্কন কর। ৩

ঘ. "বাংলাদেশের অর্থনীতিতে মৎস্য খাতের বিপুল সম্ভাবনা রয়েছে"—উদ্দীপকের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৩। বাংলাদেশের ওয়াল্টন, ভিশন, মাইওয়ান, মিনিস্টার প্রভৃতি কোম্পানি বর্তমানে দেশেই ভালোমানের টিভি, ফ্রিজ, এয়ারকুলার ইত্যাদি পণ্য উৎপাদন করছে। এতে পূর্বের তুলনায় আমদানি ব্যয় অনেকটা হ্রাস পেয়েছে এবং প্রচুর বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে। এই বিশেষ কৌশল অবলম্বনের ফলে বাংলাদেশ স্বনির্ভরতা অর্জন করছে এবং ভোগ্যপণ্য ও মূলধনী পণ্য উৎপাদনে দক্ষতা অর্জন করছে।

ক. ppp-এর পূর্ণরূপ লেখ। ১

খ. "কর্মসংস্থান সৃষ্টিতে কুটির শিল্প ভালো ভূমিকা রাখে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিগুলোর শিল্প কৌশলের পরিচয় ব্যাখ্যা কর। ৩

ঘ. স্বনির্ভরতা অর্জনে উক্ত কৌশলকে কি তুমি যথার্থ মনে কর? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৪। পাট বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। উৎপাদন খরচ বৃদ্ধি, মূল্য সমস্যা, মূলধন ও উদ্যোক্তার অভাব, পণ্য বহুমুখীকরণের অভাব, বিকল্প দ্রব্যের উপস্থিতি, প্রতিকূল বাণিজ্য শর্ত ইত্যাদি সমস্যা এ শিল্পে থাকলেও সাম্প্রতিক সময়ে বিশ্বের জলবায়ুর পরিবর্তনজনিত কারণে কৃত্রিম আঁশ ও সিনথেটিক দ্রব্য পরিবেশ দূষণের কারণ হওয়ায় পাটের প্রতি বিশ্বব্যাপী আগ্রহ সৃষ্টি হয়েছে। পাট পরিবেশবান্ধব এবং সবুজ পাট থেকে কাগজ ও রেয়ন তৈরির মণ্ড উদ্ভাবন করা হয়েছে, যার চাহিদা সমগ্র বিশ্বে রয়েছে। পলিথিন ব্যাগের বিকল্প হিসেবে পাটের তৈরি ব্যাগের চাহিদা ক্রমশ বাড়ছে। তাই পাটের ভবিষ্যৎ উজ্জ্বল।


ক. শিল্প কী? ১

খ. 'ফার্ম ও শিল্প এক নয়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. 'পাটের ভবিষ্যৎ সম্ভাবনা উজ্জ্বল'—মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৫। চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. "শিক্ষা ও প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়নে সহায়তা করে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুসারে 'নিম্ন জনসংখ্যা' ও 'অধিক জনসংখ্যা' স্তর ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক থেকে কাম্য জনসংখ্যার স্তর বোঝা যায়"— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে রাজু স্থানীয় বাজারে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুলল। এখানে কম্পিউটার সংক্রান্ত বেসিক প্রশিক্ষণ, আউটসোর্সিং-এর মাধ্যমে উপার্জন ইত্যাদি প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। স্থানীয় তরুণরা প্রশিক্ষণ নিয়ে তাদের বেকারত্ব দূর করছে এবং ভালো আয় করছে। রাজুর চাকরি খোঁজার আর চিন্তা নেই।

ক. মানবসম্পদ উন্নয়ন কী? ১

খ. "জনসংখ্যা বৃদ্ধি খাদ্য সমস্যা সৃষ্টি করে" — ব্যাখ্যা কর। ২

গ. রাজুর প্রচেষ্টা অর্থনীতিতে কী নামে পরিচিত—ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাংলাদেশে কর্মসংস্থানের জন্য এরকম প্রচেষ্টার প্রয়োজন রয়েছে"—মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৭। নিম্ন আয়ের চাকরিজীবী অসীম বাজারে গিয়ে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি দেখে চিন্তিত হয়ে পড়লেন। প্রয়োজনীয় অনেক কিছুই কেনা তার জন্য সম্ভব হলো না। অন্যদিকে তার প্রতিবেশী সলিম নিজের জমিতে চাষ করেন। দ্রব্যমূল্য বৃদ্ধিতে তিনি তত চিন্তিত নন।

ক. মুদ্রাস্ফীতি কাকে বলে? ১

খ. মজুদদারি ক্ষতিকর কেন? ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সলিম দাম বৃদ্ধিতে তত চিন্তিত নন কেন? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৮। বাংলাদেশ বিভিন্ন দেশে জুতা, সিরামিক সামগ্রী, কাঁচা পাট, হিমায়িত খাদ্য, হস্তশিল্পজাত দ্রব্য, চামড়া ও চামড়াজাত দ্রব্য, তৈরি পোশাক, শাকসবজি, ফলমূল, কাগজ, নিউজপ্রিন্ট ইত্যাদি রপ্তানি করে। সাম্প্রতিককালে বাংলাদেশের অপ্রচলিত পণ্য রপ্তানি ক্রমশ বাড়ছে। সরকার রপ্তানি বৃদ্ধির জন্য কর অবকাশ, বিশেষ সুবিধা, রপ্তানি ঋণ, ইপিজেড স্থাপন, বাণিজ্য মেলার আয়োজন ও অংশগ্রহণ ইত্যাদি বিভিন্ন ব্যবস্থা নিয়েছে।


ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্য কেন হয়? ২

গ. উদ্দীপক থেকে বাংলাদেশের প্রচলিত ও অপ্রচলিত রপ্তানি পণ্যের পৃথক তালিকা প্রস্তুত কর। ৩

ঘ. রপ্তানি বৃদ্ধিতে বাংলাদেশ সরকার গৃহীত পদক্ষেপগুলো কতটুকু কার্যকর বলে তুমি মনে কর? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৯। চিত্রটি লক্ষ কর—




ক. উল্লম্ফ মুদ্রাস্ফীতি কী? ১

খ. "অনুৎপাদনশীল খাতে ব্যয় বৃদ্ধি বাংলাদেশে মুদ্রাস্ফীতি ঘটায়"—ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে কী ধরনের মুদ্রাস্ফীতি প্রকাশ পেয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত মুদ্রাস্ফীতি রোধে কী কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে? মতামত দাও। ৪

১০। শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার ব্যয় এবং দুস্থ ও বয়স্ক ভাতাসহ অন্যান্য ভাতা বৃদ্ধির কারণে বাংলাদেশ সরকারের ব্যয় ক্রমশ বাড়ছে। এসব ব্যয় নির্বাহের জন্য সরকার অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস থেকে ঋণ গ্রহণ করে থাকে।

ক. পরোক্ষ কর কাকে বলে? ১

খ. "বৈদেশিক সাহায্যের চেয়ে বৈদেশিক বাণিজ্য উত্তম"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে সরকারি ব্যয়ের উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকারি ঋণের দুটি উৎসের মধ্যে কোনটি উত্তম? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

১১। ব্যক্তি তার আয় অনুসারে ব্যয় করে এবং সরকার ব্যয় অনুসারে আয় নির্ধারণ করে। বাংলাদেশ সরকার আয়কর, মূল্য সংযোজন কর, আমদানি শুল্ক, রপ্তানি শুল্ক, আবগারি শুল্ক, সম্পূরক শুল্কসহ বিভিন্নভাবে আয় করে। আবার যানবাহন ফি, ভূমি রাজস্ব, সুদ, জরিমানা, টোল, ডাক, রেজিস্ট্রেশন ইত্যাদি উৎস থেকেও আয় করে। করের ভিত্তি সম্প্রসারণ, অনুৎপাদনশীল খাতে ব্যয় পরিহার, দুর্নীতিমুক্ত প্রশাসন গড়ার মাধ্যমে সরকার তার আয় আরও বাড়াতে পারে।

ক. ফি কাকে বলে? ১

খ. আয়করকে প্রত্যক্ষ কর বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সরকার আয়ের উৎসগুলোর শ্রেণিবিভাগ কর। ৩

ঘ. সরকার তার আয় বৃদ্ধিতে উদ্দীপকে উল্লিখিত উপায়গুলোসহ আর কী কী ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে তুমি মনে কর? আলোচনা কর। ৪

# ৮ দিনাজপুর বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। আনু মিয়া তার উৎপাদিত ধান এ বছর স্থানীয় একটি বাজারে নিয়ে বিক্রি করার আগ্রহ পাচ্ছেন না। কেননা বিগত বছরগুলোতে বেশিরভাগ সময়ে পরিবহণ সমস্যা, দালাল ও ফড়িয়াদের দৌরাত্ম্যসহ বিভিন্ন সমস্যার সম্মুখীন হয়েছেন। উপরন্তু ন্যায্য দাম পাওয়া নিয়ে রয়েছে অনিশ্চয়তা, তবে আশার বাণী হচ্ছে ইদানীং সরকারের কিছু কিছু ইতিবাচক পদক্ষেপের কথা শোনা যাচ্ছে।

ক. কৃষির উপখাত কয়টি? ১

খ. সহজ শর্তে ঋণ প্রাপ্তি কৃষি উন্নয়নে সহায়ক— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত কৃষিক্ষেত্রের যে সমস্যার কথা প্রকাশ করা হয়েছে তার বর্ণনা দাও। ৩

ঘ. উপরিউক্ত সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? ৪

২।

| দ্রব্য | পরিমাণ ($Q_0$) | ভিত্তি বছর দাম ($P_0$) | বর্তমান বছর দাম ($P_n$) |
|---|---|---|---|
| X | ৫ | ২০ | ৪০ |
| Y | ৫ | ৩০ | ৬০ |


ক. মুদ্রাস্ফীতি কাকে বলে? ১

খ. সহনীয় পর্যায়ের মুদ্রাস্ফীতি কীভাবে অর্থনীতির জন্য সহায়ক? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ভিত্তিতে ভোক্তার দাম সূচক নির্ণয় কর। ৩

ঘ. প্রাপ্ত ফলাফল থেকে দামস্তরের বৃদ্ধি জনজীবনে কী প্রভাব ফেলবে বলে তুমি মনে কর? ব্যাখ্যা দাও। ৪

৩।




ক. সূচক সংখ্যা কী? ১

খ. মুদ্রাস্ফীতি ঘটার জন্য অতিরিক্ত সরকারি ব্যয় কতখানি দায়ী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে দামস্তর ২০ থেকে ২৫ হওয়ার কারণ ও প্রতিকার উল্লেখ কর। ৪

৪। 'A' ও 'B' দুটি দেশ। 'A' দেশ দীর্ঘদিন ধরে 'B' দেশ থেকে সাহায্য গ্রহণ করে আসছে। এখন 'A' দেশের কর্তৃপক্ষ অনুধাবন করতে পারছে তারা দাতা দেশ 'B' এর উপর নির্ভরশীল হওয়ার পাশাপাশি দর কষাকষির ক্ষমতা লোপ পাচ্ছে। প্রতীয়মান হচ্ছে আরও নানাবিধ সমস্যা।

ক. বিশ্বায়ন কী? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্য উৎপাদন বৃদ্ধি করে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. উপরিউক্ত সমস্যা ছাড়া আরও কী কী সমস্যা হতে পারে বলে তুমি মনে কর, বর্ণনা দাও। ৪

৫। কোভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশে গত ২০১৯-২০ অর্থবছরে রপ্তানি আয় পূর্ববর্তী বছরের তুলনায় হ্রাস পেয়ে দাঁড়ায় ৩৩,৬৭৪.০৯ মিলিয়ন মার্কিন ডলারে। কিন্তু জুলাই ২০ মে ২০২১ সময়ে রপ্তানি আয় বেড়ে দাঁড়ায় ৩৫,১৮০.৮১ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে কৃষিপণ্য রাসায়নিক দ্রব্য, চামড়া ও চামড়াজাত দ্রব্য,পাট ও পাটজাত দ্রব্য, নিটওয়্যার, তৈরি পোশাক প্রভৃতি রপ্তানি পণ্যের ইতিবাচক প্রবৃদ্ধি ঘটেছে।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১

খ. একেবারে বাণিজ্য না হওয়ার চেয়ে কিছুটা বাণিজ্য হওয়াও ভালো— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত দ্রব্যগুলোকে প্রচলিত ও অপ্রচলিত এ দুভাগে ভাগ কর। ৩

ঘ. বাংলাদেশের রপ্তানির গতিধারা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬। জনসংখ্যা নিয়ে বিভিন্ন তত্ত্ব প্রচলিত আছে। তন্মধ্যে দুটি তত্ত্ব বহুল প্রচলিত। একটিতে জনসংখ্যার আধিক্য ও খাদ্য উৎপাদন সম্পর্কে আলোকপাত করা হয়েছে। অন্যটিতে গুরুত্ব দেওয়া হয়েছে মাথাপিছু আয় ও সংশ্লিষ্ট জনসংখ্যার ওপর।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. প্রাকৃতিক ব্যবস্থা (Positive checks) কীভাবে জনসংখ্যা নিয়ন্ত্রণ করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় তত্ত্বটির মূল বক্তব্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রথম তত্ত্বটি বাংলাদেশের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা? মতামত দাও। ৪

৭। 'ক' দেশে কোনো এক বছরে ২০ লক্ষ জীবিত শিশু জন্মগ্রহণ করে। মৃত্যুবরণ করে ১০ লক্ষ লোক। উক্ত বছরের মধ্যসময়ে মোট লোকসংখ্যা ছিল ১০ কোটি। সম্পদ সীমিত হওয়ার কারণে বেকারত্বসহ নানাবিধ সমস্যা দেখা দিচ্ছে।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. নিট অভিবাসন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'ক' দেশের জন্মহার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানে তোমার সুপারিশসমূহ উল্লেখ কর। ৪

৮। আমাদের দেশে স্বল্প পুঁজি ও পরিবারের সদস্যদের নিয়ে গঠিত শিল্পের উৎপাদিত দ্রব্য আকর্ষণীয় ও তুলনামূলকভাবে সস্তা। কিন্তু যারা উৎপাদন করে তারা গরিব ও কষ্টে জীবনযাপন করে। উপরন্তু বৃহৎ শিল্পের সাথে প্রতিযোগিতায় টিকে থাকাও কষ্টসাধ্য হয়ে গেছে।

ক. শিল্প কাঠামো কী? ১

খ. 'পাট শিল্প আন্তর্জাতিক বাজার হারাচ্ছে'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের শিল্পের কথা উল্লেখ আছে বুঝিয়ে লেখ। ৩

ঘ. উল্লিখিত শিল্পের সমস্যাসমূহ সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? ৪

৯। 'X' নামক দেশের সরকার জনগণের কল্যাণার্থে পরিবহণ খাত এবং অবকাঠামোগত উন্নয়নের জন্য প্রতিবছরই পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু সম্পদের সীমাবদ্ধতার কারণে যথাসময়ে পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছিল না। তাই এ বছর সরকারি-বেসরকারি অংশীদারি অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ক. ক্ষুদ্র শিল্প কাকে বলে? ১

খ. আমদানি বিকল্প শিল্প কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন কৌশলের প্রতি ইঙ্গিত করা হয়েছে— ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর বাংলাদেশে এ কৌশল প্রয়োগ ইতিবাচক ভূমিকা রাখছে ব্যাখ্যা কর। ৪

১০। বর্তমান বিশ্বে প্রায় সব দেশেরই সরকারি ব্যয় ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। এই ব্যয়ভার মেটানোর জন্য 'B' দেশের সরকার আয়কর, ভ্যাট ও বিভিন্ন ধরনের ফি এর হার বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে। এতেও ব্যয় সংকুলান না হলে কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ গ্রহণ করার সুযোগ রয়েছে।

ক. কর বলতে কী বোঝ? ১

খ. পরোক্ষ কর তুলনামূলকভাবে জনপ্রিয় কেন? ২

গ. প্রদত্ত উদ্দীপকে সরকারের অর্থ সংগ্রহের উৎসের ধরন উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উৎস থেকে ঋণ গ্রহণ করা অর্থনীতির জন্য কতখানি যুক্তিযুক্ত? ব্যাখ্যা কর। ৪

১১। বন্যা, ঘূর্ণিঝড় প্রভৃতির মতো প্রাকৃতিক দুর্যোগের কারণে বাংলাদেশের উপকূলীয় অঞ্চল প্রায় বছরই প্লাবিত হয়। এতে জমির লবণাক্ততা বাড়ে এবং উৎপাদন ক্ষমতা কমে। বর্তমানে কৃষি বিভাগ ও অন্যান্য সংস্থা বিভিন্ন প্রযুক্তির উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে এ সমস্যা থেকে উত্তরণের চেষ্টা করছে।

ক. কৃষিকাজ কী? ১

খ. শিল্পের কাঁচামালের জন্য কৃষির গুরুত্ব অপরিসীম— ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশের কৃষির ওপর প্রাকৃতিক দুর্যোগের প্রভাব উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে তুমি কী কী সুপারিশ করবে? ৪

## ৯ ময়মনসিংহ বোর্ড ২০২২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

**অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান : ৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। সাদেক আলী একজন সাধারণ কৃষক। তিনি গতানুগতিক উৎপাদন পদ্ধতি ব্যবহার করে ফসল উৎপাদন করেন। উৎপাদিত ফসল দিয়ে তিনি পারিবারিক প্রয়োজন পূরণ করে থাকেন। অন্যদিকে হাসান সরকার একজন প্রতিষ্ঠিত কৃষক। তিনি আধুনিক উৎপাদন পদ্ধতি ব্যবহার করে ফসল উৎপাদন করেন। উৎপাদিত ফসল বিক্রয় করে তিনি ভালোই মুনাফা অর্জন করে থাকেন।

ক. কৃষি খামার কী? ১
খ. "শস্য বহুমুখীকরণ কৃষি উৎপাদনে ঝুঁকি কমায়"— ব্যাখ্যা কর। ২
গ. সাদেক আলীর উৎপাদনের সাথে সংগতিপূর্ণ কৃষি খামারের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদেক আলী ও হাসান সরকারের কৃষি খামারের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪


২। জনাব আজম তার নিজস্ব কৃষি জমিতে চাষাবাদ করার জন্য ঋণ গ্রহণ করেন। আত্মীয়স্বজন, গ্রাম্য মহাজন ও বন্ধু-বান্ধবদের কাছ থেকে তিনি যে ঋণ পেয়েছেন তা পর্যাপ্ত নয়। গ্রামে কৃষি ঋণের যোগানের অপর্যাপ্ততা ও ঋণদান প্রতিষ্ঠানের স্বল্পতার কারণে তিনি ইতোপূর্বে অনন্যোপায় হয়েই এ ঋণ গ্রহণ করেন। সম্প্রতি সরকার কৃষি উন্নয়নে উপকরণ বিতরণ, বীজ সহায়তা, প্রকৃত কৃষকদের মধ্যে খাস জমি বণ্টন এবং সেচ সুবিধা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করেছে।

ক. কৃষি ঋণ কী? ১
খ. কৃষি পরিবেশের ওপর নির্ভরশীল—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত যে উৎস হতে জনাব আজম ঋণ গ্রহণ করেছেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের কৃষি উন্নয়নে সরকারের গৃহীত কর্মসূচির মূল্যায়ন কর। ৪

৩। মিসেস ফারজানা একজন নারী উদ্যোক্তা। তিনি স্ব-অর্থায়নে ঘরোয়া পরিবেশে বাঁশ ও বেতের দ্বারা বিভিন্ন দ্রব্যসামগ্রী তৈরি করেন। তাকে এ কাজে তার স্বামী সহযোগিতা করেন। ইদানীং তার উৎপাদিত পণ্যের চাহিদা বেড়েছে। কিন্তু তার পুঁজি স্বল্প। ঋণের জন্য তিনি একটি ঋণদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেন। প্রতিষ্ঠানটি তাকে সহজ শর্তে ঋণ দেয়। ঋণের অর্থ দ্বারা উৎপাদন বাড়িয়ে তিনি বেশ ভালো মুনাফা অর্জন করছেন।


ক. শিল্প কী? ১
খ. ফার্ম কি শিল্প হতে পারে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মিসেস ফারজানার উৎপাদনকে কোন ধরনের শিল্প বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে উল্লিখিত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. অভিবাসন কী? ১
খ. অধিক জনসংখ্যা কীভাবে বৈদেশিক নির্ভরশীলতা বৃদ্ধি করে? ২
গ. উদ্দীপকের চিত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ তত্ত্বটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তত্ত্বটির আলোকে বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি মূল্যায়ন কর। ৪


৫। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




চিত্রে প্রদর্শিত পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার ব্যাংক হার, নগদ রিজার্ভ অনুপাত, সরকারি ব্যয় ও করহার পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে।

ক. সূচক সংখ্যা কী? ১
খ. "মুদ্রাস্ফীতি সর্বদা খারাপ নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রে কোন ধরনের মুদ্রাস্ফীতি দেখানো হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রে প্রদর্শিত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে উদ্দীপকে উল্লিখিত সরকারের পদক্ষেপগুলো মূল্যায়ন কর। ৪

৬। নিচের টেবিলটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. ফি কী? ১
খ. আয়করকে প্রত্যক্ষ কর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'g' চিহ্নিত স্থানের প্রাসঙ্গিক বিষয়টি উল্লেখ কর এবং ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই ধরনের উৎসের তুলনামূলক সুবিধা ও অসুবিধাগুলো বিশ্লেষণ কর। ৪

৭। বাংলাদেশে ১৯৭৬ সালে রপ্তানি শুরু করা শিল্পটিকে মোট রপ্তানি আয়ের ৮৬% অর্জিত হয় এবং প্রায় ৪৪ লক্ষ শ্রমিক কর্মরত রয়েছে। বর্তমানে শিল্পটি প্রতিকূল কর্মপরিবেশ, বিশ্ব বাজারে প্রবল প্রতিযোগিতা, কাঁচামালের সংকট, শ্রমিক অসন্তোষ প্রভৃতি সমস্যা দ্বারা জর্জরিত। এ সকল সমস্যার সমাধানে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. রপ্তানিমুখী শিল্প কী? ১
খ. আমদানি বিকল্প শিল্প কীভাবে দেশকে স্বনির্ভর হতে সাহায্য করে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পটি চিহ্নিত কর এবং এর সমস্যাসমূহ তুলে ধর। ৩
ঘ. সরকারের পদক্ষেপসমূহ কী হতে পারে? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৮। 'X' একটি জনবহুল দেশ। এই বিপুল জনসংখ্যা দেশটির খাদ্য, জনস্বাস্থ্য, কর্মসংস্থান ও পরিবেশের ওপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে। এ সমস্যা সমাধানে সম্প্রতি দেশটির সরকার পরিবার পরিকল্পনা কর্মসূচি জোরদারকরণ, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালুকরণ, সবার জন্য চিকিৎসাসেবা নিশ্চিতকরণ এবং মানবসম্পদ উন্নয়নের মতো কিছু কর্মসূচি গ্রহণ করেছে।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১
খ. শিক্ষা ও প্রশিক্ষণ কীভাবে মানবসম্পদ উন্নয়নে সহায়তা করে? ২
গ. 'X' দেশের সমস্যাগুলো উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'X' দেশের সরকারের গৃহীত কর্মসূচিগুলো বাংলাদেশের প্রেক্ষিতে বিশ্লেষণ কর। ৪

৯। 'A' দেশের দামস্তর ক্রমাগত বাড়ছে। দেশটিতে ২০১৯ ও ২০২০ সালের ভোক্তার দাম সূচক যথাক্রমে ১২৫ ও ১৫০। ফলস্বরূপ দেশটির কৃষক, সীমিত আয়ের জনগণ, উৎপাদক, ব্যবসায়ী, ঋণদাতা ও ঋণগ্রহীতার ওপর বিভিন্ন প্রভাব পরিলক্ষিত হয়।

ক. ভোক্তার দাম সূচক কী? ১
খ. সরকারি ব্যয় কীভাবে মুদ্রাস্ফীতি সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে 'A' দেশের মুদ্রাস্ফীতির হার পরিমাপ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিভিন্ন শ্রেণিতে ব্যক্তির ওপর মুদ্রাস্ফীতির প্রভাব আলোচনা কর। ৪

১০। রহিম সাহেব সুন্দরবন থেকে মধু সংগ্রহ করে দেশের বিভিন্ন স্থানে বিক্রি করেন। অন্যদিকে নিজাম সাহেব সিরামিক ফ্যাক্টরির মালিক। তিনি দেশীয় বাজারের পাশাপাশি ইউরোপের বিভিন্ন দেশে পণ্য বিক্রয় করেন। নিজাম সাহেবের অর্জিত আয় দেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখছে।

ক. বিশ্বায়ন কী? ১
খ. বিদ্যুৎ ও গ্যাসের দাম কীভাবে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে বাধা সৃষ্টি করে? ২
গ. রহিম সাহেব ও নিজাম সাহেবের বাণিজ্যের ধরন চিহ্নিত কর এবং ব্যাখ্যা কর। ৩
ঘ. নিজাম সাহেবের বাণিজ্য দেশের সম্পদ ব্যবহার, উৎপাদন, বাজার সম্প্রসারণ এবং মূলধনের গতিশীলতার ওপর কী প্রভাব ফেলে? বিশ্লেষণ কর। ৪

১১। বর্তমান সময়ে সরকার মানবসম্পদ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তা এবং পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করে। এসব খাতে বরাদ্দকৃত অর্থ সংগ্রহের জন্য সরকার মূল্য সংযোজন কর, আমদানি শুল্ক, রপ্তানি শুল্ক এবং আবগারি শুল্কের ওপর নির্ভরশীল।

ক. সরকারি আয় কী? ১
খ. কর ও ফি একই কিনা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে সরকারি ব্যয়ের উদ্দেশ্যসমূহ চিহ্নিত কর এবং ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সরকারি আয়ের খাতসমূহ যথেষ্ট কিনা মন্তব্য কর। ৪

## ১০ ঢাকা বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। এরশাদ তার জমিতে আলু চাষ করে। এতে ফলনও ভালো হয়। কিন্তু অনুন্নত যোগাযোগ ব্যবস্থা, দুর্বল বাজার কাঠামোসহ বিভিন্ন সমস্যার কারণে নামমাত্র মূল্যে গ্রামীণ প্রাথমিক বাজারে আলু বিক্রি করতে সে বাধ্য হয়। ন্যায্যমূল্য না পাওয়ায় সে আলু চাষে নিরুৎসাহী হয়ে পড়ে। কৃষির উন্নয়নে বর্তমান সরকার গুদামঘর নির্মাণ এবং স্বল্প সুদে ঋণদানসহ বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. কৃষি জোত কাকে বলে? ১
খ. ভোগ্য ঋণ ও অনুৎপাদনশীল ঋণের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. এরশাদের উৎপাদিত আলুর ন্যায্যমূল্য না পাওয়ার কারণসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. আলু বিপণনে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ যথেষ্ট কি? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। বাংলাদেশের কৃষির দুটি উপখাতের GDP-এর খাতওয়ারি প্রবৃদ্ধির হার নিচে দেওয়া হলো—

| খাত \ সময় | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ |
|---|---|---|---|---|
| প্রাণিজ সম্পদ | ৩.২০ | ৩.৩১ | ৩.৪০ | ৩.৫৪ |
| বনজ সম্পদ | ৫.১২ | ৫.৬০ | ৫.৫১ | ৮.৩৪ |

ক. জীবন নির্বাহী খামার কাকে বলে? ১
খ. শস্য বহুমুখীকরণ কি খাদ্য ঘাটতি দূর করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বনজ সম্পদের প্রবৃদ্ধির হার লেখচিত্রের সাহায্যে দেখাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশের GDP-তে দুটি খাতের অবদানের তুলনামূলক বর্ণনা দাও। ৪

৩। গরিব কৃষক বেলাল তার জমিতে প্রতিবছর একই ফসল চাষ করে। এতে জমির উর্বরতা শক্তি কমে যাওয়ায় ফসল উৎপাদন কম হয়। এমতাবস্থায় সে ফসল উৎপাদনে আগ্রহ হারিয়ে ফেলে। তার বন্ধু জামিলের পরামর্শ অনুযায়ী গ্রাম্য মহাজনের নিকট থেকে ঋণ না নিয়ে ব্যাংক থেকে ঋণ নেয় এবং একই জমিতে বছরে তিনটি ফসল চাষ করে। প্রথমে মরিচ, তারপর সরিষা এবং সবশেষে সে ধান উৎপাদন করে। এখন তার ফসল উৎপাদন অনেক বেশি হয়।

ক. কৃষি বিপণন কী? ১
খ. জীবন নির্বাহী খামার ও বাণিজ্যিক খামারের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. বেলালের কৃষি উৎপাদন কার্যক্রম উৎপাদনের কোন ধারণার সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ঋণের উৎসের মধ্যে কোন উৎসের ঋণ অধিক ভালো এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৪। বাংলাদেশ প্রতিবছর শিল্প ও কৃষির যন্ত্রপাতি, নির্মাণ সামগ্রী, প্রসাধনী দ্রব্য ইত্যাদি বিদেশ থেকে কেনার জন্য মুদ্রা ব্যয় করে। পক্ষান্তরে, বর্তমানে আমাদের দেশ হতে পাট, চা, তৈরি পোশাকসহ ইত্যাদি পণ্য পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি করা হয়। এমতাবস্থায় যেসব দ্রব্য আমদানি করা হয় সেসব দ্রব্যের শিল্প স্থাপন দেশের অভ্যন্তরে করা সম্ভব হলে দেশের আয় দেশেই থাকবে। ফলে বাংলাদেশের অর্থনীতি আরও শক্তিশালী হবে।

ক. রপ্তানিমুখী শিল্প কী? ১
খ. ক্ষুদ্র ও কুটির শিল্প কীভাবে গ্রামীণ অর্থনীতি বিকাশে ভূমিকা রাখে? ২
গ. উদ্দীপক থেকে বাংলাদেশের আমদানি ও রপ্তানি দ্রব্যের তালিকা প্রস্তুত কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পটি কীভাবে বৈদেশিক বাণিজ্যের ঘাটতি হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখতে পারে? তোমার মতামত দাও। ৪


৫। অর্থনীতির শিক্ষক জনাব জাহাঙ্গীর আলম ক্লাসে বললেন যে, বাংলাদেশের গ্রামীণ আর্থসামাজিক অবস্থার সাথে মিল রেখে এমন শিল্প স্থাপন করা প্রয়োজন যেখানে স্বল্প মূলধন বিনিয়োগ, নারীদের কর্মসংস্থান সৃষ্টি, নিজস্ব গৃহে উৎপাদন এবং পরিবেশ বান্ধব উৎপাদন কার্যক্রম পরিচালনা করা সম্ভব।

ক. সংরক্ষিত শিল্প কী? ১
খ. শিল্পায়নের মাধ্যমে কৃষির আধুনিকায়ন কীভাবে প্রভাবিত হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের শিল্প সম্পর্কে আলোচনা করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উল্লিখিত শিল্পের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৬। বাংলাদেশে নিয়মিতভাবে গরু, ছাগল, ভেড়া ইত্যাদি পশু জবাই করা হয়। তাছাড়া ঈদ-উল-আযহার সময় কমপক্ষে ২০-২৫ লক্ষ গরু-মহিষ এবং ৪০-৪৫ লক্ষ ছাগল-ভেড়া জবাই করা হয়। দেশে এবং বিদেশে এসব চামড়ার চাহিদা অনেক বেশি। কিন্তু দুঃখের বিষয় সাম্প্রতিককালে ন্যায্যমূল্য না পাওয়ার কারণে মূল্যবান চামড়া মাটিতে পুঁতে ফেলা কিংবা নদীতে ফেলে দেওয়ার মতো ঘটনা ঘটছে।

ক. অগ্রাধিকার শিল্পের সংজ্ঞা দাও। ১
খ. PPP যৌথভাবে ঝুঁকি বহন করে কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ন্যায্যমূল্য না পাওয়ার প্রধান তিনটি কারণ আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানের জন্য তুমি কী কী সুপারিশ করবে? ব্যাখ্যা কর। ৪

৭।




ক. শূন্য জনসংখ্যা বৃদ্ধি কী? ১
খ. জলবায়ু পরিবর্তনের মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধি কীভাবে প্রভাবিত হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রটি জনসংখ্যার কোন তত্ত্বকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কাম্য জনসংখ্যা কত ও কেন? বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি কোন বিন্দুর সাথে সংগতিপূর্ণ? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮। ১,৪৭,৫৭০ বর্গ কি. মি. আয়তনবিশিষ্ট একটি দেশের জনসংখ্যার কাঠামো নিম্নরূপ—

| ২০১৬ সালের মধ্যবর্তী সময়ে জনসংখ্যা | ২০১৬ সালের মোট জন্ম সংখ্যা | ২০১৬ সালের মোট মৃত্যুর সংখ্যা |
|---|---|---|
| ১৬,০০,০০,০০০ | ৩০,০০,০০০ | ৮,০০,০০০ |

ক. নিট অভিবাসন কী? ১
খ. শিক্ষা ও প্রশিক্ষণের সাথে মানবসম্পদ উন্নয়নের সম্পর্ক কেমন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক থেকে স্থূল জন্মহার ও স্থূল মৃত্যুহার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর। দেশটি জনবহুল হলে তার সমাধানের জন্য তোমার মতামত প্রদান কর। ৪

৯। আকতার অর্থনীতিতে মাস্টার্স পাস করার পর সরকারি চাকরির জন্য অনেক চেষ্টা করেছে কিন্তু চাকরি হয়নি। পরবর্তীতে যুব উন্নয়ন কেন্দ্র হতে প্রশিক্ষণ গ্রহণ করে, আত্মীয়স্বজনদের নিকট থেকে টাকা ধার করে এবং ১০ বিঘা জমি লিজ নিয়ে একটি আম বাগান গড়ে তোলে। বর্তমানে সে একজন সফল আম চাষি। কোনোরকম রাসায়নিক দ্রব্যাদির ব্যবহার ছাড়াই সে আম উৎপাদন করে। বিদেশে তার আমের অনেক চাহিদা।

ক. বিশ্বায়ন কী? ১
খ. ট্যাক্স হলিডে রপ্তানি বাণিজ্যকে কীভাবে সম্প্রসারণ করে? ২
গ. আকতারের কর্মসংস্থান কী প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩
ঘ. আকতারের মতো সফল হতে দেশের বেকার যুবকদের করণীয় বিশ্লেষণ কর। ৪

১০। একসময় বাংলাদেশ শুধুমাত্র কাঁচাপাট, পাটজাত দ্রব্য, চা, চামড়া, নিউজপ্রিন্ট কাগজ ইত্যাদি রপ্তানি করত। বর্তমানকালে রপ্তানি বাণিজ্যের গতিপ্রকৃতিতে পরিবর্তন সাধিত হওয়ায় বাংলাদেশ তৈরি পোশাক, হিমায়িত খাদ্য, সিরামিক, শাকসবজি, তাজা ফুল, হোসিয়ারি দ্রব্য, হস্তশিল্প ইত্যাদি নানাবিধ দ্রব্য রপ্তানি করছে। ফলে দেশের অর্থনীতি ক্রমশ শক্তিশালী হচ্ছে। তথাপি মেট্রোরেল প্রকল্প, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্ল্যান্ট এবং দেশের অবকাঠামোগত উন্নয়ন করার জন্য বিভিন্ন রকম কঠিন শর্ত মেনে বাংলাদেশ সরকার বৈদেশিক সাহায্য গ্রহণ করছে।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্যে লিপ্ত দেশের উৎপাদন দক্ষতা বৃদ্ধি পায় কেন? ২
গ. উদ্দীপক হতে প্রচলিত ও অপ্রচলিত রপ্তানি দ্রব্যসমূহের তালিকা তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দেশের অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক সাহায্য এবং আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে কোনটি অধিক প্রয়োজনীয়? বিশ্লেষণ কর। ৪

১১। সমগ্র বিশ্ব করোনা ভাইরাসে আক্রান্ত। পৃথিবীর সকল দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ও শিল্পখাতসহ ব্যাপকভাবে বাধাগ্রস্ত হয়েছে। কিন্তু বর্তমান সরকারের সময়োপযোগী এবং সঠিক পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশের শিল্পখাত ও অর্থনৈতিক কর্মকাণ্ড বড় ধরনের সমস্যার সম্মুখীন হয়নি। শুল্ককর রেয়াত, আমদানি নীতি উদারীকরণ, ভর্তুকি প্রদান, আয়কর সুবিধা, বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ, সহজ ঋণ সুবিধা ইত্যাদি বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে আন্তর্জাতিক বাণিজ্যের গতিধারা চলমান আছে।

ক. বৈদেশিক সাহায্য কী? ১
খ. সংস্কৃতির ক্ষেত্রে বিশ্বায়নের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পদক্ষেপসমূহ রপ্তানি বাণিজ্যের গতিধারা চলমান রাখার ক্ষেত্রে কীরূপ ভূমিকা পালন করে ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত পরিস্থিতিতে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে আর কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? তোমার মতামত লেখ। ৪

# ১১ রাজশাহী বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। লুৎফর মোল্যা একজন সবজি চাষি। সে বিভিন্ন ধরনের সবজি চাষ করে। তার উৎপাদিত সবজি গ্রামের ভোক্তাদের চাহিদা পূরণ করে শহরের ভোক্তাদের চাহিদা মেটায়। তার সবিজ চাষের ফলে একদিকে ভোক্তারা যেমন উৎকৃষ্টমানের সবজি ক্রয় করতে পারে, অন্যদিকে সেও আর্থিকভাবে অনেক লাভবান হয়। তবে বাজারের দূরত্ব, যাতায়াত সমস্যা ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বিদ্যমান।

ক. কৃষি কাঠামো কী? ১
খ. কৃষিতে উন্নত বীজের ব্যবহার কর্মসংস্থানকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. লুৎফর মোল্যার উৎপাদিত পণ্য যে প্রক্রিয়ায় ভোক্তাদের কাছে পৌঁছায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. বাজারজাতকরণের ত্রুটিসমূহ বাংলাদেশের প্রেক্ষিতে বিশ্লেষণ কর। ৪

২। জমির প্রান্তিক কৃষক। সনাতন চাষ পদ্ধতি, অদক্ষ পরিদর্শন ব্যবস্থা এবং ব্যবস্থাপনার ত্রুটির কারণে যে ফসল উৎপাদন হয় তার সাহায্যে জীবিকা নির্বাহ কঠিন। ফলে কৃষিকাজের জন্য ফসলের বীজ, কীটনাশক ও সার ক্রয়ের জন্য আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব ও বিভিন্ন এন.জি.ও এবং বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে সুদে ঋণ নিতে হয়। যার ফলে তার আর্থিক অবস্থার উন্নতি হয় না।

ক. জীবন নির্বাহী খামার কী? ১
খ. কৃষক দরিদ্র তাই ফসল বিপণনের সমস্যাও বেশি— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জমিরের কৃষি খামারের বৈশিষ্ট্য ও প্রকৃতি নির্ণয় কর। ৩
ঘ. জমিরের গৃহীত ঋণের উৎসগুলোর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩। বাংলাদেশে রপ্তানি আয়ের সিংহভাগ আসে 'ক' শিল্প থেকে। 'ক' শিল্প বর্তমানে বাংলাদেশের শিল্পক্ষেত্রে নতুন এক সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। অনগ্রসর নারীদের কর্মসংস্থান এবং রপ্তানি বাণিজ্যের উন্নয়নের ক্ষেত্রে শিল্পটি প্রধান ভূমিকা পালন করছে।

ক. কুটির শিল্প কী? ১
খ. শিল্পায়নের মাধ্যমে কীভাবে একটি দেশ স্বনির্ভরতা অর্জন করে? ২
গ. উদ্দীপকে 'ক' দ্বারা কোন ধরনের শিল্পকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর বাংলাদেশে 'ক' দ্বারা নির্দেশিত শিল্পের সমস্যা রয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। সুমন শিক্ষিত চাষি। পূর্বে তার জমি থেকে পর্যাপ্ত উৎপাদন হতো না। কিন্তু বর্তমানে সুমন ঐ জমিতে সারা বছরই বিভিন্ন শস্য ও সবজি উৎপাদন করে। এছাড়া তিনি উন্নত যন্ত্রপাতি, বীজ এবং তথ্যপ্রযুক্তির সমন্বয়ে কৃষি উৎপাদন বৃদ্ধি করেছেন। তাই আরও এক বিঘা জমি ভাড়া নিয়ে ফসল, শস্য ও সবজি চাষের পরিধি বাড়াবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন।

ক. কৃষি কী? ১
খ. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি কৃষির ওপর নেতিবাচক প্রভাব ফেলে— ব্যাখ্যা কর। ২
গ. সুমনের একই জমিতে বিভিন্ন ধরনের শস্য চাষাবাদ কোন ধরনের উৎপাদন পদ্ধতি নির্দেশ করে— ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে শস্য বহুমুখীকরণের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫। জনাব আবুল বাশার একজন শিক্ষক। তিনি ক্লাসে ছাত্র-ছাত্রীদেরকে দক্ষ মানবসম্পদের গুরুত্ব ব্যাখ্যা করেন। তিনি বলেন, বাংলাদেশে প্রায় ১৬ কোটি লোক বাস করে। কিন্তু এসব লোকের বেশিরভাগই অশিক্ষিত ও নিরক্ষর। এরা সমাজের বোঝা হয়ে থাকছে। তবে এসব লোককে দক্ষ হিসেবে গড়ে তুলতে পারলে তারা সম্পদে পরিণত হবে এবং উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করতে পারবে।

ক. মানবসম্পদ উন্নয়ন বলতে কী বোঝ? ১
খ. প্রশিক্ষণ কীভাবে মানবসম্পদ তৈরি করে— ব্যাখ্যা কর। ২
গ. জনাব আবুল বাশার মানবসম্পদ উন্নয়নের গুরুত্ব কীভাবে ব্যাখ্যা করেন? ৩
ঘ. বাংলাদেশে মানবসম্পদ উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপগুলো তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

৬। রহিমা একজন স্বাস্থ্যকর্মী। একদিন পাশের গ্রামের জুলেখার বাড়িতে গিয়ে দেখেন, তার বাড়ির পরিবেশ অস্বাস্থ্যকর, পাঁচটি সন্তানই রোগাটে। ২/১ জন বাদে বাকি সব সন্তানই শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত। রহিমা তার পাশের গ্রামে জুলেখাসহ আরও কয়েকটি পরিবারকে পরিকল্পিত পরিবার সম্পর্কে পরামর্শ দেন।

ক. কাম্য জনসংখ্যা কী? ১
খ. নারী শিক্ষা কীভাবে জনসংখ্যা হ্রাসে ভূমিকা রাখে? ২
গ. উদ্দীপকের আলোকে জুলেখার পরিবারের প্রধান সমস্যাটা কী বর্ণনা কর। ৩
ঘ. পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে কীভাবে দেশের আর্থসামাজিক উন্নয়ন হবে— মূল্যায়ন কর। ৪

৭। বাংলাদেশ একটি জনবহুল দেশ। এদেশে বিদ্যমান সম্পদের তুলনায় জনসংখ্যার পরিমাণ অনেক বেশি। এজন্য বিভিন্ন সমস্যা যেমন— জনসংখ্যা বৃদ্ধি, খাদ্য ঘাটতি, বেকারত্বসহ ঘনঘন প্রাকৃতিক দুর্যোগ দেখা যায়। তবে সাম্প্রতিককালে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণ করে জনসংখ্যা ও সম্পদের মধ্যে সামঞ্জস্য বিধানের চেষ্টা করা হচ্ছে।

ক. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? ১
খ. মানবসম্পদ উন্নয়নের সাথে স্বাস্থ্য ও সেবার সম্পর্ক কী? ২
গ. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি কী কী সমস্যা সৃষ্টি করে, উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিবার পরিকল্পনা পদ্ধতি জনসংখ্যা ও সম্পদের মধ্যে কীভাবে সামঞ্জস্য বিধান করবে বলে তুমি মনে কর? ৪

৮। মি. মতিন কুমিল্লা জেলার একজন বৈদ্যুতিক মিস্ত্রি। সে কাজের সন্ধানে মালয়েশিয়ায় যায়। একদিন সে একটি শপিংমলে প্রাণ আচার, বি.ডি চানাচুর ও RFL এর পণ্যসামগ্রী দেখে আনন্দ অনুভব করে কিন্তু তা সামান্য মাত্র। শপিংমলের অন্যান্য দ্রব্যসামগ্রী চীন, জাপান, আমেরিকা ও ইংল্যান্ডের। দোকানদার মতিনকে বলেন যে, তোমার দেশের উৎপাদিত পণ্যের মান নিম্ন, পরিবহণ সমস্যা, রাজনৈতিক অস্থিতিশীলতার জন্য আমরা কম পণ্য আমদানি করি।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১
খ. "বৈদেশিক সাহায্য দেশকে পরনির্ভরশীল করে তোলে" — ব্যাখ্যা কর। ২
গ. শপিংমলে মতিনের দেশের পণ্য কম হওয়ার কারণ কী তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মতিনের দেশের বেশি পণ্যসামগ্রী শপিংমলে দেখতে হলে কী করা প্রয়োজন? ৪

৯। রোকেয়ার স্বামী রিকশা চালিয়ে জীবিকা নির্বাহ করে। সড়ক দুর্ঘটনায় তার দুটি পা নষ্ট হয়ে যায়। রোকেয়া স্বামী সন্তান নিয়ে দিশেহারা হয়ে পড়ে। এ অবস্থায় একটি NGO থেকে ৩ (তিন) হাজার টাকা ঋণ নিয়ে মুড়ি ভাজার কাজ শুরু করে এবং স্থানীয় বাজারে মুড়ি বিক্রি করে সংসার চালাতে থাকে।

ক. শিল্প কী? ১
খ. শিল্পায়নের মাধ্যমে একটি দেশ কীভাবে স্বনির্ভরতা অর্জন করে? ২
গ. রোকেয়ার মুড়ি ভাজার কাজটি কোন ধরনের শিল্পের আওতাধীন? উক্ত শিল্পের বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্প বিকশিত হলে এদেশের বেকারত্ব দূরীকরণে কতটুকু ভূমিকা রাখবে বলে তুমি মনে কর? ৪

১০। দেশের শিল্প কলকারখানা গড়ে তোলার লক্ষ্যে সরকার EPZ গঠন, শিল্প ঋণ প্রদান, বিদ্যুৎ সরবরাহ, কারিগরি জ্ঞান প্রসারসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। ফলে তৈরি পোশাক, ঔষধ, প্লাস্টিক সামগ্রীসহ বহু পণ্য বিদেশে রপ্তানি হচ্ছে।

ক. বৈদেশিক সাহায্য কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য সংঘটিত হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচি রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে কীরূপ ভূমিকা পালন করছে? ৩
ঘ. দেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে আর কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? বিশ্লেষণ কর। ৪

১১। জনসংখ্যা বৃদ্ধি পায় জ্যামিতিক হারে, খাদ্যদ্রব্য বৃদ্ধি পায় গাণিতিক হারে, প্রত্যেক দেশে প্রতি ২৫ বছরে জনসংখ্যা দ্বিগুণ হয়।

ক. মানবসম্পদ উন্নয়ন কী? ১
খ. যে পরিমাণ জনসংখ্যা থাকলে মাথাপিছু আয় সর্বোচ্চ হয় তাকে কী বলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে জনসংখ্যার কোন তত্ত্বটি সংগতিপূর্ণ— ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে উক্ত তত্ত্বটি কতটুকু কার্যকর? মূল্যায়ন কর। ৪

## ১২ ✓ যশোর বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। কালামের দেশের কৃষি চারটি উপখাতের সমন্বয়ে গঠিত। উপখাতগুলো হচ্ছে যথাক্রমে– শস্য, মৎস্য, প্রানিসম্পদ ও বনজ সম্পদ। সাম্প্রতিক সময়ে জিডিপিতে কৃষি খাতের অবদান নিম্নরূপ :

| উপখাত | ২০১৬-১৭ (শতকরা) | ২০১৭-১৮ (শতকরা) |
|---|---|---|
| ১. শস্য | ৭.৯২ | ৭.৩৭ |
| ২. মৎস্য | ৩.৬১ | ৩.৫৭ |
| ৩. প্রাণিসম্পদ | ১.৬০ | ১.৫৪ |
| ৪. বনজ সম্পদ | ১.৬৬ | ১.৬৩ |

উল্লিখিত তথ্যে জিডিপিতে কৃষি খাতের অবদান ক্রমান্বয়ে কমছে। দেশে দ্রুত শিল্প খাতের বিকাশ ও কৃষির প্রকৃতি নির্ভরতাকে জিডিপিতে কৃষি খাতের অবদান কমে যাওয়ার কারণ বলে অনেকের ধারণা। কিন্তু দেশের GDP তথা অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে শিল্প খাতের প্রবৃদ্ধি জরুরি। আবার শিল্প খাতের দ্রুত প্রবৃদ্ধি অর্জনে কাঁচামালের যোগানদাতা হিসেবে কৃষি খাতের উন্নয়ন অপরিহার্য।

ক. মিশ্র খামার কী? ১
খ. সনাতনী কৃষি কাঠামো বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কালামের দেশের জিডিপিতে কৃষি উপখাতের অবদান লেখচিত্রে প্রকাশ কর। ৩
ঘ. বাংলাদেশের GDP-এর প্রবৃদ্ধির জন্য কৃষি খাতের কোন উপখাতের গুরুত্ব বেশি উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

২। 'B' একটি কৃষিনির্ভর দেশ। দেশের প্রায় ৭৫% জনসাধারণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির ওপর নির্ভরশীল। কৃষিব্যবস্থা এখনও উন্নত ও উচ্চ ফলনশীল নয়। এর অন্যতম কারণ হলো এখানকার কৃষি পরিবেশ দূষণের শিকার। বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ুর পরিবর্তন, যথেচ্ছা কীটনাশক ও রাসায়নিক সারের ব্যবহার কৃষি পরিবেশকে দূষিত করছে, ফলে তাপমাত্রা বৃদ্ধি, ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও বন্যার ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় দেশটি দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন নীতি, চুক্তি ও প্রটোকলে স্বাক্ষর করাসহ পদক্ষেপ গ্রহণ করেছে। বিশেষজ্ঞদের মতে, কৃষিকে পরিবেশ দূষণের সাথে অভিযোজনের জন্য উল্লিখিত পদক্ষেপের সাথে জনগণের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে কৃষি পরিবেশকে সংরক্ষণ করতে হবে, তবেই সফলতা আসবে।

ক. পরিবেশ দূষণ কী? ১
খ. কৃষকরা ঋণ গ্রহণ করে কেন? – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অবলম্বনে কৃষিতে পরিবেশ দূষণের প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনগণের সচেতনতা কৃষি পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করতে পারে' – তুমি কি একমত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৩। 'ক' দেশ মুসলিম সংখ্যাগরিষ্ঠ হওয়ায় বিভিন্ন উৎসবসহ সারা বছর এখানে বিভিন্ন পশুর কাঁচা চামড়ার যোগান পাওয়া যায়, যা চামড়া শিল্পের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। বিশ্ব বাজারে চামড়াজাত শিল্পপণ্যের চাহিদাও প্রচুর। বিশ্বের অনেক দেশ চামড়াজাত দ্রব্য রপ্তানি করে অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করছে এবং কর্মসংস্থান বৃদ্ধি পাচ্ছে। কিন্তু কাঁচা চামড়া সংরক্ষণের অভাব, মূলধনের অভাব, অদক্ষ শ্রমিক, চামড়া প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যের অভাব, কাঁচা চামড়ার ন্যায্যমূল্য না পাওয়ায় পশু পালনে অনীহা ইত্যাদি এ শিল্পকে সংকটে ফেলেছে। কাঁচামাল সহজলভ্য হলে এ শিল্পের সংকট মোকাবিলা করা গেলে তা দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।

ক. PPP কী? ১
খ. 'আমদানি বিকল্প শিল্প বৈদেশিক মুদ্রা সাশ্রয় করে' – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে উদ্দীপকের উল্লিখিত শিল্পের বিকাশ প্রয়োজন' – তোমার দেশের প্রেক্ষাপটে বিশ্লেষণ কর। ৪

৪। জাহিদ একজন শিক্ষিত যুবক। ব্যবসায়ী বাবার উৎসাহে সে কর্মসংস্থান ব্যাংক থেকে ৫ লক্ষ টাকা ঋণ নিয়ে পৈতৃক অবকাঠামোতে একটি কারখানা প্রতিষ্ঠা করে, তাঁর প্রতিষ্ঠানে ১৫ জন ভাড়াটে শ্রমিক কাজ করে। দেশের বৃহৎ শিল্পের উপজাতসমূহ স্বল্পমূল্যে এ প্রতিষ্ঠানে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। উৎপাদিত পণ্যের মূল্য সংযোজন ভালো হওয়ায় সে এখন সফল উদ্যোক্তা। জাহিদের এরূপ সফলতায় অনুপ্রাণিত হয়ে তাঁর বন্ধু কাশেম একই রকমের আর একটি কারখানা প্রতিষ্ঠা করে, যে প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য দেশের বৃহৎ শিল্পের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। জাহিদ মনে করে, তাদের প্রতিষ্ঠিত শিল্পসমূহ দেশের বৃহৎ শিল্পের উৎপাদিত পণ্য ও উপজাতসমূহের ক্রেতা হিসেবে যেমন চাহিদা সৃষ্টি করে তেমনি বৃহৎ শিল্পের কাঁচামালের যোগানদাতা হিসেবে ভূমিকা রেখে দেশের বৈদেশিক মুদ্রার সাশ্রয়, আয় বৈষম্য হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখে।

ক. সংরক্ষিত শিল্প কী? ১
খ. কৃষির আধুনিকীকরণে শিল্পের অবদান ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জাহিদের কারখানা কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'জাহিদের শিল্প ও বৃহৎ শিল্প পরস্পর নির্ভরশীল' – বিশ্লেষণ কর। ৪

৫। 'X' একটি জনবহুল দেশ। এই দেশের কাম্য জনসংখ্যা হলো ৬ কোটি কিন্তু বর্তমান জনসংখ্যা হলো ২৪ কোটি। যদি দেশটি কাম্য জনসংখ্যার দেশ হতো তাহলে মাথাপিছু উৎপাদন, অর্থনৈতিক কল্যাণ সর্বোচ্চ হতো এবং দেশটিতে সম্পদের সুষ্ঠু ব্যবহার সম্ভব হতো।

ক. মৃত্যু হারের সূত্রটি লেখ। ১
খ. জনসংখ্যা ও খাদ্য সমস্যা কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনসংখ্যা সম্পর্কিত ধারণাটি চিত্রে উপস্থাপন কর। ৩
ঘ. উদ্দীপকে দেশটির প্রদত্ত জনসংখ্যা কি কাম্য জনসংখ্যা হতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। 'X' একটি উন্নয়নশীল ছোট জনবহুল দেশ। এখানে জনসংখ্যা ১৬ কোটির উর্ধ্বে, জন্মহার ২৩.৯ ও মৃত্যুহার ১০.২। জন্মহার ও মৃত্যুহারের এ অসম ব্যবধান দেশটির উন্নয়নের পথে অন্যতম বাধা। দেশটির সরকার এ সমস্যা সমাধানে শিক্ষা বিস্তার, পরিবার পরিকল্পনা কর্মসূচি সম্প্রসারণসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. জন্মহার কী? ১
খ. 'নারী উন্নয়নে শিক্ষার ভূমিকা অনস্বীকার্য'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্য অবলম্বনে জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনসংখ্যার সমস্যা সমাধানে তুমি আর কী কী পদক্ষেপের সুপারিশ কর। – ব্যাখ্যা কর। ৪

৭। জামাল একজন সবজি চাষি। এ বছর দেশে আলুর সংকট থাকায় সে বন্ধুবান্ধব, আত্মীয়স্বজন, গ্রামীণ ব্যাংক ও কৃষি ব্যাংকের নিকট থেকে ঋণ গ্রহণ করে নিজস্ব জমিসহ চুক্তিতে জমি নিয়ে আলু চাষ করে। আলু চাষে সে ইন্টারনেট ও মোবাইল ফোনের মাধ্যমে কৃষি তথ্য সেবা কেন্দ্রের সহায়তা নিয়ে উৎপাদনে যেমন সফলতা পায়, তেমনি উৎপাদিত ফসলের বাজার সম্পর্কেও বিভিন্ন তথ্য সংগ্রহ করে লাভবান হয়।

ক. কৃষিজোত কী? ১
খ. 'উচ্চ ফলনশীল বীজ কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়ক' – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কৃষি ঋণের উৎসসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. কৃষিতে ICT ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮। জামিলা ঢাকার একটি কারখানায় কাজ করে। তার মতো ৮০০ শ্রমিক এ কারখানায় কাজ করে, যার ৮০ শতাংশই দরিদ্র ও অদক্ষ মহিলা। এ কারখানা দেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্পের অন্তর্গত প্রতিষ্ঠান। মোট রপ্তানি আয়ের প্রায় ৭৬% এ শিল্প থেকে অর্জিত হয়। কিন্তু বর্তমানে করোনা মহামারির কারণে সৃষ্ট বৈশ্বিক মন্দা এ শিল্পকে সংকটে ফেলেছে, যা দেশের অর্থনীতিসহ জামিলার মতো হাজার হাজার শ্রমিকের দুশ্চিন্তার বিষয় হয়েছে। সরকার রপ্তানিমুখী এ শিল্পের সংকট মোকাবিলায় বিভিন্ন আর্থিক প্রণোদনা ঘোষণা করেছে। সরকার রপ্তানিমুখী এ শিল্পের সংকট মোকাবিলায় বিভিন্ন আর্থিক প্রণোদনা ঘোষণা করেছে। সবার প্রত্যাশা– মহামারি কেটে সুদিন আসবে।

ক. হাইটেক শিল্প কী? ১
খ. পাটকে 'সোনালি আঁশ' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির ধরন কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "রপ্তানিমুখী শিল্প সংকট মোকাবিলায় সরকার ঘোষিত পদক্ষেপ সময়োপযোগী"– উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৯। মি. সুমন একজন জনসংখ্যা গবেষক। দেশের জনাধিক্য সমস্যা নিয়ে বলতে গিয়ে তিনি বলেন, অধিক জনসংখ্যা একটি দেশের খাদ্য ঘাটতিসহ নানাবিধ আর্থসামাজিক সমস্যার সৃষ্টি করে। কিন্তু নিয়ন্ত্রিত জনসংখ্যাকে শিক্ষা, স্বাস্থ্য, প্রশিক্ষণ সুবিধা প্রদানের মাধ্যমে জনসম্পদে পরিণত করা গেলে তা দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে। তাঁর মতে, জনসংখ্যা একটি দেশের জন্য শুধু অভিশাপই নয় বরং আশীর্বাদও বটে। প্রয়োজন শুধু জনসংখ্যার কার্যকর ব্যবস্থাপনা।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১
খ. 'জনসংখ্যা বৃদ্ধি পরিবেশ দূষণ ঘটায়' – ব্যাখ্যা কর। ২
গ. অধিক জনসংখ্যা কী কী আর্থসামাজিক সমস্যার সৃষ্টি করে? তোমার দেশের প্রেক্ষাপটে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনসংখ্যা শুধু অভিশাপ নয় বরং আশীর্বাদও বটে' – উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১০। সাম্প্রতিককালে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্য পরিস্থিতি নিম্নরূপ :

| অর্থবছর | আমদানি ব্যয় (মিলিয়ন মার্কিন ডলার) | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডরার) |
|---|---|---|
| ২০১৪-১৫ | ৪০৭০৪ | ৩১২০৯ |
| ২০১৫-১৬ | ৪২৯২১ | ৩৪২৫৭ |

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কী? ১
খ. 'বৈদেশিক বাণিজ্য দেশের উৎপাদন বৃদ্ধিতে সহায়ক'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্য অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের গতি-প্রকৃতি বিশ্লেষণ কর। ৩
ঘ. 'দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য রপ্তানি বৃদ্ধির পাশাপাশি আমদানি হ্রাস প্রয়োজন' – তুমি কি একমত? যুক্তিসহ ব্যাখ্যা দাও। ৪

১১। 'X' একটি উন্নয়নশীল দেশ। উন্নয়নের প্রাথমিক পর্যায়ে দেশটি তার অর্থনৈতিক ভিত্তি মজবুতকরণ, লেনদেনের প্রতিকূলতা মোকাবিলা, দুর্যোগ মোকাবিলার জন্য বৈদেশিক সাহায্য গ্রহণ করে। কিন্তু বৈদেশিক সাহায্যের ক্ষেত্রে বিভিন্ন শর্তযুক্ত ঋণ, উচ্চ সুদের হার, সাহায্য প্রাপ্তির অনিশ্চয়তা, দেশের অভ্যন্তরীণ বিষয়ে বিদেশি রাষ্ট্রের হস্তক্ষেপ ইত্যাদি কারণে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়। তাই দেশটির উন্নয়ন ধারাকে অব্যাহত রাখতে অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধির জন্য বৈদেশিক বাণিজ্য প্রসারে বিভিন্ন বিষয়ের ওপর গুরুত্ব দেয় যেমন– দক্ষতা বৃদ্ধি, বিনিয়োগ বৃদ্ধি, উৎপাদন বৃদ্ধি, জনশক্তি রপ্তানি ইত্যাদি। বর্তমানে দেশটি স্ব-অর্থায়নে উন্নয়নের বৃহৎ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে।

ক. প্রচলিত রপ্তানি পণ্য কী? ১
খ. দেশীয় শিল্পের ওপর বিশ্বায়নের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুযায়ী বৈদেশিক সাহায্যের প্রতিকূল দিকসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. কীভাবে বৈদেশিক বাণিজ্য দেশের বৃহৎ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নকে ত্বরান্বিত করছে– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# ১৩ কুমিল্লা বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র • সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জসিম ও আয়নাল দু'জনই কৃষক। তবে তাদের চাষাবাদের প্রকৃতি ও ফসলের ব্যবহারে ভিন্নতা আছে। জসিম জমি চাষ করে শুধুমাত্র পারিবারিক চাহিদা পূরণ করতে পারে কিন্তু আয়নাল পারিবারিক চাহিদা পূরণের পরেও উৎপাদিত ফসলের বেশির ভাগই বিক্রি করে দেয়। ফলে আয়নাল ধীরে ধীরে উন্নতি লাভ করতে থাকে।

ক. কৃষি কী? ১
খ. মৌমাছি পালন কৃষিকাজ কেন? ২
গ. জসিম যে ধরনের চাষাবাদ করে তার বৈশিষ্ট্যসমূহ লেখ। ৩
ঘ. আয়নালের চাষাবাদ পদ্ধতি জসিমের চেয়ে উন্নততর– ব্যাখ্যা কর। ৪

২। জলিল মিয়া অক্লান্ত পরিশ্রম করে ফসল উৎপাদন করে। কিন্তু উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য সে পায় না। আর এজন্য মূলত মধ্যস্বত্বভোগী, পণ্য সংরক্ষণ, পরিবহণ ব্যবস্থা দায়ী। সম্প্রতি সে টেলিভিশনের মাধ্যমে জানতে পারে অবকাঠামো উন্নয়ন, কৃষিঋণ, উপকরণ ভর্তুকি ইত্যাদি সুবিধা প্রদানের মাধ্যমে সরকার কৃষকদের সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ক. কৃষিজোত কী? ১
খ. সমবায় গঠন কীভাবে কৃষি উন্নয়নে সহায়তা করে? ২
গ. জলিল মিয়া উৎপাদিত পণ্যের উপযুক্ত দাম পায় না কেন তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যার সমাধান করার জন্য সরকারের পদক্ষেপের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। জনাব মালেক একজন কৃষি কর্মকর্তা। তিনি কৃষি উন্নয়ন সম্পর্কে কৃষকদের গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়ে থাকেন। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল কৃষিতে আধুনিক প্রযুক্তির প্রয়োগ, কৃষক সহায়তা কর্মসূচি, কৃষি বিমার প্রচলন এবং কৃষিপণ্যের বিপণন।

ক. যৌথ খামার কী? ১
খ. মধ্যস্বত্বভোগীরা কৃষকের ফসলের ন্যায্যমূল্য প্রাপ্তিতে বাধা সৃষ্টি করে কেন? ২
গ. জনাব মালেক সাহেবের পরামর্শে বাংলাদেশের কৃষি কাঠামোর যে বিষয়গুলো ফুটে উঠেছে উদ্দীপকের আলোকে তার বর্ণনা দাও। ৩
ঘ. "তার পরামর্শের বাইরেও কৃষি কাঠামোর কিছু বিষয় অন্তর্ভুক্ত" — তোমার মতামত দাও। ৪

৪। আলেয়া বেশ কয়েক বছর ধরে তার পরিবারের সদস্যদের নিয়ে বুটিকের কাজ করে আসছে। কিন্তু এতে তার পরিবারের তেমন উন্নতি হয়নি। বিদ্যুৎ বিভ্রাট, কাপড়ের নিম্নমান, জনগণের চাহিদার স্বল্পতা ইত্যাদি তার ব্যবসার অন্তরায়ের কারণ।

ক. সংরক্ষিত শিল্প কাকে বলে? ১
খ. কৃষির উন্নয়ন শিল্পের উন্নয়নে সহায়তা করে কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যা সমাধানের জন্য তোমার মতামত তুলে ধর। ৪

৫। জনাব এনামুল সাহেব একটি ট্যানারির মালিক। তিনি কোরবানির ঈদের সময় কম দামে প্রচুর পরিমাণ কাঁচা চামড়া সংগ্রহ করেন। কিন্তু শুধুমাত্র ফিনিশড চামড়া ছাড়া তিনি জুতা, ব্যাগ ইত্যাদি ধরনের কোনো চামড়াজাত দ্রব্য তৈরি করেন না। তার চামড়া সংরক্ষণ ও বাজারজাতকরণ সুবিধাও অপ্রতুল। এজন্য তিনি ব্যবসায় লাভবান হতে পারেননি।

ক. বাংলাদেশে ক্ষুদ্র শিল্পে সর্বাধিক মূলধন কত? ১
খ. ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. কী কী কারণে এনামুল সাহেব ব্যবসায় তেমনটি লাভবান হতে পারেননি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার মতে এনামুল সাহেবের শিল্পকে কীভাবে লাভজনক করা যায়? ব্যাখ্যা দাও। ৪

৬। সাদেক ২০১২ সালে পরিবারের সদস্যদের নিয়ে ৫ লক্ষ টাকা দিয়ে একটি শিল্প গড়ে তোলে। ২০১৫ সালে তার পুঁজির পরিমাণ ৫০ লক্ষ টাকা হয় এবং শ্রমিকের সংখ্যা হয় ২০ জন। ২০২০ সালে তার শিল্প প্রতিষ্ঠানে পুঁজি বেড়ে হয় ১০ কোটি এবং শ্রমিক বেড়ে দাঁড়ায় ৯০ জনে।

ক. শিল্প কী? ১
খ. সরকার পলিথিন ব্যবহার রোধ করতে ব্যবস্থা নিচ্ছেন কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ২০১২, ২০১৫ এবং ২০২০ সালে সাদেকের শিল্পসমূহকে সংজ্ঞায়িত কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ২০২০ সালের সাথে সামঞ্জস্যপূর্ণ শিল্পের অবদান ব্যাখ্যা কর। ৪

৭। 'A' একটি উন্নয়নশীল দেশ। নিম্নে 'A' দেশের জনসংখ্যা ও খাদ্য উৎপাদনের পরিমাণ দেখানো হলো–

| সাল | ১৯৪৫ | ১৯৭০ | ২০২০ |
|---|---|---|---|
| জনসংখ্যা | ৪ কোটি | ৮ কোটি | ৩২ কোটি |
| খাদ্য উৎপাদন | ২ একক | ৩ একক | ৪ একক |

ক. নিট অভিবাসন কাকে বলে? ১
খ. মানবসম্পদ উন্নয়নে সুস্বাস্থ্য গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের তথ্যসমূহ কোন তত্ত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত তত্ত্বটি কি বাংলাদেশের জন্য প্রযোজ্য? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮। আমাদের প্রিয় রফিক স্যার জনসংখ্যা নিয়ে আলোচনা করছিলেন। তিনি আলোচনায় 'A' এবং 'B' দেশের কথা বললেন। যেখানে A ও B দেশ দুটির আয়তন যথাক্রমে ১৭৩২০ বর্গ কিলোমিটার এবং ২৩৪২৫ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যা যথাক্রমে ১,৫৬,৭৪,৬০০ জন এবং ৩,৫৩,৪৮,৩২৫ জন। তিনি আরও বললেন কোনো দেশের জনসংখ্যার পরিমাণ সে দেশের জলবায়ু, জীবনযাত্রা, ভূমির প্রকৃতি, সম্পদের সহজলভ্যতা ইত্যাদি বিষয়ের ওপর নির্ভরশীল।

ক. জ্যামিতিক হার কী? ১
খ. নারী শিক্ষা কীভাবে জনসংখ্যা হ্রাসে অবদান রাখে? ২
গ. 'A' এবং 'B' দেশের জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর এবং বাংলাদেশের জনসংখ্যার ঘনত্বের সাথে তুলনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কারণ ছাড়াও বাংলাদেশে আর কী কী কারণে জনসংখ্যার ঘনত্ব বেশি? বিশ্লেষণ কর। ৪

৯। সালাম স্বল্প বেতনের একজন সরকারি কর্মচারী। ছেলে-মেয়ে, স্ত্রী ও বাবা-মাকে নিয়ে ১০ সদস্যের পরিবার। তিনি ভরণ-পোষণের ব্যয় মিটিয়ে কোনো সন্তানকেই উচ্চশিক্ষিত করতে পারেননি। বৃদ্ধ বয়সে তিনি বুঝতে পারলেন সন্তান কম হলে তাদের উচ্চশিক্ষিত করতে পারতেন এবং পারিবারিক অবস্থা ভালো হতো।

ক. কাম্য জনসংখ্যা কী? ১
খ. 'অধিক জনসংখ্যা বাংলাদেশের প্রধান সমস্যা' — কেন? ২
গ. উদ্দীপকে সালাম সাহেবের পরিবারের অধিক জনসংখ্যা কেন তাঁর কষ্টের কারণ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কীভাবে সালাম সাহেব তাঁর পরিবারে সচ্ছলতা আনতে পারতেন? উদ্দীপকের আলোকে উত্তর দাও। ৪

১০। জাহিদ সাহেব অনেক দিন হলো বাংলাদেশে আমদানি ও রপ্তানি বাণিজ্যের সাথে সম্পৃক্ত। তিনি লক্ষ করেন বাংলাদেশ থেকে আগে কাঁচা পাট, পাটজাত দ্রব্য, চামড়াজাত দ্রব্য রপ্তানি হলেও বর্তমানে তৈরি পোশাক নিটওয়্যার, হিমায়িত খাদ্য ইত্যাদি অধিক রপ্তানি করা হচ্ছে। তবে এক্ষেত্রে পণ্যের মান, সঠিক সময়ে পণ্য জাহাজিকরণ, যোগাযোগ ব্যবস্থা ইত্যাদি সমস্যাও দেখা দিয়েছে।

ক. অপ্রচলিত পণ্য কী? ১
খ. অভ্যন্তরীণ বাণিজ্য ও আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে প্রধান দুটি পার্থক্য উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে যে পরিবর্তনের ধারা লক্ষ করা যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে উদ্ভূত সমস্যাগুলো বিশ্লেষণ কর। ৪

১১। 'A' ও 'B' দুটি দেশ। 'A' দেশ তাদের নিজস্ব সম্পদ ব্যবহার করে দ্রব্য উৎপাদন করে এবং দেশের মধ্যেই ক্রয়-বিক্রয় করে। 'B' দেশ তার উৎপাদিত দ্রব্য নিজ দেশ ছাড়াও বিশ্বের অন্যান্য দেশের বাজারে বিক্রয় করে এবং অন্য দেশের পণ্য নিজ দেশের জন্য ক্রয় করে। এতে 'B' দেশের পণ্যের মান উন্নয়ন, কর্মসংস্থান এবং সম্পদের পূর্ণ ব্যবহার হয়।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১
খ. দুটি দেশের মধ্যে বাণিজ্য সংঘটিত হয় কেন? ২
গ. 'A' ও 'B' দেশের বাণিজ্যের মধ্যে যে ধরনের পার্থক্য আছে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থনৈতিক উন্নয়নে 'B' দেশের বাণিজ্যের গুরুত্ব কতটুকু? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

# ১৪ ✓ চট্টগ্রাম বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

অবদান (%) GDP-তে

| কৃষি উপখাত | ২০১৪-১৫ | ২০১৮-১৯ |
|---|---|---|
| ১. শস্য ও শাকসবজি | ১.৮৩ | ১.৭৫ |
| ২. প্রাণিসম্পদ | ৩.০৮ | ৩.৪৭ |
| ৩. বনজসম্পদ | ৫.০৮ | ৫.৫৮ |
| ৪. মৎস্যসম্পদ | ৬.৩৬ | ৬.২৯ |

বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১৯

ক. শস্য বহুমুখীকরণ বলতে কী বোঝ? ১
খ. কৃষি জাতীয় উন্নয়নে সহায়তা করে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভিত্তিতে একটি স্তম্ভচিত্র অঙ্কন কর। ৩
ঘ. কৃষির যে পরিবর্তনের ধারা উদ্দীপকে ফুটে উঠেছে দেশের অর্থনৈতিক উন্নয়নে তার অবদান মূল্যায়ন কর। ৪

২। রমিজ মিয়া একজন সাধারণ অশিক্ষিত কৃষক। তিনি তার নিজের জমি সনাতন পদ্ধতিতে চাষ করেন। এতে বেশি ফসল পান না। টেলিভিশনে তিনি কৃষির ওপর একটি প্রতিবেদন দেখে জানতে পারেন বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশ কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য গবেষণা চালিয়ে যাচ্ছে। তাদের উদ্ভাবিত কৃষি প্রযুক্তি ব্যবহার করে কৃষি উৎপাদনশীলতা বহুগুণ বেড়েছে, এতে খাদ্য ঘাটতি সমস্যার সমাধান হয়েছে।

ক. কৃষিজোত কী? ১
খ. "বাংলাদেশের কৃষকরা প্রাতিষ্ঠানিক ঋণের সুবিধা থেকে বঞ্চিত হয়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নির্দেশিত প্রযুক্তি চিহ্নিত কর এবং বাংলাদেশের কৃষিতে উৎপাদনের ওপর তার প্রভাব আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশে উদ্দীপকে উল্লিখিত প্রযুক্তি সম্প্রসারণের পথে বাধাসমূহ বিশ্লেষণ কর। ৪

৩।

| A দেশ | B দেশ |
|---|---|
| বিভিন্ন কারণে কৃষকরা তাদের উৎপাদিত দ্রব্যসামগ্রীর ন্যায্য দাম পায় না। এতে পরবর্তী বছর উৎপাদনে নিরুৎসাহিত হয়। | সরকারি হস্তক্ষেপ এবং প্রযুক্তিগত সুবিধার জন্য কৃষকরা উৎপাদিত দ্রব্যসামগ্রীর ন্যায্য দাম পায়। |

ক. কৃষি খামার কী? ১
খ. চিংড়িকে 'সাদা সোনা' বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত A দেশের কৃষকদের সমস্যা চিহ্নিত করে আলোচনা কর। ৩
ঘ. আরও কী কী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে A দেশের কৃষি ব্যবস্থাকে B দেশের পর্যায়ে উন্নতি করা যায়? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। অর্থনীতির ক্লাসে আকমল স্যার বলেন, বাংলাদেশ একটি কৃষিভিত্তিক দেশ। প্রয়োজন মেটাবার জন্য দেশটি কৃষি উপকরণ, যন্ত্রপাতি, কৃষি দ্রব্য, যন্ত্রাংশ ইঞ্জিন এবং বিভিন্ন প্রকার দ্রব্যসামগ্রী আমদানি করে থাকে। ফলে দেশটিকে অন্য দেশের ওপর নির্ভরশীল হতে হয়। এজন্য প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। কিন্তু আমদানি বিকল্প শিল্প স্থাপনের দেশটির প্রচুর সম্ভাবনা আছে। আমদানি বিকল্প শিল্প জাতীয় আয় বাড়াতে পারে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে।

ক. রপ্তানিমুখী শিল্প কী? ১
খ. রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল স্থাপন করা হয় কেন? ২
গ. আকমল স্যার আমদানি বিকল্প শিল্প স্থাপনের যে ক্ষেত্র এবং সম্ভাবনার ইঙ্গিত দিয়েছেন তা চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের মতো দেশের অর্থনৈতিক উন্নয়নে আমদানি বিকল্প শিল্প স্থাপনে গুরুত্ব উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫। ক্লাসে শিক্ষক শিল্প পরিস্থিতি নিয়ে আলোচনার সময় এমন এক ধরনের শিল্পের কথা বলেন যা উৎপাদন হয় গ্রামভিত্তিক স্থানীয় কাঁচামাল এবং শৈল্পিক দক্ষতা প্রয়োগ করে। কর্মসংস্থান সৃষ্টিতে এই শিল্পের ভূমিকা অপরিসীম। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ সালের হিসাব অনুযায়ী ২০১৭-১৮ অর্থবছরে এই শিল্পের অবদান GDP-তে ৯.২৫ ভাগ ছিল। তিনি আরও বলেন এই শিল্পের বিরাজমান মূলধনের স্বল্পতা, ত্রুটিপূর্ণ বিপণন ব্যবস্থা, দক্ষ কারিগরের অভাব সমস্যার সমাধান করতে পারলে এটি অর্থনৈতিক উন্নয়নের গুরুত্বপূর্ণ নিয়ামক হতে পারে।

ক. বৃহদায়তন শিল্প কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য সংঘটিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে নির্দেশিত শিল্পের গুরুত্ব আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের বিরাজমান সমস্যা সমাধানের উপায় আলোচনা কর। ৪

৬। নিচের টেবিলটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :


মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান

| বছর | ২০০০ | ২০১০ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ |
|---|---|---|---|---|---|
| ইনডেক্স ভ্যালু | ০.৪৬৮ | ০.৫৪৫ | ০.৫৯২ | ০.৫৯৭ | ০.৬০৮ |

মানব উন্নয়ন প্রতিবেদন-২০১৮ (UNDP)

ক. মানব সম্পদ উন্নয়ন বলতে কী বোঝ? ১
খ. নারী শিক্ষা কীভাবে জনসংখ্যা হ্রাসে ভূমিকা রাখে? ২
গ. উপরের উদ্দীপকে বাংলাদেশের মানব উন্নয়ন সূচকের এই ক্রমউন্নতির কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. "মানব সম্পদ উন্নয়ন হলো দেশের অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকাশক্তি"– উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. অভিবাসন কী? ১
খ. জনসংখ্যা বৃদ্ধি খাদ্য সমস্যা সৃষ্টি করে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে সংগতিপূর্ণ জনসংখ্যা তত্ত্বটি ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে উদ্দীপকে উল্লিখিত তত্ত্বটি কতটুকু কার্যকর? মূল্যায়ন কর। ৪

৮। বাংলাদেশের জনসংখ্যার বয়সভিত্তিক বণ্টন নিম্নরূপ :

| শুমারি বর্ষ | ০-১৪ বছর | ১৫-৫৯ বছর | ৬০ বছর বা ৬০-এর উর্ধ্বে |
|---|---|---|---|
| ১৯৮১ | ৪৬.৭% | ৪৭.৮% | ৫.৫% |
| ১৯৯১ | ৪৫.১% | ৪৯.৫% | ৫.৪% |
| ২০০১ | ৪০.১% | ৫৫% | ৪.৯% |

উৎস : শুমারি প্রতিবেদন- ১৯৮১, ১৯৯১, ২০০১।

ক. জনসংখ্যার ঘনত্ব বলতে কী বোঝ? ১
খ. জনসংখ্যা ও উন্নয়নের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. ১৫-৫৯ বছরের জনসংখ্যার বৃদ্ধি বাংলাদেশের অর্থনীতিতে কোন ধরনের পরিবর্তন আনতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ১৫-৫৯ বছরের জনসংখ্যার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে আত্মকর্মসংস্থানের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৯। নিচের টেবিলটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| অর্থবছর | আমদানি (বিলিয়ন ইউএস ডলার) | রপ্তানি (বিলিয়ন ইউএস ডলার) |
|---|---|---|
| ২০১০-১১ | ৩৩.৬৬ | ২২.৯২ |
| ২০১১-১২ | ৩৫.৫২ | ২৪.৩০ |
| ২০১২-১৩ | ৩৩.৯৭ | ২৭.০৩ |
| ২০১৩-১৪ | ৩৬.৯৯ | ৩০.১৮ |

উৎস : বৈদেশিক বিনিময় হার বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১
খ. "বাণিজ্য সকলকে আরও লাভবান করে তুলে" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রপ্তানি আয়ের আলোকে বাংলাদেশের প্রচলিত ও অপ্রচলিত রপ্তানি দ্রব্যের তালিকা প্রস্তুত কর। ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত বাণিজ্য ঘাটতি কমাবার উপায় হিসেবে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের উপায়সমূহ কী হতে পারে? আলোচনা কর। ৪

১০। শ্রেণিকক্ষে শিক্ষক বৈদেশিক সাহায্য বিষয় পড়ানোর সময় নিম্নোক্ত টেবিল দেখান–

| অর্থবছর | সাহায্যের পরিমাণ (বিলিয়ন ডলার) | (%) (মোট দেশজ উৎপাদন) |
|---|---|---|
| ২০১৪-১৫ | ৩.০৪ | ১২.২৫ |
| ২০১৫-১৬ | ৩.৫৬ | ১১.৭৭ |
| ২০১৬-১৭ | ৩.৪০ | ১২.৮ |

উৎস : অর্থ মন্ত্রণালয়

তিনি বলেন, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে উন্নয়নের অর্থসংস্থান এবং আর্থসামাজিক অবকাঠামো নির্মাণে বৈদেশিক সাহায্য প্রয়োজন। কিন্তু বিভিন্ন কারণে তিনি বৈদেশিক সাহায্য গ্রহণের পক্ষপাতি নয়। তিনি আরও বলেন, বৈদেশিক বাণিজ্যের সম্প্রসারণের মাধ্যমে অধিক বৈদেশিক মুদ্রা অর্জন করে উন্নয়নে অর্থসংস্থান ও দেশের স্বনির্ভরতা অর্জন সম্ভব।

ক. আমদানি বিকল্প শিল্প কী? ১
খ. বাংলাদেশ কোন ধরনের মূলধনী দ্রব্য আমদানি করে? ২
গ. বৈদেশিক সাহায্যের নেতিবাচক প্রভাব উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৩
ঘ. বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীলতা কমানোর বিষয়ে তোমার মতামত দাও। ৪

১১। জনাব আহমেদ দীর্ঘদিন ধরে আমদানি-রপ্তানি বাণিজ্যের সাথে জড়িত। বিগত কয়েক বছর ধরে তিনি বাংলাদেশের আমদানি এবং রপ্তানি বাণিজ্যে পরিবর্তনের ধারা লক্ষ করছেন। বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যে প্রচলিত দ্রব্যের পাশাপাশি অপ্রচলিত দ্রব্যের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। তিনি আরও লক্ষ করলেন যে, বিশ্বায়নের ফলে বাংলাদেশের উৎপাদিত দ্রব্যের প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে।

ক. বিশ্বায়ন কী? ১
খ. বিশ্বায়ন ও তথ্যপ্রযুক্তির মধ্যে সম্পর্ক সমমুখী– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. আহমেদ বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের পরিবর্তনের যে ধারা লক্ষ করেছেন তা আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশের মতো অর্থনীতিতে বিশ্বায়নের নেতিবাচক প্রভাব আছে কি? আলোচনা কর। ৪

## ১৫ সিলেট বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। করিম মিয়া তিস্তা নদীর চরে বসবাস করেন। তিনি তার জমিতে বিভিন্ন ধরনের শাকসবজি চাষাবাদ করেন। জমির উর্বরতার কারণে প্রচুর শাকসবজি উৎপন্ন হয়। কিন্তু দরিদ্রতা, সংরক্ষণের সমস্যা এবং শহরে যাওয়ার রাস্তা ভালো না থাকায় তিনি তার সবজি কম দামে দালালদের কাছে বিক্রি করতে বাধ্য হন।

ক. কৃষির উপখাতগুলো কী কী? ১
খ. চিংড়িকে সাদা সোনা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে করিম মিয়ার সবজি কম দামে বিক্রি করার কারণগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. করিম মিয়ার এসব সমস্যা সমাধানের উপায় বর্ণনা কর। ৪

২। জামিলা খাতুন ও তার পরিবারের ৮ জন সদস্য মিলে ফুলদানি, কুলা, ডালা, ঝাঁপি তৈরি ও বিক্রি করে। তার স্বল্প পুঁজি থাকায় সে ঋণের জন্য বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে ও ব্যাংকে যোগাযোগ করে। জামানত দিতে না পারায় প্রতিষ্ঠানগুলো তাকে ঋণ দেয় না। ফলে তাকে অনেক কষ্ট করতে হয়।

ক. শিল্প কী? ১
খ. "পাট শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা উজ্জ্বল" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পটি কোন ধরনের তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উন্নয়নের জন্য তুমি কী কী ব্যবস্থা গ্রহণের সুপারিশ কর? ৪

৩। রহিম মিয়া চরাঞ্চলের একজন কৃষক। পূর্বে তার জমি থেকে প্রাপ্ত ফসল থেকে নিজের পরিবারের চাহিদা মিটিয়ে বাজারে বিক্রি করতে পারত। কিন্তু বর্তমানে অপরিকল্পিত শিল্পকারখানা স্থাপন ও অন্যান্য কারণে কার্বন ডাইঅক্সাইড সি.এফ.সি ও মিথেন গ্যাসের নিঃসরণ অতিমাত্রায় বৃদ্ধি পাচ্ছে। এর ফলে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি, খরা, জলোচ্ছ্বাস বৃদ্ধি পাচ্ছে এবং এর ফলে রহিম মিয়ার ফসলের উৎপাদন পূর্বের তুলনায় অনেক কম হচ্ছে।

ক. কৃষি ঋণ কী? ১
খ. কৃষকেরা প্রাতিষ্ঠানিক ঋণ কম পায় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগের কারণগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. রহিম মিয়ার সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? ৪


৪। শিক্ষক শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আজ জনসংখ্যার এমন একটি তত্ত্বের আলোচনা করব যে তত্ত্বে বলা হয়েছে জনসংখ্যা বাড়ে জ্যামিতিক হারে এবং খাদ্যোৎপাদন বাড়ে গাণিতিক হারে। ফলে খাদ্য ঘাটতিসহ নানা দুর্যোগ নেমে আসে এবং প্রাকৃতিক নিয়মেই একসময় উভয়ের মধ্যে সমতা ফিরে আসে।

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১
খ. আত্মকর্মসংস্থান দারিদ্র্য দূরীকরণে সহায়ক— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনসংখ্যার কোন তত্ত্বকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তত্ত্বটি বাংলাদেশের প্রেক্ষাপটে কতটুকু কার্যকর? বিশ্লেষণ কর। ৪

৫। মাসুম সাহেব খুলনা থেকে তৈরি পোশাক ক্রয় করে বরিশালের স্থানীয় বাজারে বিক্রি করেন। অন্যদিকে রিপন সাহেব চীন থেকে পিয়াজ, রসুন ক্রয় করে বাংলাদেশে বিক্রয় করেন। আর বাংলাদেশ থেকে শাকসবজি ও চিংড়ি মাছ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে বিক্রয় করেন।

ক. অপ্রচলিত পণ্য কী? ১
খ. কেন অধিক রপ্তানিমুখী শিল্প স্থাপন করা প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মাসুম সাহেবের কাজকে কোন ধরনের বাণিজ্য বলা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মাসুম সাহেব ও রিপন সাহেবের ব্যবসার ধরন উল্লেখপূর্বক এদের মধ্যে পার্থক্য আলোচনা কর। ৪

৬। চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নের উত্তর দাও :




ক. অভিবাসন কী? ১
খ. কীভাবে স্থূল জন্মহার পরিমাপ করবে? ব্যাখ্যা কর। ২
গ. চিত্রে E ও G বিন্দুতে অসামঞ্জস্যের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের তত্ত্বের আলোকে বাংলাদেশের জনসংখ্যার অবস্থান বিশ্লেষণ কর। ৪

৭। 'X' একটি উন্নয়নশীল দেশ। দেশটি জনবহুল হওয়ায় বাণিজ্য ঘাটতি বিদ্যমান। এ পরিস্থিতি মোকাবিলার লক্ষ্যে সরকার একটি বিশেষ শিল্পে প্রণোদনা প্রদানের সিদ্ধান্ত নেয়। যা নারী কর্মসংস্থান বৃদ্ধি এবং বৈদেশিক মুদ্রা অর্জনসহ দেশীয় শিল্পের বিকাশে সাহায্য করবে।

ক. হাইটেক শিল্প কী? ১
খ. বৃহৎ শিল্প কীভাবে বেকার সমস্যা সমাধান করতে পারে? ২
গ. উদ্দীপকে 'X' দেশটিতে কোন শিল্প প্রতিষ্ঠার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশীয় শিল্পের বিকাশে উদ্দীপকে বর্ণিত শিল্পের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮। বাংলাদেশের পণ্য রপ্তানি ও আমদানি পরিস্থিতি নিম্নরূপ—

| অর্থবছর | রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার | আমদানি ব্যয় মিলিয়ন মার্কিন ডলার |
|---|---|---|
| ২০১১-১২ | ২৩৯৯২ | ৩১৯৮৭ |
| ২০১২-১৩ | ১৭০৭৭ | ২১৭৮৪ |

ক. Foreign Aid কী? ১
খ. বাংলাদেশের অর্থনীতিতে আন্তর্জাতিক বাণিজ্য কেন গুরুত্বপূর্ণ? ২
গ. উল্লিখিত তথ্যের আলোকে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যে কীরূপ ভারসাম্য বিরাজ করছে? কেন? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবধান কমানোর জন্য তুমি কোন ধরনের নীতিকে সমর্থন করবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। অর্থনীতির ক্লাসে শিক্ষার্থীর একটি বিষয় সম্পর্কে ধারণা দিতে গিয়ে শিক্ষক বললেন, বাংলাদেশের লোকসংখ্যা অধিক হলেও বেশিরভাগই নিরক্ষর, অশিক্ষিত ও কর্মক্ষেত্রে অদক্ষ যা সমাজের জন্য বোঝাস্বরূপ। এ জনগোষ্ঠীকে দক্ষ ও শিক্ষিত করে গড়ে তোলা ছাড়া দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। সরকারও বিষয়টির উন্নয়নে যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে। যেমন— শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা, স্বাস্থ্য সেবার উন্নয়ন, অপুষ্টি দূরীকরণ, নারী শিক্ষার প্রসার ইত্যাদি।

ক. কাম্য জনসংখ্যা কী? ১
খ. কর্মসংস্থানের ওপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব কেমন? ২
গ. উদ্দীপকে যে সমস্যার কথা বলা হয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. বিষয়টির উন্নয়নে সরকারের গৃহীত ব্যবস্থাসমূহ মূল্যায়ন কর। ৪

১০। সিরাজ মিয়া একজন দরিদ্র কৃষক। অভাবের সংসারে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সামান্য জমি ছাড়া আর কোনো সম্পদ তার নেই। তাই কৃষিকাজ করার সময় তাকে ধানের বীজ, কীটনাশক ও সার ক্রয়ের জন্য স্থানীয় মহাজনদের কাছ থেকে উচ্চ হারে সুদে টাকা ধার নিতে হয়।

ক. কৃষি খামার কী? ১
খ. মাশরুম কী ঔষধি সবজি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সিরাজ মিয়া কৃষিকাজের জন্য কোন ধরনের উৎস থেকে ঋণ গ্রহণ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে উল্লিখিত উৎস কৃষি ঋণের জন্য পর্যাপ্ত? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব রহমান অর্থনৈতিক এক সেমিনারে বলেন, 'Z' একটি গুরুত্বপূর্ণ ও সম্ভাবনাময় শিল্প। কোনো একটি বিশেষ উৎসবের সময় এ শিল্পের কাঁচামালের যোগান এত বেড়ে যায় যে সংরক্ষণের অভাবে ব্যাপক দরপতন ঘটে। তাছাড়া এ শিল্পের বিকাশে ঋণের অভাব, প্রক্রিয়াজাতকরণের অসুবিধা পরিবেশ দূষণ ও দক্ষ জনশক্তির অভাব রয়েছে। তথাপি শিল্পনগরী স্থাপন, বিদেশের বাজারে চাহিদা বৃদ্ধি এবং সস্তা শ্রম শিল্পটিকে সম্ভাবনাময় করে তুলেছে।

ক. রপ্তানিমুখী শিল্প কী? ১
খ. ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে প্রধান দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকে যে শিল্পের কথা বলা হয়েছে সে শিল্প বিকাশের বাধাসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা যথেষ্ট উজ্জ্বল? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# ১৬ ✓ বরিশাল বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। বাংলাদেশ বর্তমানে মধ্যম আয়ের দেশ। বিভিন্ন খাতের মতো কৃষির অবদান যথেষ্ট। আগে অধিকাংশ জমি ছিল এক ফসলি। এখন কোনো জমি পতিত নেই। প্রতিটি জমিতে বছরে তিন/চার ফসলও উৎপন্ন হয়। আলুর সঙ্গে মিষ্টিকুমড়া ও ভুট্টা হয়। ফলে কৃষকের আয় বাড়ছে, নতুন কৃষি যন্ত্রপাতির ব্যবহার বাড়ছে, কৃষকের চাহিদা পূরণ হচ্ছে। সরকারও কৃষকের জন্য আর্থিক প্রণোদনাসহ বীজ, কীটনাশক সরবরাহ করে কৃষকদের সহায়তা করছে।

ক. কৃষি প্রযুক্তি কী? ১
খ. বাণিজ্যিক ও জীবন নির্বাহী খামারের মধ্যে গুরুত্বপূর্ণ দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে শস্য বহুমুখীকরণের সুবিধাসমূহ আলোচনা কর। ৩
ঘ. শস্য বহুমুখীকরণে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ কি যথেষ্ট? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২। মি. 'X' কর্মসংস্থানের উদ্দেশ্যে বাংলাদেশ হতে সিঙ্গাপুর গিয়েছিল। বেশ কয়েক বৎসর পর সে দেশে ফিরে আসে। সে দেখে বাংলাদেশের অনেক উন্নতি হয়েছে। কিন্তু বাংলাদেশে প্রতিনিয়ত পরিবেশ দূষণ বৃদ্ধি পাচ্ছে। সময়মতো বৃষ্টিপাত না হওয়ায় কৃষিক্ষেত্রে ফসল উৎপাদন ব্যাহত হয়। সেচ ছাড়া কোনো ফসল হয় না। সময়ে, অসময়ে ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস হয়। সে মনে করে কৃষক সচেতন হলে, জৈব সার ব্যবহার করলেও রাসায়নিক সার কম ব্যবহার করলে হয়তো এসব সমস্যা হ্রাস পেতে পারে।

ক. কৃষি খামার কী? ১
খ. বাংলাদেশের কৃষি মৌসুমি বায়ুর ওপর নির্ভরশীল— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে কৃষিতে পরিবেশ দূষণের ক্ষতিকর প্রভাব আলোচনা কর। ৩
ঘ. পরিবেশ দূষণের সাথে অভিযোজনের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৩। মি. মুহিম পড়ালেখা শেষে তার গ্রামের বাড়িতে গেল। সে উঠানে একটি গর্ত খুঁড়ে সেখানে পলিথিন বিছিয়ে পানি দিয়ে চৌবাচ্চা তৈরি করে এবং শিং মাছ চাষ শুরু করে। কয়েকদিনের মধ্যে মাছগুলো বড় হতে থাকে। খাদ্য ও অন্যান্য উপকরণের জন্য সে অর্থাভাবে পড়ে। মুহিম তখন নিকটস্থ কৃষি ব্যাংকের সঙ্গে ঋণের জন্য যোগাযোগ করে। কিন্তু ঋণের জন্য প্রয়োজনীয় জমি না থাকায় ব্যাংক ঋণ দেয় না। তখন সে গ্রাম্য মহাজনের নিকট যায়। মহাজন ঋণ দিতে চায় কিন্তু অধিক সুদের হার হওয়ায় সে মহাজনের ঋণ গ্রহণ করে না। মুহিম চিন্তা করে সরকার যদি ঋণ সরবরাহ উপকরণ ভর্তুকি ও বাজারজাতকরণে সহায়তা করত, তাহলে তার মতো ভূমিহীনরাও কৃষি উন্নয়নে অবদান রাখতে পারত।

ক. কৃষি ঋণ কী? ১
খ. মৎস্য চাষের দুটি উপকারিতা লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে ক্ষুদ্র কৃষকের ঋণ প্রাপ্তির সমস্যাসমূহ আলোচনা কর। ৩
ঘ. কী কী পদক্ষেপ গ্রহণ করলে ভূমিহীন কৃষকদের সমস্যার সমাধান হতে পারে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৪। কানিজ মধ্যবিত্ত পরিবারের সন্তান। তার বাবা, মা শিক্ষিত এবং অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী। কানিজ বিশ্ববিদ্যালয়ের পড়ালেখা শেষে দুই বছর বিভিন্ন চাকরির চেষ্টা করে। কিন্তু কাঙ্ক্ষিত চাকরি না পাওয়ায় বাড়িতে চলে আসে। সে তার বাবাকে বোঝায় যে গ্রামের কর্মহীন ১০ থেকে ১৫ জন শ্রমিক নিয়ে, ৫ থেকে ১০ লক্ষ টাকা বিনিয়োগ করে একটি বুটিক কারখানা স্থাপন করতে চায়। সে তখন গ্রামের বেকার যুবসমাজকে প্রশিক্ষিত করে তুলবে। ফলে বেকার ছেলেমেয়েদের কর্মসংস্থান হবে, কারও চাকরি পাওয়ার ঝামেলা হবে না। সে নিজেও আর্থিকভাবে প্রতিষ্ঠিত করতে পারবে। তাছাড়া মেয়েদের উদ্যোগ গ্রহণে সরকার সহায়তা করে। এভাবে সে দেশের উন্নয়নে অবদান রাখতে পারে। তার বাবা-মা বিষয়টি উপলব্ধি করে উৎসাহের সঙ্গে অর্থ ও অন্যান্য সহায়তা করতে রাজি হন।

ক. মাঝারি শিল্প কী? ১
খ. অর্থনৈতিক উন্নয়নে পিপিপি-এর ভূমিকা কী? ২
গ. উদ্দীপকের আলোকে অতিক্ষুদ্র শিল্পের বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৩
ঘ. জাতীয় উন্নয়নে অতিক্ষুদ্র শিল্পের ভূমিকা বৃদ্ধির জন্য করণীয় বিষয়ে তোমার মতামত লেখ। ৪

৫। মি. 'B' ইংল্যান্ড প্রবাসী। সে পঞ্চগড় জেলার বাসিন্দা। বেশ কয়েক বছর পর দেশে বেড়াতে আসে। পঞ্চগড়ে এসে সে খুব খুশি হয়। কারণ তার জেলাতেও কয়েকটি পাটকল স্থাপিত হয়েছে। লোকজনের কর্মসংস্থান হয়েছে এবং এলাকায় উন্নয়নের ছোঁয়া লেগেছে। কিন্তু সে লক্ষ করে পাটকলগুলো পাট পাচ্ছে না এবং উৎপাদন খরচের তুলনায় পাটজাত পণ্যের দাম কম। দক্ষ শ্রমিকের অভাব ও গ্যাসের সরবরাহ না থাকায় উৎপাদন খরচ বেশি হয়। সে মনে করে এই শিল্পের জন্য সরকারের ভর্তুকি প্রদান, শ্রমিক প্রশিক্ষণ ও গ্যাস সরবরাহের মতো পদক্ষেপ গ্রহণ করা উচিত। যাতে করে বাংলার হারিয়ে যাওয়া ঐতিহ্য পুনঃরুদ্ধার হয়।

ক. হাইটেক শিল্প কী? ১
খ. বৃহৎ শিল্প কীভাবে আয় বৈষম্য সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে পাট শিল্পের সমস্যাসমূহ আলোচনা কর। ৩
ঘ. উল্লিখিত শিল্পের সমস্যা সমাধানের জন্য আরও কী কী পদক্ষেপ গ্রহণ করা দরকার বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬। গোলাপ ছোটবেলা থেকে ঢাকা শহরে বসবাস করে। এবার সে তাদের গ্রামের বাড়ি ময়মনসিংহে বেড়াতে যায়। সে দেখে গ্রামের অধিকাংশ মানুষ গরিব এবং কৃষক। কৃষকদের দরিদ্রতার কারণ খুঁজতে গিয়ে তিনি দেখলেন গ্রামে অনেক ছোট ছোট শিশু। প্রায় প্রতিটি পরিবারেই মায়ের কোলে একজন শিশু। অনেকের একাধিক স্ত্রী। পরিবারগুলোতে সবসময় ঝগড়া-কলহ লেগে আছে। তার মনটা খারাপ হয়ে যায়। সে ভাবে এই লোকগুলোকে বোঝানো গেলে এবং মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হলে হয়তো এত শিশু জন্মগ্রহণ করত না এবং গ্রামের লোকের অর্থনৈতিক উন্নয়ন হতো।

ক. স্থূল জন্মহার কী? ১
খ. জনসংখ্যা বেশি হারে বৃদ্ধি উন্নয়নের ওপর নেতিবাচক প্রভাব ফেলে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জনসংখ্যা বৃদ্ধির হারের কারণসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনসংখ্যা বৃদ্ধির অধিক হার অর্থনৈতিক উন্নয়নের অন্তরায়"— উদ্দীপকের আলোকে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৭। মি. রুবেল বাংলাদেশ হতে চীনে ডাক্তারি পড়তে যায়। সে দেখতে পায় চীনে বিশ্বের সবচেয়ে বেশি জনসংখ্যা হলেও কোনো অভাব নেই। কাজের জন্য মানুষের কোনো হাহাকার নেই। আবাল-বৃদ্ধ-বনিতা সকলেই কর্মে নিয়োজিত। নিজ উদ্যোগে সবাই বিভিন্ন জিনিস তৈরি করছে। তবে সবাই প্রশিক্ষিত এবং সবাই শিক্ষিত। স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগে নেই কোনো ঘাটতি। সবাই কাজের উপযুক্ত মূল্যও পাচ্ছে। রুবেল চিন্তা করে তার দেশেও যদি শিক্ষা, স্বাস্থ্যখাতের উন্নয়ন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, প্রশিক্ষণ ও কারিগরি শিক্ষার প্রসার ঘটানো যেত তাহলে জনসংখ্যা সমস্যা না হয়ে সম্পদে পরিণত হতো। অবশ্য সরকার বর্তমানে অনেক পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. শূন্য জনসংখ্যা বৃদ্ধি কী? ১
খ. সুস্বাস্থ্য ও মানবসম্পদ পরিপূরক— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মানবসম্পদ উন্নয়নের উপায়সমূহ আলোচনা কর। ৩
ঘ. চীন এবং বাংলাদেশের মানবসম্পদের গুণগত মানে কোনো পার্থক্য আছে কি? উদ্দীপকের আলোকে তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৮। রহিম SSC পাস করার পর পড়ালেখা করেনি। তার পারিবারিক অবস্থাও ভালো নয়। সে চিন্তা করে তার বাবাকে সাহায্য করা উচিত। তাদের নিজস্ব জমিজমাও নেই। রহিম পাশের গ্রামের বন্ধুর বাড়ির পাশে একটি ফুলের নার্সারি দেখতে যায়। মালিকের সাথে আলাপ করে জানতে পারে, নার্সারিতে তার ভালো মুনাফা হয়। রহিম নার্সারি করতে উৎসাহিত হয়। কিন্তু তার কোনো মূলধন নেই। জমি এবং প্রশিক্ষণও নেই। সে বিষয়টি নিয়ে তার গ্রামের স্কুলের শিক্ষকের সঙ্গে আলোচনা করে। শিক্ষক জানান যে, সরকার বেকার যুবকদের প্রশিক্ষণ দিয়ে হাঁস-মুরগি পালন, মাছ চাষ ইত্যাদি ক্ষেত্রে ঋণ দিচ্ছে। বিষয়টি শুনে রহিম আনন্দিত হয়।

ক. আত্মকর্মসংস্থান কী? ১
খ. প্রশিক্ষণ দক্ষ মানবসম্পদ তৈরি করে— ব্যাখ্যা কর। ২
গ. রহিমের আত্মকর্মসংস্থানের পথে বাধাসমূহ কী কী? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. রহিমের মতো বেকার জনগোষ্ঠীকে আত্মনির্ভরশীল করতে কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে? উদ্দীপকের আলোকে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৯। বাংলাদেশ মধ্যম আয়ের দেশ। এদেশের জনগণ দেশের উন্নয়নে বদ্ধপরিকর। এদেশের প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে জনগণ ক্রমান্বয়ে বেশি হারে উৎপাদন করছে। অনেকক্ষেত্রেই প্রয়োজনের বেশি উৎপাদন হচ্ছে। এই উদ্বৃত্ত উৎপাদন রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় হচ্ছে। সে আয়ের সাহায্যে উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি ও কাঁচামাল আমদানি করা হচ্ছে। এভাবে বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণের সাথে সাথে কর্মসংস্থান ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি পাচ্ছে। আবার উৎপাদন বৃদ্ধির পাশাপাশি উৎপাদন ব্যয় হ্রাস ও দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। তাই আন্তর্জাতিক বাণিজ্য অধিকতর সম্প্রসারণ প্রয়োজন হয়ে পড়েছে। অবশ্য সরকার আন্তর্জাতিক বাণিজ্য বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। যেমন EPZ স্থাপন, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, বিনিয়োগকারীদের সহায়তা প্রদান ইত্যাদি।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১
খ. উদ্বৃত্ত দ্রব্য রপ্তানি, ঘাটতি দ্রব্য আমদানি আন্তর্জাতিক বাণিজ্যের লক্ষ— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের প্রেক্ষিতে আন্তর্জাতিক বাণিজ্যের লক্ষ— ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশ সরকার আন্তর্জাতিক বাণিজ্য বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করেছে? উদ্দীপকের আলোকে বিস্তারিত লেখ। ৪

১০। স্বাধীনতার পর বিভিন্ন প্রয়োজনীয় দ্রব্য ক্রয়, প্রাকৃতিক সম্পদের উত্তোলন ও ব্যবহার, রাজনৈতিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল ছিল। তখনকার প্রেক্ষাপটে তা প্রয়োজন ছিল। কিন্তু বর্তমান সরকার বৈদেশিক সাহায্য ও ঋণ ছাড়াই পদ্মা সেতুর মতো একটি বৃহৎ প্রকল্প বাস্তবায়ন করছে। কারণ বৈদেশিক সাহায্যে অনেক অসম্মানজনক শর্ত থাকে, ঋণের সুদের হার বেশি হয়, মুদ্রাস্ফীতি দেখা দেয়, পরমুখাপেক্ষিতা বৃদ্ধি পায়। অনেক সময় তা অর্থনৈতিক ও রাজনৈতিক স্বাধীনতার প্রতি হুমকি হয়ে দাঁড়ায়।

ক. ওয়েজআর্নার স্কীম কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য ব্যতীত উন্নয়ন সম্ভব নয়— ব্যাখ্যা কর। ২
গ. স্বাধীনতা-উত্তর বাংলাদেশের অর্থনীতিতে বৈদেশিক সাহায্যের প্রয়োজনীয়তা কতটুকু ছিল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. বৈদেশিক সাহায্য কি দেশের স্থিতিশীল উন্নয়নের অন্তরায়? উদ্দীপকের ভিত্তিতে ব্যাখ্যা কর। ৪

১১। 'A' একটি উন্নয়নশীল দেশ। উন্নয়নের প্রাথমিক পর্যায়ে দেশটি তার অর্থনৈতিক ভিত্তি মজবুতকরণ, লেনদেনের প্রতিকূলতা মোকাবিলা। দুর্যোগ মোকাবিলার জন্য বৈদেশিক সাহায্য গ্রহণ করে। কিন্তু বৈদেশিক সাহায্যের ক্ষেত্রে বিভিন্ন শর্তযুক্ত ঋণ, উচ্চ সুদের হার, সাহায্য প্রাপ্তির অনিশ্চয়তা দেশের অভ্যন্তরীণ বিষয়ে বিদেশি রাষ্ট্রের হস্তক্ষেপ ইত্যাদি কারণে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়। তাই দেশটির উন্নয়ন ধারাকে অব্যাহত রাখতে অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধির জন্য বৈদেশিক বাণিজ্য প্রসারে বিভিন্ন বিষয়ে বাণিজ্যের ওপর গুরুত্ব দেয় যেমন— দক্ষতা বৃদ্ধি, বিনিয়োগ বৃদ্ধি, উৎপাদন বৃদ্ধি, জনশক্তি রপ্তানি ইত্যাদি এবং সফলতা বৃদ্ধি পায়। বর্তমানে দেশটি স্ব-অর্থায়নে উন্নয়নের বৃহৎ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে চলছে।

ক. ক্লিংকার কী? ১
খ. দেশীয় শিল্পের ওপর বিশ্বায়নের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুযায়ী বৈদেশিক সাহায্যের প্রতিকূল দিকসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. কীভাবে বৈদেশিক বাণিজ্য দেশের বৃহৎ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নকে ত্বরান্বিত করছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# ১৭ দিনাজপুর বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। সুজনের পিতা একজন প্রান্তিক কৃষক। সুজন এম.এ পাস করে চাকরির পিছনে না ঘুরে অন্যের জমি বর্গা নিয়ে পেয়ারার চাষ করে। এজন্য সে এনজিও থেকে ঋণ নিল। কৃষি কর্মকর্তাদের পরামর্শ নেওয়ায় সুজনের পেয়ারার ফলনও খুব ভালো হলো। কিন্তু অধিক পরিবহণ ব্যয়, বাজার তথ্যের অভাব, দালাল-ফড়িয়া, সংরক্ষণের অভাব ইত্যাদি সমস্যার কারণে সে পেয়ারার ন্যায্যমূল্য পেল না।

ক. কৃষি ঋণ কী? ১

খ. কৃষি কি জাতীয় উন্নয়নে সহায়ক? ২

গ. উদ্দীপকের আলোকে কৃষিপণ্য বাজারজাতকরণে কৃষকেরা কী ধরনের সমস্যার সম্মুখীন হন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কৃষিপণ্য বিপণনের সমস্যা সমাধানে সরকারের কী কী পদক্ষেপ গ্রহণ করা দরকার বলে তুমি মনে কর। ৪

২। রাইয়ান মিয়া একজন সাধারণ কৃষক। সে উপজেলা কৃষি অফিস থেকে প্রশিক্ষণ নিয়ে জানতে পারল যে, একই জমিতে একমুখী ফসল উৎপাদন না করে বিভিন্ন ফসল উৎপাদন করলে আর্থিকভাবে লাভবান হওয়া যায়। বর্তমানে সে একই জমিতে বিভিন্ন সময় বিভিন্ন ফসল উৎপাদন শুরু করল।

ক. জৈব প্রযুক্তি কী? ১

খ. কৃষিতে উন্নত বীজের ব্যবহার কর্মসংস্থানকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকে ফসল উৎপাদনের কোন বিষয়টি নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষির উন্নয়নে শস্য বহুমুখীকরণে কোন ধরনের প্রভাব রয়েছে বলে তোমার মনে হয়? মতামত দাও। ৪

৩। রনি মিয়া একজন দরিদ্র কৃষক। সে কৃষিকাজের জন্য বিভিন্ন সময় বিভিন্ন উৎস থেকে ঋণ নিয়ে থাকে। সে **১ম** বছর বেশি সুদে অল্প সময়ের মধ্যে গ্রাম্য মহাজনের নিকট থেকে ঋণ গ্রহণ করে। **২য়** বছর অল্প সুদে কৃষি ব্যাংক থেকে ঋণ পেতে বেশি সময় লেগে যায় আইনি প্রক্রিয়ার কারণে।

ক. কৃষি খামার কী? ১

খ. বাংলাদেশের কৃষি কি প্রকৃতির ওপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রনি মিয়া বেশি সুদে যেখান থেকে ঋণ গ্রহণ করে তা ঋণদানের কোন ধরনের উৎস? উৎসগুলো চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকে রনি মিয়ার **১ম** বছর ও **২য়** বছরের ঋণের মধ্যে কোন ঋণের উৎসটি তুলনামূলক সুবিধাজনক? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৪। রুমানার বাড়ি রাজশাহীতে। তারা আট ভাইবোন। রুমানা এসএসসি পাস করার পর সংসারে অভাব-অনটনের কারণে ঢাকাতে একটি পোশাক কারখানায় চাকরি নেন। সেখানে ৮০%-এর উপরে নারী শ্রমিক কাজ করে। তৈরি পোশাক খাত থেকে বর্তমানে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় হয়। তাই বাংলাদেশের অর্থনীতি এখন গতিশীল।

ক. শিল্প কী? ১

খ. ফার্ম ও শিল্পের মৌলিক পার্থক্য কী? ২

গ. উদ্দীপকের আলোকে তৈরি পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতিতে কীরূপ ভূমিকা পালন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে পোশাক শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা বিশ্লেষণ কর। ৪

৫। জনাব সাদিক নিজ বাড়িতে বসে তার পরিবারের ৭ জন সদস্য নিয়ে একটি ছোট কারখানা গড়ে তোলেন। তার মোট মূলধনের পরিমাণ ৩ লক্ষ টাকা। তার কারখানার শ্রমিকরা তেমন প্রশিক্ষণপ্রাপ্ত নয়। তিনি উৎপাদিত দ্রব্য বাজারে বিক্রি করে তার পরিবারের খরচ বহন করেন।

ক. হাইটেক শিল্প কী? ১

খ. শিল্পায়নের মাধ্যমে কীভাবে **১**টি দেশ স্বনির্ভরতা অর্জন করে? ২

গ. উদ্দীপকের আলোকে জনাব সাদিক যে শিল্প গড়ে তুলেছেন তা কোন শিল্পের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্প বিকশিত হলে এ দেশের বেকারত্ব দূরীকরণে কতটুকু ভূমিকা রাখবে বলে তুমি মনে কর। ৪

৬। বাংলাদেশে ইতোপূর্বে কোনো ফ্রিজ উৎপাদন করা হয়নি। সব ফ্রিজ বিদেশ থেকে আমদানি করা হতো। ওয়ালটন কোম্পানি প্রথম দেশে দেশি কাঁচামাল ব্যবহার করে ফ্রিজ উৎপাদন করে।


ক. PPP-এর পূর্ণরূপ লেখ। ১

খ. দেশের উন্নয়নে আমদানি বিকল্প শিল্প স্থাপন প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে ওয়ালটনের উৎপাদিত পণ্যের শিল্পকে অর্থনীতির ভাষায় কী ধরনের শিল্প বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে এ ধরনের শিল্প স্থাপনের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৭।




ক. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝায়? ১

খ. নারী শিক্ষা কীভাবে জনসংখ্যা হ্রাসে ভূমিকা রাখে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চিত্রটি কোন তত্ত্বের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. খাদ্য ও জনসংখ্যার মধ্যে ভারসাম্যের জন্য প্রাকৃতিক নিরোধ অপেক্ষা প্রতিরোধ ব্যবস্থা অধিক কাম্য— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। মিনা বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ জেলায় বাস করেন। তার জেলার আয়তন ২,০০০ বর্গ কিলোমিটার এবং লোকসংখ্যা ৮০,৪০,০০০ জন। জনসংখ্যা বেশি হওয়ায় শহরের বিভিন্ন স্থানে যানজট লেগেই থাকে। আগে সহজেই অনেক কাজ করা গেলেও বর্তমানে তা করা যায় না। অর্থাৎ সব সময় আইনবিরোধী কর্মকাণ্ডসহ বিভিন্ন সমস্যা লেগেই থাকে।

ক. স্থূল মৃত্যুহার কাকে বলে? ১

খ. আত্মকর্মসংস্থান কীভাবে দারিদ্র্য বিমোচন করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে মিনার জেলার জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর। ৩

ঘ. অধিক জনসংখ্যা কী কী সমস্যা সৃষ্টি করতে পারে বলে তুমি মনে কর। ৪

৯। পলাশ এম.এ পাস করে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরির জন্য চেষ্টা করেও কোনো চাকরি পায়নি। পরে বাবার কাছ থেকে টাকা নিয়ে গরুর ফার্ম গড়ে তোলেন। এখন তিনি একজন সফল ব্যবসায়ী। গ্রামের বেকার যুবকদের স্বাবলম্বী করে তোলার জন্য তিনি প্রশিক্ষণ ও এ ধরনের কর্মকাণ্ডে অংশগ্রহণের পরামর্শ দান করেন।

ক. নিট অভিবাসন কী? ১

খ. মানব সম্পদ উন্নয়নের উপায়গুলো কী? ২

গ. পলাশের কর্মসংস্থান কী প্রকৃতির? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. পলাশের মতো সফল হতে দেশের বেকার যুবকদের করণীয় বিশ্লেষণ কর। ৪

১০। লিটন যশোর থেকে শাকসবজি ক্রয় করে ঢাকার স্থানীয় বাজারে বিক্রয় করে এবং ঢাকা থেকে কাপড় কিনে যশোরে বিক্রি করে। অপরদিকে লিটনের বন্ধু মিলন শাকসবজি ও হিমায়িত মাছ সৌদি আরবে বিক্রি করে এবং ভারত থেকে পিঁয়াজ-রসুন আমদানি করে।

ক. বিশ্বায়ন কী? ১

খ. বৈদেশিক সাহায্য বাংলাদেশের জন্য আবশ্যক— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে লিটনের বাণিজ্যকে কোন ধরনের বাণিজ্য বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে লিটনের ব্যবসায়ের সাথে মিলনের ব্যবসার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

১১। খুলনার মৎস্যজীবী নজরুল সাহেব দীর্ঘদিন ধরে বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ করেন। তিনি চিংড়ি মাছ বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করেন।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কী? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্য সংঘটিত হয় কেন? ২

গ. নজরুল সাহেবের উৎপাদিত চিংড়ি মাছ প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে— ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে চিংড়ি চাষ কী ভূমিকা রাখছে বলে তুমি মনে কর। ৪

## ১৮ ময়মনসিংহ বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জনাব আশরাফ উপকূলীয় এলাকার একজন প্রান্তিক চাষি। তিনি সারা বছর বিভিন্ন রকমের শস্য উৎপাদন করে থাকেন। পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার অপ্রতুলতার জন্য তিনি তার উৎপাদিত শস্য শহরে বিক্রয় করতে পারেন না। অন্যদিকে মধ্যবর্তী ব্যবসায়ী ও দালালদের দৌরাত্ম্যের কারণে তিনি ন্যায্যমূল্য হতে বঞ্চিত হন। সংরক্ষণের সুযোগ না থাকায় ফসলের মৌসুমেই কম দামে শস্য বিক্রয় করতে বাধ্য হন। কঠোর পরিশ্রম করেও আশরাফের আর্থিক সচ্ছলতা অর্জিত হয়নি।

ক. আত্মতোষণ খামার কাকে বলে? ১
খ. কৃষি খামার ও কৃষিজোত বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে কৃষিপণ্যের বাজারজাতকরণের সমস্যাগুলো চিহ্নিত কর। ৩
ঘ. "কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণে সরকারের ভূমিকা গুরুত্বপূর্ণ"— উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

২। রমিজ সাহেব একজন ক্ষুদ্র চাষি। পৈত্রিক সামান্য জমি পরিবারের সদস্যদের নিয়ে নিজেই চাষাবাদ করেন। কঠোর পরিশ্রম করেও তিনি সচ্ছলতার মুখ দেখেননি। বরং কোনোরকমে জীবননির্বাহ করে চলেছেন। অন্যদিকে সফিক সাহেব অনেক ভূসম্পত্তির মালিক। জমি চাষাবাদ করে তিনি বেশ লাভবান হয়েছেন। তার নিজের ট্রাক্টর ও সেচযন্ত্র আছে। গত বছর তিনি উৎপাদিত পণ্য ও উপকরণ পরিবহণের জন্য একটি পিকআপ ভ্যান ক্রয় করেছেন। এবছর তিনি একটি হারভেস্টার কেনার ইচ্ছা করেন।

ক. কৃষি ঋণ কী? ১
খ. পরিবেশ দূষণ কীভাবে কৃষি উৎপাদনে প্রভাব ফেলে? ২
গ. উদ্দীপকে আলোচিত রমিজ সাহেবের খামারের বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের রমিজ সাহেব ও সফিক সাহেবের খামারের মধ্যে পার্থক্য মূল্যায়ন কর। ৪

৩। মি. মতিন তার জমিতে বছরে দুবার ধান চাষ করে থাকেন। কিন্তু গত বছর ধান উৎপাদন কম হওয়ায় লোকসানের শিকার হন। এমতাবস্থায় মি. মতিন কৃষি কর্মকর্তার পরামর্শ গ্রহণ করেন। কৃষি কর্মকর্তা তাকে একই জমিতে বার বার একই ফসল চাষ না করে ভিন্ন ভিন্ন ফসল উৎপাদনের পরামর্শ দেন। কৃষি কর্মকর্তার পরামর্শে মতিন সাহেব এ বছর পর্যায়ক্রমে ধান, গম ও পাট উৎপাদন করে বেশ লাভবান হয়েছেন।

ক. মাশরুম কী? ১
খ. কৃষিতে ভর্তুকির প্রভাব কী? ২
গ. উদ্দীপকে একই জমিতে বিভিন্ন ফসল চাষের এ কৌশল কোন ধরনের উৎপাদন পদ্ধতি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. এ দেশের কৃষি উন্নয়নে মতিন সাহেবের গৃহীত পদক্ষেপ কীভাবে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ৪

৪। রহমান সাহেব দেশের নামকরা শিল্পোদ্যোক্তা। তিনি চামড়াজাত দ্রব্যসামগ্রী উৎপাদন করে ইউরোপের বিভিন্ন দেশে বিক্রি করে প্রচুর আয় করেন। তার কারখানায় অনেক লোক কাজ করে। গত বছর রপ্তানি মেলায় রহমান সাহেব পুরস্কৃত হন।

ক. হাইটেক শিল্প কাকে বলে? ১
খ. পাট শিল্প কীভাবে তার হারানো গৌরব ফিরে পেতে পারে? ২
গ. উদ্দীপকের শিল্পটির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত শিল্পটির গুরুত্ব বর্ণনা কর। ৪

৫। বিদ্যুৎ উৎপাদনে বর্তমান সরকার ইতোমধ্যে ব্যাপক সাফল্য অর্জন করেছে। সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে বর্তমান সরকার বৃহৎ বিদ্যুৎকেন্দ্র স্থাপন করে দেশের বিদ্যুতের চাহিদা পূরণ করতে সমর্থ হয়েছে। ফলে নাগরিক জীবনে স্বস্তি এবং উৎপাদন ক্ষেত্রে কর্মচাঞ্চল্য দেখা দিয়েছে।

ক. শিল্প কী? ১
খ. ক্ষুদ্র ও কুটির শিল্প কীভাবে দেশের সুষম উন্নয়ন ঘটায়? ২
গ. উদ্দীপকে বিদ্যুৎকেন্দ্র স্থাপনে সরকারের শিল্পনীতির কোন দিকটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকারি নীতির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬। জনাব তাপস শিল্পোদ্যোক্তা হিসেবে নিজ এলাকায় সুপরিচিত। তার সিমেন্ট ও সার উৎপাদন কারখানা রয়েছে। তার কারখানায় এক হাজারের অধিক শ্রমিক কাজ করে। তিনি কৃষি যন্ত্রপাতি উৎপাদনের নতুন কারখানা স্থাপনের কাজ করছেন। তার শিল্পকারখানার জন্য ব্যাংক থেকে পর্যাপ্ত ঋণ পেয়েছেন, সরকারও তাকে নানারকম সহযোগিতা প্রদান করছে। দেশের আমদানি হ্রাসে জনাব তাপস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

ক. মাঝারি শিল্প কাকে বলে? ১
খ. শিল্পায়ন কীভাবে কৃষিকে সহায়তা করে? ২
গ. উদ্দীপকে মি. তাপসের শিল্পকারখানা কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। যে সকল দেশের প্রাকৃতিক সম্পদের তুলনায় জনসংখ্যা অধিক, জনসংখ্যা বৃদ্ধির হারও বেশি, সে সকল দেশে জনসংখ্যা বৃদ্ধি উন্নয়নকে ব্যাহত করে। অতিরিক্ত জনসংখ্যার কারণে খাদ্য ও বাসস্থানের যোগান দিতে ভূমির ওপর চাপ পড়ে, শিশুরা অপুষ্টির শিকার হয়।

ক. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? ১
খ. নারী শিক্ষা কীভাবে জনসংখ্যা বৃদ্ধি রোধ করতে পারে? ২
গ. উদ্দীপকের আলোকে জনসংখ্যা বৃদ্ধির প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত সমস্যা সমাধানের উপায় নিরূপণ কর। ৪

৮। সালমা বেগম একজন আত্মপ্রত্যয়ী নারী। উৎপাদনশীল কাজ করার প্রবল আগ্রহ থেকে তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের সেলাই, ব্লক ও বাটিকের প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি তার দীর্ঘদিনের জমানো অর্থ দিয়ে নিজ গৃহে কাপড় সেলাই, জামাকাপড়ের নকশা তৈরির কাজ শুরু করেন। কিন্তু করোনা মহামারির প্রভাবে প্রাথমিক অবস্থায় পণ্যবিক্রয় আশানুরূপ হয়নি। তিনি হতাশ হননি, বরং সামাজিক যোগাযোগ মাধ্যমে পণ্যের বিজ্ঞাপন দিয়ে ক্রেতা আকৃষ্ট করার চেষ্টা করেন। এতে তিনি সফল হন। তার ব্যবসা বৃদ্ধি পাচ্ছে।

ক. বেকারত্ব কী? ১
খ. মানবসম্পদ উন্নয়নে স্বাস্থ্যসেবার ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে সালমা বেগমের কর্মসংস্থানের প্রকৃতি আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত কর্মসংস্থানের জন্য একজন ব্যক্তির করণীয় নির্ধারণ কর। ৪

৯। অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে দক্ষ মানবসম্পদের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। জনগণের সুস্বাস্থ্য ও প্রশিক্ষিত জনগোষ্ঠী দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করতে অপরিহার্য পূর্বশর্ত। উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন সত্ত্বেও যদি জনগোষ্ঠীকে অপুষ্টি, নিরক্ষরতা ও স্বাস্থ্যহীনতার অভিশাপমুক্ত করা না যায়, তাহলে সে প্রবৃদ্ধি অর্জন অর্থহীন। তাই শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের তাগিদেই নয়, বরং মানবসম্পদ উন্নয়ন পৃথকভাবেই একটি ইপ্সিত লক্ষ্য।

ক. শূন্য জনসংখ্যা বৃদ্ধি কাকে বলে? ১
খ. পরিবার পরিকল্পনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে মানবসম্পদ উন্নয়নের উপায় চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মানবসম্পদ উন্নয়নের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

১০। আন্তর্জাতিক বাণিজ্যের ফলে শ্রমবিভাগের উপযুক্ত ব্যবহার, মূলধনের সঠিক প্রয়োগ ও গুণগত উৎকর্ষ বৃদ্ধি এবং সমগ্র পৃথিবীর উৎপাদন ও ভোগ বৃদ্ধি পায়। এতে অনুন্নত ও উন্নয়নশীল দেশগুলোর উন্নয়ন কর্মকাণ্ড এগিয়ে যেতে পারে। ফলাফলস্বরূপ ঘটে বিশ্বায়ন যার মাধ্যমে সমগ্র বিশ্বব্যাপী নিবিড় সামাজিক সম্পর্ক স্থাপনের দ্বারা দূরত্ব হ্রাস পায়। বর্তমানে বাংলাদেশ যুক্তরাষ্ট্র, জাপান, কানাডাসহ প্রায় ৩০টি দেশে সফটওয়্যার এবং আইটি সার্ভিস রপ্তানি করছে। নকিয়া, জাপান এয়ারলাইন্স, বিশ্বব্যাংক, এইচপি বাংলাদেশের তৈরি সফটওয়্যার ব্যবহার করছে। বাংলাদেশের জনগণের প্রযুক্তি দক্ষতা বাড়ছে।

ক. বৈদেশিক সাহায্য কাকে বলে? ১
খ. জনশক্তি রপ্তানি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে আন্তর্জাতিক বাণিজ্যের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনীতিতে বিশ্বায়নের প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১। মি. আলম একজন সাধারণ ব্যবসায়ী। তিনি দেশের উত্তরাঞ্চল থেকে চাল সংগ্রহ করে চট্টগ্রামে পাইকারি ও খুচরা বিক্রয় করেন। ফলের মৌসুমে তিনি রাজশাহী অঞ্চলের আম, লিচু ইত্যাদি সংগ্রহ করে চট্টগ্রামে সরবরাহ করে থাকেন। অন্যদিকে মি. চৌধুরী তৈরি পোশাক রপ্তানি করে সাফল্য লাভ করেছেন। তিনি সরকারের প্রদত্ত নগদ সহায়তা, আয়করের ওপর রেয়াত সুবিধা লাভ করেন। সরকার তাকে সিআইপি মর্যাদায় ভূষিত করে।

ক. অপ্রচলিত রপ্তানি পণ্য কাকে বলে? ১
খ. বাণিজ্য না হওয়ার চেয়ে কিছু বাণিজ্য ভালো— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মি. আলম এবং মি. চৌধুরীর বাণিজ্যের মধ্যে পার্থক্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকের আলোকে রপ্তানি বৃদ্ধিতে সরকারের গৃহীত পদক্ষেপ মূল্যায়ন কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৯ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 1 0

### অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা (সেট গ)

সময় : ২০ মিনিট পূর্ণমান : ১৫


[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. একটি দেশে কোনো নির্দিষ্ট সময়ে বহিরাগমন ও বহির্গমনের পার্থক্যকে বলে—**
K জনসংখ্যার ঘনত্ব L নিট অভিবাসন
M শূন্য জনসংখ্যা বৃদ্ধি N জনসংখ্যা বৃদ্ধির হার

**২. "জনসংখ্যা অনিয়ন্ত্রিত অবস্থায় জ্যামিতিক হারে বৃদ্ধি পায় এবং জীবনধারণের উপকরণ খাদ্য বৃদ্ধি পায় গাণিতিক হারে"— বক্তব্যটি কার?**
K Herbert Spencer
L Dalton
M Thomas Robert Malthus
N Professor Edwin Cannan

**৩. মানব সম্পদ উন্নয়নের বিবেচ্য মৌলিক সূচক কোনগুলো?**
i. আয়ুষ্কাল
ii. শিক্ষা ও প্রশিক্ষণ
iii. জীবনযাত্রার মান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**




**৪. উদ্দীপক অনুসারে কাম্য জনসংখ্যা নির্দেশক বিন্দু কোনটি?**
K A L B M C N D

**৫. 'D' বিন্দুতে অসামঞ্জস্যের (M) ধরন কীরূপ?**
K '+' L '–' M 'o' N '∞'

**৬. সাধারণত দামস্তরের ক্রমবৃদ্ধির প্রবণতাকে কী বলে?**
K মুদ্রাস্ফীতি L মুদ্রাসংকোচন
M অর্থের যোগান N অর্থের চাহিদা

**৭. নিম্নের কোনটি মুদ্রাস্ফীতির প্রধান কারণ?**
K সামগ্রিক চাহিদা বৃদ্ধি L অর্থের যোগান বৃদ্ধি
M সরকারি ব্যয় বৃদ্ধি N উৎপাদন খরচ বৃদ্ধি

**৮. মুদ্রাস্ফীতি হলো—**
K অর্থের মূল্য বাড়ে
L জনজীবনে অস্থিরতা কমে আসে
M রপ্তানির পরিমাণ কমে যায়
N সঞ্চয়কারী লাভবান হয়

■ **নিচের উদ্দীপকের আলোকে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**

| অর্থবছর | দামস্তর |
|---|---|
| ২০১৯-২০২০ | ৫ |
| ২০২০-২০২১ | ৬ |

পরিস্থিতি বিবেচনায়, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে কর্তৃপক্ষ দ্রব্য ও সেবার সর্বোচ্চ দাম বেঁধে দেয়ার সিদ্ধান্ত নেয়।

**৯. উদ্দীপক অনুসারে ২০২০-২০২১ অর্থবছরে মুদ্রাস্ফীতির হার কত?**
K ২০% L ৩০% M ৪০% N ৫০%

**১০. পরিস্থিতি নিয়ন্ত্রণে বর্ণিত পদক্ষেপ গ্রহণকারী কর্তৃপক্ষ কে?**
K ক্রেতা L বিক্রেতা M উৎপাদক N সরকার

**১১. দুই বা ততোধিক স্বাধীন ও সার্বভৌম দেশের মধ্যে আইনগত প্রক্রিয়ায় দ্রব্য ও সেবার ক্রয়-বিক্রয় কার্যক্রম সম্পাদিত হলে তাকে কী বলে?**
K বৈদেশিক বিনিয়োগ L বৈদেশিক সাহায্য
M আন্তর্জাতিক বাণিজ্য N বিশ্বায়ন

**১২. বিশ্বায়নের অসুবিধা কোনটি?**
K টেকসই উন্নয়ন
L ধনী-দরিদ্রের বৈষম্যের ব্যাপকতা
M নতুন প্রযুক্তির উদ্ভব
N প্রাকৃতিক পরিবেশের সুরক্ষা

**১৩. বৈদেশিক সাহায্য অর্থবহ হয়, যখন তা—**
K কঠিন শর্তযুক্ত হয়
L রাজনৈতিক পক্ষপাতদুষ্ট হয়
M দেশীয় উৎপাদন কাঠামো ভেঙে দেয়
N প্রয়োজনীয় ক্ষেত্রে সর্বাধিক স্বচ্ছতার সহিত ব্যবহৃত হয়

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
সাম্প্রতিকালে বিমানবন্দর, গভীর সমুদ্রবন্দর, মহাসড়ক ও রেল লাইন, বহুমুখী সেতু প্রকল্প, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে বৈদেশিক সাহায্য গ্রহণ করে আসলেও আত্মমর্যাদাসম্পন্ন জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভের জন্য বর্তমান বাংলাদেশ সরকার বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীলতা কমিয়ে বাণিজ্য বান্ধব স্বনির্ভর অর্থনীতি গড়ে তুলতে বদ্ধপরিকর।

**১৪. উদ্দীপক অনুসারে বাংলাদেশের বৈদেশিক সাহায্য গ্রহণের ক্ষেত্র কোনটি?**
K জ্ঞান ও সাংস্কৃতিক সম্পর্কের উন্নয়ন
L মানব সম্পদ উন্নয়ন
M বেকার সমস্যা দূরীকরণ
N বৃহৎ অবকাঠামো বিনির্মাণ

**১৫. উদ্দীপকের আলোকে বাংলাদেশ সরকারের দৃষ্টিভঙ্গি কী ধরনের?**
K বাণিজ্য ও সাহায্য কোনোটিই নয়
L বাণিজ্য নয়, সাহায্য
M বাণিজ্য ও সাহায্য উভয়ই
N সাহায্য নয়, বাণিজ্য

**১৬. সরকার কর্তৃক আরোপিত একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ যা বাধ্যতামূলক প্রদেয় এবং এর বিপরীতে কোনো সুবিধার দাবি উত্থাপন করা যায় না তা হলো—**
K কর L ফি M খাজনা N টোল

**১৭. নিম্নের কোনটি কর বহির্ভূত রাজস্ব?**
K আমদানি শুল্ক
L VAT
M রপ্তানি শুল্ক
N রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বাণিজ্যিক আয়

**১৮. সরকারি ব্যয় ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয় হলো—**
i. উৎপাদনশীল খাতে ব্যয় হ্রাস
ii. অনুৎপাদনশীল খাতে ব্যয় নিয়ন্ত্রণ
iii. সচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে ব্যয় বাস্তবায়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
২০২১-'২২ অর্থবছরে বাংলাদেশের জাতীয় বাজেটে মোট ব্যয় ধরা হয় ৬ লাখ ৩ হাজার ৬৮১ কোটি টাকা। এ বিশাল অর্থসংস্থানের প্রধান ও স্থায়ী উৎস হলো NBR নিয়ন্ত্রিত করসমূহ। এর পাশাপাশি কর বহির্ভূত রাজস্বের বাইরে সরকার প্রয়োজনে ঋণ গ্রহণের মাধ্যমে অর্থসংস্থানের পরিকল্পনা গ্রহণ করেছে।

**১৯. সরকারি ব্যয়ের অর্থসংস্থানের উল্লিখিত স্থায়ী উৎস নিম্নের কোনটির অবদান সবচেয়ে বেশি?**
K আমদানি শুল্ক L মূল্য সংযোজন কর
M আয়কর N আবগারি শুল্ক

**২০. সরকারি ব্যয়ের অর্থসংস্থানের শেষোক্ত উৎস হতে অর্থায়নের উদ্দেশ্য কী?**
i. সরকার ও জনপ্রশাসন পরিচালনা
ii. আর্থসামাজিক অবকাঠামোর বিনির্মাণ
iii. ঘাটতি বাজেটে অর্থায়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. কৃষিজোত বলতে বোঝায়—**
K কৃষি উৎপাদনের জন্য আবাদযোগ্য জমি
L কৃষি জমিতে পরিচালিত উৎপাদন কার্যক্রম
M কৃষি পণ্যের ক্রয়-বিক্রয় কার্যক্রম
N একই জমিতে ভিন্ন ভিন্ন মৌসুমে ভিন্ন ভিন্ন ফসলের চাষাবাদ

**২২. জীবন নির্বাহী খামারের ক্ষেত্রে কোনটি লক্ষণীয়?**
K খামারের আয়তন বড় হয়
L পারিবারিক ভোগই একমাত্র উদ্দেশ্য
M চাষাবাদ পদ্ধতি আধুনিক
N কারিগরি দিকের কার্যকার প্রয়োগ

**২৩. কৃষিপণ্য বিপণনের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রম হলো—**
i. অর্থায়ন
ii. গুদামজাতকরণ
iii. বাজার অনুসন্ধান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মূলত জরুরি কৃষি উপকরণ ক্রয়, কৃষিপণ্যের বাজারজাতকরণ এবং সেচের খরচ যোগাতে কৃষকদের ঋণ গ্রহণ করতে হয়। অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি কৃষি ও কৃষকের কথা চিন্তা করে বাংলাদেশ সরকারও এ খাতে নিরবচ্ছিন্ন ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রেখেছে।

**২৪. নিম্নের কোনটি উল্লিখিত ঋণ ব্যবস্থার সবচেয়ে বড় উৎস?**
K এনজিও L ধনী কৃষক
M আত্মীয়-স্বজন N সমবায় সমিতি

**২৫. বর্ণিত কর্তৃপক্ষসমূহের নিরবচ্ছিন্ন উদ্যোগের ফলে—**
K খাদ্য নিরাপত্তা নিশ্চিত হবে
L প্রান্তিক ও ভূমিহীন কৃষক বাড়বে
M অর্থনৈতিক প্রবৃদ্ধি বাধাগ্রস্ত হবে
N মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বাড়বে

**২৬. বাংলাদেশের শিল্পজাত পণ্য রপ্তানির একক বৃহত্তম খাত কোনটি?**
K পাট L চা
M চামড়া N তৈরি পোশাক

**২৭. স্পর্শকাতরতা ও সংবেদনশীলতা বিবেচনায় নিম্নের কোন শিল্প শুধুমাত্র সরকারি বিনিয়োগের জন্য নির্ধারিত?**
K হাইটেক শিল্প L সংরক্ষিত শিল্প
M অগ্রাধিকার শিল্প N মাইক্রো শিল্প

**২৮. আমদানি বিকল্প শিল্পায়নের মাধ্যমে—**
K অভ্যন্তরীণ বাজার সংকুচিত হয়
L বৈদেশিক মুদ্রার রিজার্ভ হ্রাস পায়
M আমদানি ব্যয় কমে আসে
N দেশীয় উৎপাদকদের উৎপাদন সক্ষমতা ক্ষুণ্ন হয়

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগের অর্থনৈতিক কর্মকাণ্ড বিশ্বজুড়ে এখন বহুল স্বীকৃত উন্নয়ন কৌশল। বাংলাদেশ সরকারও এ কৌশলের আওতায় বিবিধ খাতে বেশকিছু মেগা প্রকল্প বাস্তবায়নের যৌক্তিক উদ্যোগ হাতে নিয়েছে।

**২৯. উদ্দীপকে বর্ণিত উন্নয়ন কৌশল কী নামে পরিচিত?**
K FDI L PPP M GSP N SDG

**৩০. উদ্দীপকে উল্লিখিত সরকারের উদ্যোগ যৌক্তিক, কেননা এর মাধ্যমে—**
i. ব্যাপক পুঁজির সরবরাহ সম্ভব হয়
ii. স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়
iii. প্রকল্প ব্যয় ন্যূনতম হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | N | ৪ | M | ৫ | K | ৬ | K | ৭ | L | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | N | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | N | ২৪ | K | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

## ২০ রাজশাহী বোর্ড ২০২২

### অর্থনীতি দ্বিতীয় পত্র ▸ সৃজনশীল প্রশ্ন

সময় : ২০ মিনিট — পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও।]

**১. বাংলাদেশের অধিকাংশ খামারের ধরন কেমন?**
K জীবন নির্বাহী খামার
L সমবায় খামার
M বহুমুখী খামার
N যৌথ মূলধনী খামার

**২. বাংলাদেশের কৃষির সবচেয়ে বড় উপখাত কোনটি?**
K মৎস্য খাত L শস্য খাত
M পশুসম্পদ খাত N বনজ খাত

**৩. HYV Technology বলতে কী বোঝায়?**
K তথ্যপ্রযুক্তি L উফশী প্রযুক্তি
M পরমাণু প্রযুক্তি N জৈব প্রযুক্তি

**৪. জলবায়ু পরিবর্তনের ফলে—**
i. বৈশ্বিক উষ্ণতা হ্রাস পায়
ii. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি পায়
iii. বৈশ্বিক উষ্ণতার উপর প্রভাব ধনাত্মক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড় এবং নিচের ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'ক' ও মি. 'খ' নিজস্ব বাড়িতে পোল্ট্রি ও ডেইরি খামার করে পরিবারের পুষ্টি চাহিদা পূরণ এবং অর্থ উপার্জনের পথ সৃষ্টি করেছেন।

**৫. পোল্ট্রি ও ডেইরি কৃষির কোন উপখাত?**
K শস্য L মৎস্য
M বনজ N পশুসম্পদ

**৬. এ দুটি খামার থেকে সৃষ্টি হয়েছে—**
i. আয় উপার্জন
ii. কর্মসংস্থান
iii. যাতায়াত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিকের কত শতাংশ মহিলা শ্রমিক?**
K ৮০% L ৮৫% M ৯৫% N ৯০%

**৮. EPZ-এর পূর্ণরূপ কী?**
K Export Processing Zone
L Export Procuring Zone
M Export Producing Zone
N Export Private Zone

**৯. রপ্তানিমুখী শিল্পনীতি গ্রহণের উদ্দেশ্য হলো—**
i. রপ্তানি আয় বৃদ্ধি
ii. কর্মসংস্থান ও আয় বৃদ্ধি
iii. পরনির্ভরশীলতা হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড় এবং নিচের ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মাসুদ সাহেবের তৈরি পোশাক কারখানায় ১,০০০ শ্রমিক কাজ করে। এ কারখানার উৎপাদিত পণ্যগুলো বিদেশে রপ্তানি করা হয়।

**১০. কারখানাটি কোন ধরনের শিল্পের অন্তর্গত?**
K কুটির L ক্ষুদ্র M মাঝারি N বৃহৎ


**১১. পোশাক কারখানাটি স্থাপনের ফলে—**
i. কর্মসংস্থান বাড়ছে
ii. বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমছে
iii. বাণিজ্য ভারসাম্যের উন্নতি হচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. $M = \frac{A-O}{O}$ এ সমীকরণে M = O হলে—**
K শূন্য জনসংখ্যা নির্দেশ করে
L অধিক জনসংখ্যা নির্দেশ করে
M কাম্য জনসংখ্যা নির্দেশ করে
N নিম্ন জনসংখ্যা নির্দেশ করে

**১৩. 'An Essay On the Principles of Population' গ্রন্থের লেখক কে?**
K এ্যাডাম স্মিথ L অধ্যাপক মার্শাল
M টমাস ম্যালথাস N পি. এ. স্যামুয়েলসন

**১৪. মানব সম্পদ উন্নয়ন বলতে বোঝায়—**
i. জনসংখ্যার স্বাস্থ্যগত উন্নয়ন
ii. জনসংখ্যা হ্রাস
iii. জনসংখ্যার গুণগত পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **চিত্রটি লক্ষ কর এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**




**১৫. উদ্দীপকে OX অক্ষে কী নির্দেশ করে?**
K সময় L সময় ও মাথাপিছু আয়
M মাথাপিছু আয় N জনসংখ্যার পরিমাণ


**১৬. MN স্তরে—**
i. কাম্য অপেক্ষা বেশি জনসংখ্যা
ii. কাম্য অপেক্ষা কম জনসংখ্যা
iii. কাম্য অপেক্ষা কম মাথাপিছু আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. সাধারণত দ্রব্যমূল্যের ক্রমাগত বৃদ্ধির প্রবণতাই হলো—**
K মুদ্রাস্ফীতি
L মুদ্রা সংকোচন
M অর্থের চাহিদা বৃদ্ধি
N অর্থের যোগান বৃদ্ধি

**১৮. CPI এর পূর্ণরূপ কী?**
K Consumption Price Index
L Consumer Profit Index
M Consumer Price Index
N Consumption Production Index

**১৯. কোনটি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায়—**
i. করের হার বৃদ্ধি
ii. ঋণপত্র বিক্রয়
iii. ব্যাংক হার বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **চিত্রটি লক্ষ কর এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**




**২০. উদ্দীপকে $P_1P_2$ ba কী নির্দেশ করে?**
K মুদ্রাস্ফীতি L মুদ্রাসংকোচন
M মোট আয় N মোট ব্যয়

**২১. SYf রেখাটি নির্দেশ করে—**
i. সামগ্রিক চাহিদা
ii. সামগ্রিক যোগান
iii. পূর্ণ নিয়োগ উৎপাদন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২২. দুই বা ততোধিক স্বাধীন সার্বভৌম দেশের মধ্যে সংঘটিত বাণিজ্যকে কী বলে?**
K অভ্যন্তরীণ বাণিজ্য
L আন্তর্জাতিক বাণিজ্য
M আমদানি বাণিজ্য
N রপ্তানি বাণিজ্য

**২৩. বাংলাদেশের প্রধান অ-প্রচলিত রপ্তানি দ্রব্য কোনটি?**
K চা L চামড়াজাত দ্রব্য
M পাটজাত দ্রব্য N তৈরি পোশাক

**২৪. দেশের রপ্তানি বৃদ্ধিতে যে ব্যবস্থা নেওয়া যেতে পারে—**
i. রপ্তানি আয়ের উপর কর রেয়াত
ii. রপ্তানি ঋণ বৃদ্ধি
iii. খাদ্যদ্রব্য আমদানি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড় এবং নিচের ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
'A' ও 'B' দুই বন্ধুই দেশের স্বনামধন্য ব্যবসায়ী। 'A' এর কারখানায় উৎপাদিত দ্রব্য দেশের অভ্যন্তরে বিভিন্ন জেলায় বিক্রয় হয়। অন্যদিকে 'B' এর কারখানার উৎপাদিত দ্রব্য ইউরোপের বিভিন্ন দেশে বিক্রয় হয়।

**২৫. 'A' এর ব্যবসাকে বলা হয়—**
K আন্তর্জাতিক বাণিজ্য
L অভ্যন্তরীণ বাণিজ্য
M খুচরা ব্যবসা
N পাইকারি ব্যবসা

**২৬. 'B' এর ব্যবসার কারণে—**
i. বিদেশের বাজারে দেশের সম্মান বৃদ্ধি পায়
ii. কূটনৈতিক সম্পর্ক জোরদার হয়
iii. বৈদেশিক মুদ্রা অর্জিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. প্রত্যক্ষ কর কোনটি?**
K বাণিজ্য শুল্ক L আবগারি শুল্ক
M আয় কর N মূল্য সংযোজন কর

**২৮. সরকারি ঋণের বৈদেশিক উৎস কোনটি?**
K বাংলাদেশ ব্যাংক
L কর্মসংস্থান ব্যাংক
M আই.এম. এফ.
N সোনালী ব্যাংক

**২৯. VAT এর পূর্ণরূপ কোনটি?**
K Value Added Tax
L Value Accept Tax
M Value As Tax
N Value And Tax

**৩০. সরকারের ঋণ গ্রহণের কারণ—**
i. মুদ্রাস্ফীতি হ্রাস
ii. উৎপাদন বৃদ্ধি
iii. ঘাটতি বাজেটে অর্থায়ন
**নিচের কোনটি সঠিক?**
K i L ii ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | L | ৪ | L | ৫ | N | ৬ | K | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | M | ১৩ | M | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | M | ১৯ | N | ২০ | K | ২১ | L | ২২ | L | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | N | ২৭ | M | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

# ২১ যশোর বোর্ড ২০২২

সময় : ২০ মিনিট

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা (সেট খ)

পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. শিল্পদ্রব্য উৎপাদনের উদ্দেশ্য বিবেচনায় শিল্পকে ভাগ করা হয়েছে–**
K ২ ভাগে L ৩ ভাগে
M ৪ ভাগে N ৫ ভাগে

**২. শিল্প প্রতিষ্ঠান ব্যক্তি মালিকানায় ছেড়ে দেয়া হয় কত সালের শিল্প নীতির মাধ্যমে?**
K শিল্পনীতি ১৯৮২
L শিল্পনীতি ১৯৮৬
M শিল্পনীতি ১৯৯১
N শিল্পনীতি ১৯৯৫

**৩. শিল্পনীতি ২০১০ অনুসারে কুটির শিল্পে শ্রমিক সংখ্যা কত জন?**
K সর্বোচ্চ ১০ জন
L সর্বোচ্চ ২০ জন
M সর্বোচ্চ ৩০ জন
N সর্বোচ্চ ৪০ জন

**৪. আধুনিককালে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে কোন খাতের ভূমিকা বেশি?**
K মৎস্য খাতের L কৃষি খাতের
M শিল্প খাতের N স্বাস্থ্য খাতের

**৫. আমদানি বিকল্প শিল্পের মাধ্যমে–**
i. নিট রপ্তানি বৃদ্ধি পায়
ii. আমদানি বৃদ্ধি পায়
iii. দেশের কর্মসংস্থান বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৬. জনসংখ্যা বৃদ্ধির হার নির্ণয়ের সূত্র কোনটি?**
K $\frac{\text{জন্ম হার − মৃত্যু হার}}{১০০} \times ১০০০$
L $\frac{\text{জন্ম হার − মৃত্যু হার}}{১০০০} \times ১০০$
M $\frac{\text{জন্ম হার − মৃত্যু হার}}{১০০} \times ১০০$
N $\frac{\text{জন্ম হার − মৃত্যু হার}}{১০০০} \times ১০০০$

**৭. বাংলাদেশে মোট কতটি চা বাগান আছে?**
K ১৬৫টি L ১৭০টি
M ১৬৭টি N ১৬৯টি

**৮. জনসংখ্যা বৃদ্ধির ফলে–**
i. শ্রমের যোগান বৃদ্ধি পায়
ii. পণ্যের চাহিদা বৃদ্ধি পায়
iii. বাজার সংকুচিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৯. ২০১৮ সালের পরিসংখ্যান অনুযায়ী প্রতি বর্গ কি. মি. তে কতজন লোক বাস করে?**
K ৮০৪ জন L ১০১৫ জন
M ১০৯০ জন N ১২৯০ জন

■ **নিচের উদ্দীপকের আলোকে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' একটি উন্নয়নশীল দেশ। দেশের অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া চালু রাখার জন্য দেশটি বিদ্যুৎ উৎপাদন কারখানা তৈরির উদ্যোগ গ্রহণ করে। উক্ত কারখানা তৈরির জন্য 'খ' দেশ থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করে।

**১০. উদ্দীপকে 'ক' দেশের গৃহীত সাহায্য –**
K প্রকল্প সাহায্য
L পণ্য সাহায্য
M সামরিক সাহায্য
N অপ্রকল্প সাহায্য

**১১. উক্ত সাহায্যের বৈশিষ্ট্য–**
i. সম্পূর্ণ মানবিক কারণ
ii. দ্বিমুখী প্রক্রিয়া
iii. সুসম্পর্ক বজায় রাখা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
'X' দেশে ২০১৮ সালে ১২ লক্ষ জীবিত শিশু জন্মগ্রহণ করে এবং ১০ লক্ষ লোক মৃত্যুবরণ করে। ঐ বছরের মধ্যে সময়ের জনসংখ্যা ১০ কোটি।

**১২. ২০১৮ সালে 'X' দেশে স্থূল জন্মহার প্রতি হাজারে কত ছিল?**
K ৮ L ১০
M ১২ N ১৪

**১৩. দেশটিতে ঐ সময়ে মৃত্যুবরণকারী সংখ্যা যদি হ্রাস পায় তবে স্থূল মৃত্যুহার–**
K স্থির থাকবে L শূন্য হবে
M কমবে N বাড়বে

**১৪. প্রকৃত মুদ্রাস্ফীতি কখন দেখা দেয়?**
K পূর্ণ নিয়োগের পূর্বে
L পূর্ণ নিয়োগের পরে
M পূর্ণ নিয়োগ স্তরে
N অপূর্ণ নিয়োগের পরে

**১৫. "মুদ্রাস্ফীতি এমন একটি পরিস্থিতি, যখন অর্থের মূল্য ক্রমাগত হ্রাস পায় এবং দ্রব্যমূল্য বৃদ্ধি পায়"– সংজ্ঞাটি কোন অর্থনীতিবিদ দিয়েছেন?**
K অধ্যাপক লর্ড কেইন্স
L অধ্যাপক পিগু
M অর্থনীতিবিদ ক্রাউথার
N অর্থনীতিবিদ জি. অ্যাকলে

**১৬. $M = \frac{A - O}{O}$ সমীরণে M = + (ধনাত্মক) হলে কী নির্দেশ করে?**
K কাম্য জনসংখ্যা
L অধিক জনসংখ্যা
M ঘাটতি জনসংখ্যা
N শূন্য জনসংখ্যা

■ **নিচের উদ্দীপকের আলোকে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মিজান পড়াশোনা শেষ করে নিজ গ্রামে একটি কৃষি খামার স্থাপন করেন। উক্ত খামারে শাকসবজি উৎপাদনের পাশাপাশি হাঁস-মুরগি পালন করেন।

**১৭. মিজানের খামার–**
K যৌথ খামার L বহুমুখী খামার
M মিশ্র খামার N বিশেষায়িত খামার

**১৮. উক্ত খামারে উদ্দেশ্য–**
i. পরিবারের খাদ্য চাহিদা মেটানো
ii. কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি
iii. সামাজিক বনায়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৯. কোনটি অপ্রচলিত রপ্তানি পণ্য?**
K পাট L চা
M তৈরি পোশাক N চামড়া

**২০. বিশ্বায়নের ফলে যেসব সুযোগ সৃষ্টি হয়–**
i. উপকরণের গতিশীলতা বৃদ্ধি পায়
ii. অধিক উৎপাদন
iii. দাম বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. মুসক কোন ধরনের কর?**
K পরোক্ষ কর L প্রত্যক্ষ কর
M ভূমি কর N প্রমোদ কর

**২২. সরকারি ঋণের উদ্দেশ্য–**
i. জনকল্যাণে ব্যয়
ii. জরুরি অবস্থা মোকাবিলা
iii. বাজেট ঘাটতি পূরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৩. কর বহির্ভূত রাজস্ব কোনটি?**
K পরোক্ষ কর
L বাণিজ্যিক রাজস্ব
M সম্পূরক শুল্ক
N টোল ও লেভি

**২৪. সরকারি ঋণের বৈদেশিক উৎস কোনটি?**
K গ্রামীণ ব্যাংক
L সোনালী ব্যাংক
M বাংলাদেশ ব্যাংক
N বিশ্ব ব্যাংক

**২৫. কোন ফসলের জন্য কৃষি জমির প্রয়োজন হয় না?**
K তুলা L ধান
M চা N মাশরুম

**২৬. বাংলাদেশে অধিক পরিমাণে রয়েছে–**
K যৌথ খামার
L বাণিজ্যিক খামার
M জীবন নির্বাহী খামার
N সমবায় খামার

**২৭. মাশরুম গবেষণা কেন্দ্র রয়েছে–**
K ঢাকা L গাজীপুর
M সাভার N টাঙ্গাইল

**২৮. কৃষির উপখাতগুলো হলো–**
i. প্রাণী সম্পদ
ii. শস্য
iii. বনজ সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. বাংলাদেশে কৃষি খাতে পরিবর্তনের যে সূচনা হয়েছে তার ফলে–**
i. উৎপাদন বাড়ছে
ii. আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ছে
iii. শস্য বহুমুখীকরণ ঘটছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩০. দেশের মোট শ্রমশক্তির কত ভাগ কৃষিকাজে নিয়োজিত?**
K ৪০.৬ L ৪৫.১
M ৫০.১ N ৫৪.৯০

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | K | ৪ | M | ৫ | M | ৬ | L | ৭ | M | ৮ | K | ৯ | M | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | M | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | K | ১৯ | M | ২০ | K | ২১ | K | ২২ | N | ২৩ | N | ২৪ | N | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | N | ২৯ | N | ৩০ | K |

# ২২ ✓ কুমিল্লা বোর্ড ২০২২

সময় : ২০ মিনিট

## অর্থনীতি দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা (সেট গ)

পূর্ণমান : ১৫

[**বি. দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান **১**। যেকোনো **পনেরোটি** প্রশ্নর উত্তর দাও।]

**১. বিশ্বায়ন ধারণাটির উদ্ভব ঘটে কোন দশকে?**
K ত্রিশ-এর দশকে L চল্লিশ-এর দশকে
M পঞ্চাশ-এর দশকে N ষাট-এর দশকে

■ **উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশের কৃষিপণ্যের বাজার ব্যবস্থা অনুন্নত, অসংগঠিত ও ত্রুটিপূর্ণ হওয়ায় কৃষক ও ভোক্তা উভয়ই ক্ষতিগ্রস্ত হন।

**২. উদ্দীপকে কৃষিপণ্যের কী নির্দেশ করা হয়েছে?**
K বিপণন ব্যবস্থা L উৎপাদন ব্যবস্থা
M ক্রয় ব্যবস্থা N সংরক্ষণ ব্যবস্থা

**৩. বাংলাদেশের কৃষক ও ভোক্তা উভয়েই ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ–**
i. মধ্যস্বত্বভোগীদের উপস্থিতি
ii. সনাতন পদ্ধতির চাষাবাদ
iii. গুদামের অভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. দেশীয় কোন প্রতিষ্ঠান থেকে সরকার সবচেয়ে বেশি রাজস্ব আয় পেয়ে থাকে?**
K বিভিন্ন শিক্ষা বোর্ড
L পানি উন্নয়ন বোর্ড
M জাতীয় রাজস্ব বোর্ড
N বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

**৫. বিশ্বায়নের ইতিবাচক প্রভাব হলো–**
i. পণ্য ও শ্রমের অবাধ প্রবাহ
ii. পুঁজির অবাধ প্রবাহ
iii. তথ্যের অবাধ প্রবাহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. একটি দেশের দামস্তর ছিল ২০২০ সালে ৫০ টাকা এবং ২০২১ সালে ৫৩ টাকা। ঐ দিশের মুদ্রাস্ফীতির হার কত?**
K ৪% L ৫%
M ৬% N ৭%

**৭. জ্যামিতিক হার কোনটি?**
K ১, ২, ৪, ৮......
L ১, ৩, ৫, ৭ .......
M ১, ২, ৩, ৪ .......
N ২, ৪, ৬, ৮ .......

**৮. HYV এর পূর্ণরূপ কী?**
K High Yielding Vegetable
L High Yielding Variety
M High Yielding Vaccination
N High Yielding Variation

**৯. সরকারি অর্থব্যবস্থায়–**
K ব্যয় অনুযায়ী আয় করা হয়
L আয় অনুযায়ী ব্যয় করা হয়
M আয়-ব্যয়ের গোপনীয়তা রক্ষা করা হয়
N আয় ব্যয় হিসাব করা হয় না

**১০. আন্তর্জাতিক বাণিজ্যের তুলনামূলক খরচ তত্ত্বের প্রবক্তা–**
K অ্যাডাম স্মিথ
L ডেভিড রিকার্ডো
M আলফ্রেড মার্শাল
N এল. রবিন্স

**১১. নিচের কোনটি মুদ্রাস্ফীতির কারণ?**
K অর্থের যোগান হ্রাস
L রপ্তানি হ্রাস
M উৎপাদন হ্রাস
N জনসংখ্যা হ্রাস

**১২. নির্ভরশীল জনসংখ্যা বয়স–**
K ১৫ বছরের বেশি এবং ৬০ বছরের কম
L ১৫ বছরের কম এবং ৬০ বছরের বেশি
M ২০ বছরের কম এবং ৫০ বছরের বেশি
N ২০ বছরের বেশি এবং ৫০ বছরের কম

■ **উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
দরিদ্র চাষি মোবারক আলী আফসোস করে বলেন যে, 'সোনালি আঁশ' এর সেই সোনালি দিন এখন আর নেই।

**১৩. উদ্দীপকে কোন শিল্পের কথা বলা হয়েছে?**
K চা L চামড়া
M পাট N তৈরি পোশাক

**১৪. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যা হলো–**
i. বিকল্প দ্রব্যের আবিষ্কার
ii. বাজার তথ্যের অভাব
iii. উৎপাদন ব্যয় হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. নিচের কোনটিকে 'সবজি মাংস' বলা হয়ে থাকে?**
K লাল শাক L পালং শাক
M মাশরুম N ফুলকপি

**১৬. সংরক্ষিত শিল্পের আওতায় পড়ে–**
i. অস্ত্রশস্ত্র ও সামরিক সরঞ্জাম
ii. লৌহ ও ইস্পাত
iii. সিকিউরিটি প্রিন্টিং ও টাকশাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. মুদ্রাস্ফীতির ফলে লাভবান হয়–**
K স্বল্প আয়ের মানুষ
L ঋণগ্রহীতা
M ঋণদাতা
N স্থির আয়ের মানুষ

■ **উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
দেশে যে হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে সে হারে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে না। তাই ব্যক্তি পর্যায়ে নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করতে হবে।

**১৮. উদ্দীপকে যে কর্মসংস্থানের কথা বলা হয়েছে তাকে বলা হয়–**
K সরকারি কর্মসংস্থান
L আত্মকর্মসংস্থান
M বৈদেশিক কর্মসংস্থান
N অভ্যন্তরীণ কর্মসংস্থান

**১৯. উদ্দীপক অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টি হলে–**
i. উৎপাদন বাড়বে
ii. বেকারত্ব কমবে
iii. স্বনির্ভরতা অর্জিত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. বাংলাদেশের প্রচলিত রপ্তানি পণ্য কোনটি?**
K তৈরি পোশাক
L জুতা
M সার
N চা

**২১. বাংলাদেশ সরকারের ব্যয়ের খাত হলো–**
i. জনকল্যাণ সাধন করা
ii. সর্বভৌমত্ব রক্ষা করা
iii. শিক্ষার প্রসার করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. যে খামারের উৎপাদিত পণ্য দিয়ে শুধুমাত্র পরিবারের ভরণপোষণ চলে, তাকে কী ধরনের খামার বলে?**
K বিশেষায়িত খামার
L আদর্শ খামার
M জীবননির্বাহী খামার
N বাণিজ্যিক খামার

**২৩. মূল্য সংযোজন কর এক ধরনের–**
K প্রত্যক্ষ কর L পরোক্ষ কর
M আয়কর N সম্পদ কর

**২৪. দৃশ্যমান ও অদৃশ্যমান আমদানি-রপ্তানির হিসাবের বিবরণকে বলা হয়–**
K বাণিজ্যের ভারসাম্য L লেনদেনের ভারসাম্য
M বাজার ভারসাম্য N উৎপাদকের ভারসাম্য

■ **উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
অর্থনীতিবিদগণ মনে করেন যে, চাহিদা বৃদ্ধি বা খরচ বৃদ্ধি যে কারণেই হোক না কেন মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখা প্রয়োজন।

**২৫. উদ্দীপকে কয় ধরনের মুদ্রাস্ফীতির কথা বলা হয়েছে?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৬. উদ্দীপকে উল্লিখিত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় হতে পারে–**
i. আর্থিক নীতি
ii. রাজস্ব নীতি
iii. প্রত্যক্ষ নিয়ন্ত্রণ নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. শূন্য জনসংখ্যা বৃদ্ধি হলো যদি একটি দেশের–**
K জন্মহার মৃত্যুহারের চেয়ে বেশি হয়
L জন্মহার মৃত্যুহারের চেয়ে কম হয়
M জন্মহার মৃত্যুহার উভয়ই শূন্য হয়
N জন্মহার মৃত্যুহার উভয়ই সমান হয়

**২৮. বিদেশ থেকে যেসব পণ্য আমদানি করা হয় সেসব পণ্য নিজের দেশে উৎপাদন করতে শিল্প স্থাপন করাকে বলা হয়–**
K পশ্চাৎমুখী শিল্প
L বৃহৎ শিল্প
M রপ্তানিমুখী শিল্প
N আমদানি বিকল্প শিল্প

**২৯. ফসল উৎপাদনের ধরনের ভিত্তিতে কৃষি খামারের প্রকারভেদ হলো–**
i. বিশেষায়িত খামার
ii. বহুমুখী খামার
iii. মিশ্র খামার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩০. বাংলাদেশ ব্যাংক সরকারের কোন ধরনের ঋণের উৎস?**
K বাণিজ্যিক L বৈদেশিক
M অভ্যন্তরীণ N বেসরকারি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | M | ৫ | N | ৬ | M | ৭ | K | ৮ | L | ৯ | K | ১০ | L | ১১ | M | ১২ | L | ১৩ | M | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | L | ১৯ | N | ২০ | N | ২১ | N | ২২ | M | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | N | ২৭ | N | ২৮ | N | ২৯ | N | ৩০ | M |

## ২৩ চট্টগ্রাম বোর্ড ২০২২

সময় : ২০ মিনিট

### অর্থনীতি দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা (সেট ঘ)

পূর্ণমান : ১৫

[**বি. দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. কোনটি প্রত্যক্ষ করের উদাহরণ—**
K VAT  L বিক্রয় কর
M সম্পদ কর  N আবগারি শুল্ক

**■ নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
রাজেশের দেশের চাকরিজীবী জয়নব খানম প্রত্যেক অর্থবছর শেষে জাতীয় রাজস্ব বোর্ডে বাধ্যতামূলকভাবে কিছু টাকা জমা দেন। অন্যদিকে বাড়ির মালিক রুশো আহম্মেদ সিটি কর্পোরেশন অফিসে হোল্ডিং ট্যাক্স বাবদ টাকা জমা দেন।

**২. উদ্দীপক অনুযায়ী জয়নব খানম নিচের কোনটি জমা দেন?**
K আয়কর
L নবায়ন ফি
M মূল্য সংযোজন কর
N প্রমোদ কর

**৩. উদ্দীপক অনুযায়ী রুশো আহম্মেদের অর্থ প্রদানের ক্ষেত্রটি—**
K বাধ্যতামূলক
L বিশেষ সুবিধাপ্রাপ্তি
M জরিমানা
N বাণিজ্যিক আয়ের অংশ

**৪. $\frac{P_1 - P_0}{P_0} \times$ ১০০ [যেখানে $P_0$ = পূর্ববর্তী বছরের দামস্তর, $P_1$ = পরবর্তী বছরের দামস্তর] সূত্রটি অর্থনীতির কোন ধারণার সাথে সম্পৃক্ত?**
K মুদ্রা সংকোচন  L অর্থের মূল্য
M মুদ্রাস্ফীতি  N দাম সূচক

**৫. নিচের কোনটি ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির কারণ?**
K নতুন নোট ছাপানো
L দ্রব্যের উৎপাদন হ্রাস
M বাণিজ্যিক ব্যাংকের ঋণ বৃদ্ধি
N শ্রমিকের মজুরি বৃদ্ধি

**৬. মুদ্রাস্ফীতির সময় লাভবান হয় যে শ্রেণি—**
K চাকরিজীবী  L ব্যবসায়ী
M শ্রমিক  N ঋণদাতা

**৭. জাতীয় অর্থনীতিতে অবদানের ক্ষেত্রে বাংলাদেশের বৃহত্তম কৃষি উপখাত কোনটি?**
K শস্য ও শাকসবজি  L পশু সম্পদ
M বনজ সম্পদ  N মৎস্য সম্পদ

**৮. যে খামারের জমির পরিমাণ ২.৪৯ একর, তাকে কোন ধরনের খামার বলে?**
K প্রান্তিক  L ক্ষুদ্রায়তন
M মাঝারি  N বৃহদায়তন

**৯. কৃষিপণ্যের পাইকারি বাজার কোন পর্যায়ের বাজারকে নির্দেশ করে?**
K গ্রাম্য  L প্রাথমিক
M মাধ্যমিক  N চূড়ান্ত

**১০. কৃষিপণ্যের উৎপাদন পরিকল্পনার সাথে সরাসরি সম্পৃক্ত কোনটি?**
K কৃষিজোত
L কৃষি উপখাত
M কৃষি কাঠামো
N কৃষি খামার

**■ নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষক শম্ভু মিয়া বর্ষা মৌসুমে ধানের জমিতে কৈ মাছের চাষ করেন।

**১১. উদ্দীপক অনুযায়ী কৃষক শম্ভু মিয়ার খামারটি কোন ধরনের?**
K বিশেষায়িত  L বহুমুখী
M মিশ্র  N যৌথ

**১২. উদ্দীপক অনুযায়ী খামারের উৎপাদক শম্ভু মিয়ার ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য হবে?**
i. উৎপাদন বৃদ্ধি
ii. খরচ বৃদ্ধি
iii. জীবনমান বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii
M i ও ii  N i ও iii

**■ নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
সখিনা বেগমের কোনো ফসলি জমি নেই। গত বছর থেকে তিনি পরিত্যক্ত মাটির ঘরে এমন একটি কৃষিপণ্যের উৎপাদন শুরু করেছেন যা বিক্রি করে তিনি অর্থ উপার্জন করতে পারছেন।

**১৩. উদ্দীপক অনুযায়ী সখিনা বেগম কোনটির উৎপাদন করেছেন?**
K চিংড়ি  L মাশরুম
M চারাগাছ  N ঝিনুক

**১৪. উদ্দীপকে উল্লিখিত কৃষিপণ্য নিচের কোনটিকে সহায়তা করবে?**
i. কর্মসংস্থান বৃদ্ধি
ii. উৎপাদন খরচ বৃদ্ধি
iii. দারিদ্র্য বিমোচন
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii
M i ও ii  N i ও iii

**১৫. সর্বশেষ বাংলাদেশের জাতীয় শিল্পনীতি কত সালে গ্রহণ করা হয়?**
K ২০০৫  L ২০১০
M ২০১৬  N ২০২০

**১৬. কুটির শিল্প টিকিয়ে রাখা কেন প্রয়োজন?**
K দেশজ কাঁচামালের সদ্ব্যবহার
L সর্বাধিক রপ্তানি আয় অর্জন
M সহজ শর্তে ঋণের সুবিধা
N উৎপাদনে মূল্য সংযোজন বেশি

**১৭. বাংলাদেশে কৃষির ছদ্মবেশী বেকারত্ব হ্রাস পেয়েছে কোন শিল্প গড়ে উঠার কারণে?**
K হিমায়িত মাছ  L তৈরি পোশাক
M চামড়া শিল্প  N বস্ত্র শিল্প

**■ নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
'B' দেশে সম্প্রতি এমন একটি শিল্প গড়ে উঠেছে যেখান থেকে রপ্তানি আয়ের সিংহভাগ অর্জিত হয়। এ শিল্পে কর্মরত অধিকাংশ শ্রমিকই নারী। দেশের দারিদ্র্য বিমোচনে এ শিল্প ভূমিকা রাখলেও এ শিল্পের কিছু সমস্যা বিদ্যমান রয়েছে।

**১৮. উদ্দীপকে কোন শিল্পের কথা বলা হয়েছে?**
K তৈরি পোশাক  L ওষুধ
M চামড়া  N কুটির শিল্প

**১৯. উদ্দীপকে উল্লিখিত শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে—**
i. বিশ্ব বাজারে তীব্র প্রতিযোগিতা
ii. কারখানার উন্নতমানের পরিবেশ
iii. শ্রমিকের নিম্ন মজুরি ও অসন্তোষ
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii
M i ও ii  N i ও iii

**২০. কোন ধরনের জনসংখ্যাকে অর্থনীতিতে মানবসম্পদ বলা হয়?**
K শিশু  L পূর্ণবয়স্ক
M প্রবীণ  N উৎপাদনশীল

**২১. বাংলাদেশ জনসংখ্যার দিক হতে বিশ্বে কততম?**
K ৭ম  L ৮ম
M ৯ম  N ১০ম

**২২. উচ্চ জন্মহার রোধে নিচের কোনটি সহায়ক?**
K বাল্যবিবাহ প্রচলন
L নিম্ন মাথাপিছু আয়
M পর্যটন কেন্দ্র স্থাপন
N নিম্নমুখী শিক্ষার হার

**■ নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
'A' দেশের জনসংখ্যা ১৫ কোটি এবং আয়তন ১৫ হাজার বর্গকিলোমিটার। সম্প্রতি দেশটির সরকার মেয়েদের বিবাহের বয়স ১৮ থেকে ২০ বছরে উন্নীত করে আইন পাস করেছে।

**২৩. উদ্দীপক অনুযায়ী 'A' দেশের জনসংখ্যার ঘনত্ব কত?**
K ১,০০০  L ১০,০০০
M ১,০০,০০০  N ১০,০০,০০০

**২৪. উদ্দীপক অনুযায়ী 'A' দেশের জনসংখ্যার প্রভাব কোন কোন ক্ষেত্রে পড়বে?**
i. কর্মসংস্থানের ক্ষেত্রে
ii. জীবনযাত্রার মানের ক্ষেত্রে
iii. মুদ্রাস্ফীতির ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii
M i ও ii  N i, ii ও iii

**■ নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
'C' দেশ বিগত শতাব্দী থেকে পাট, চা ও চামড়া রপ্তানি করে আসছে। কিন্তু গত দশক থেকে হস্তশিল্প, তৈরি পোশাক ও হিমায়িত মাছ ইত্যাদি রপ্তানি করছে।

**২৫. উদ্দীপক অনুযায়ী প্রচলিত রপ্তানি দ্রব্য কোনটি?**
K তৈরি পোশাক
L চামড়া
M হস্তশিল্প
N হিমায়িত মাছ

**২৬. উদ্দীপক অনুযায়ী গত দশক থেকে নতুন পণ্য রপ্তানি দেশের অর্থনীতিতে যেভাবে সহায়তা করছে তা হলো—**
i. অনুকূল বাণিজ্য ভারসাম্য অর্জন
ii. বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি
iii. কর্মসংস্থান বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii
M i ও iii  N i, ii ও iii

**২৭. বাংলাদেশ 'ওয়েজ আর্নার স্কিম' চালু হয় কত সালে?**
K ১৯৭৫  L ১৯৭৩
M ১৯৭২  N ১৯৭১

**২৮. 'VAT' এর পূর্ণরূপ কী?**
K Value Added Tax
L Value and Tax
M Value of Actual Tax
N Value Aggregate Tax

**২৯. কর রাজস্বের উৎস কোনটি?**
K আয়কর  L নোট ছাপানো
M জরিমানা  N ফি

**৩০. কোনোরূপ সুবিধা প্রত্যাশা ছাড়া সরকারকে যে অর্থ প্রদান করা হয় তাকে কী বলে?**
K ফি  L সুদ
M কর  N ঋণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | K | ৮ | L | ৯ | M | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | N | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | L | ২৪ | N | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | K | ৩০ | M |

## ২৪ সিলেট বোর্ড ২০২২

সময় : ২০ মিনিট

### অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা (সেট খ)

পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. সময়ের ভিত্তিতে কৃষিঋণ কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**২. বাংলাদেশের কৃষিঋণের অপ্রাতিষ্ঠানিক উৎস কোনটি?**
K বাণিজ্যিক ব্যাংক
L বাংলাদেশ কৃষি ব্যাংক
M গ্রাম্য মহাজন
N বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

**৩. নিচের কোনটি শিল্প শ্রমনিবিড় উৎপাদন কৌশল ব্যবহার করে?**
K নিয়ন্ত্রিত L হাইটেক
M ক্ষুদ্র ও মাঝারি N সংরক্ষিত

**৪. EPZ-এর পূর্ণরূপ কী?**
K Export Procuring Zone
L Export Producing Zone
M Export Planning Zone
N Export Processing Zone

**৫. নিচের কোনটি কুটির শিল্প?**
K পাট L প্লাস্টিক
M তাঁত N পোশাক

**৬. সংরক্ষিত শিল্পের উদাহরণ কোনটি?**
K পারমাণবিক শক্তি
L চা
M চিনি
N পর্যটক

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**

দুই বন্ধুর সহযোগিতা এবং দশ লক্ষ টাকা বিনিয়োগ করে জনাব জাহেদ স্যানিটারি পাইপ তৈরির কারখানা গড়ে তোলেন। তাঁরা গত বৎসর সর্বসাকল্যে এক লক্ষ টাকা মুনাফা অর্জন করেন।

**৭. জাহেদের কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?**
K বৃহৎ L মাঝারি
M মাইক্রো N কুটির

**৮. উদ্দীপকে উল্লিখিত শিল্পের বৈশিষ্ট্য হলো—**
i. ১৬-৩০ জন শ্রমিক থাকে
ii. পণ্যের ছোট বাজার
iii. বিদ্যুৎ ব্যবহৃত হয় না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. কাম্য জনসংখ্যা পরিমাপের সূত্র কোনটি?**
K $M = \frac{A-O}{O}$ L $M = \frac{O-A}{A}$
M $M = \frac{A+O}{O}$ N $M = \frac{A+O}{A}$

**১০. নিচের কোনটি জ্যামিতিক প্রগতি?**
K ১, ২, ৩, ৪, ৫..........
L ১, ২, ৪, ৮, ১৬ .......
M ১, ৩, ৬, ৯, ১২ .......
N ২, ৪, ৬, ৮, ১০ .......

**১১. কোনটি বাংলাদেশে আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নয়?**
K পশুপালন L মৎস্য চাষ
M বনায়ন N সরকারি চাকরি

■ **নিচের উদ্দীপটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**

বাংলাদেশ বিশ্বের অন্যতম জনবহুল দেশ। আয়তনের তুলনায় এদেশের জনসংখ্যা অনেক বেশি। এই জনসংখ্যাকে জনশক্তিতে পরিণত করার উদ্দেশ্যে সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে।

**১২. উদ্দীপকে সরকারের কোন উদ্দেশ্য নির্দেশ করা হয়েছে?**
K জন্মহার বৃদ্ধি
L উন্নত যোগাযোগ ব্যবস্থা
M রপ্তানি বৃদ্ধি
N মানবসম্পদ উন্নয়ন

**১৩. সরকারের উদ্দেশ্য বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ হতে পারে—**
i. শিক্ষা ও প্রশিক্ষণ
ii. জনস্বাস্থ্যের উন্নয়ন
iii. লিঙ্গবৈষম্য বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. বাংলাদেশে মুদ্রাস্ফীতির হার পরিমাণে নিচের কোন পদ্ধতি বেশি ব্যবহার করা হয়?**
K জি. এন. পি ডিফ্লেটর
L ভোক্তার দামসূচক
M উৎপাদনের দামসূচক
N কর্মসংস্থান ব্যয়সূচক

**১৫. নিচের কোনটি মুদ্রাস্ফীতির অন্যতম বৈশিষ্ট্য?**
K দামস্তর হ্রাস L যোগান বৃদ্ধি
M ক্রয়ক্ষমতা হ্রাস N চাহিদা হ্রাস

**১৬. বাংলাদেশে মুদ্রাস্ফীতির কারণ হলো—**
K অর্থ সরবরাহ বৃদ্ধি
L উৎপাদন বৃদ্ধি
M সরকারি ব্যয় হ্রাস
N প্রত্যক্ষ কর বৃদ্ধি

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**

'A' দেশে ২০২০ সালে দামস্তর ছিল ১০০, যা ২০২১ সালে বৃদ্ধি পেয়ে ১২০ হয়। দামস্তর নিয়ন্ত্রণে সরকার কিছু পদক্ষেপ গ্রহণ করেছে।

**১৭. 'A' দেশের ২০২১ সালে মুদ্রাস্ফীতির হার কত?**
K ১২% L ২০%
M ১০০% N ১২০%

**১৮. উদ্দীপক অনুযায়ী সরকারের গৃহীত পদক্ষেপ হতে পারে—**
i. ব্যাংক হার বৃদ্ধি
ii. সরকারি ব্যয় বৃদ্ধি
iii. উৎপাদন বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. বিশ্বায়নের প্রভাব হলো—**
i. পণ্যের দাম বৃদ্ধি
ii. পুঁজির অবাধ প্রবাহ
iii. প্রযুক্তির উদ্ভাবন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**

জুয়েল ঢাকার নিউমার্কেট থেকে গত বছর মিশরের পিয়াজ কিনেছিলেন। এ বছর মিশর ভ্রমণে গিয়ে তিনি বাংলাদেশি সিরামিক পণ্য দেখতে পান।

**২০. উদ্দীপকে বর্ণিত দেশ দুটি কোন ধরনের বাণিজ্যে লিপ্ত?**
K অভ্যন্তরীণ L আন্তর্জাতিক
M আমদানি N রপ্তানি

**২১. উদ্দীপকে উল্লিখিত বাণিজ্যের ফলে—**
K বিশ্বের মোট উৎপাদন বৃদ্ধি পাবে
L কূটনৈতিক সম্পর্ক ক্ষতিগ্রস্ত হবে
M বাজার সংকুচিত হবে
N একচেটিয়া কারবার সৃষ্টি হবে

**২২. নিচের কোনটি পরোক্ষ কর?**
K মুনাফা কর L আয়কর
M সম্পদ কর N মূল্য সংযোজন কর

**২৩. সরকারের প্রশাসনিক রাজস্বের উৎস হলো—**
i. ফি
ii. জরিমানা
iii. সরকারি ঋণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**

সরকার কর ও করবহির্ভূত উৎস হতে রাজস্ব সংগ্রহ করে রাষ্ট্রীয় ব্যয় নির্বাহ করে থাকে। অধিকন্তু সরকার অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস থেকে ঋণ সংগ্রহ করতে পারে।

**২৪. উদ্দীপকে উল্লিখিত সরকারের রাজস্বের প্রধান উৎস কোনটি?**
K জরিমানা L কর
M ফি N অনুদান

**২৫. উদ্দীপকে উল্লিখিত কোন উৎসটি দেশকে পরনির্ভরশীল করে?**
K কর রাজস্ব L করবহির্ভূত রাজস্ব
M অভ্যন্তরীণ ঋণ N বৈদেশিক ঋণ

**২৬. নিচের কোনটি বাংলাদেশের কৃষির বৃহত্তম উপখাত?**
K শস্য ও শাকসবজি
L মৎস্য সম্পদ
M পশু সম্পদ
N বনজ সম্পদ

**২৭. নিচের কোনটিকে 'White gold' বলা হয়?**
K তৈরি পোশাক L চামড়াজাত দ্রব্য
M পাটজাত দ্রব্য N হিমায়িত চিংড়ি

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**

আসাদ মিয়ার কৃষি জমিতে এ বছর চমৎকার ফলন হয়। কিন্তু সংরক্ষণের পর্যাপ্ত সুযোগ না থাকায় তিনি স্বল্পদামে গ্রাম্য বাজরে আলু বিক্রি করে দেন। আসাদ মিয়ার মতো কৃষকদের এ ধরনের সমস্যার সমাধানে সরকার কিছু পদক্ষেপ গ্রহণ করেছে।

**২৮. আসাদ মিয়া যে বাজারে আলু বিক্রি করলেন তা কোন ধরনের বাজার?**
K স্থানীয় বাজার
L জাতীয় বাজার
M আন্তর্জাতিক বাজার
N মূলধন বাজার

**২৯. সরকারের গৃহীত পদক্ষেপ হতে পারে—**
i. কৃষি বিমা প্রচলন
ii. ভর্তুকি প্রত্যাহার
iii. সংরক্ষণের ব্যবস্থা জোরদারকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩০. নিচের কোনটি বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল?**
K শাকসবজি L চা
M ইক্ষু N পাট

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | M | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | N | ১২ | N | ১৩ | K | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | L | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | N | ২৩ | K | ২৪ | L | ২৫ | N | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | L | ৩০ | N |

# ২৫ ✔ বরিশাল বোর্ড ২০২২


## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা (সেট গ)

সময় : ২০ মিনিট — পূর্ণমান : ১৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. গতিভিত্তিক মুদ্রাস্ফীতি কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**




**২. উদ্দীপকে মুদ্রাস্ফীতির হার—**
K 20 L 30 M 40 N 50

**৩. মুদ্রাস্ফীতি ঘটবে যদি—**
i. ভোগ বাড়ে
ii. বিনিয়োগ বাড়ে
iii. সুদের হার বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. বাণিজ্য কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**৫. কোনটি প্রাথমিক পণ্য?**
K ভোজ্যতেল L সস্তা
M পেট্রোলিয়ামজাত N তুলা

**৬. একই খামারে একাধিক শস্য উৎপাদন করাকে কী বলে?**
K শস্য বহুমুখীকরণ
L নিবিড় চাষ পদ্ধতি
M সমন্বিত চাষ পদ্ধতি
N একাধিক চাষ পদ্ধতি

**৭. বাংলাদেশের সর্ববৃহৎ কৃষির উপখাত কোনটি?**
K বনজ সম্পদ L প্রাণী সম্পদ
M মৎস্য সম্পদ N শস্য ও শাক সবজি

**৮. বাংলাদেশের কৃষিপণ্যের বাজারজাতকরণের সমস্যা হলো—**
i. ফড়িয়া ও দালালের দৌরাত্ম্য
ii. কৃষকের দারিদ্র্যতা
iii. ত্রুটিপূর্ণ ওজন ও পরিমাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
রহমান একজন বেকার যুবক। সে বাড়িতে মাশরুম চাষ করে। মাশরুম অত্যন্ত পুষ্টিকর, সুস্বাদু ও ঔষধিগুণসম্পন্ন সবজি। তাছাড়া বিভিন্ন রোগ প্রতিরোধক ও নিরাময়ক হিসেবে কাজ করে। মাশরুম উৎপাদনের মাধ্যমে তার পুষ্টির অভাব পূরণ হয়েছে। আবার আয় উপার্জনের একটি পথও পেয়েছে।

**৯. উদ্দীপকে বর্ণিত সবজিটির ক্ষেত্রে সঠিক নয় কোনটি?**
K আয় উপার্জনের পথ তৈরি
L রাস্তাঘাট উন্নয়ন
M পুষ্টির চাহিদা পূরণ
N কর্মসংস্থান

**১০. মাশরুম উৎপাদনে প্রয়োজন—**
i. আবাদি জমি
ii. মূলধন
iii. শ্রম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. সরকারি-বেসরকারি অংশীদারিত্ব কী নামে পরিচিত?**
K APP L BPP
M PPP N CPP

**১২. সিকিউরিটি প্রিন্টিং ও টাকশাল কোন শিল্পের অন্তর্গত?**
K হাইটেক শিল্প L সংরক্ষিত শিল্প
M অগ্রাধিকার শিল্প N নিয়ন্ত্রিত শিল্প

**১৩. চা- শিল্পের জন্য প্রয়োজন—**
i. নিয়মিত বৃষ্টিপাত
ii. দক্ষ শ্রমিক
iii. পরিবর্তক দ্রব্যের উপস্থিতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
শরীফা বেগম শীত মৌসুমে পরিবারের সদস্যদের নিয়ে স্বল্প পুঁজিতে চাদর ও টুপি তৈরি করেন। উৎপাদিত দ্রব্য সুন্দর হওয়ায় বাজারে যথেষ্ট পরিমাণে বিক্রি হচ্ছে। ফলে তার আয় উপার্জন বেশ ভালো।

**১৪. উদ্দীপকের উৎপাদিত দ্রব্য কোন ধরনের শিল্পের?**
K বৃহৎ শিল্প L মাঝারি শিল্প
M ক্ষুদ্র শিল্প N কুটির শিল্প

**১৫. উদ্দীপকে উল্লিখিত শিল্পটি অর্থনীতিতে অবদান রাখছে—**
i. কর্মসংস্থান বৃদ্ধিতে
ii. জনসংখ্যা বৃদ্ধিতে
iii. বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৬. স্টেপল ফাইবার কোন শিল্পের কাঁচামাল?**
K সার L সিমেন্ট
M পোশাক শিল্প N লৌহ

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সাইফুর একজন চা ব্যবসায়ী। বর্তমানে পঞ্চগড়ে প্রচুর চা উৎপাদন হয়। উৎপাদিত চা ভালো মানের হওয়ায় বাজারে যথেষ্ট চাহিদা আছে। তাই তিনি সারাদেশে চা বাজারজাত করেন।

**১৭. উদ্দীপকে কয় ধরনের বাণিজ্যের কথা উল্লেখ করা হয়েছে?**
K ১ L ২ M ৩ N ৪

**১৮. উক্ত বাণিজ্যের সুবিধা হলো—**
i. উপকরণের গতিশীলতা বৃদ্ধি পায়
ii. স্বনির্ভরতা বৃদ্ধি পায়
iii. বৈদেশিক মুদ্রা অর্জন করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. দেশে উৎপাদিত দিয়াশলাই-এর উপর আরোপিত করকে বলা হয়—**
K প্রমোদ কর L আবগারি শুল্ক
M বাণিজ্য শুল্ক N বিক্রয় কর

**২০. NBR বহির্ভূত কর কোনটি?**
K আয় কর L ভূমি রাজস্ব
M আবগারী শুল্ক N মূল্য সংযোজন কর

**২১. সরকারকে ফি প্রদান—**
i. বাধ্যতামূলক নয়
ii. সুবিধা ভোগ করা যায়
iii. আইনগত বৈধতা আছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শরীফ একজন গাড়ি ব্যবসায়ী। তিনি রংপুর থেকে চট্টগ্রাম যাওয়ার পথে বঙ্গবন্ধু সেতু অতিক্রম করার সময় ৫০০ টাকা দিলেন। এরপর চট্টগ্রাম কাস্টম হাউজে গাড়ি আমদানির জন্য ৫০,০০০ টাকা দিলেন। পরবর্তীতে সরকার গাড়ি বিক্রেতাদের ওপর অতিরিক্ত কর ধার্য করেন।

**২২. মি. শরীফ বঙ্গবন্ধু সেতু অতিক্রম করার সময় প্রদত্ত ৫০০ টাকা কী?**
K টোল L কর M ফি N ঋণ


**২৩. উদ্দীপকে সরকার কর্তৃক অতিরিক্ত আরোপিত কর হচ্ছে—**
K যানবাহন কর L বিশেষ কর
M সম্পূরক কর N আমদানি শুল্ক

**২৪. ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বে প্রতিরোধ ব্যবস্থা কয়টি?**
K ১ L ২ M ৩ N ৪

**২৫. প্রদত্ত সূত্র $= \frac{\text{জন্মহার} - \text{মৃত্যুহার}}{১০০০} \times ১০০$ কী নির্দেশ করে?**
K জনসংখ্যা বৃদ্ধি হার
L স্বাভাবিক বৃদ্ধি হার
M স্থূল মৃত্যুহার
N স্থূল জন্মহার

**২৬. শূন্য জনসংখ্যা পরিমাপে প্রয়োজন—**
i. CBR ii. CDR iii. NGR
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের ছকটি লক্ষ কর এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**




**২৭. উদ্দীপকে উল্লিখিত ছকটি জনসংখ্যার কোন তত্ত্বের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ?**
K কাম্য জনসংখ্যা তত্ত্ব
L জনসংখ্যা সংক্রমণ তত্ত্ব
M ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব
N জনসংখ্যা বিবর্তন তত্ত্ব

**২৮. উদ্দীপকের জনসংখ্যা তত্ত্ব অনুসারে, কোনো প্রকার হস্তক্ষেপ না করা হলে কত বছর পরে জনসংখ্যা বেড়ে দ্বিগুণ হবে?**
K ১০ L ১৫ M ২০ N ২৫

**২৯. "মুদ্রাস্ফীতি এরূপ একটি পরিস্থিতি যখন অর্থের মূল্য ক্রমাগত হ্রাস পায় এবং দ্রব্যের দাম ক্রমেই বৃদ্ধি পায়।" সংজ্ঞাটি কে দিয়েছেন?**
K অধ্যাপক পিগু
L অর্থনীতিবিদ ক্রাউথার
M অর্থনীতিবিদ কুলবর্ন
N অধ্যাপক লর্ড কেইনস

**৩০. C.P.I-এর পূর্ণরূপ কী?**
K Customer Price Index
L Consumer Price Index
M Compact Price Index
N Common Price Index

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | K | ৪ | K | ৫ | N | ৬ | K | ৭ | N | ৮ | N | ৯ | L | ১০ | L | ১১ | M | ১২ | L | ১৩ | K | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | K | ১৯ | L | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | M | ২৪ | L | ২৫ | L | ২৬ | K | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |

# ২৬ ✓ দিনাজপুর বোর্ড ২০২২

## অর্থনীতি দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা (সেট ক)

সময় : ২০ মিনিট পূর্ণমান : ১৫

[**বি. দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নর উত্তর দাও।]

**১. আত্মতোষণ খামার হলো—**
K জীবননির্বাহী খামার
L বাণিজ্যিক খামার
M বহুমুখী খামার
N বিশেষায়িত খামার

**২. 'আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধবের নিকট থেকে ঋণ গ্রহণ'— কৃষিঋণের কোন ধরনের উৎস?**
K উপানুষ্ঠানিক L আনুষ্ঠানিক
M অনানুষ্ঠানিক N প্রাতিষ্ঠানিক

**৩. বাংলাদেশ আদর্শ কৃষি খামারের জমির আয়তন বিবেচিত হয়—**
K ন্যূনতম ১ একর
L ন্যূনতম ৩ একর
M ন্যূনতম ৫ একর
N ন্যূনতম ১০ একর

**৪. মালিকানার ভিত্তিতে কৃষি খামার হতে পারে—**
i. বহুমুখী
ii. ব্যক্তি মালিকানাধীন
iii. যৌথ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
বেলায়েত হোসেন একজন কৃষক। তার পরিবারে স্ত্রী ও ২ ছেলে আছে। পৈতৃকসূত্রে প্রাপ্ত তার ১ বিঘা জমিতে পারিবারিক শ্রম ও পুঁজি প্রয়োগের মাধ্যমে ধান উৎপাদন করেন।

**৫. উদ্দীপকে কোন ধরনের খামারের কথা বলা হয়েছে।**
K মিশ্র খামার L জীবন নির্বাহী খামার
M সমবায় খামার N বাণিজ্যিক খামার

**৬. উক্ত খামারের মূল উদ্দেশ্য হলো—**
i. জীবনধারণ করা
ii. উদ্বৃত্ত সৃষ্টি করা
iii. মুনাফা অর্জন করা
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**৭. মুদ্রাস্ফীতির কারণ—**
i. দামস্তর ক্রমাগত বৃদ্ধি পায়
ii. অর্থের মূল্য হ্রাস পায়
iii. সামগ্রিক চাহিদা হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. কোন পণ্যের ভিত্তি বছরের দামস্তর ৪০ এবং চলতি বছরের দামস্তর ৪২ হলে, মুদ্রাস্ফীতি কত?**
K ৪২% L ৪০% M ১০% N ৫%

**৯. রাজস্বনীতির মাধ্যমে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় হলো—**
i. মজুরি নিয়ন্ত্রণ
ii. সরকারি ব্যয় হ্রাসবৃদ্ধি
iii. কর হারের পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মূল্যস্তর বেশি হওয়ায় বাজারে অল্প পরিমাণ দ্রব্যের পিছনে বেশি টাকা ধাবিত হয়।

**১০. উদ্দীপকে বর্ণিত অবস্থাকে কী বলে?**
K মুদ্রা সংকোচন L মুদ্রাস্ফীতি
M অবমূল্যায়ন N অবচয়ন

**১১. বাজারে এ অবস্থা সৃষ্টির কারণ হলো—**
i. অর্থের যোগান বৃদ্ধি
ii. উৎপাদন হ্রাস
iii. মুদ্রার মূল্য বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. মুদ্রাস্ফীতির ফলে যে শ্রেণি লাভবান হয়—**
i. ঋণদাতা
ii. উৎপাদনকারী
iii. ঋণগ্রহীতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. কোনটি প্রচলিত রপ্তানি পণ্য?**
K হস্তশিল্পজাত দ্রব্য L শাকসবজি ও ফলমূল
M তৈরি পোশাক N নিউজপ্রিন্ট

**১৪. A দেশে ও B দেশের মধ্যে পারস্পরিক বাণিজ্যে গত অর্থবছরে A দেশের ১৪৩৯৩ মিলিয়ন ডলার এবং B দেশের ১৩৭৫৭ মিলিয়ন ডলার রপ্তানি আয় অর্জিত হলে, কোনটি সঠিক?**
K B দেশের উদ্বৃত্ত বাণিজ্য ৬৩৬ মিলিয়ন ডলার
L A দেশের উদ্বৃত্ত বাণিজ্য ৬৩৬ মিলিয়ন ডলার
M A দেশের ঘাটতি বাণিজ্য ৬৩৬ মিলিয়ন ডলার
N A ও B দেশের ভারসাম্য বাণিজ্য চলছে

**১৫. বিশ্বায়ন বলতে বোঝায়—**
K অবাধ তথ্য বাণিজ্য
L অবাধ শ্রমশক্তির স্থানান্তর
M অবাধ মত প্রকাশ
N অবাধ তথ্য, যোগাযোগ ও বাণিজ্য প্রবাহ

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ কৃষিনির্ভর জনবহুল দেশ। এ দেশ থেকে বিভিন্ন দেশে কাঁচাপাট, চা, চামড়া, তৈরি পোশাক, হিমায়িত খাদ্য ইত্যাদি রপ্তানি হয়। এছাড়া মূলধনী যন্ত্রপাতি, শিল্পের কাঁচামাল আমদানি করে।

**১৬. রপ্তানি আয়ের শীর্ষে কোন পণ্যটি?**
K কাঁচাপাট ও পাটজাত পণ্য
L চামড়া ও চামড়াজাত পণ্য
M তৈরি পোশাক
N হিমায়িত খাদ্য

**১৭. অপ্রচলিত পণ্য হলো—**
i. হস্তশিল্প
ii. শাকসবজি
iii. ন্যাপথ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. কোনটি রাজস্ব আয়?**
K দেশের ব্যাংক থেকে ঋণ
L বিদেশি অনুদান
M বিশ্ব ব্যাংক থেকে ঋণ
N মূল্য সংযোজন কর

**১৯. যার উপর ধার্য করা হয়, তিনি নিজেই যদি করের বোঝা বহন করে তবে তাকে বলে—**
K আয় কর
L বিক্রয় কর
M মূল্য সংযোজন কর
N প্রমোদ কর

**২০. সরকারি ঋণের উদ্দেশ্য হলো—**
i. জরুরি অবস্থা মোকাবিলা
ii. অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন
iii. সঞ্চয় ও বিনিয়োগ বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
খোকা সাহেব মাসিক দুই লক্ষ টাকা বেতনে চাকরি করেন এবং নিয়মিত কর প্রদান করেন। তিনি সম্প্রতি এক খণ্ড জমি ক্রয় করেন এবং নিজের নামে রেজিস্ট্রেশন করেন।

**২১. খোকা সাহেবের নিয়মিত প্রদেয় কর কোন ধরনের?**
K বিক্রয় কর L আয়কর
M মূল্য সংযোজন কর N প্রমোদ কর

**২২. জমি রেজিস্ট্রেশনের জন্য দেয়া অর্থকে কী বলা হয়?**
K অনুদান L জরিমানা
M ফি N কর

**২৩. শিল্পনীতি ২০১৬ অনুযায়ী 'পর্যটন শিল্প' নিম্নের কোন শিল্পের অন্তর্গত?**
K উচ্চ অগ্রাধিকার L অগ্রাধিকার
M নিয়ন্ত্রিত N সংরক্ষিত

**২৪. বাংলাদেশে শিল্পখাতে 'উপখাত' কয়টি?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৫. পাট উৎপাদনের বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?**
K ১ম L ২য় M ৩য় N ৪র্থ

**২৬. জনসংখ্যার নির্ধারকসমূহ হলো—**
i. জন্মহার
ii. মৃত্যুহার
iii. আদম শুমারি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
কলেজের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের ভিসি মহোদয় বলেন, "তোমাদেরকে প্রকৃত শিক্ষায় সুশিক্ষিত হতে হবে। শিক্ষার পাশাপাশি প্রশিক্ষণ, গবেষণা ইত্যাদি ক্ষেত্রেও সাফল্যের ধারাবাহিকতা রাখতে হবে।"

**২৭. ভিসি মহোদয়ের বক্তব্য অনুসরণ করলে নিম্নের কোনটি ঘটবে?**
K শিক্ষার হার বাড়বে
L কৃষির উন্নয়ন হবে
M উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন হবে
N মানব সম্পদ বৃদ্ধি পাবে

**২৮. ভিসি মহোদয়ের বক্তব্যের উদ্দেশ্য হলো—**
i. দক্ষ জনশক্তি তৈরি
ii. অর্থনৈতিক উন্নয়ন
iii. কৃষির উন্নয়ন সাধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. বাংলাদেশে কোন পাহাড়ি অঞ্চলে 'চা' চাষ অধিক করা হয়?**
K শ্রমিক সস্তা L মাটি উর্বর
M উদ্যোক্তাদের ইচ্ছা N অধিক বৃষ্টিপাত

**৩০. বাংলাদেশে কোন ধরনের শিল্পে আত্মকর্মসংস্থানের সুযোগ সর্বাধিক?**
K হস্তশিল্প L কুটিরশিল্প
M ক্ষুদ্র শিল্প N মাঝারি শিল্প

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | L | ৪ | M | ৫ | L | ৬ | K | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | N | ১৯ | K | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | L | ২৪ | M | ২৫ | L | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | N | ৩০ | L |

# ২৭ ময়মনসিংহ বোর্ড ২০২২

## অর্থনীতি দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা (সেট খ)

সময় : ২০ মিনিট পূর্ণমান : ১৫

[**বি. দ্র. :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান **১**। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. শিল্পনীতি-২০১০ অনুযায়ী শিল্প কত প্রকার?**
K ৭ L ৮ M ৯ N ১০

**২. অগ্রাধিকার শিল্পে—**
i. পৃষ্ঠপোষকতা দেওয়া হয়
ii. কর রেয়াত দেওয়া হয়
iii. নজরদারী করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩. ক্ষুদ্র শিল্পে সাধারণত—**
i. যান্ত্রিক বিদ্যুৎ শক্তি ব্যবহার করা হয়
ii. ভাড়াটিয়া শ্রমিক ব্যবহার করা হয়
iii. দেশি-বিদেশি কাঁচামাল ব্যবহার করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X একজন শিল্পপতি। তিনি বিভিন্ন বিষয় চিন্তা করে সাভারে একটি মোটর সাইকেল তৈরির কারখানা স্থাপন করলেন। অল্প দিনেই তিনি বেশ সুনাম অর্জন করলেন।

**৪. মি. X-এর স্থাপিত কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?**
K ক্ষুদ্র শিল্প
L মাঝারি শিল্প
M আমদানি বিকল্প শিল্প
N রপ্তানি উন্নয়ন শিল্প

**৫. উল্লিখিত শিল্প স্থাপনের ফলে—**
i. দেশে কর্মসংস্থানের সুযোগ হবে
ii. বাণিজ্যিক ভারসাম্য প্রতিকূল হবে
iii. বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. জনসংখ্যার কোন স্তরে জীবনযাত্রার মান সর্বোচ্চ হয়?**
K নিম্ন জনসংখ্যা
L সর্বোচ্চ জনসংখ্যা
M কাম্য জনসংখ্যা
N দক্ষ জনসংখ্যা

**৭. জনসংখ্যা বৃদ্ধির ফলে—**
i. জনগণের আয় বৃদ্ধি পায়
ii. বেকারত্ব বৃদ্ধি পায়
iii. দারিদ্র্যতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শফিকের দেশের মোট জনসংখ্যা ১৬ কোটি। দেশটি হতে ১ কোটি লোক বিভিন্ন দেশে স্থায়ীভাবে গমন করে এবং ২ কোটি লোক দেশে আগমন করে।

**৮. উদ্দীপকে নিট অভিবাসন হার—**
K ৬.০০ L ৬.২৫
M ৬.৫০ N ৬.৭৫
* **Note :** সঠিক উত্তর ৬২.৫

**৯. উদ্দীপকে নিট অভিবাসন ধনাত্মক হওয়ায়—**
i. মাথাপিছু আয় বাড়বে
ii. খাদ্যের চাহিদা বাড়বে
iii. মুদ্রাস্ফীতি বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য কোনটি?**
K পাট L চা
M চামড়া N তৈরি পোশাক

**১১. আন্তর্জাতিক বাণিজ্যের ফলে—**
i. প্রযুক্তির উন্নয়ন হবে
ii. ভোগ বৃদ্ধি পায়
iii. দ্রব্য মূল্য বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. বাংলাদেশের আমদানিকৃত মূলধন জাতীয় দ্রব্য হলো—**
i. কৃষি যন্ত্রপাতি
ii. বৈজ্ঞানিক যন্ত্রপাতি
iii. ভোজ্য তেল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ সরকার দ্রুত উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্যে শিল্প উদ্যোক্তাদের বিভিন্নভাবে সহায়তা করছে। ফলে দেশের শিল্প কাঠামো মজবুত হচ্ছে। দেশে রপ্তানি আয় বাড়ছে, আমদানি ব্যয় কমছে এবং জাতীয় আয় বাড়ছে।

**১৩. উদ্দীপকে আমদানি ব্যয় হ্রাস পাচ্ছে যে শিল্পায়নের মাধ্যমে তা হচ্ছে—**
K আমদানি বিকল্প শিল্পায়ন
L রপ্তানিমুখী শিল্পায়ন
M প্রচলিত শিল্পায়ন
N সংরক্ষিত শিল্পায়ন

**১৪. সরকারের এই পদক্ষেপ গ্রহণের ফলে—**
i. উৎপাদন বাড়বে
ii. ভোগ বাড়বে
iii. কর্মসংস্থান বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. VAT-এর পূর্ণরূপ কী?**
K Value And Tax
L Valuable Added Tax
M Valuable Actual Tax
N Value Added Tax

**১৬. সরকারি ব্যয়ের উদ্দেশ্য হলো—**
i. সামাজিক কল্যাণ
ii. অভ্যন্তরীণ শান্তি ও শৃঙ্খলা
iii. আয় বৈষম্য সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X একজন শিল্পপতি। তাকে প্রতিবছর প্রায় ৫ লক্ষ টাকা আয়কর দিতে হয়। তার উৎপাদিত পণ্য বিক্রির সময়ও কর দিতে হয়। এতেও সে অখুশি নয়।

**১৭. উদ্দীপকে কর কয় প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**১৮. মি. X অখুশি নয়, কারণ—**
i. কর আয় বৈষম্য হ্রাস করে
ii. এই অর্থ দেশের কল্যাণে ব্যয় হয়
iii. কর দ্বারা দেশের সার্বিক উন্নয়ন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৯. বাংলাদেশের কৃষিঋণের উৎস কয়টি?**
K ২ L ৩ M ৪ N ৫

**২০. বাংলাদেশের কৃষিপণ্যের বাজার ব্যবস্থা কোন ধরনের?**
K আধুনিক L উন্নত
M ত্রুটিপূর্ণ N ভোক্তাবান্ধব

**২১. বাংলাদেশের কৃষির বৈশিষ্ট্য—**
i. স্বল্প উৎপাদন
ii. অধিক মূলধন
iii. ত্রুটিপূর্ণ বাজার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. শস্য বহুমুখীকরণের ফলে—**
i. উৎপাদন বৃদ্ধি পাবে
ii. কৃষকের আয় বৃদ্ধি পাবে
iii. জমির উর্বরতা বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
রফিকের বাবার অনেক জমি। রফিক পড়াশোনা শেষে বাবার কৃষিজোত দেখাশোনা শুরু করে। আবহাওয়া অনুকূলে হওয়ায় এ বছর রফিক অনেক টাকা মুনাফা করে।

**২৩. রফিকের খামারটি কোন ধরনের?**
K জীবননির্বাহী খামার
L বাণিজ্যিক খামার
M সমবায়ী খামার
N বিশেষায়িত খামার

**২৪. রফিকের খামারে—**
i. আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করা যাবে
ii. প্রাতিষ্ঠানিক ঋণ গ্রহণ করা যাবে
iii. কর্মসংস্থান বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii


**২৫. বাংলাদেশের সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প কোনটি?**
K পাট শিল্প L চামড়া শিল্প
M তৈরি পোশাক N কুটির শিল্প

**২৬. অধিক পরিমাণ মুদ্রা অল্প পরিমাণ দ্রব্যের পিছনে ধাবিত হওয়ার নাম মুদ্রাস্ফীতি— উক্তিটি কার?**
K কুলবর্ন L ক্রাউথার
M জি অ্যাকলে N লর্ড কেইন্স

**২৭. গতিভিত্তিক মুদ্রাস্ফীতি কয় প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৮. মুদ্রাস্ফীতির ফলে লাভবান হয়—**
i. ভোক্তা ii. উৎপাদক iii. বিক্রেতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**




**২৯. উদ্দীপকে মুদ্রাস্ফীতির হার—**
K ২০ L ৩০ M ৪০ N ৫০

**৩০. উদ্দীপকে মুদ্রাস্ফীতি ঘটবে যদি—**
i. ভোগ বাড়ে
ii. বিনিয়োগ বাড়ে
iii. সুদের হার বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | N | ৪ | M | ৫ | L | ৬ | M | ৭ | M | ৮ | * | ৯ | M | ১০ | N | ১১ | K | ১২ | K | ১৩ | K | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | L | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | M | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | N | ৩০ | K |

# ২৮ ঢাকা বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. IT মূলত সংক্ষিপ্ত রূপ—**
K Information Technology
L Information and Computer Technology
M Information and Communication Technology
N Information and Cooperation Technology

**২. $M = \frac{A - O}{O}$ সূত্র অনুসারে A দ্বারা বোঝায়—**
K প্রকৃত জনসংখ্যা
L অসামঞ্জস্যের পরিমাণ
M কাম্য জনসংখ্যা
N অতিরিক্ত জনসংখ্যা

**৩. কোনটি মৌলিক মানব উন্নয়ন সূচক নয়?**
K আয়ুষ্কাল
L শিক্ষা
M জীবনযাত্রার মান N কর্মসংস্থান

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
অনুপম স্নাতক সম্পন্ন করে যুব উন্নয়ন অধিদপ্তরের কম্পিউটার ট্রেনিং কোর্স সম্পন্ন করে স্থানীয় বাজারে একটি কম্পিউটার দোকান শুরু করল। এতে তার ভালো আয় হতে লাগল।

**৪. অনুপমের এ উদ্যোগকে অর্থনীতিতে কী বলা হয়?**
K আত্মকর্মসংস্থান
L ব্যবসা
M যুব উন্নয়ন কার্যক্রম
N মানব উন্নয়ন

**৫. অনুপমের মতো অন্যরা এরূপ কাজ করলে—**
i. দারিদ্র্য বিমোচন হবে
ii. বেকারত্ব হ্রাস পাবে
iii. দ্রুত ধনী হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. ট্যাক্স হলিডে দেওয়া হয়—**
K রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে
L আমদানি দ্রব্যের জন্য
M কর রাজস্ব বাড়াতে
N কর রাজস্ব কমাতে

**৭. বিশ্বায়নের অর্থনৈতিক প্রভাব মাপা হয়—**
i. পণ্য ও সেবার প্রবাহ দ্বারা
ii. শ্রম ও জনশক্তির প্রবাহ দ্বারা
iii. প্রযুক্তির প্রবাহ দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. কোনটি চাষে জমি প্রয়োজন হয় না?**
K তুলা L মাশরুম
M গম N চা

**৯. সর্বশেষ তথ্য অনুযায়ী বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় কত?**
K ১৮০০ ডলার
L ২০২৭ ডলার
M ২২২৭ ডলাল
N ২৪০০ ডলার

**১০. চাষাবাদের আয়তনভিত্তিক খামার কোনটি?**
K জীবন নির্বাহী খামার
L বহুমুখী খামার
M সমবায় খামার
N ব্যক্তিমালিকানাধীন খামার

**১১. বিশ্বে ইলিশ উৎপাদনে বাংলাদেশের অবদান কত?**
K ৯৬ শতাংশ L ৮৬ শতাংশ
M ৭৬ শতাংশ N ৬৬ শতাংশ

**১২. আমদানি বিকল্প শিল্পের মাধ্যমে—**
i. বিলাসজাতীয় পণ্যের আমদানি বাড়ে
ii. দেশীয় শিল্পের সুরক্ষা হয়
iii. বৈদেশিক বাণিজ্য ঘাটতি হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
দরিদ্র কৃষক আক্কাছ মিয়া পরিবারের সদস্যদের নিয়ে একখণ্ড জমিতে চাষাবাদ করেন। অন্যদিকে ঐ এলাকার মাসুক মিয়া অধিক পুঁজি, আধুনিক যন্ত্রপাতির সমন্বয়ে বৃহৎ খামার পরিচালনা করেন।

**১৩. আক্কাছ মিয়ার খামার কোন ধরনের?**
K বাণিজ্যিক L ক্ষুদ্রায়তন
M ব্যক্তিগত N জীবন নির্বাহী


**১৪. মাসুক মিয়ার পরিচালিত খামারের বৈশিষ্ট্য হচ্ছে—**
i. দক্ষ ব্যবস্থাপনা
ii. কম উদ্বৃত্ত
iii. অধিক উৎপাদন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. বৃহৎ শিল্পের অন্তর্গত কোনটি?**
K ঔষধ L প্রসাধনী
M প্রিন্টিং N হোসিয়ারি

**১৬. বাংলাদেশের মানুষের বর্তমান গড় আয়ু কত?**
K ৬০.৩ বছর L ৬৫.৩ বছর
M ৭০.৩ বছর N ৭২.৩ বছর

**১৭. জনসংখ্যার ঘনত্ব নির্ণয়ের সূত্র কোনটি?**
K $DP = \frac{\Sigma B}{\Sigma P}$ L $DP = \frac{TP}{TA}$
M $DP = \frac{\Sigma P}{\Sigma B}$ N $DP = \frac{TA}{TP}$

■ **উদ্দীপকের আলোকে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**




**১৮. উদ্দীপকে ভূমি অক্ষ কী নির্দেশ করে?**
K জনসংখ্যা
L মাথাপিছু আয়
M জীবনযাত্রার মান
N সময়

**১৯. উদ্দীপক অনুযায়ী MH স্তরে—**
i. কাম্য জনসংখ্যা
ii. কাম্য অপেক্ষা কম জনসংখ্যা
iii. কাম্য অপেক্ষা কম মাথাপিছু আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
সালাম সাহেব পাঁচ কোটি টাকা ব্যয়ে ৫০ জন শ্রমিক নিয়ে একটি ম্যানুফ্যাকচারিং শিল্প স্থাপন করেন।

**২০. সালাম সাহেবের শিল্প প্রতিষ্ঠানটি কোন ধরনের?**
K বৃহৎ শিল্প
L মাঝারি শিল্প
M ক্ষুদ্র শিল্প
N মাইক্রো শিল্প

**২১. এ শিল্প প্রতিষ্ঠার ক্ষেত্রে—**
i. কারিগরি জ্ঞানের প্রয়োগ হতে পারে
ii. প্রাতিষ্ঠানিক ঋণের ব্যবহার হতে পারে
iii. শুধু পরিবারের সদস্যরাই এর মালিক হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. জনসংখ্যার নির্ধারক নয় কোনটি?**
K জন্মহার
L ভৌগোলিক আয়তন
M নিট অভিবাসন
N জীবনযাত্রার মান

**২৩. BSTI-এর কাজ কী?**
K পণ্যের মান নিয়ন্ত্রণ করা
L ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় করা
M যানবাহনের লাইসেন্স দেওয়া
N দারিদ্র্য বিমোচন করা

**২৪. বাংলাদেশে 'সাদা সোনা' কী?**
K হীরক L পেট্রোলিয়াম
M ইলিশ N চিংড়ি

**২৫. পাউরুটি কোন ধরনের দ্রব্য?**
K প্রাথমিক L মাধ্যমিক
M চূড়ান্ত N মূলধনী

**২৬. ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বে উপেক্ষিত হয়েছে—**
i. দরিদ্রতা
ii. জনসংখ্যার গুণগত দিক
iii. খাদ্য উৎপাদনে প্রযুক্তির প্রয়োগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. বাংলাদেশের পণ্যসেবা রপ্তানি ও আমদানির শীর্ষে রয়েছে—**
K যুক্তরাষ্ট্র-ভারত
L চীন-যুক্তরাজ্য
M চীন-ভারত
N যুক্তরাষ্ট্র-চীন

**২৮. বাংলাদেশের অপ্রচলিত রপ্তানি পণ্য কোনটি?**
K কাঁচা পাট
L সিরামিক সামগ্রী
M চা
N চামড়া

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
বাঘমারার সুজনের একটি ছোট কারখানা আছে। সেখানে কোনো ভাড়াটিয়া শ্রমিক কাজ করে না।

**২৯. এটি একটি—**
K মাইক্রো শিল্প
L কুটির শিল্প
M ক্ষুদ্র শিল্প
N মাঝারি শিল্প

**৩০. সুজনের কারখানার প্রতিস্থাপন ব্যয় কত?**
i. ৫ লক্ষ টাকার নিচে
ii. ১০ লক্ষ টাকার নিচে
iii. ১০ লক্ষ টাকার উপরে
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | K | ৩ | N | ৪ | K | ৫ | K | ৬ | K | ৭ | N | ৮ | L | ৯ | M | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | K | ২৪ | N | ২৫ | M | ২৬ | M | ২৭ | N | ২৮ | L | ২৯ | L | ৩০ | L |

# ২৯ রাজশাহী বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট কোন জেলায় অবস্থিত?**
K হবিগঞ্জ L মৌলভীবাজার
M সিলেট N চট্টগ্রাম

**২. বাংলাদেশের আমদানি পণ্যসামগ্রীকে ভাগ করা যায়—**
i. প্রধান প্রাথমিক পণ্যসমূহ
ii. শিল্পের প্রয়োজনীয় কাঁচামাল
iii. মূলধনী যন্ত্রপাতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
খলিল সাহেবের শিল্প প্রতিষ্ঠানে স্থায়ী সম্পদ ৫০ কোটি টাকার অধিক এবং শ্রমিক সংখ্যা ১,০০০-এর অধিক। বৈদেশিক মুদ্রা অর্জনে এটি সফলতা অর্জন করেছে।

**৩. খলিল সাহেবের প্রতিষ্ঠানটি কোন শিল্পের অন্তর্গত?**
K চামড়া শিল্প L তৈরি পোশাক শিল্প
M পাট শিল্প N চা শিল্প

**৪. এ শিল্পের ক্ষেত্রে—**
i. ১৯৭৬ সালে রপ্তানি শুরু করে
ii. রপ্তানি আয়ের ৮২% অর্জিত হয়
iii. কোভিড-১৯ পরিস্থিতিতে সম্পূর্ণ বন্ধ হয়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. বাংলাদেশের বিজ্ঞানী ড. মাকসুদুল আলম কিসের জীবন রহস্য উন্মোচন করেন?**
K ধান L গম M তুলা N পাট

**৬. কাম্য জনসংখ্যার সূত্র কে প্রদান করেন?**
K ম্যালথাস L ডাল্টন
M মার্শাল N স্যামুয়েলসন


**৭. রপ্তানি বৃদ্ধিতে সরকার কী ব্যবস্থা নিতে পারে?**
K শুল্ক বৃদ্ধি L ভর্তুকি হ্রাস
M ভর্তুকি বৃদ্ধি N জ্বালানির দাম বৃদ্ধি

**৮. বাংলাদেশের ঐতিহ্যবাহী বৃহৎ শিল্প কী?**
K পাট L চামড়া
M তৈরি পোশাক N চা

| ক দেশ | | | | |
|---|---|---|---|---|
| বছর | ০ | ২৫ | ৫০ | ৭৫ |
| জনসংখ্যা বৃদ্ধি | ১ | ২ | ৪ | ৮ |
| খাদ্য উৎপাদন বৃদ্ধি | ১ | ২ | ৩ | ৪ |

**৯. ১২৫ বছর পর ক-দেশের জনসংখ্যা ও খাদ্যের পরিমাণ হবে যথাক্রমে—**
K ১২, ৫ L ১৬, ৫ M ৩২, ৬ N ৩৫, ৫

■ **চিত্রটি লক্ষ কর এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**




**১০. '?' চিহ্নিত স্থানে কী বসবে?**
K কাম্য জনসংখ্যা তত্ত্ব
L ম্যালথাসীয় চক্র
M ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব
N জনমিতিক অবস্থান্তর তত্ত্ব

**১১. এখানে 'প্রাকৃতিক নিরোধ' বলতে বোঝায়—**
i. মহামারি
ii. চরম দারিদ্র্য
iii. অসম্পূর্ণ পেশাগত নিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. বিশ্বায়নের যুগের নতুন অর্থনীতি বিকাশে কার ভূমিকা মুখ্য?**
K শিক্ষা L তথ্যপ্রযুক্তি
M জনগণ N সরকার

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' দেশের ২০১৭-১৮ অর্থবছরে নিট রপ্তানি আয়ের পরিমাণ ছিল ৮৬৬৪ মিলিয়ন মার্কিন ডলার যা পূর্বের বছরের চেয়ে ৮০০ মিলিয়ন ডলার কম।

**১৩. 'ক' দেশের বৈদেশিক বাণিজ্যের প্রকৃতি কেমন?**
K ঘাটতি L ভারসাম্য
M অনুকূল N উদ্বৃত্ত

**১৪. এ অবস্থার পরিবর্তনে কী প্রয়োজন?**
i. আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠা
ii. রপ্তানি শুল্ক বৃদ্ধি
iii. মুদ্রার অবমূল্যায়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. বৈশ্বিক উষ্ণায়নের প্রভাব নয় কোনটি?**
K ভূমিকম্প
L সাইক্লোন
M সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি
N লবণাক্ততা বৃদ্ধি

**১৬. সুতা কোন ধরনের পণ্য?**
K প্রাথমিক L মাধ্যমিক
M মূলধনী N চূড়ান্ত

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
স্থানীয় কৃষি কর্মকর্তার পরামর্শে রাজু তার ৩০ শতাংশ জমিতে ঋতুভেদে আলু, বাদাম, পাট, ধান চাষ করেন।

**১৭. রাজুর জমিতে চাষাবাদের ধরন কী?**
K উচ্চ ফলনশীল
L বাণিজ্যিক চাষ
M শস্য বহুমুখীকরণ
N মিশ্র চাষ

**১৮. উক্ত চাষ পদ্ধতির উদ্দেশ্য—**
i. উৎপাদন খরচ কমানো
ii. মাটির পুষ্টি ঠিক রাখা
iii. আগাছা কমানো
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. বাংলাদেশে আদর্শ কৃষি খামারের আয়তন কত?**
K ১ একর L ৩ একর
M ৫ একর N ১০ একর

**২০. চাল উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?**
K চতুর্থ L তৃতীয়
M দ্বিতীয় N প্রথম

**২১. আবাদযোগ্য জমিকে বলে—**
K কৃষিজোত
L কৃষি খামার
M জীবন নির্বাহী খামার
N বাণিজ্যিক খামার

**২২. কোনো জীবকে মানবকল্যাণে প্রয়োগের প্রযুক্তিকে কী বলা হয়?**
K কৃষি প্রযুক্তি L জৈব প্রযুক্তি
M টিস্যু কালচার N সেরিকালচার

**২৩. কৃষিতে ICT-এর ব্যবহার হচ্ছে—**
i. কৃষিঋণ প্রাপ্তিতে
ii. কৃষিবিষয়ক সমস্যা চিহ্নিতকরণে
iii. কৃষিবিষয়ক সমস্যা সমাধানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. TCB-এর কাজ কী?**
K খাদ্যের ভেজাল প্রতিরোধ করা
L তামাক নিয়ন্ত্রণ করা
M পরিবহণ ব্যবস্থা নিয়ন্ত্রণ করা
N ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় করা

**২৫. বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের বৃহত্তম বাজার কোনটি?**
K যুক্তরাষ্ট্র L ই. ইউ
M মধ্যপ্রাচ্য N যুক্তরাজ্য

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
মুখলেছ একজন দরিদ্র কৃষক। নিজের জমি না থাকায় সে অন্যের জমি চাষ করে। সে সনাতন পদ্ধতিতে চাষ করে। সেচ ও সার ব্যবহার করতে পারে না। তার উৎপাদন ক্ষমতা কম।

**২৬. মুখলেছ কোন ধরনের কৃষক?**
K ভূমিহীন L বর্গাচাষি
M প্রান্তিক N দরিদ্র

**২৭. মুখলেছের উৎপাদন ক্ষমতা কম হবার কারণ—**
i. জমির মালিকানা না থাকা
ii. মৌসুমি বায়ুর ওপর নির্ভরতা
iii. সনাতনী চাষ পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. উৎপাদনকারী → মধ্যস্বত্বভোগী → পাইকারি ব্যবসায়ী → খুচরা ব্যবসায়ী → ভোক্তা প্রবাহ চিত্রটি কী নির্দেশ করে?**
K বিপণন পদ্ধতি L উৎপাদন পদ্ধতি
M ক্রয় পদ্ধতি N সংরক্ষণ পদ্ধতি

**২৯. PPP-এর পূর্ণরূপ কী?**
K Private Public Partnership
L Public Private Partnership
M Public Production Policy
N Private Production Policy

**৩০. ম্যানুফ্যাকচারিং শিল্প কোনটি?**
K নির্মাণ শিল্প
L বিদ্যুৎ
M খনিজ
N ক্ষুদ্রায়তন ও মাঝারি শিল্প

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | L | ৭ | M | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | L | ১৩ | K | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | L | ২০ | K | ২১ | K | ২২ | L | ২৩ | M | ২৪ | N | ২৫ | L | ২৬ | L | ২৭ | N | ২৮ | K | ২৯ | L | ৩০ | N |

# ৩০ ✓ যশোর বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. **কোনটি বাংলাদেশে আদর্শ কৃষি খামারের আয়তন?**
K ৩ একর  L ৪ একর
M ৫ একর  N ১০ একর

২. **বাংলাদেশে কোন ধরনের খামারের প্রাধান্য রয়েছে?**
K বহুমুখী  L জীবন নির্বাহী
M সমবায়  N যৌথ

৩. **বাংলাদেশে কৃষির বৃহত্তম উপখাত কোনটি?**
K শস্য  L বনজ সম্পদ
M পশুসম্পদ  N মৎস্য

৪. **বাংলাদেশে প্রথম শিল্পনীতি হয় কত সালে?**
K ১৯৭৩  L ১৯৮২
M ১৯৮৬  N ১৯৯১

৫. **কোন শিল্পটি মূলত শ্রমঘন?**
K কুটির  L ক্ষুদ্র
M মাঝারি  N বৃহৎ

৬. **EPZ-এর পূর্ণরূপ কী?**
K Export Procuring Zone
L Export Producing Zonc
M Export Process Zone
N Export Processing Zone

৭. **কুটির শিল্পে সর্বাধিক কতজন শ্রমিক থাকে?**
K ১০  L ১৫
M ২৫  N ৫০

৮. **ম্যানুফ্যাকচারিং-এর ক্ষেত্রে বৃহৎ শিল্পে ন্যূনতম মূলধনের পরিমাণ কত টাকা?**
K ৫ লক্ষ  L ৫০ লক্ষ
M ১০ কোটি  N ৩০ কোটি

৯. **কোনটি স্থূল মৃত্যুহার নির্ণয়ের সূত্র?**
K $CDR = \frac{P}{D} \times 1000$
L $CDR = \frac{D}{P} \times 1000$
M $CDR = \frac{P}{D} \times 100$
N $CDR = \frac{D}{P} \times 100$

১০. **ম্যালথাস তার জনসংখ্যাবিষয়ক তত্ত্বটি কত সালে প্রথম প্রকাশ করেন?**
K ১৭৬৮  L ১৭৭৮
M ১৭৮৮  N ১৭৯৮

১১. **কোনটি রপ্তানির মাধ্যমে সরকার রেমিট্যান্স পেয়ে থাকে?**
K জনশক্তি  L তৈরি পোশাক
M চিংড়ি  N চামড়া

১২. **দেশের অভ্যন্তরে যে বাণিজ্য সংঘটিত হয় তাকে কী বলে?**
K অভ্যন্তরীণ  L আন্তর্জাতিক
M আঞ্চলিক  N অবাধ

১৩. **কোনটি কৃষি প্রযুক্তির উপাদান?**
K সার  L শ্রম
M পরিকল্পনা  N আবহাওয়া

১৪. **কোনটি কৃষিপণ্য বিপণনের সমস্যা?**
K অনুন্নত বীজ
L বর্গা চাষ
M নিম্নমানের পণ্য
N উন্নত পরিবহণ

১৫. **কোনটি পৃথিবীর বৃহত্তম পাট উৎপাদনকারী দেশ?**
K বাংলাদেশ  L নেপাল
M ভুটান  N মায়ানমার
[* বি. দ্র. : সঠিক উত্তর বর্তমানে ভারত]

১৬. **ম্যালথাসের মতে, 'বিলম্ব বিবাহ' জনসংখ্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোন ধরনের ব্যবস্থা?**
K ধর্মীয়  L প্রাকৃতিক
M বৈজ্ঞানিক  N নিবারণমূলক

১৭. **কোনটি প্রচলিত রপ্তানি পণ্য?**
K তৈরি পোশাক
L রাসায়নিক দ্রব্য
M চা
N হিমায়িত খাদ্য

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মাহমুদের একটি ফলের বাগান রয়েছে। তিনি বাগানের পাশেই জমিতে আলু চাষ করেন। তিনি ছাগল পালনের একটি খামার প্রতিষ্ঠা করেছেন। মৌ চাষে তার খুব আগ্রহ রয়েছে। তবে আলু চাষ থেকেই তার আয় বেশি হয়।

১৮. **মাহমুদ কৃষির কোন উপখাতে বেশি অবদান রাখছেন?**
K শস্য  L বনজ
M প্রাণিজ  N মৎস্য

১৯. **মাহমুদের সাথে সম্পর্কিত কৃষির উপখাতগুলো হলো—**
i. শস্য
ii. বনজ
iii. প্রাণিজ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাহেদ ঢাকার মিরপুরে একটি জুতা তৈরির কারখানা স্থাপন করেছেন। কারখানায় ৫০ জন শ্রমিক কাজ করে। তিনি ইতোমধ্যে একটি পাটকল স্থাপন করেছেন। যার স্থায়ী সম্পদ ৬০ কোটি টাকা।

২০. **জুতার কারখানাটি কোন ধরনের শিল্প?**
K কুটির  L ক্ষুদ্র
M মাঝারি  N বৃহৎ

২১. **সাহেদের পাটকল স্থাপন জুতা কারখানা স্থাপনের চেয়ে আলাদা কারণ—**
i. অধিক শ্রমিক
ii. অধিক মূলধন
iii. আমদানি বিকল্প শিল্প
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
২০২০ সালে 'ক' দেশের স্থূল জন্মহার ও স্থূল মৃত্যুহার যথাক্রমে ১৮.৯ এবং ৫.২।

২২. **'ক' দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার কত?**
K ১.১৭  L ১.২৭
M ১.৩৭  N ১.৪৭

২৩. **ZPG = 0 হতে হলে—**
i. CBR এর মান ১৮.৯ এর পরিবর্তে ৫.২ হবে
ii. CDR এর মান ৫.২ এর পরিবর্তে ১৮.৯ হবে
iii. CBR ও CDR এর মান অপরিবর্তিত থাকবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' দেশ পাট, চা ও কাগজ রপ্তানি করে। সম্প্রতি দেশটির রপ্তানি বাণিজ্যে সিরামিক সামগ্রীও যুক্ত হয়েছে। দেশটির সরকার রপ্তানি বৃদ্ধির উদ্দেশ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে।

২৪. **'ক' দেশের অপ্রচলিত রপ্তানি দ্রব্য কোনটি?**
K পাট  L চা
M কাগজ  N সিরামিক

২৫. **রপ্তানি বৃদ্ধিতে 'ক' দেশের করণীয়—**
i. বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি
ii. রপ্তানি মেলার আয়োজন করা
iii. ইউনিট প্রতি বিদ্যুতের দাম বাড়ানো
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

২৬. **আন্তর্জাতিক বাণিজ্যে বাংলাদেশ গুরুত্বপূর্ণ হওয়ার কারণ—**
i. জনসংখ্যা
ii. বন্দর সুবিধা
iii. ভৌগোলিক অবস্থান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

২৭. **আত্মকর্মসংস্থানের মাধ্যমে সফল হওয়ার জন্য প্রয়োজন—**
i. ধৈর্য
ii. নিজস্ব চিন্তা ও বুদ্ধিমত্তা
iii. দক্ষতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

২৮. **শস্য বহুমুখীকরণের ফলে—**
i. কৃষি উৎপাদন বৃদ্ধি পায়
ii. শিল্পখাত বিকশিত হয়
iii. জমির উর্বরতা হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

২৯. **কোন শিল্পটি উচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত?**
K খেলনা  L বাঁশ ও বেত
M ঔষধ  N মসলা

৩০. **জনসংখ্যার নির্ধারক হলো—**
i. স্থূল জন্মহার
ii. স্থূল মৃত্যুহার
iii. আদমশুমারি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | L | ১০ | N | ১১ | K | ১২ | K | ১৩ | K | ১৪ | M | ১৫ | * |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | K | ১৯ | N | ২০ | L | ২১ | K | ২২ | M | ২৩ | K | ২৪ | N | ২৫ | K | ২৬ | N | ২৭ | N | ২৮ | K | ২৯ | M | ৩০ | K |

# ৩১ কুমিল্লা বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' দেশের আয়তন ১ লক্ষ ৫০ হাজার বর্গ কিলোমিটার। ২০১৫ সালে দেশটির জনসংখ্যা ছিল ১৫ কোটি। দেশটিতে সম্পদের তুলনায় জনসংখ্যার চাপ বেশি।

১. **'ক' দেশের জনসংখ্যার ঘনত্ব কত?**
K ১০০ L ১,০০০
M ১০,০০০ N ১,০০,০০০

২. **উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতির কারণে দেশটিতে—**
i. খাদ্য ঘাটতি থাকতে পারে
ii. বেকারত্ব বিরাজ করতে পারে
iii. শিল্পায়ন ত্বরান্বিত হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৩. **কোন রপ্তানি পণ্যটিকে হোয়াইট গোল্ড বলা হয়?**
K তৈরি পোশাক L পাটজাত দ্রব্য
M হিমায়িত চিংড়ি N চামড়াজাত দ্রব্য

৪. **বাংলাদেশের কৃষিজাত পণ্য বিপণনের সমস্যাগুলো হচ্ছে—**
i. পরিবহণ ব্যবস্থার অভাব
ii. সনাতন চাষাবাদ পদ্ধতি
iii. গুদামের অভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

৫. **বাংলাদেশে প্রচলিত রপ্তানি পণ্য কোনটি?**
K ঔষধ শিল্প L পাট শিল্প
M সিমেন্ট শিল্প N হিমায়িত খাদ্য

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
'X' দেশটির পণ্য রপ্তানি আয় ৬৩২৬ মিলিয়ন মার্কিন ডলার এবং আমদানি ব্যয় ৮৪৬২ মিলিয়ন মার্কিন ডলার।

৬. **'X' দেশটির বাণিজ্যিক ভারসাম্য—**
K ২১৩৬ মিলিয়ন মার্কিন ডলার উদ্বৃত্ত
L ২১৩৬ মিলিয়ন মার্কিন ডলার ঘাটতি
M ১২৩৬ মিলিয়ন মার্কিন ডলার উদ্বৃত্ত
N ১২৩৬ মিলিয়ন মার্কিন ডলার ঘাটতি

৭. **দেশটির বাণিজ্যের অবস্থা শক্তিশালী করার উপায়—**
i. আমদানি বিকল্প শিল্প স্থাপন
ii. আমদানি হ্রাস ও রপ্তানি বৃদ্ধি
iii. বৈদেশিক সাহায্য বৃদ্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৮. **আমদানি বিকল্প শিল্পের মাধ্যমে—**
i. অভ্যন্তরীণ বাজার সংকুচিত হবে
ii. বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে
iii. শিল্পায়ন হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৯. $M = \frac{A - O}{O}$ **সমীকরণে M = O হলে কী নির্দেশ করে?**
K প্রকৃত জনসংখ্যা
L অধিক জনসংখ্যা
M নিম্ন জনসংখ্যা
N কাম্য জনসংখ্যা

১০. **বাংলাদেশের কোন বিভাগে জনসংখ্যা সবচেয়ে কম?**
K রাজশাহী L খুলনা
M চট্টগ্রাম N বরিশাল

১১. **বাংলাদেশে আমদানি ব্যয় রপ্তানি আয় অপেক্ষা বেশি হওয়ার কারণ—**
i. বাংলাদেশ কৃষিপ্রধান দেশ
ii. শ্রমনির্ভর শিল্প উৎপাদন জড়িত
iii. রপ্তানিপণ্য বেশি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১২. **ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বটি কত সালে প্রচারিত হয়?**
K ১৬৯৮ L ১৭৯৮
M ১৮৭৮ N ১৮৯৮

১৩. **কোনটি বিশ্বায়নের সাথে সম্পর্কিত?**
K অধিক কর্মসংস্থান ও নিম্ন মাথাপিছু আয়
L অধিক কর্মসংস্থান ও অধিক মাথাপিছু আয়
M কম কর্মসংস্থান ও নিম্ন মাথাপিছু আয়
N কম কর্মসংস্থান ও উচ্চ মাথাপিছু আয়

১৪. **মানবসম্পদ উন্নয়নের মৌলিক সূচক কয়টি?**
K ১ L ২ M ৩ N ৪

১৫. **কোনটি কৃষিঋণের অপ্রাতিষ্ঠানিক উৎস?**
K কৃষি ব্যাংক L গ্রামীণ ব্যাংক
M গ্রাম্য মহাজন N এনজিও

১৬. **কুটির শিল্পের উৎপাদিত পণ্য হলো—**
i. তাঁত
ii. সাবান
iii. মৃৎ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৭. **কোনটি HYV Technology?**
K উফশী প্রযুক্তি L তথ্যপ্রযুক্তি
M পরমাণু প্রযুক্তি N জৈব প্রযুক্তি

১৮. **কোনটি পৃথিবীর প্রাচীন পেশা?**
K কৃষিকাজ L পশুপালন
M মৎস্য শিকার N ব্যবসা

১৯. **কৃষির উপখাতগুলো হলো—**
i. পশু সম্পদ
ii. শস্য ও শাকসবজি
iii. খনিজ সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২০. **বাংলাদেশের বেশিরভাগ শিল্পে কোন ধরনের পণ্য উৎপাদিত হয়?**
K শিল্পের কাঁচামাল
L মূলধনী দ্রব্য
M ভোগ্যপণ্য
N রপ্তানি পণ্য

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
অর্থনৈতিক এক সেমিনারে জামান সাহেব বললেন, "আবাদযোগ্য জমির পরিমাণ প্রতিবছর হ্রাস পাচ্ছে। কৃষিতে এমন প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে যা দ্বারা কৃষকরা কৃষি সমস্যা সমাধান, কীটনাশক প্রয়োগ-কৌশল এবং প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস জানতে পারে।"

২১. **উদ্দীপকে উল্লিখিত প্রযুক্তিটি হলো—**
K জৈব প্রযুক্তি
L পারমাণবিক কৃষি প্রযুক্তি
M আইসিটি
N উন্নত বীজ

২২. **কৃষিতে উক্ত প্রযুক্তি ব্যবহার করার কারণ হলো—**
i. পণ্যের বাজারজাতকরণ
ii. কৃষিবিষয়ক সমস্যা সমাধান
iii. কৃষিবিষয়ক সমস্যা চিহ্নিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৩. **বাংলাদেশে কোন ধরনের শিল্পে আত্মকর্মসংস্থানের সুযোগ বেশি?**
K বৃহৎ শিল্পে L ক্ষুদ্র শিল্পে
M মাঝারি শিল্পে N কুটির শিল্পে

২৪. **শস্য বহুমুখীকরণের মাধ্যমে—**
i. খাদ্য ঘাটতি পূরণ সম্ভব
ii. নতুন জাতের ফসল উৎপাদন সম্ভব
iii. এক শস্যের পরিবর্তে একাধিক শস্য উৎপাদন সম্ভব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৫. **নিচের কোনটি মালিকানাভিত্তিক খামার?**
K মিশ্র খামার L যৌথ খামার
M বহুমুখী খামার N বিশেষায়িত খামার

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
'X' দেশে একটি শিল্প রয়েছে যে শিল্প থেকে রপ্তানি আয়ের সিংহভাগ অর্জিত হয়। এ শিল্পে প্রায় ৫০ লক্ষ নারী শ্রমিক কর্মরত; যারা নিজেদের দারিদ্র্য ঘোচাতে এ শিল্পে যুক্ত হয়েছে। কিন্তু উক্ত শিল্পটির বিদ্যমান সমস্যাগুলো এখানো কাটিয়ে উঠতে পারেনি।

২৬. **উদ্দীপকে কোন শিল্পের কথা বলা হয়েছে?**
K চা L চামড়া
M ঔষধ N তৈরি পোশাক

২৭. **উদ্দীপকে উল্লিখিত শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে—**
i. বিশ্ব বাজারে তীব্র প্রতিযোগিতা
ii. শ্রমিক নিম্নমজুরি ও শ্রমিক অসন্তোষ
iii. কারখানার উন্নতমানের পরিবেশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. **PPP-এর পূর্ণরূপ কী?**
K Public Private Partnership
L Private Public Partnership
M Partnership Public Private
N Partnership Private Public

২৯. **আন্তর্জাতিক বাণিজ্য সম্পন্ন হওয়ার জন্য আবশ্যক হলো—**
i. দুটি দেশ ও একটি পণ্য
ii. দুটি দেশ ও দুটি পণ্য
iii. দুটি দেশ ও একই মুদ্রাব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

৩০. **নিচের কোন বিষয়টি জনসংখ্যার আকারকে প্রভাবিত করে না?**
K অভিবাসন L জন্মহার
M মৃত্যুহার N শিক্ষার হার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | M | ৯ | N | ১০ | N | ১১ | K | ১২ | L | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | K | ১৯ | K | ২০ | M | ২১ | M | ২২ | N | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | K | ৩০ | N |

## ৩২ চট্টগ্রাম বোর্ড ২০২১

### অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. বাংলাদেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক নেই কোন দেশের?**
K ভারত L পাকিস্তান
M ইসরাইল N ইংল্যান্ড

**২. একই দেশের বিভিন্ন অঞ্চলের মধ্যে সংঘটিত বাণিজ্যকে বলে—**
K স্থানীয় বাণিজ্য
L অভ্যন্তরীণ বাণিজ্য
M রপ্তানি বাণিজ্য
N আন্তর্জাতিক বাণিজ্য

**৩. আন্তর্জাতিক বাণিজ্যের প্রয়োজন হয়—**
i. উদ্বৃত্ত পণ্য রপ্তানিতে
ii. ঘাটতি পণ্য আমদানিতে
iii. উচ্চ শিক্ষা অর্জনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. বাংলাদেশের রপ্তানি পণ্যের মধ্যে অপ্রচলিত পণ্য হলো—**
i. শাকসবজি ও ফলমূল
ii. চামড়া ও চামড়াজাত দ্রব্য
iii. হিমায়িত মাছ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
বর্তমান বাংলাদেশের রপ্তানি রাণিজ্য অনেক বৈচিত্র্যতায় ভরপুর। কেননা পাট, চা, চামড়া ও চামড়াজাত দ্রব্যের পাশাপাশি হিমায়িত খাদ্য, তাজা ফুল, শাকসবজিও রপ্তানি হচ্ছে। এর ফলে আন্তর্জাতিক বাণিজ্যে লেনদেন ভারসাম্যে প্রতিকূলতা হ্রাস পাচ্ছে।

**৫. নিচের কোন পণ্যটি বাংলাদেশে রপ্তানি বাণিজ্যে বৈচিত্র্যতা আনয়নে বড় ভূমিকা রাখে?**
K পাট L চামড়া
M চা N শাকসবজি

**৬. আন্তর্জাতিক বাণিজ্যে বৈচিত্র্যতার ফলে বাংলাদেশে—**
i. কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে
ii. উৎপাদন বৃদ্ধি পেয়েছে
iii. দেশীয় বাজার সম্প্রসারিত হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ ও চীন পরস্পর বাণিজ্যে লিপ্ত। কিন্তু বাংলাদেশের রপ্তানি কম, আমদানি বেশি। বাংলাদেশের সরকার রপ্তানি বৃদ্ধির জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। চীনে বাংলাদেশি পণ্যের আকর্ষণ বাড়ানো গেলে রপ্তানি বাড়বে।

**৭. চীনের সাথে বাংলাদেশের বাণিজ্যের অবস্থা কীরূপ?**
K অনুকূল L প্রতিকূল
M স্বাভাবিক N অস্বাভাবিক

**৮. আন্তর্জাতিক বাণিজ্যের লাভ নির্ভর করে—**
i. পারস্পরিক যোগানের ওপর
ii. উৎপাদনের উপকরণ প্রাপ্তির ওপর
iii. শ্রমবিভাজনের ওপর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. নিচের কোনটি কুটির শিল্প?**
K প্লাস্টিক শিল্প L সাবান শিল্প
M মৃৎশিল্প N সিরামিক শিল্প

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশে একটি শিল্প রয়েছে। এ শিল্পে প্রায় ৭০ লক্ষ নারী শ্রমিক কাজ করে জীবিকা নির্বাহ করছে। তাছাড়া দেশের রপ্তানি আয়ের সিংহভাগই আসে এ শিল্প হতে। অধিক বৈদেশিক মুদ্রা অর্জন ও আন্তর্জাতিক বাণিজ্যে লেনদেন ভারসাম্য আনয়নের জন্য উক্ত শিল্প আধুনিকীকরণ ও সম্প্রসারণ জরুরি।

**১০. উদ্দীপক অনুযায়ী শিল্পটির নাম—**
K পাট শিল্প
L চা শিল্প
M তৈরি পোশাক শিল্প
N ঔষধ শিল্প

**১১. নির্দেশিত শিল্পের প্রসার ঘটলে—**
i. দেশে মুদ্রাস্ফীতি বাড়বে
ii. লেনদেন ভারসাম্য অনুকূলে আসবে
iii. শ্রমের গতিশীলতা বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. বৃহৎ শিল্পের বৈশিষ্ট্য হলো—**
i. মূলধন অনেক বেশি
ii. শ্রমবিভাজনের সুযোগ কম
iii. উন্নত প্রযুক্তির ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. বাংলাদেশে তৈরি পোশাক শিল্পের সমস্যা হলো—**
i. দক্ষ শ্রমিকের সমস্যা
ii. বিশ্ব বাজারে প্রতিযোগিতার সমস্যা
iii. প্রশিক্ষণের সমস্যা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
রেহেনাদের গ্রামের বাড়িতে কাঁসার প্লেট, গ্লাস, বাটি তৈরির কারখানাতে তাদের পরিবারের ৭/৮ জন সদস্য কাজ করে। তাদের মূলধন কম। মাত্র ২ লক্ষ টাকা। তবুও তাদের সংসার ভালোভাবেই চলে।

**১৪. রেহেনাদের কারখানাটি যে শিল্পের অন্তর্গত—**
K মাঝারি শিল্প L ক্ষুদ্র ও কুটির শিল্প
M অতি ক্ষুদ্র শিল্প N বৃহৎ শিল্প

**১৫. উদ্দীপকে উল্লিখিত শিল্পের বৈশিষ্ট্য হলো—**
i. স্বল্প পুঁজি
ii. কর্মসংস্থানের সুযোগ সীমিত
iii. বাড়া করা শ্রমিকের প্রাধান্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৬. কৃষি জমির প্রয়োজন নেই—**
K মাছ চাষে L পান চাষে
M মাশরুম চাষে N মরিচ চাষে

**১৭. মালিকানার ভিত্তিতে কৃষি খামার কয় প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**১৮. কৃষিকাজের সঙ্গে সম্পর্কিত—**
i. পশু, পাখি পালন
ii. কাঠের আসবাবপত্র তৈরি
iii. বনায়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. বাংলাদেশে কৃষি বিপণনের সমস্যা হচ্ছে—**
i. অবকাঠামোগত সমস্যা
ii. কৃষিপণ্য সংরক্ষণের সমস্যা
iii. বাজার সম্পর্কে ধারণা না থাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রফিক একজন আলু চাষি। তার প্রচুর আলু উৎপাদন হয়। কিন্তু ফসল ওঠার সাথেই তাকে কম দামে সমস্ত আলু বিক্রি করে দিতে হয়। কয়েক মাস পর আলুর দাম ৫ গুণ বৃদ্ধি পায়।

**২০. মি. রফিকের কম দামে আলু বিক্রির কারণ নয় কোনটি?**
K সংরক্ষণের সমস্যা
L বাজার সম্পর্কে রফিকের পূর্ণ জ্ঞান
M পরিবহণ সমস্যা
N রফিকের দরিদ্রতা

**২১. মি. রফিক ন্যায্যমূল্য পেত, যদি—**
i. গুদামজাতকরণের সুবিধা থাকে
ii. ঋণ পরিশোধের তাগাদা না থাকে
iii. আলুর দাম পূর্বনির্ধারিত না থাকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. বাংলাদেশের কৃষির প্রধান বৈশিষ্ট্য—**
K প্রযুক্তির ব্যবহার
L আধুনিক চাষ পদ্ধতি
M সরকারি হস্তক্ষেপ
N প্রাচীন চাষ পদ্ধতি

**২৩. কোন দেশে $M = \frac{A - O}{O} = 0$ হলে দেশটি—**
K অধিক জনসংখ্যার দেশ
L ঘাটতি জনসংখ্যার দেশ
M কাম্য জনসংখ্যার দেশ
N শূন্য জনসংখ্যার দেশ

**২৪. একটি নির্দিষ্ট বছরে কোনো দেশের মোট অভিবাসী ও মোট দেশান্তরিত জনসংখ্যার পার্থক্যকে বলা হয়—**
K নিট বহির্গমন L নিট বহিরাগমন
M নিট জনসংখ্যা বৃদ্ধি N নিট অভিবাসন

**২৫. মানবসম্পদ উন্নয়নের খাতগুলো হলো—**
i. শিক্ষা ও প্রযুক্তি
ii. নারী ও শিশু উন্নয়ন কার্যক্রম
iii. পর্যটন ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. জনসংখ্যার ঘনত্ব বলতে বোঝায়—**
i. দেশে প্রতি বর্গকিলোমিটারে বসবাসরত জনসংখ্যা
ii. দেশে প্রতি বর্গমিটারে বসবাসরত জনসংখ্যা
iii. দেশে প্রতি মিটারে বসবাসরত জনসংখ্যা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**২৭. জনসংখ্যা বৃদ্ধির ফলে—**
i. মাথাপিছু আয় বৃদ্ধি পায়
ii. দরিদ্রতা বৃদ্ধি পায়
iii. অপুষ্টি ও স্বাস্থ্যহীনতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি স্বাস্থ্যমন্ত্রী বলেন যে, আমরা এমন জনসংখ্যা চাই, যে জনসংখ্যায় জীবনযাত্রার মান সর্বোচ্চ হবে এবং মাথাপিছু আয় বাড়বে।

**২৮. স্বাস্থ্যমন্ত্রী কী ধরনের জনসংখ্যার কথা বলেন?**
K কাম্য জনসংখ্যা L অধিক জনসংখ্যা
M কম জনসংখ্যা N শূন্য জনসংখ্যা

**২৯. এ ধরনের জনসংখ্যার ফলে—**
i. উৎপাদন সর্বোচ্চ হয়
ii. মৃত্যুহার অধিক হয়
iii. মানুষের মাথাপিছু আয় সর্বোচ্চ হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. আন্তর্জাতিক বাণিজ্য হলো দুই বা ততোধিক সার্বভৌম দেশের মধ্যে দ্রব্য ও সেবার লেনদেন বলেছেন—**
K অ্যাডাম স্মিথ L কিন্ডেল বার্জার
M মার্শাল N ডেভিড রিকার্ডো

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | N | ৬ | N | ৭ | L | ৮ | M | ৯ | M | ১০ | M | ১১ | M | ১২ | L | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | L | ১৮ | L | ১৯ | N | ২০ | L | ২১ | K | ২২ | N | ২৩ | M | ২৪ | N | ২৫ | K | ২৬ | K | ২৭ | M | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |

# ৩৩ ✓ সিলেট বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. বাংলাদেশে সাধারণত কত বছর পর পর আদমশুমারি অনুষ্ঠিত হয়?**
K ১২ বছর L ১০ বছর
M ১৫ বছর N ২০ বছর

**২. কোনো একটি দেশের জনসংখ্যা পরিবর্তনের নির্ধারক কোনটি?**
K দেশের আয়তন
L জীবনযাত্রার মান
M জন্মহার
N জনঘনত্ব

**৩. যে জনসংখ্যার স্তরে জীবনযাত্রার মান সর্বোচ্চ পর্যায়ে থাকে, তাকে বলা হয়—**
K সর্বোচ্চ জনসংখ্যা
L প্রকৃত সংখ্যা
M দক্ষ জনসংখ্যা
N কাম্য জনসংখ্যা

**৪. কোনো একটি দেশের মানবসম্পদ উন্নয়নের উপায় হলো—**
i. শিক্ষা ও প্রশিক্ষণের প্রসার
ii. উৎপাদন হ্রাস
iii. পরিবেশ ও সামাজিক উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৫. দেশের জনসংখ্যাকে শিক্ষা ও প্রশিক্ষণের দ্বারা জনশক্তিতে রূপান্তর করাই—**
K মানবসম্পদ উন্নয়ন
L দেশের উন্নয়ন
M জাতীয় সম্পদ বৃদ্ধি
N শিক্ষার প্রসার

**৬. মানবসম্পদ উন্নয়নের মৌলিক সূচক কয়টি?**
K ১টি L ২টি M ৩টি N ৪টি

**৭. নিচের কোনটি বাংলাদেশে প্রচলিত রপ্তানি দ্রব্য?**
K চা
L তৈরি পোশাক
M হিমায়িত খাদ্য
N শাকসবজি

**৮. 'White gold' বলতে বোঝায়—**
K সার L তুলা
M তেল N চিংড়ি

**৯. দুইয়ের অধিক দেশের মধ্যে সংঘটিত বাণিজ্যকে বলে—**
K অভ্যন্তরীণ বাণিজ্য
L আন্তর্জাতিক বাণিজ্য
M আঞ্চলিক বাণিজ্য
N স্থানীয় বাণিজ্য

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
রহিমা নিজ উদ্যোগে ২ লক্ষ টাকা ব্যয়ে পরিবারের অন্যান্য সদস্য নিয়ে বাঁশ ও বেতের তৈরি ঝুড়ি, কুলা, পাটি এবং খেলনা তৈরির কাজ শুরু করেন। এতে অধিক লাভ হওয়ায় তিনি তার শিল্পকে মাঝারি শিল্পে রূপান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

**১০. রহিমার প্রতিষ্ঠিত শিল্পটি কোন ধরনের শিল্প?**
K সংরক্ষিত শিল্প
L হাইটেক শিল্প
M মাঝারি শিল্প
N কুটির শিল্প

**১১. রহিমার শিল্পটি মাঝারি শিল্পে রূপান্তরিত হলে—**
i. গ্রামীণ অবকাঠামো উন্নত হবে
ii. বেকারত্ব হ্রাস পাবে
iii. নতুন শিল্প গড়ে উঠবে
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**১২. রপ্তানি বৃদ্ধির জন্য কোনটি রোধ করা প্রয়োজন?**
K বাণিজ্য চক্র
L অদৃশ্য রপ্তানি
M বিদেশে প্রতিনিধি প্রেরণ
N চোরাচালান

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ বর্তমানে তৈরি পোশাক, হিমায়িত খাদ্য ও কিছু কৃষিপণ্য রপ্তানি করে, আর এতে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়।

**১৩. উদ্দীপকে উল্লিখিত রপ্তানি দ্রব্যগুলো কী ধরনের দ্রব্য?**
K সেবা
L কৃষিজাত দ্রব্য
M অপ্রচলিত
N প্রচলিত

**১৪. উক্ত দ্রব্যগুলো রপ্তানি করে বাংলাদেশের—**
i. কর্মসংস্থান বৃদ্ধি পায়
ii. জাতীয় আয় বৃদ্ধি পায়
iii. উৎপাদন হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব অনুযায়ী জনসংখ্যা বাড়ে—**
K সমহারে
L গাণিতিক হারে
M জ্যামিতিক হারে
N অপরিবর্তিত থাকে

**১৬. বাংলাদেশের অর্থনীতির মূল চালিকাশক্তি কোনটি?**
K শিল্প L কৃষি
M সেবা N বাণিজ্য

**১৭. বাংলাদেশের GDP-তে কৃষির কোন উপখাতের অবদান সর্বোচ্চ?**
K শস্য ও শাকসবজি
L প্রাণিসম্পদ
M বনজ সম্পদ
N মৎস্য সম্পদ

**১৮. উৎপাদনের উদ্দেশ্যের ভিত্তিতে খামার কত প্রকার?**
K ১ L ২
M ৩ N ৪

**১৯. যে খামারে এক অংশে ফসল উৎপাদন এবং অন্য অংশে পশুপালন করা হয় তাকে বলে?**
K বিশেষায়িত খামার
L বহুমুখী খামার
M মিশ্র খামার
N প্রান্তিক খামার

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
"ক" একজন কৃষক। তার জমির পরিমাণ ২ এককের কম। ঐ জমিতে তার পরিবারের সকল সদস্য কাজ করে জীবননির্বাহ করেন।

**২০. উদ্দীপকে উল্লিখিত "ক"-এর কৃষি খামারটি কোন ধরনের?**
K বাণিজ্যিক L সমবায়ী
M বিশেষায়িত N ক্ষুদ্র

**২১. উদ্দীপকে উল্লিখিত খামারটির বৈশিষ্ট্য হলো—**
i. জীবননির্বাহী
ii. মুনাফামুখী
iii. বাণিজ্যিক
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N iii

**২২. বাংলাদেশের কৃষিঋণের উপানুষ্ঠানিক উৎস কোনটি?**
K বাংলাদেশ কৃষি ব্যাংক
L সোনালী ব্যাংক
M গ্রামীণ ব্যাংক
N সমবায় ব্যাংক

**২৩. বাংলাদেশের তৈরি পোশাক (RMG) পণ্যের বৃহৎ বাজার হলো—**
K ইউরোপীয় ইউনিয়ন
L জাপান
M দক্ষিণ কোরিয়া
N যুক্তরাষ্ট্র

**২৪. সংরক্ষিত শিল্পের উদাহরণ হচ্ছে—**
i. অস্ত্রশস্ত্র
ii. সারশিল্প
iii. সিকিউরিটি প্রিন্টিং
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৫. সর্বশেষ শিল্পনীতি কত সালে ঘোষণা হয়?**
K ২০০৫ L ২০১০
M ২০১৬ N ২০২০

**২৬. বৈদেশিক মুদ্রা সাশ্রয়কারী শিল্পকে কী ধরনের শিল্প বলে?**
K আমদানি বিকল্প শিল্প
L ক্ষুদ্র ও কুটির শিল্প
M বৃহৎ শিল্প
N রপ্তানিমুখী শিল্প

**২৭. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কোনটি?**
K আখ L ধান
M মাশরুম N পাট

**২৮. কোন শিল্পের গড় উৎপাদন খরচ কম কিন্তু অধিক উৎপাদন সম্ভব?**
K মাঝারি L কুটির
M বৃহৎ N ক্ষুদ্র

**২৯. EPZ অর্থ—**
K Export Product Zone
L Export Producting Zone
M Export Procurement Zone
N Export Processing Zone

**৩০. জনসংখ্যার ঘনত্ব $DP = \frac{TP}{TA}$, এখানে DP বলতে বোঝায়—**
K জনসংখ্যার ঘনত্ব
L দেশের মোট আয়তন
M বিশেষ এলাকার জনসংখ্যা
N মোট জনসংখ্যা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | N | ৪ | M | ৫ | K | ৬ | M | ৭ | K | ৮ | N | ৯ | L | ১০ | N | ১১ | N | ১২ | N | ১৩ | M | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | N | ২১ | K | ২২ | M | ২৩ | K | ২৪ | M | ২৫ | M | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | N | ৩০ | K |

# ৩৪ বরিশাল বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. বাংলাদেশের কৃষির বৈশিষ্ট্য নিচের কোনটি?**
K প্রকৃতির ওপর নির্ভরশীলতা
L উন্নত প্রযুক্তি
M মূলধন নিবিড়তা
N সম্প্রসারিত বাজার

**২. বাংলাদেশসহ অধিকাংশ উন্নয়নশীল দেশে কোন ধরনের খামার বেশি প্রচলিত রয়েছে?**
K বহুমুখী L সমবায়
M জীবন নির্বাহী N বাণিজ্যিক

**৩. কৃষিতে পানি সেচের ফলে—**
i. খাদ্য ঘাটতি পূরণ হয়
ii. কর্মসংস্থান বৃদ্ধি পায়
iii. পরনির্ভরশীলতা বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
সাজু 'X' প্রযুক্তিতে উদ্ভাবিত লবণাক্ততা সহিষ্ণু বীজ ব্যবহার করে উপকূলীয় এলাকায় ধান চাষ করেছে এবং একই জমিতে সারা বছর কয়েক জাতের ফসল উৎপাদন করে অধিক আয় করছে।

**৪. উদ্দীপকে 'X' নামক প্রযুক্তি কোনটি?**
K পানি সেচ L জৈব প্রযুক্তি
M ICT N শস্য বহুমুখীকরণ

**৫. সাজুর ব্যবহৃত কৌশলটির কারণে—**
i. উৎপাদন বহুগুণ বাড়বে
ii. ঝুঁকির মাত্রা বাড়বে
iii. জমির উর্বরতা সংরক্ষিত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. কৃষিঋণের অপ্রাতিষ্ঠানিক উৎস নয় কোনটি?**
K গ্রাম্য মহাজন
L আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধব
M গ্রাম্য ব্যবসায়ী ও দোকানদার
N বাংলাদেশ পল্লি উন্নয়ন বোর্ড

**৭. বাংলাদেশে উফশী প্রযুক্তি সম্প্রসারণের পথে বাধা—**
i. বৃহদায়তন খামার
ii. পর্যাপ্ত সারের অভাব
iii. শিক্ষার অভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. ২০ জনের অধিক কিন্তু ২৩০ জনের কম শ্রমিক নিয়োগ করা হয় কোন শিল্পে?**
K বৃহৎ L মাঝারি
M ক্ষুদ্র N কুটির

**৯. বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে নিচের কোন শিল্পের গুরুত্ব অপরিসীম?**
K বৃহৎ L মাঝারি M ক্ষুদ্র N কুটির

**১০. PPP-এর পূর্ণরূপ কী?**
K Public Private Procurement
L Public Private Partnership
M Public Private Preparation
N Public Private Privilege

**১১. কোনটি বৃহৎ শিল্প?**
K সাবান L সিমেন্ট
M তাঁত N তামাক

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
আয়েশা একটি শিল্প প্রতিষ্ঠানের কর্মী। তার প্রতিষ্ঠানে অপ্রচলিত রপ্তানি দ্রব্য উৎপাদিত হয় এবং উৎপাদিত দ্রব্যের প্রধান ক্রেতা হলো যুক্তরাষ্ট্র।

**১২. আয়েশা যে প্রতিষ্ঠানে কাজ করে সেটি কোন শিল্পের অন্তর্গত?**
K তৈরি পোশাক L পাট
M চা N চামড়া

**১৩. এই শিল্প বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ কারণ—**
i. মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়
ii. বৈদেশিক মুদ্রা অর্জন হয়
iii. রপ্তানিমুখী শিল্প
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**১৪. আমদানি বিকল্প শিল্পের ক্ষেত্রে কোনটি সঠিক?**
K আমদানি বৃদ্ধি পায়
L আমদানি হ্রাস পায়
M বৈদেশিক বাণিজ্য ঘাটতি বৃদ্ধি পায়
N দেশে কর্মসংস্থান হ্রাস পায়

■ **নিচের উদ্দীপক থেকে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
কাম্য জনসংখ্যা নির্ণয়ের সূত্র : $M = \frac{A - O}{O}$

**১৫. উক্ত সূত্রটি কে প্রদান করেন?**
K এ মার্শাল L পিগু
M ম্যালথাস N ডালটন

**১৬. উক্ত সূত্রে $M < O$ হলে তা কী নির্দেশ করে?**
K নিম্ন জনসংখ্যা L অধিক জনসংখ্যা
M কাম্য জনসংখ্যা N জনসংখ্যার বিস্ফোরণ

**১৭. জ্যামিতিক হার কোনটি?**
K ১, ২, ৩, ৪, ৫, ৬ L ১, ২, ৬, ১০
M ১, ২, ৪, ৮, ১৬ N ১, ৩, ৬, ৯

**১৮. বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের সবচেয়ে উল্লেখযোগ্য পরিবর্তন কোনটি?**
K পাটজাত দ্রব্যের রপ্তানি বৃদ্ধি
L শিল্পজাত দ্রব্যের রপ্তানি বৃদ্ধি
M অপ্রচলিত দ্রব্যের রপ্তানি বৃদ্ধি
N সার্কভুক্ত দেশ থেকে আমদানি বৃদ্ধি

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
দক্ষিণ এশিয়ার একটি দেশ 'Y'। দেশটির আয়তন ১,৫০,০০০ বর্গকিলোমিটার এবং জনসংখ্যা ১৫ কোটি। দেশটিতে সম্পদের তুলনায় জনসংখ্যার চাপ বেশি। অধিকাংশ জনগণ অশিক্ষিত ও বেকার।

**১৯. 'Y' দেশের জনসংখ্যার ঘনত্ব কত?**
K ১০ L ১০০
M ১০০০ N ১০০০০

**২০. উদ্দীপকের দেশটিতে—**
i. মাথাপিছু আয় কম
ii. জনসংখ্যা কাম্যস্তরে
iii. জীবনযাত্রার মান নিম্ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. নিচের কোন দেশ থেকে বাংলাদেশ সবচেয়ে বেশি আমদানি করে?**
K যুক্তরাষ্ট্র L যুক্তরাজ্য
M ভারত N চীন

■ **নিচের উদ্দীপক থেকে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
সুমন প্রাথমিক অবস্থায় তার পরিবারের ১০ জন সদস্য নিয়ে একটি কারখানা স্থাপন করে। পরবর্তীতে তার পণ্যের চাহিদা বাড়ায় সে অতিরিক্ত ১৫ জন শ্রমিক ভাড়া করে।

**২২. প্রাথমিক অবস্থায় সুমনের কারখানাটি কোন শিল্পের অন্তর্গত ছিল?**
K কুটির L ক্ষুদ্র
M মাঝারি N বৃহৎ

**২৩. পরবর্তীতে সুমনের কারখানার ক্ষেত্রে কোনটি সঠিক?**
K এটি কুটির শিল্পের অন্তর্গত হবে
L এটি মাঝারি শিল্পের অন্তর্গত হবে
M মূলধনের পরিমাণ হবে ৫০ লক্ষ – ১০ কোটি টাকা
N মূলধনের পরিমাণ হবে ১৫ কোটি টাকার বেশি

**২৪. নিচের কোনটি বাংলাদেশের প্রচলিত রপ্তানি পণ্য?**
K চা
L জুতা
M হিমায়িত খাদ্য
N শাকসবজি ও ফলমূল

**২৫. বাংলাদেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের জন্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছেন?**
K রপ্তানিসংক্রান্ত জাতীয় কমিটি গঠন
L ক্রেডিট কার্ড প্রবর্তন
M রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রতিষ্ঠা
N রপ্তানি লাইসেন্স প্রদান

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
আবেদের কারখানায় উৎপাদিত দ্রব্য ঢাকাসহ সারাদেশে বিক্রি হয়। তার ভাই জাবেদের কারখানায় উৎপাদিত দ্রব্য যুক্তরাজ্য ও কানাডায় বিক্রয় হয়।

**২৬. আবেদের ব্যবসাকে কী বলা হয়?**
K আন্তর্জাতিক বাণিজ্য
L অভ্যন্তরীণ বাণিজ্য
M খুচরা ব্যবসা
N পাইকারি ব্যবসা

**২৭. জাবেদের ব্যবসার কারণে—**
i. বৈদেশিক মুদ্রা অর্জন হয়
ii. কূটনৈতিক সম্পর্ক জোরদার হয়
iii. বিশ্ব বাজারে দেশের সম্মান বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. বস্তুগত সম্পদ নিচের কোনটি?**
K সংগঠন ও ভূমি
L ভূমি ও মূলধন
M ভূমি ও মানবসম্পদ
N মূলধন ও মানবসম্পদ

**২৯. স্থূল জন্মহার নির্ণয়ের সূত্র কোনটি?**
K $\frac{\Sigma B}{\Sigma P} \times$ ১০০০ L $\frac{\Sigma P}{\Sigma B} \times$ ১০০০
M $\frac{\Sigma P}{\Sigma B}$ N $\Sigma P - \Sigma B$

**৩০. বাংলাদেশের অর্থনীতিতে কোন খাতের অবদান ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে?**
K কৃষি L শিল্প
M সেবা N তৈরি পোশাক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | M | ৮ | L | ৯ | N | ১০ | L | ১১ | L | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | M | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | M | ২৪ | K | ২৫ | K | ২৬ | L | ২৭ | N | ২৮ | L | ২৯ | K | ৩০ | K |

## ৩৫ দিনাজপুর বোর্ড ২০২১

### অর্থনীতি দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. নার্সারি স্থাপন প্রধানত কোন কার্যক্রমের অংশ?**
K বাগান করা L কুটির শিল্প
M বনায়ন N কৃষি

**২. বাংলাদেশের অর্থনীতিতে কোন খাতের অবদান ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে?**
K কৃষি L শিল্প
M সেবা N তৈরি পোশাক

**৩. বাংলাদেশে কৃষি উন্নয়নে উল্লেখযোগ্য কর্মসূচি হচ্ছে—**
i. কৃষি ঋণ বিতরণ
ii. কৃষি উপকরণ বিতরণ
iii. শস্য বহুমুখীকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম কোনো চাকরি না পেয়ে পরিবারের সকল সদস্য নিয়ে একটি গরুর খামার গড়ে তোলে। পরবর্তীতে তার পরিবারের ২ জন সদস্য চাকরি নিয়ে চলে গেলেও তার খামারের আয় হ্রাস পায়নি।

**৪. রহিমের প্রচেষ্টাকে কী বলা যায়?**
K আত্মনির্ভরশীলতা
L আত্মকর্মসংস্থান
M সৃজনশীলতা
N উৎপাদনশীলতা

**৫. রহিমের খামারের জন্য কোনটি প্রযোজ্য?**
K ছদ্মবেশী বেকারত্বসম্পন্ন
L বাণিজ্যিক
M যৌথ
N সমবায়

**৬. বাংলাদেশের 'সাদা সোনা' কোনটি?**
K হীরক L তরল সোনা
M চিংড়ি N ব্যাঙের পা

**৭. নিম্নের কাঠামো লক্ষ কর ও প্রশ্নটির সঠিক উত্তর দাও :**
**কৃষক → মধ্যস্বত্বভোগী → পাইকারি বিক্রেতা → খুচরা বিক্রেতা → ভোক্তা।**
**কাঠামোটি কী নির্দেশ করে?**
K সংরক্ষণ L প্রক্রিয়াজাতকরণ
M উৎপাদন N বিপণন

**৮. বাংলাদেশে রপ্তানি বাণিজ্যে বর্তমানে কোন শিল্পের নিরঙ্কুশ প্রাধান্য রয়েছে?**
K পোশাক L পাট
M গাড়ি N লৌহ

**৯. বৃহদায়তন শিল্পের শ্রেণিভুক্ত হলো—**
i. পাট ও বস্ত্র
ii. বাঁশ ও বেত
iii. কাগজ ও সার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১০. চামড়া শিল্প হলো—**
i. বৃহৎ
ii. ম্যানুফ্যাকচারিং
iii. রপ্তানিমুখী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
সজিব একটি কারখানা স্থাপন করেছে; কিন্তু সেই কারখানায় কোনো ভাড়া করা শ্রমিক নেই।

**১১. সজিবের কারখানায় মূলধনের পরিমাণ কত?**
K ৫ লক্ষ টাকার কম
L ৫-১০ লক্ষ
M ১০-১৫ লক্ষ
N ১৫-২০ লক্ষ

**১২. উদ্দীপকের আলোকে উক্ত শিল্পের শ্রমিক সংখ্যা অনধিক কতজন?**
K ৫ L ১০ M ১৫ N ২০

**১৩. PPP-এর পূর্ণরূপ কী?**
K Public-private project
L Private-public partnership
M Public-profit project
N Public-private partnership

**১৪. ক্ষুদ্র শিল্পের উদাহরণ কোনটি?**
K মোমবাতি কারখানা L ওয়েল্ডিং কারখানা
M তাঁত N সিমেন্ট
[* বি. দ্র. : সঠিক উত্তর ক, খ ও গ]

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জামাল পৃথিবীর বৃহত্তম পাটকলে চাকরি করতেন। সেই সময় এই শিল্পপণ্যই বেশি রপ্তানি হতো। কিন্তু বর্তমানে সেই কল নেই। এরপরেও সে মনে করে এ শিল্পের ভবিষ্যৎ উজ্জ্বল।


**১৫. উদ্দীপকে উল্লিখিত শিল্পের পণ্যটির চাহিদা ব্যাপকভাবে কমার কারণ কী?**
K পণ্যটির উৎপাদন হ্রাস
L কৃত্রিম আঁশের ব্যবহার
M পণ্যটির উৎপাদন খরচ কম
N পণ্যটির কাঁচামালের ঘাটতি

**১৬. উদ্দীপকে উল্লিখিত শিল্পটি কোন ধরনের?**
K ক্ষুদ্র L মাঝারি
M বৃহৎ N সংরক্ষিত

**১৭. নিম্নের কোনটি স্থূল জন্মহার নির্ণয়ের সূত্র?**
K $CBR = \frac{B}{P} \times 100$ L $CBR = \frac{P}{B} \times 100$
M $CBR = \frac{B}{P} \times 1000$ N $CBR = \frac{P}{B} \times 1000$

**১৮. ম্যালথাসের মতে জনসংখ্যার চেয়ে খাদ্যোৎপাদন অনেক ধীরে বাড়ে। কারণ—**
i. জমির যোগান সীমিত
ii. প্রকৃতির প্রতিকূল পরিবেশ
iii. জমিতে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি প্রযোজ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **চিত্রটি লক্ষ কর এবং ১৯নং প্রশ্নের উত্তর দাও :**




**১৯. চিত্রে লম্ব অক্ষে কী পরিমাপ করা হয়?**
K মাথাপিছু ভূমির পরিমাণ
L মাথাপিছু সম্পদের পরিমাণ
M মাথাপিছু আয়
N মাথাপিছু ব্যয়

**২০. জ্যামিতিক হার কোনটি?**
K ১, ২, ৩, ৪, ৫, ৬ L ১, ২, ৬, ১০
M ১, ২, ৪, ৮, ১৬ N ১, ৩, ৬, ৯

**২১. নিচের কোন বিষয়টি জনসংখ্যার আকার নিরূপণে বিবেচিত হয় না?**
K জন্মহার L অভিবাসন
M মৃত্যুহার N শিক্ষার হার

**২২. 'A' একটি দেশ যেখানে ১৫ কোটি লোকের বাস। দেশটির আয়তন ১ লক্ষ ৫০ হাজার ব. কি. মি.। দেশটির জনসংখ্যার ঘনত্ব কত?**
K ১০০ জন L ১০০০ জন
M ১০,০০০ জন N ১,০০,০০০ জন

**২৩. Tax-holiday সুবিধা পায় কারা?**
K ভোক্তা L উৎপাদনকারী
M রপ্তানিকারক N আমদানিকারক

**২৪. বর্তমানে বাংলাদেশে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী পণ্য কোনটি?**
K হিমায়িত খাদ্য L তৈরি পোশাক
M পাটজাত দ্রব্য N চামড়া

**২৫. আন্তর্জাতিক বাণিজ্যের জন্য আবশ্যক হলো—**
i. দুটি দেশ ও একটি পণ্য
ii. দুটি দেশ ও দুটি পণ্য
iii. দুটি দেশ ও একই মুদ্রাব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রশিদ একজন কারখানার মালিক। সম্প্রতি অতি মুদ্রাস্ফীতি ও উৎপাদন ব্যয় বৃদ্ধি পাওয়ার জন্য তিনি চিন্তিত।

**২৬. উদ্দীপকের সমস্যা দুটির কারণে নিচের কোনটি ঘটবে?**
K রপ্তানি হ্রাস
L রপ্তানি বৃদ্ধি
M আমদানি হ্রাস
N চাহিদা বৃদ্ধি

**২৭. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানের উপায় কোনটি?**
K কূটনৈতিক সম্পর্ক জোরদার
L উৎপাদন বৃদ্ধি করা
M উৎপাদনের মান বৃদ্ধি করা
N উৎপাদন ব্যয় হ্রাস করা

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
রাফা ও পৃথা দুই বোন। দুজনই তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের মালিক। রাফার তৈরি পোশাক চট্টগ্রামসহ সারাদেশে চাহিদা আছে। পৃথার তৈরি পোশাক আমেরিকাসহ পৃথিবীর অন্যান্য দেশেও যায়।

**২৮. রাফার ব্যবসাকে কী বলা হয়?**
K আন্তর্জাতিক বাণিজ্য
L খুচরা ব্যবসা
M অভ্যন্তরীণ বাণিজ্য
N পাইকারি ব্যবসা

**২৯. পৃথার ব্যবসায়ের কারণে—**
K কূটনৈতিক সম্পর্ক জোরদার হয়
L বৈদেশিক মুদ্রা অর্জিত হয়
M বিশ্ব বাজারে সম্মান বৃদ্ধি পায়
N বৈদেশিক মুদ্রা সাশ্রয় হয়

**৩০. কোনটি অপ্রচলিত রপ্তানি দ্রব্য?**
K চা L চামড়া
M কাগজ N হিমায়িত খাদ্য

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | K | ৬ | M | ৭ | N | ৮ | K | ৯ | M | ১০ | N | ১১ | K | ১২ | L | ১৩ | N | ১৪ | * | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | M | ১৯ | M | ২০ | M | ২১ | N | ২২ | L | ২৩ | M | ২৪ | L | ২৫ | K | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

# ৩৬ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**
কলেজের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যে বলেন, তোমাদেরকে প্রকৃত শিক্ষায় উচ্চ শিক্ষিত হতে হবে, প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হবে।

১. **প্রধান অতিথির বক্তব্য অনুসরণ করলে নিচের কোনটি ঘটবে?**
K মানব সম্পদ বৃদ্ধি পাবে
L শিক্ষার হার বাড়বে
M কৃষির উন্নয়ন হবে
N নারীর ক্ষমতায়ন বাড়বে

২. **প্রধান অতিথির বক্তব্যের উদ্দেশ্য হলো—**
i. নিরক্ষরতা দূরীকরণ
ii. দক্ষ জনশক্তি তৈরি করা
iii. অর্থনৈতিক উন্নয়ন সাধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
চাকরির পিছনে অনেক ঘুরে অবশেষে ব্যর্থ হয়ে হিল্লোল নিজ পুকুরের সাথে আরও তিনটি পুকুর বর্গা নিয়ে মাছ চাষ শুরু করল। এর ফলে তার অর্থনৈতিক অবস্থার উন্নতি হলো এবং তার সঙ্গে আরও ১২ জন যুবকের কর্মসংস্থানের সুযোগ হলো।

৩. **হিল্লোলের এ প্রচেষ্টাকে কী বলা যায়?**
K কর্মসংস্থান সৃষ্টি L আত্মকর্মসংস্থান
M সৃজনশীলতা N উৎপাদনশীলতা

৪. **হিল্লোলের এরূপ প্রচেষ্টার জন্য প্রয়োজন—**
i. আত্মবিশ্বাস
ii. ইতিবাচক মনোভাব
iii. প্রচুর মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৫. **আন্তর্জাতিক বাণিজ্যের গুরুত্ব হলো—**
i. উদ্বৃত্ত পণ্য রপ্তানি
ii. উৎপাদকের দক্ষতা বৃদ্ধি
iii. নির্ভরশীলতা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ সার ও রাসায়নিক পণ্দ্রব্যের পাশাপাশি টেরিটাওয়েল ও স্পেশালাইজড্ টেক্সটাইল, সিরামিক সামগ্রী এবং হালকা ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদিও রপ্তানি করে থাকে।

৬. **উদ্দীপকে উল্লিখিত রপ্তানি দ্রব্যগুলো কী ধরনের দ্রব্য?**
K কৃষিজাত L সেবাজাত
M প্রচলিত N অপ্রচলিত

৭. **উক্ত দ্রব্যগুলো রপ্তানি করে বাংলাদেশের—**
i. জাতীয় আয় বৃদ্ধি পায়
ii. কর্মসংস্থান বৃদ্ধি পায়
iii. সম্পর্কের উন্নয়ন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৮. **বাংলাদেশের রপ্তানি আয়ে কোনটির অবদান সবচেয়ে কম?**
K নিটওয়্যার
L তৈরি পোশাক
M পাট ও পাটজাত দ্রব্য
N চা

৯. **'অপরিশোধিত পেট্রোলিয়াম' কোন ধরনের আমদানিকৃত পণ্য?**
K শিল্পজাত L প্রাথমিক
M মূলধনী N চূড়ান্ত

১০. **EPZ-এর পূর্ণরূপ কী?**
K Export Promotion Zone
L Export Production Zone
M Export Processing Zone
N Export Procuring Zone

১১. **কোনো দেশে কত শতাংশ বনভূমি থাকা দরকার?**
K ১৫ L ২০ M ২৫ N ৩০

১২. **ডায়াবেটিক, ব্লাড কোলেস্টেরল, উচ্চ রক্তচাপ ও ক্যান্সার রোগ নিয়ন্ত্রণের সবজির নাম কী?**
K লাল শাক L মাশরুম
M পালং শাক N মিষ্টি আলুর শাক

১৩. **বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জন্য দায়ী সর্বোচ্চ গ্রিন হাউজ গ্যাস নির্গমনকারী দেশ কোনটি?**
K ভারত L যুক্তরাষ্ট্র
M রাশিয়া N চীন

১৪. **নার্সারি স্থাপন কোন কার্যক্রমের অংশ?**
K সমবায় L বনায়ন
M শস্য N সেবা

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কবির একজন কৃষক। তার পরিবারের সদস্য সংখ্যা ৪ জন। পৈতৃক সূত্রে প্রাপ্ত এক খণ্ড জমিতে তিনি পরিবারের সদস্যদের নিয়েই চাষাবাদ করেন এবং তা দিয়েই পরিবারের ভরণপোষণ নির্বাহ করেন।

১৫. **উদ্দীপকে কোন ধরনের খামারের কথা বলা হয়েছে?**
K জীবন নির্বাহী খামার L বহুমুখী খামার
M বাণিজ্যিক খামার N মিশ্র খামার

১৬. **উক্ত খামারের বৈশিষ্ট্য হলো—**
i. জীবনধারণ করা
ii. অধিক উদ্বৃত্ত সৃষ্টি করা
iii. ব্যবস্থাপনা অসংগঠিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফারুক প্রত্যন্ত গ্রামে বাস করে। গত কয়েক বছর তার গ্রামে প্রচুর কৃষিজ পণ্য উৎপাদন হয়। সে পণ্যের বাজার দাম সম্পর্কে অবগত নয়। উক্ত গ্রামে কোনো গুদামঘর নেই এবং গ্রামের রাস্তাটি যথেষ্ট সরু।

১৭. **জনাব ফারুকের গ্রামের উৎপাদন সম্পর্কিত সমস্যাটি কোন ধরনের?**
K কৃষিতে প্রযুক্তির প্রয়োগ
L কৃষিঋণের প্রসার
M শস্য বহুমুখীকরণ
N কৃষিপণ্যের বিপণন

১৮. **জনাব ফারুকের সমস্যাটির সুষ্ঠু সমাধান হলো—**
i. কৃষি প্রযুক্তি উদ্ভাবন
ii. গুদামঘর নির্মাণ
iii. পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. **বাংলাদেশে সর্বশেষ শিল্পনীতি প্রণয়ন করা হয় কোন সালে?**
K ২০০৫ L ২০১০ M ২০১৬ N ২০২০

২০. **জ্ঞান ও পুঁজিনির্ভর উচ্চ প্রযুক্তিভিত্তিক পরিবেশবান্ধব কোন শিল্পের বৈশিষ্ট্য?**
K উচ্চ অগ্রাধিকার শিল্প L অগ্রাধিকার শিল্প
M নিয়ন্ত্রিত শিল্প N হাইটেক শিল্প

২১. **তৈরি পোশাক রপ্তানিকারক দেশ হিসেবে বাংলাদেশের অবস্থান বিশ্বে কততম?**
K প্রথম L দ্বিতীয় M পঞ্চম N অষ্টম

২২. **কোনটি চা শিল্পের প্রধান সমস্যা?**
K দরপতন
L সংরক্ষণের অভাব
M অনিয়মিত বৃষ্টিপাত
N বিদ্যুৎ ও জ্বালানি ঘাটতি

২৩. **শিল্পনীতি ২০১৬-এর আলোকে কোনটি অগ্রাধিকার শিল্প?**
i. ঔষধ শিল্প
ii. জাহাজ নির্মাণ শিল্প
iii. পর্যটন শিল্প
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
একসময় বাংলাদেশ সকল ইলেকট্রনিক্স সামগ্রী এবং গাড়ির জন্য সম্পূর্ণ বিদেশের ওপর নির্ভরশীল ছিল। কিন্তু বর্তমানে এ ধরনের সামগ্রী দেশের অভ্যন্তরেই কিছু প্রতিষ্ঠান উৎপাদন করছে এবং অর্থনীতিতে অসামান্য অবদান রাখছে।

২৪. **উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানগুলো বর্তমানে কোন ধরনের শিল্প?**
K আমদানি বিকল্প শিল্প
L রপ্তানিমুখী শিল্প
M অগ্রাধিকার শিল্প
N সংরক্ষিত শিল্প

২৫. **উদ্দীপকে বর্ণিত শিল্পের প্রভাবে—**
i. বাণিজ্য ঘাটতি বৃদ্ধি পায়
ii. কর্মসংস্থান বৃদ্ধি পায়
iii. দ্রুত প্রবৃদ্ধি অর্জন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশের বিলিয়ন ডলার শিল্পটি হতে বর্তমানে মোট রপ্তানি আয়ের প্রায় ৮৫ ভাগ অর্জিত হয়। এখানে প্রচুর নারী শ্রমিক কর্মরত। এটি দেশের জন্য গুরুত্বপূর্ণ হলেও এখনো প্রচুর সমস্যার সম্মুখীন।

২৬. **উদ্দীপকে উল্লিখিত শিল্প কোনটি?**
K জাহাজ নির্মাণ শিল্প L তৈরি পোশাক শিল্প
M চামড়া শিল্প N পাট শিল্প

২৭. **উদ্দীপকের শিল্পটির সমস্যা হলো—**
i. অন্যান্য দেশে বস্ত্রশিল্পের উন্নয়ন
ii. শ্রমিক অসন্তোষ
iii. স্বল্প আইটেমের পোশাক রপ্তানি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. **খানা আয়-ব্যয় জরিপ ২০১৬ অনুযায়ী সবচেয়ে কম দারিদ্র্যপ্রবণ জেলা কোনটি?**
K কুড়িগ্রাম L নারায়ণগঞ্জ
M দিনাজপুর N ফরিদপুর

২৯. **যে জনসংখ্যা দ্বারা সর্বোচ্চ জাতীয় উৎপাদন অর্জিত হয় তাকে কী বলে?**
K কম জনসংখ্যা L অধিক জনসংখ্যা
M কাম্য জনসংখ্যা N প্রকৃত জনসংখ্যা

৩০. **অধ্যাপক ডাল্টন প্রদত্ত কাম্য জনসংখ্যাতত্ত্বের সূত্রে M কী প্রকাশ করে?**
K অতিরিক্ত জনসংখ্যার দেশ
L স্থির বা স্থবির জনসংখ্যার দেশ
M নিম্ন জনসংখ্যার দেশ
N কাম্য জনসংখ্যা হতে বিচ্যুতির মাত্রা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | K | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | M | ১২ | L | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | M | ১৯ | M | ২০ | N | ২১ | M | ২২ | M | ২৩ | M | ২৪ | K | ২৫ | M | ২৬ | L | ২৭ | N | ২৮ | L | ২৯ | M | ৩০ | N |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৭ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 1 0

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

**অর্থনীতি দ্বিতীয় পত্র — সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ জনাব রতন অক্লান্ত পরিশ্রম করে ফসল উৎপাদন করেন। কিন্তু তার এলাকায় পরিবহণ ব্যবস্থার দুরবস্থা, গুদামঘর না থাকা এবং মধ্যস্বত্বভোগীদের কারণে অবস্থার পরিবর্তন করতে পারেন না। তাই তাকে বাধ্য হয়ে প্রতিবছর আত্মীয়স্বজন, বন্ধুবান্ধ এবং বিভিন্ন এনজিওসহ কখনো কখনো ব্যাংক থেকেও ঋণ নিতে হয়।

ক. কৃষি খামার কী? ১
খ. চিংড়িকে সাদা সোনা বলা হয় কেন? ২
গ. জনাব রতনের অবস্থার পরিবর্তন হয় না কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রতনের গৃহীত ঋণের উৎসসমূহের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২ ▶ মনোহরপুর গ্রামের দরিদ্র কৃষক জনাব রাসেল উক্ত গ্রামের মহাজন জনাব কবির এর কাছ থেকে টাকা ধার নিয়ে ফসল চাষ করেন। জনাব রাসেল ২০২০ সালে প্রতি মণ ধান ৮০০ টাকা দরে ও প্রতি মণ গম ৬০০ টাকা দরে বিক্রি করেছিল। কিন্তু তিনি ২০২১ সালে প্রতি মণ ধান ১০০০ টাকা দরে ও প্রতি মণ গম ৭০০ টাকা দরে বিক্রি করতে পেরে তিনি খুব আনন্দিত হন। অন্যদিকে পেনশনভোগী জনাব কলিমের দ্রব্যসামগ্রী ক্রয় করতে গিয়ে কষ্ট বেড়ে যায়।

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. মুদ্রাস্ফীতির সঙ্গে অর্থের মূল্যের সম্পর্ক কীরূপ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব রাসেল, জনাব কবির ও জনাব কলিমের জীবনযাত্রার ওপর উদ্দীপকে বর্ণিত বিষয়টির প্রভাব ভিন্ন– বিশ্লেষণ কর। ৪

৩ ▶ জনাব খালেদ X পণ্য উৎপাদন ও রপ্তানি করেন। তার উৎপাদিত পণ্যের গুণগত মান ভালো হওয়ায় বিশ্বের বিভিন্ন দেশে পণ্যটির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি তার উৎপাদিত পণ্যের বাজার বিস্তৃত করার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশ থেকে উন্নত যন্ত্রপাতি ও কাঁচামাল ক্রয় করে এনেছেন। উক্ত বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে সরকারও শুল্ক সুবিধার পাশাপাশি ঋণ সুবিধা প্রদান করছে।

ক. বিশ্বায়ন কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্যে সরকারি নীতি ভিন্ন হয় কেন? ২
গ. জনাব খালেদের উৎপাদিত পণ্যের বাজার কীভাবে আরও সম্প্রসারিত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বাণিজ্যের পরিবর্তনের ধারা বাংলাদেশের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব ফরিদ তার কর্মস্থল থেকে যে বেতন ও ভাতাদি পেয়ে থাকেন বছর শেষে হিসাব করে নির্ধারিত হারে কর প্রদান করেন। এছাড়া একজন সাধারণ মানুষও সরকারকে বিভিন্নভাবে কর প্রদান করে থাকে। সরকার ব্যয় নির্বাহের জন্য কর ছাড়াও অন্যান্য উৎস হতেও অর্থ সংগ্রহ করে।

ক. কর কী? ১
খ. ফি বাধ্যতামূলক দেয় নয় কেন? ২
গ. জনাব ফরিদ এর প্রদেয় কর কোন ধরনের করকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সরকারের আয়ের অন্য উৎসগুলো বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব রবিন বন্যা, খরা ও লবণাক্ততার জন্য তার জমিতে ভালো ফলন পাচ্ছিলেন না। এই সমস্যা সমাধানের লক্ষ্যে তিনি একজন কৃষি কর্মকর্তার শরণাপন্ন হন। কৃষি কর্মকর্তা তাকে একটি বিশেষ প্রযুক্তির ব্যাপারে সহায়তা প্রদান করেন। উক্ত প্রযুক্তি ব্যবহার করে তিনি তার সমস্যার সমাধান করতে পেরেছেন। তার পাশাপাশি অনেক কৃষক উক্ত প্রযুক্তি ব্যবহার করায় ফসল উৎপাদন বহুগুণে বেড়ে গিয়েছে।

ক. কৃষি কাঠামো কী? ১
খ. শস্য বহুমুখীকরণ ঝুঁকি হ্রাসে সহায়তা করে– ব্যাখ্যা কর। ২
গ. জনাব রবিনের জমিতে কোন প্রযুক্তি ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের কৃষি উন্নয়নে উক্ত প্রযুক্তির ব্যবহার কতটুকু যুক্তিযুক্ত তা মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব মহসিন তার পরিবারের ৮ জন সদস্য নিয়ে নিজের বাড়িতে একটি কারখানা গড়ে তোলেন। কাঁচামালের অভাব, শ্রমিকদের শিক্ষার স্বল্পতা এবং মাত্র ৪ লক্ষ টাকা পুঁজি নিয়ে উৎপাদন কার্যক্রম পরিচালনা করেন। তার কারখানায় যা উৎপাদন হয় তা বিক্রি করে তিনি কোনোরকমে দিন অতিবাহিত করেন।

ক. শিল্প কী? ১
খ. অর্থনৈতিক উন্নয়নে পিপিপি এর ভূমিকা কী? ২
গ. জনাব মহসিনের শিল্পের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. নানাবিধ সমস্যার ভারে উক্ত শিল্পের অস্তিত্ব ম্রিয়মাণ হয়ে পড়েছে– বিশ্লেষণ কর। ৪

৭ ▶ A একটি উন্নয়নশীল দেশ। ২০২১ সালে দেশটিতে জীবিত জন্মগ্রহণকারী শিশুর সংখ্যা ৭০ লক্ষ এবং মৃত্যুবরণকারণ নাগরিকের সংখ্যা ৫০ লক্ষ ছিল। জন্ম-মৃত্যুর এই ব্যবধান দেশটির জনসংখ্যা দ্রুত বৃদ্ধিতে সহায়তা করছে, যা তার উন্নয়ন কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করছে।

ক. কাম্য জনসংখ্যা কী? ১
খ. আত্মকর্মসংস্থান কীভাবে দারিদ্র্য বিমোচন করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ কর। ৪


৮ ▶ ইউএনডিপি এর ২০১৮ সালের প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশের মানব উন্নয়ন সূচকে ইনডেক্স ভ্যালু ছিল ০.৬০৮, যা ২০০০ সালে ছিল ০.৪৬৮। ২০১৭ সালের ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রতিবেদনে উল্লেখ করা হয়, ১৪৪টি দেশের তথ্যের ভিত্তিতে ১৪টি সূচকের মধ্যে ৪টিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান এক নম্বর। সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের জন্যই এই অর্জন সম্ভব হয়েছে।

ক. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? ১
খ. জনসংখ্যা বৃদ্ধি পরিবেশ দূষণ ঘটায়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত দেশটির মানব উন্নয়ন সূচকের এই ক্রমোন্নতির কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত অর্জন টেকসই করার জন্য সকলের ঐকান্তিক প্রচেষ্টার প্রয়োজন বিশ্লেষণ কর। ৪

৯ ▶ জেড একটি গুরুত্বপূর্ণ ও সম্ভাবনাময় শিল্প। একটি বিশেষ উৎসবের সময় এই শিল্পের কাঁচামালের যোগান এত বেশি বেড়ে যায় যে সংরক্ষণের অভাবে ব্যাপক দরপতন ঘটে। তাছাড়া এ শিল্পের বিকাশে ঋণের স্বল্পতা, প্রক্রিয়াকরণের অসুবিধা ও দক্ষ জনশক্তির অভাব রয়েছে। তথাপি বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপ এর মধ্যে পৃথক শিল্পনগরী স্থাপন, বিদেশের চাহিদা বৃদ্ধি এবং সুলভ শ্রমিক শিল্পটিকে সম্ভাবনাময় করে তুলেছে।

ক. হাইটেক শিল্প কী? ১
খ. শিল্পায়নের মাধ্যমে কীভাবে একটি দেশ স্বনির্ভরতা অর্জন করে? ২
গ. উদ্দীপকে যে শিল্পের কথা উল্লেখ করা হয়েছে, তার বর্তমান অবস্থা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা যথেষ্ট উজ্জ্বল– বিশ্লেষণ কর। ৪

১০ ▶ নিচের চিত্রটি লক্ষ কর ও সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. মৃদু মুদ্রাস্ফীতি কাকে বলে? ১
খ. সরকারি ব্যয় বৃদ্ধি পেলে মুদ্রাস্ফীতি ঘটে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের মুদ্রাস্ফীতি সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সৃষ্ট মুদ্রাস্ফীতি দূরীকরণে আর্থিক ও রাজস্ব কী কী নীতি অবলম্বন করা যায়? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের পরিস্থিতি নিম্নরূপ :

| অর্থবছর | আমদানি ব্যয় (মিলিয়ন মার্কিন ডলার) | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|---|
| ২০১১–১২ | ৩৫৫১৬ | ২৪৩০২ |
| ২০১৭–১৮ | ৫৮৮৬৫ | ৩৬৬৬৮ |


ক. অপ্রচলিত পণ্য কী? ১
খ. অভ্যন্তরীণ বাণিজ্য ও আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে প্রধান দুটি পার্থক্য উল্লেখ কর। ২
গ. উদ্দীপকের তথ্য অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের গতি প্রকৃতি কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাণিজ্য বনাম সাহায্য কোনটি উদ্দীপকে বর্ণিত ব্যবধানকে কমিয়ে আনতে পারে? বিশ্লেষণ কর। ৪

## ৩৮ আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

**অর্থনীতি দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন**

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



ক. বৈশ্বিক উষ্ণতা কী? ১
খ. বাংলাদেশের অর্থনীতিতে কৃষির সমস্যাগুলো কীরূপ? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত জায়গাটিতে উৎসগুলোর ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী কেন এসব উৎস হতে কৃষকরা ঋণ গ্রহণ করে তা উল্লেখ করে ঋণ গ্রহণের সমস্যাগুলো মূল্যায়ন কর। ৪

২ ▶ GDP-তে কৃষির উপখাতের অবদানের হার (%)।

| কৃষির উপখাত | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ |
|---|---|---|---|
| শস্য ও শাকসবজি | ১০.০০ | ১১.০০ | ১১.৫০ |
| মৎস্যসম্পদ | ৩.০০ | ৪.০০ | ৬.০০ |

রফিক স্যার ছাত্রদের বললেন, উপরের টেবিলের দিকে তাকাও। এই তথ্য অনুযায়ী আমাদের জাতীয় আয়ে কৃষির উপখাতের অবদান ক্রমান্বয়ে বাড়ছে। কারণ সরকার বর্তমানে কৃষির উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য কৃষিক্ষেত্রে ভর্তুকি প্রদান, ঋণ বিতরণ সহজীকরণ, কৃষিজ উপকরণ সরবরাহসহ বিভিন্ন কার্যক্রম চালিয়ে যাচ্ছে।


ক. উৎপাদন উদ্দেশ্যকে বিবেচনা করে কৃষিখামারকে কত ভাগে ভাগ করা যায়? ১
খ. যোগাযোগ ও পরিবহণ ব্যবস্থার উন্নয়ন হলে কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত হবে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে GDP-তে শস্য ও মৎস্য খাতের অবদান দণ্ডস্তম্ভের মাধ্যমে দেখাও। ৩
ঘ. তুমি কি মনে কর, কৃষির উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ যথেষ্ট? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ নয়ন বাঁশের কুলা, চাকি তৈরি ও বিক্রি করে। তার বউ সোহাগী তার এই কাজে সাহায্য করে। নয়নের পুঁজি কম থাকায় সে ব্যাংকে ঋণের জন্য যায়। কিন্তু জামানত দিতে না পারায় ব্যাংক তাকে ঋণ দেয় না। ফলে তাকে অনেক কষ্টে সংসার চালাতে হয়।

ক. রপ্তানমুখী শিল্প কী? ১
খ. কর্মসংস্থান বৃদ্ধিতে PPP-এর ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাসমূহ কী কী? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উন্নয়নের জন্য তুমি কী কী ব্যবস্থা গ্রহণের সুপারিশ কর? ৪

৪ ▶ রফিক সাহেবের চট্টগ্রামে একটি কারখানা আছে। তার কারখানায় ১২০ জন শ্রমিক নিয়োজিত। তার স্থায়ী মূলধনের পরিমাণ ২০ কোটি টাকা। তার বন্ধু জব্বার সাহেবের ঢাকায় একটি তৈরি পোশাকের কারখানা রয়েছে। এরূপ প্রায় ৫০,০০০টি কারখানা দেশটিতে আছে। এতে ৫০ লক্ষ দরিদ্র শ্রমিক কর্মরত যার ৮৫ ভাগ অবহেলিত ও দরিদ্র নারী। প্রতিবছর দেশটি এই শিল্প থেকে প্রায় ৩০,০০০ মিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা অর্জন করে।


ক. ক্ষুদ্র ও কুটির শিল্প বলতে কী বোঝ? ১
খ. 'প্রক্রিয়াকরণের সমস্যা এবং রাসায়নিক দ্রব্যের অভাব চামড়া শিল্পকে প্রভাবিত করে"– ব্যাখ্যা কর। ২
গ. শ্রমিক সংখ্যা ও স্থায়ী মূলধনের ভিত্তিতে রফিক সাহেবের কারখানাটি কোন ধরনের শিল্পের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে শেষোক্ত (জব্বার সাহেবের) শিল্পটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৫ ▶



ক. নিট অভিবাসন কী? ১
খ. M = A – 0/0 এই সূত্রে A > 0 হলে M কী হবে? ২
গ. A বিন্দুতে অসামঞ্জস্যতার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. B ও C বিন্দুর অসামঞ্জস্যতার পরিমাণ তুলনা কর এবং বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি কোন বিন্দুর সাথে সামঞ্জস্যপূর্ণ? ৪

৬ ▶ শাহরিয়ার সাহেব ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের একজন অধ্যাপক। তিনি বাংলাদেশের জনসংখ্যা সম্পর্কিত বিভিন্ন দিক নিয়ে পত্র পত্রিকায় লেখালেখি করেন। তিনি পত্রিকায় এক রিপোর্টে উল্লেখ করেন যে– বাংলাদেশের জনসংখ্যা বাড়ছে ১, ২, ৪, ৮, ১৬ ক্রমানুসারে ও খাদ্য উৎপাদন বাড়ছে ১, ২, ৩, ৪ ক্রমানুসারে। খাদ্য উৎপাদন ও জনসংখ্যা বৃদ্ধির এই অসংগতি দেশের জন্য ক্ষতিকর। এ অবস্থার উত্তরণের জন্য তিনি এমন জনসংখ্যা আশা করেন যা দেশে সমৃদ্ধি নিয়ে আসবে।

ক. জনসংখ্যা ঘনত্ব কী? ১
খ. কীভাবে মানবসম্পদ তৈরি হয়? ২
গ. উদ্দীপকে অধ্যাপক শাহরিয়ার কর্তৃক বর্ণিত রিপোর্টটি কোন জনসংখ্যার তত্ত্বটিকে নির্দেশ করছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত জনসংখ্যা পরিমাণ তত্ত্বটি বাংলাদেশের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ চিত্রটি লক্ষ কর :



ক. ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি কী? ১
খ. মুদ্রাস্ফীতির সাথে অর্থের মূল্যের কী ধরনের সম্পর্ক রয়েছে?– ব্যাখ্যা কর। ২
গ. চিত্র অনুযায়ী মুদ্রাস্ফীতির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. চিত্রে উল্লিখিত মুদ্রাস্ফীতির কারণ বিশ্লেষণ কর। ৪

৮ ▶ সালাম সাহেব 'X' দেশে বাস করেন। তার দেশের ২০২০ এবং ২০২২ সালের বিভিন্ন ভোগ্যদ্রব্যের দাম এবং পরিমাণের তালিকা নিম্নরূপ–

| ভোগ্যদ্রব্য | ২০২০ সাল | | ২০২২ সাল |
|---|---|---|---|
| | দাম (টাকা) | পরিমাণ (কেজি) | দাম (টাকা) |
| চাল | ৭০ | ৩৫ | ৩৮ |
| গম | ৫০ | ১০ | ৫২ |
| চিনি | ৭৫ | ৫ | ৮০ |
| বিবিধ | ৩০ | ১২ | ৪৪ |

দেশটির সরকার দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার তাগিদে ব্যাংক হার, সঞ্চয়পত্রের উপর সুদের হার, নগদ রিজার্ভের অনুপাত বৃদ্ধি করে এবং পরোক্ষ করের হার কমিয়ে দেয়।

ক. সূচক সংখ্যা কাকে বলে? ১
খ. মুদ্রাস্ফীতি হলে ঋণগ্রহীতারা কীভাবে লাভবান হয়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে X দেশের ভোক্তার মূল্য সূচক (CPI) নির্ণয় কর। ৩
ঘ. সরকারের গৃহীত কার্যক্রমসমূহ দ্রব্যমূল্যের স্থিতিশীলতা অর্জনে কীভাবে ভূমিকা রাখে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪


৯ ▶ জনাব মাতলুব আহমেদ বাংলাদেশের এক প্রসিদ্ধ ব্যবসায়ী। আমেরিকার অর্থনীতি বিষয়ক পত্রিকা তার এক সাক্ষাৎকারে দেশের রপ্তানিকৃত দ্রব্য সম্পর্কে জানতে চায়। তিনি বলেন, বাংলাদেশ কাঁচা পাট, চামড়া, পোশাক, হিমায়িত দ্রব্য, ফলমূল ইত্যাদিসহ নানা দ্রব্য ইউরোপ ও আমেরিকায় রপ্তানি করছে। সরকারের আরেকটু প্রচেষ্টায় বৈদেশিক মুদ্রা আরও অর্জিত হতে পারে বলে তিনি মন্তব্য করেন।

ক. বৈদেশিক সাহায্য কী? ১
খ. বাণিজ্যিক ভারসাম্য ও লেনদেন ভারসাম্যের মধ্যে কি কোন অমিল রয়েছে? ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের প্রধান প্রধান রপ্তানি দ্রব্যগুলোর তালিকা তৈরি করে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে দেখাও যে, দেশের রপ্তানি উন্নয়নে ও সম্প্রসারণে সরকারের কী কী করণীয়? ৪

১০ ▶ সালমান সাহেব 'A' দেশে বাস করেন, দেশটির রপ্তানি আয়ের তালিকা দেওয়া হলো–

| পণ্য | মোট রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|
| কাঁচা পাট | ২৬৬ |
| হিমায়িত খাদ্য | ৫৭৮ |
| পাটজাত পণ্য | ৭০১ |
| চামড়া | ৩৩০ |
| চা | ৩ |
| তৈরি পোশাক | ৯৬০৩ |
| রাসায়নিক দ্রব্য | ১০৩ |
| হস্তশিল্পজাত দ্রব্য | ৫ |

ক. বিশ্বায়ন কী? ১
খ. বাংলাদেশের অর্থনীতিতে আন্তর্জাতিক বাণিজ্য গুরুত্বপূর্ণ কেন? ২
গ. দেশের তালিকার উপর ভিত্তি করে বাংলাদেশের প্রচলিত ও অপ্রচলিত দ্রব্যের তালিকা তৈরি কর। ৩
ঘ. রপ্তানি বাণিজ্য উন্নয়নের লক্ষ্যে সরকারের গৃহীত পদক্ষেপগুলো মূল্যায়ন কর। ৪

১১ ▶



ক. সরকারি অর্থব্যবস্থা কী? ১
খ. মূসক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে সরকারের আয়ের উৎসগুলো চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সরকারের ব্যয় বৃদ্ধির গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

## ৩৯ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

### অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রনির তিন ভাই। তার অন্যান্য ভাইয়েরা ধান উৎপাদনে নিয়োজিত। কিন্তু তিনি মৎস্য চাষ, হাঁস-মুরগি পালন ও বনায়নের কাজ করেন। এতে তার আয় রোজগারও ভালো হয়।

ক. সেচ কী? ১
খ. কৃষি খামার বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রনি যে কাজ করে, দেশের অর্থনীতিতে তার অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. "রনির ভাইয়েরা যে কাজ করে তা কৃষি উৎপাদনে সর্বোচ্চ"– মূল্যায়ন কর। ৪

২ ▶ বাংলাদেশের ওয়ালটন কোম্পানি দেশেই এখন বিশ্বমানের রেফ্রিজারেটর, মটর সাইকেল, টিভি ইত্যাদি তৈরি করে প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় করেছে। পূর্বে এসব পণ্য সম্পূর্ণ বিদেশ থেকে আমদানি করা হতো।

ক. কুটির শিল্প কী? ১
খ. ফার্ম কি শিল্প হতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. ওয়ালটন কোম্পানি কী ধরনের শিল্প? অর্থনীতিতে কোম্পানিটির অবদান উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকের ওয়ালটন কোম্পানির মতো আর কোন কোন ক্ষেত্রে আমাদের শিল্প ভূমিকা রাখতে পারে? ৪

৩ ▶ 'ক' একটি উন্নয়নশীল দেশ। উক্ত দেশের জনসংখ্যা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির হার নিচে দেওয়া হলো—

| বছর | ১৯০০ | ১৯২৫ | ১৯৭৫ |
|---|---|---|---|
| জনসংখ্যা | ২ | ৪ | ১৬ |
| খাদ্য উৎপাদন | ২ | ৩ | ৫ |

ক. আধুনিক জনবিজ্ঞানের মূল প্রবক্তা কে? ১
খ. কাম্য জনসংখ্যা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যের সাথে অর্থনীতির কোন তত্ত্বটি সংগতিপূর্ণ এবং কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতিতে 'ক' দেশের অর্থনীতি এবং সামাজিক ক্ষেত্রে কী প্রভাব পড়বে বলে তুমি মনে কর? ৪

৪ ▶ মিসেস অ্যাঞ্জেলিনা 'ক' দেশের নাগরিক। তার LED টিভি এবং এয়ার কন্ডিশনার প্রয়োজন। বাজারে গিয়ে দেখেন, LED টিভি সেটের দাম ২০১৫ সালে ছিল ১০৫০ ডলার, যা ২০১৬ সালে দাঁড়ায় ১২০০ ডলার এবং AC এর দাম একই সময়ে ১১০০ ডলার থেকে ১২৫০ ডলার হয়। তিনি আরও দেখেন বাজারে অন্যান্য পণ্যের দাম বেড়েই চলেছে। অ্যাঞ্জেলিনার দেশের নিম্ন আয়ের লোকজন, শ্রমিক শ্রেণি ও সরকার এ বিষয়ে উৎকণ্ঠায় আছেন।

ক. সূচক সংখ্যা কী? ১
খ. "মুদ্রাস্ফীতি সবসময় খারাপ নয়"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে ভোক্তার দাম সূচক ব্যবহার করে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ক্ষেত্রসমূহে মুদ্রাস্ফীতির প্রভাব বিশ্লেষণ কর। ৪


৫ ▶ মানুষ আয় বুঝে ব্যয় করে কিন্তু যেকোনো দেশের সরকার ব্যয় অনুসারে আয় করে। সরকার আয়কর, সম্পদ কর, ফি, মুনাফা কর, রেলওয়ে, তার ও টেলিফোন, ভ্যাট, আবগারি শুল্ক, লাইসেন্স ফি, উত্তরাধিকার কর, জরিমানা, ডাক, রাষ্ট্রীয় কারখানা ইত্যাদি উৎস হতে আয় করে থাকে। যদি এসব উৎসের আয় দ্বারা ব্যয় সংকুলান না হয় তবে ঘাটতি অর্থায়নের অংশ হিসেবে সরকার অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস থেকে ঋণ নেয়।

ক. সরকারি ব্যয় কী? ১
খ. "প্রত্যক্ষ কর ফাঁকি দেওয়ার প্রবণতা বেশি"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে সরকারি আয়ের উৎসগুলোর কর ও কর বহির্ভূত রাজস্ব চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘাটতি অর্থায়নের উৎস দুটির তুলনাপূর্বক কোনটি অধিকতর কার্যকর তা বিশ্লেষণ কর। ৪

৬ ▶ আলম সাহেব ঢাকা থেকে তৈরি পোশাক ক্রয় করে কুমিল্লার স্থানীয় বাজারে বিক্রয় করেন। তার বন্ধু জামাল সাহেব ভারত থেকে পিঁয়াজ, রসুন ক্রয় করে বাংলাদেশে বিক্রয় করেন এবং বাংলাদেশ থেকে শাকসবজি ও হিমায়িত মাছ সৌদি আরবে বিক্রয় করেন।

ক. বিশ্বায়ন কী? ১
খ. "রপ্তানি শুল্ক হ্রাস আন্তর্জাতিক বাণিজ্যের সহায়ক"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে আলম সাহেবের ব্যবসায়কে কোন বাণিজ্য বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলম সাহেবের ব্যবসার সাথে জামাল সাহেবের ব্যবসার কী পার্থক্য? বিশ্লেষণ কর। ৪

৭ ▶ উদ্দীপকটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. ব্যাংক হার কী? ১
খ. মুদ্রাস্ফীতি অর্থনীতির জন্য আশীর্বাদ না অভিশাপ? ব্যাখ্যা কর। ২
গ. উল্লিখিত চিত্রটি অর্থনীতির কোন ধারণার সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রে $AD_1$ স্থানান্তরিত হয়ে $AD_2$ হওয়ায় অর্থনীতিতে কীরূপ প্রভাব পড়ছে বলে তুমি মনে কর? ৪

৮ ▶ 'X' দেশে খাদ্যশস্য উৎপাদনের গতিধারা নিম্নরূপ :

| বছর | খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ (মিলিয়ন মেট্রিক টন) |
|---|---|
| ১৯৮০-১৯৮১ | ২০০ |
| ১৯৯০-১৯৯১ | ১৫০ |
| ২০০০-২০০১ | ১৭০ |
| ২০১০-২০১১ | ২২০ |

'X' দেশে সম্প্রতি সরকার খাদ্যশস্য বৃদ্ধির লক্ষ্যে কৃষিতে পারমানবিক শক্তি, বায়োটেকনোলজি পদ্ধতি এবং আইসিটি ব্যবহারের পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. কৃষি প্রযুক্তি কী? ১
খ. বাংলাদেশের কৃষি কি প্রকৃতির ওপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভিত্তিতে একটি স্তম্ভচিত্র অঙ্কন কর। ৩
ঘ. খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গৃহীত সরকারি পদক্ষেপের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯ ▶ শিল্পায়নের ভিত্তি মজবুত করার উদ্দেশ্যে এবং অর্থনীতির অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে 'ক' দেশের সরকার সম্প্রতি এক নতুন নীতি গ্রহণ করেছে। এ নীতির আওতায় সরকার বিদ্যুৎ খাতে ১৫০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি বৃহৎ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে। এ প্রকল্পে বেসরকারি উদ্যোক্তা ইমাটেক্স গ্রুপ সরকারের সাথে আছে। অর্থনীতিবিদ জনাব আরিফের মতে, বেসরকারি উদ্যোক্তাদের সাথে নিয়ে সরকারের এ ধরনের প্রকল্প দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবে।

ক. বৃহৎ শিল্প কী? ১
খ. "আমদানি বিকল্প শিল্প বৈদেশিক মুদ্রা সাশ্রয় করে"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটি কী প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থনীতিবিদ জনাব আরিফের মতের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১০ ▶ তারিক ও হাসান দুই বন্ধু। দেশের বিভিন্ন বিষয়ে আলোচনাকালে তারিক তার বন্ধুকে বলে, আমাদের জেলার আয়তন ১২৩৬ বর্গ কিলোমিটার আর জনসংখ্যা ১২ লক্ষ ৬৫ হাজার। সে আরও জানায়, বর্তমান জনসংখ্যা বৃদ্ধির হার অব্যাহত থাকলে আগামী ১০ বছর পর তাদের জেলার জনসংখ্যার পরিমাণ দাঁড়াবে ১৮ লক্ষ ৫৮ হাজার।

ক. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝায়? ১
খ. মানবসম্পদ উন্নয়নের সাথে স্বাস্থ্য ও সেবার কী সম্পর্ক? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে তারিকের জেলার জনসংখ্যার ঘনত্ব কীভাবে নির্ণয় করবে? বর্ণনা কর। ৩
ঘ. ১০ বছর পর জনসংখ্যা বৃদ্ধির ফলে তারিকের জেলায় খাদ্য, শিক্ষা ও বাসস্থানের ওপর কী ধরনের প্রভাব পড়তে পারে বুঝিয়ে লেখ। ৪

১১ ▶ কৃষকের সন্তান বাবলু। স্থানীয় কলেজ থেকে বি. এ. পাশ করেছেন। চাকরি না খুঁজে কৃষিকাজেই নিয়োজিত হলেন। বাবার কাছ থেকে এক একর জমি নিয়ে তাতে মাল্টা চাষ করলেন। এ জন্য তিনি ব্যাংক থেকে ঋণ নিলেন। তাছাড়া কৃষি কর্মকর্তাদের পরার্ম নিলেন। কিন্তু অধিক পরিবহন ব্যয়, দালাল-ফড়িয়ার দৌরাত্ম্য ইত্যাদি সমস্যার কারণে মাল্টার উপযুক্ত মূল্য পেলেন না।

ক. কৃষিপণ্যের বিপণন কী? ১
খ. শস্য বহুমুখীকরণ কী? ব্যাখ্যা কর। ২
গ. বাবলু মাল্টা বিক্রি করতে গিয়ে কী ধরনের সমস্যার সম্মুখীন হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাবলুর সমস্যা সমাধানে সরকারের করণীয় পদক্ষেপ উল্লেখ কর। ৪

## ৪০ ✓ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ আব্দুল হক একজন দরিদ্র কৃষক। সামান্য কিছু জমিতে উৎপাদিত ফসল দ্বারা তার পারিবারিক চাহিদাটুকুও সম্পূর্ণরূপে পূরণ হয় না। একই গ্রামের ফজলুল হক ধনাঢ্য ব্যক্তি। তার অনেক জমিজমা। তিনি কৃষিতে প্রচুর বিনিয়োগ করেন। তার খামারের উৎপাদিত ফসল দেশের গন্ডি পেরিয়ে বিদেশে রপ্তানি হয়।
ক. কৃষি প্রযুক্তি কী? ১
খ. চিংড়িকে 'সাদা সোনা' বলা হয় কেন? ২
গ. আব্দুল হকের কৃষি খামারে পাঁচটি সমস্যা চিহ্নিত কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে আব্দুল হক ও ফজলুল হকের কৃষি খামারের তুলনামূলক ভূমিকা বিশ্লেষণ কর। ৪

২ ▶ বিগত দুই দশকে বাংলাদেশের কৃষিতে বৈপ্লবিক পরিবর্তন এসেছে। কৃষি উৎপাদন বেড়েছে বহুগুণ। বর্তমানে পতিত জমি নেই বললেই চলে। একই জমিতে বিভিন্ন মৌসুমে একই ফসলের পরিবর্তে বিভিন্ন ফসল উৎপাদন করা হচ্ছে। একটি জমিতে বছরে তিন/চার রকমের ফসল উৎপাদিত হচ্ছে। তবে এদেশের কৃষকদের মূলধন সংকট একটি বড় সমস্যা, যা নিরসনে সরকার ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।
ক. পরিবেশ দূষণ কী? ১
খ. কৃষিজোত ও কৃষি খামারের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে শস্য বহুমুখীকরণের সুবিধাসমূহ লেখ। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনীতিতে শস্যবহুমুখীকরণের প্রভাব এবং বর্তমান পরিস্থিতি ব্যাখ্যা কর। ৪

৩ ▶ বাংলাদেশের শিল্পোন্নয়নকে আরও বেগবান করতে হলে প্রগতিশীল শিল্পায়ন নীতিমালা জরুরি। দেশের বিপুল জনগোষ্ঠীকে বহুলাংশে অপ্রয়োজনীয় সাধারণ শিক্ষার পরিবর্তে কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ শ্রমশক্তিতে রূপান্তর এখন সময়ের দাবি। উদ্যোক্তা সৃষ্টিতে সরকারি সহায়তা প্রয়োজন। পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ, মূলধন গঠন, শ্রমিকদের জন্য উপযুক্ত কর্মপরিবেশ সৃষ্টি এবং বিনিয়োগকারীদের বিনিয়োগে উৎসাহ প্রদান করতে হবে।
ক. কুটির শিল্প কী? ১
খ. অর্থনৈতিক উন্নয়নে পিপিপি-এর ভূমিকা লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে শিল্পায়নের সমস্যা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে শিল্পায়নের সম্ভাবনা মূল্যায়ন কর। ৪

৪ ▶ বসুন্ধরা গ্রুপ, মেঘনা গ্রুপ, যমুনা গ্রুপ, স্কয়ার গ্রুপ, টিকে গ্রুপ, আকিজ গ্রুপ, বিক্সেমকো, ট্রান্সকম, ওয়ালটন প্রভৃতি দেশের শীর্ষস্থানীয় কোম্পানি। এদের উৎপাদিত পণ্য ও সেবা একদিকে যেমন দেশীয় চাহিদা মেটাচ্ছে অন্যদিকে বিদেশে রপ্তানির মাধ্যমে অর্জিত হচ্ছে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা। এসব কোম্পানি বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। একসময় যেসব ইলেক্ট্রনিক্স পণ্য আমদানি ছাড়া কোন উপায় ছিল না, সেসব পণ্য আজ দেশেই তৈরি হচ্ছে। শিল্পোন্নয়নের এ ধারবাহিকতায় বাংলাদেশ হয়ে উঠবে উন্নত ও সমৃদ্ধ সোনার বাংলা।
ক. EPZ-এর পূর্ণরূপ লেখ। ১
খ. শিল্পোন্নয়ন কীভাবে কৃষি উন্নয়নে সহায়তা করে? ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের আমদানি বিকল্প শিল্পের তালিকা প্রস্তুত কর এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে এ শিল্পের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে শিল্পোন্নয়নের গুরুত্ব আলোচনা কর। ৪

৫ ▶ ১৯৯১ সালে বাংলাদেশের জনসংখ্যা ছিল ১১.১৪ কোটি। ২০২১ সালে তা এসে দাঁড়িয়েছে ১৬.৯১ কোটি। এদেশে জনাধিক্যজনিত বিভিন্ন সমস্যা যেমন খাদ্য ঘাটতি, বেকারত্ব, ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি বিদ্যমান। তবে সুদীর্ঘ সময় ধরে সরকার কর্তৃক গৃহীত পরিবার পরিকল্পনা পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণের চেষ্টা চলছে।
ক. স্থূল জন্মহার কী? ১
খ. বাংলাদেশের জনসংখ্যাকে কীভাবে দক্ষ মানবসম্পদে রূপান্তর করা সম্ভব? ২
গ. বাংলাদেশের ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব কতটুকু কার্যকর তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে জনসংখ্যা নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা এবং এক্ষেত্রে সরকারের গৃহীত কর্মসূচির ফলাফল মূল্যায়ন কর। ৪

৬ ▶ একটি দেশের প্রকৃত জনসংখ্যা ৫ কোটি এবং মাথাপিছু আয় হয় ৩০০০ মার্কিন ডলার। জনসংখ্যা ৭ কোটি হলে বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধি পেয়ে ৩৫০০ মার্কিন ডলার হয়। জনসংখ্যা আরও বৃদ্ধি পেয়ে ৯ কোটি হলে মাথাপিছু আয় হ্রাস পেয়ে দাঁড়ায় ৩০০০ মার্কিন ডলার।
ক. 'An Eassy on the Principles of Population'– গ্রন্থটি কার লেখা? ১
খ. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপক অনুসারে দেশের কাম্য জনসংখ্যা কত? দেশটির জনসংখ্যার অসামঞ্জস্যের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে কাম্য জনসংখ্যা তত্ত্বটি ব্যাখ্যা কর। ৪

৭ ▶ উন্নয়নশীল দেশগুলোতে জিডিপি বৃদ্ধির সাথে সাথে মুদ্রাস্ফীতি ঘটে। মৃদু মুদ্রাস্ফীতি সত্ত্বেও মাথাপিছু আয় বৃদ্ধি পায় এবং জনগণের ক্রয়ক্ষমতা বাড়ে ফলে জীবনযাত্রার মান বৃদ্ধি পায়। কিন্তু এ মুদ্রাস্ফীতি সহনীয় মাত্রা ছাড়িয়ে গেলে জনজীবন পর্যুদস্ত হয়। তখন সবাই এ পরিস্থিতির উন্নতি চায়। এ অবস্থায় সরকার মুদ্রাস্ফীতি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করে।
ক. মুদ্রা সংকোচন কী? ১
খ. ভোক্তার মূল্য সূচক বলতে কী বোঝায়? ২
গ. বাংলাদেশের মুদ্রাস্ফীতি পরিস্থিতি উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. একটি দেশে মুদ্রাস্ফীতির প্রভাব উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮ ▶ ২০১৫ ও ২০২০ সালে বিভিন্ন দ্রব্যের আনুমানিক দাম এবং পরিমাণের তালিকা নিম্নরূপ :

| দ্রব্যের নাম | পরিমাণ (কেজি) | ২০১৫ সালে প্রতি কেজির দাম (টাকা) | ২০২০ সালে প্রতি কেজির দাম (টাকা) |
|---|---|---|---|
| চাল | ২০ | ৩৫ | ৫০ |
| আটা | ২৫ | ২০ | ৩০ |
| চিনি | ১০ | ৪৫ | ৫৫ |
| মুগ ডাল | ১৫ | ৮০ | ১১০ |

ক. ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি কী? ১
খ. মুদ্রাস্ফীতির সময় করদাতারা কীভাবে লাভবান হয়? ২
গ. উদ্দীপকের আলোকে ভোক্তার মূল্যসূচক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দ্রব্যমূল্য পরিস্থিতি দেশের জনগণের জীবনযাত্রায় কী ধরনের প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা কর। ৪

৯ ▶ বর্ণিল গ্রুপ বিদেশ থেকে কিছু অত্যাবশ্যকীয় দ্রব্য আমদানি করে এবং প্রত্যয় গ্রুপ বিভিন্ন দেশীয় দ্রব্য বিদেশে রপ্তানি করে। তবে বর্তমানে দুটি কোম্পানিই করোনা পরবর্তী পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে হিমশিম খাচ্ছে। তদুপরি চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে তাদের বাণিজ্য আরও সংকুচিত হয়ে এসেছে। দেশে দেখা দিয়েছে মুদ্রাস্ফীতি এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দৃশ্যমান ঘাটতি।
ক. বৈদেশিক সাহায্য কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য কেন সংঘটিত হয়? ২
গ. বর্ণিল গ্রুপ ও প্রত্যয় গ্রুপের বাণিজ্যিক কার্যক্রমের পার্থক্য ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান বিশ্বে আন্তর্জাতিক বাণিজ্য পরিস্থিতি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▶ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর যুদ্ধবিধ্বস্ত ভঙ্গুর অর্থনীতি নিয়ে যাত্রা শুরু করে স্বাধীন বাংলাদেশ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রদর্শিত পথ অনুসরণ করে স্বাধীনতার ৫০ বছর পর বর্তমানে বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশ। তিনি চেয়েছিলেন ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত সোনার বাংলা। তিনি চেয়েছিলেন এদেশের মানুষের অর্থনৈতিক মুক্তি। বিশ্বের বিভিন্ন দেশের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপনের মাধ্যমে তিনি বাংলাদেশের জন্য প্রশস্ত করেছিলেন আন্তর্জাতিক বাণিজ্যের পথ। বর্তমানে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, বিনিয়োগে সহায়তা প্রদান, ইপিজেড স্থাপন প্রভৃতির মাধ্যমে দেশ দ্রুতই এগিয়ে যাচ্ছে।
ক. ইপিজেড কী? ১
খ. অভ্যন্তরীণ বাণিজ্য ও আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের কারণ অনুসন্ধান কর। ৩
ঘ. জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলা'-র অর্থনৈতিক রূপ উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১ ▶ বাংলাদেশ সরকার অর্থনৈতিক উন্নয়নের জন্য বরাবরই ঘাটতি বাজেট পেশ করে। এ ঘাটতি পূরণের জন্য সরকারকে দেশ ও দেশের বাহির হতে ঋণ গ্রহণ করতে হয়। সরকার কর রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব খাত হতে যে অর্থ আদায় করে, কর ফাঁকি রোধ করতে পারলে তা বহুলাংশে বৃদ্ধি পেত।
ক. সরকারি ব্যয় কী? ১
খ. ফি প্রদান বাধ্যতামূলক নয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশ সরকারের আয়ের উৎসগুলো চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশ সরকারের বৈদেশিক ঋণ গ্রহণের কারণ এবং ঋণ কমানোর উপায় আলোচনা কর। ৪

# ৪১ কুমিল্লা সরকারি কলেজ

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কৃষক আকাশ তার কৃষি জমিতে ধান চাষ করেন। কৃষি ঋণের অভাব ও সংরক্ষণ সমস্যাসহ বিভিন্ন প্রতিকূলতার কারণে সে নামমাত্র মূল্যে তার উৎপাদিত ফসল স্থানীয় বাজারে বিক্রি করতে বাধ্য হয়। ফসলের ন্যায্য মূল্য থেকে বঞ্চিতদের জন্য সরকার কৃষি অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. বহুমুখী খামার কাকে বলে? ১
খ. কৃষিজোত বলতে কী বোঝ? ২
গ. কৃষিপণ্য বিপণনে আকাশের সমস্যাগুলো আলোচনা কর। ৩
ঘ. কৃষিপণ্য বিপণনের সমাধানে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপ ছাড়াও আর কী কার্যকরী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

২ ▶ আকরাম স্থানীয় কৃষি ব্যাংক থেকে ঋণ নিয়ে বাড়িতে বাঁশ ও বেতের দ্বারা বিভিন্ন দ্রব্যসামগ্রী তৈরি করতে শুরু করে। তাকে এ কাজে পরিবারের সদস্যরা সাহায্য করে। সে স্থানীয় বাজারে উৎপাদিত দ্রব্য বিক্রয় করে মুনাফা অর্জন করে। এতে ঋণ পরিশোধের পরেও তার পরিবারের স্বচ্ছলতা ফিরে আসে।

ক. PPP-এর পূর্ণরূপ কী? ১
খ. বাংলাদেশের রপ্তানিমুখী শিল্পসমূহের নাম উল্লেখ কর। ২
গ. উদ্দীপকের আকরামের উৎপাদনকে কোন ধরনের শিল্প বলা যায়? বাংলাদেশের অর্থনীতিতে এ শিল্পের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. এ শিল্পে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করে তা সমাধানের পথ আলোচনা কর। ৪

৩ ▶ দিনু বাঁশের কুলা, ঢাকি ইত্যাদি তৈরি ও বিক্রি করে। তার বউ সোহাগী তার এ কাজে সাহায্য করে। দিনু পুঁজি কম থাকায় সে ব্যাংকে ঋণের জন্য যায়। কিন্তু জামানত দিতে না পারায় ব্যাংক তাকে ঋণ দেয় না। ফলে তাকে অনেক কষ্টে সংসার চালাতে হয়।

ক. রপ্তানিমুখী শিল্প কী? ১
খ. কর্মসংস্থান বৃদ্ধিতে PPP-এর ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের সমস্যাসমূহ কী কী? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উন্নয়নের জন্য তুমি কী কী ব্যবস্থা গ্রহণের সুপারিশ কর। ৪

৪ ▶ একটি দেশের বিভিন্ন সময়ের খাদ্য উৎপাদন বৃদ্ধির হার এবং জনসংখ্যা বৃদ্ধির হার নিম্নরূপ :

| সময় (বছর) | খাদ্য বৃদ্ধির হার | জনসংখ্যা বৃদ্ধির হার |
|---|---|---|
| ০ | ১০ | ১০ |
| ২৫ | ২০ | ২০ |
| ৫০ | ৩০ | ৪০ |
| ৭৫ | ৪০ | ৮০ |
| ১০০ | ৫০ | ১৬০ |

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১
খ. শিক্ষা ও প্রশিক্ষণ মানবসম্পদ উন্নয়নের প্রধান সূচক'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনসংখ্যার কোন তত্ত্বকে নির্দেশ করে– চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনসংখ্যা তত্ত্বটি বাংলাদেশের মতো দেশের ক্ষেত্রে কতটুকু প্রযোজ্য? মতামত দাও। ৪

৫ ▶ X ইউরোপ মহাদেশের একটি দেশ। ওই দেশের আয়তন ও সম্পদের বিবেচনায় জনসংখ্যা যে পরিমাণে থাকা প্রয়োজন সেই পরিমাণই রয়েছে। এছাড়া জনসংখ্যা বৃদ্ধির হারও আয়তনের সাথে মানানসই। ফলে সে দেশের মানুষের মাথাপিছু আয় অনেক বেশি। পক্ষান্তরে, আফ্রিকা মহাদেশের Y দেশের জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে ৪৫০০ জন। দেশটিতে তেমন কোনো প্রাকৃতিক সম্পদ নেই। জনগণের ৪০ শতাংশ এখনও নিরক্ষর। শিল্প প্রতিষ্ঠান না থাকায় বেকারত্বের পরিমাণ প্রায় ৪০ শতাংশ। জনগণের চাহিদা পূরণ করার মতো প্রয়োজনীয় কৃষি দ্রব্যাদিও তেমন একটা উৎপাদন হয় না। প্রতিবছর বন্যা, খরা ও নিজেদের মধ্যে কোন্দল ইত্যাদির কারণে প্রচুর মানুষ মারা যায়।

ক. 'অনিয়ন্ত্রিত অবস্থায় জনসংখ্যা বাড়ে জ্যামিতিক হারে এবং খাদ্য বাড়ে গাণিতিক হারে'– এটি কার বক্তব্য? ১
খ. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. X দেশটিতে কোন জনসংখ্যা তত্ত্বের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. Y দেশের ক্ষেত্রে কোন জনসংখ্যার তত্ত্ব প্রকাশ পেয়েছে? তুমি মনে কর– এ তত্ত্ব সকল দেশের ক্ষেত্রেই প্রযোজ্য– মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব মোয়াজ্জেম আলী একজন নিম্নমানের সরকারি কর্মচারী। বর্তমানে বাজারে দ্রব্য সামগ্রীর উচ্চমূল্যের কারণে তিনি পূর্বের ন্যায় প্রয়োজনীয় সব পণ্যসামগ্রী ক্রয় করতে পারছেন না। তবে তার গ্রামের কৃষক আকবর কৃষিপণ্যের বৃদ্ধিতে খুব খুশি। কারণ এবার সে ফসল বিক্রির টাকা দিয়ে গ্রামের মোড়লের কাছ থেকে নেওয়া ঋণের অর্থ পরিশোধ করতে পারবে।

ক. সূচক সংখ্যা কী? ১
খ. মুদ্রাস্ফীতি হলে ঋণদাতা নাকি ঋণগ্রহণে অধিক ক্ষতিগ্রস্ত হয়? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিদের ওপর মুদ্রাস্ফীতির প্রভাব কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মুদ্রাস্ফীতির সমস্যা সমাধানের উপায় সম্পর্কে মতামত দাও। ৪

৭ ▶ বাংলাদেশে পণ্যদ্রব্যের দাম ক্রমাগত বাড়ছে। কবির সাহেব এয়ারকুলারের দাম খোঁজ নিয়ে জানলেন ২০১৪ সালে যার দাম ছিল ২২ হাজার টাকা তা ২০১৫ সালে ৩৫ হাজার টাকা। তিনি এয়ারকুলার কেনার জন্য ঋণগ্রহণ করতে সোনালী ব্যাংকে গেলেন। অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের ন্যায় সোনালী ব্যাংকও এক্ষেত্রে ঋণ পরিশোধে কিস্তির সংখ্যা ১২ থেকে কমিয়ে ৩ এ নির্ধারণ করলেন। কেন্দ্রীয় ব্যাংকও নগদ রিজার্ভ অনুপাত ১৫% হতে ২০% এ বাড়িয়েছেন। এছাড়াও সরকারও এ ধরনের পণ্য বিক্রয়ের ওপর ২০% পরোক্ষ কর ধার্য করেছেন।

ক. ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি কী? ১
খ. মুদ্রাস্ফীতির ক্ষেত্রে AD রেখার প্রয়োজনীয়তা কী? ব্যাখ্যা কর। ২
গ. অনুচ্ছেদ হতে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে প্রতিকারসমূহ ব্যাখ্যা কর। ৪

৮ ▶ নব্বই দশকের শেষদিকে বিশ্বায়ন ধারণার সাথে আমাদের পরিচিতি ঘটে। বিশ্বের প্রতিটি অঞ্চলে স্বনির্ভর হওয়ার লক্ষ্যে BIMSTEC, ASEAN, SAPTA, EU গড়ে তুলেছে। যেখানে পুঁজি, শ্রম ও পণ্যের অবাধ প্রবাহ লক্ষ করা যায়। অন্যদিকে, বিশ্বায়নের নেতিবাচক প্রভাবে অর্থনৈতিক ও সাংস্কৃতিক আগ্রাসনসহ সমাজের নৈতিক অবক্ষয় সৃষ্টি হয়েছে।

ক. রপ্তানি কী? ১
খ. আন্তর্জাতিক বাণিজ্য সংঘটিত হয় কেন? ২
গ. বিশ্বায়নের ফলে আন্তর্জাতিক বাণিজ্যের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে– উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনীতিতে বিশ্বায়নের প্রভাব আলোচনা কর। ৪

৯ ▶ ফরিদ স্যার অর্থনীতি ক্লাসে সরকারের আয়-ব্যয় আলোচনা করছিল। তিনি ছাত্রদের বলেন, সরকার দেশ পরিচালনায় উন্নয়ন ও অনুন্নয়ন খাতে প্রচুর অর্থ ব্যয় করেন। এসব অর্থ সংগ্রহের জন্য সরকার আয়কর, মূল্য সংযোজন কর, আমদানি-রপ্তানি কর, বিক্রয় কর আরোপ করে থাকেন। অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেন। কিন্তু ওইসব প্রতিষ্ঠানের শর্তপূরণ খুব কঠিন হয়ে পড়ে। তাই উন্নয়ন কার্যক্রম ধীরগতিতে বাস্তবায়ন হয়। অথচ সরকার নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু প্রকল্প দ্রুত বাস্তবায়ন করেছে।

ক. আবগারি শুল্ক কী? ১
খ. সরকারি ব্যয় কীভাবে কর্মসংস্থান বৃদ্ধি করে? ২
গ. উদ্দীপকের ভিত্তিতে সরকারের আয়ের উৎসসমূহ বর্ণনা কর। ৩
ঘ. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে অর্থায়নের জন্য বৈদেশিক উৎসের চেয়ে অভ্যন্তরীণ উৎস উত্তম– উদ্দীপকের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

১০ ▶ কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য উন্নয়ন পরিকল্পনার গুরুত্ব অপরিসীম। কিন্তু বাংলাদেশের মতো অধিকাংশ উন্নয়নশীল দেশে অর্থনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে নানাবিধ সমস্যা বিদ্যমান। তন্মধ্যে দক্ষ মানবসম্পদের অভাব, দুর্নীতি, প্রশাসনের অভাব ও আমলাতান্ত্রিক জটিলতা বিশেষভাবে উল্লেখযোগ্য।

ক. প্রেক্ষিত পরিকল্পনা কী? ১
খ. কোনো দেশের সুষম উন্নয়নের জন্য উন্নয়ন পরিকল্পনা একান্ত প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে উন্নয়নশীল দেশের পকিল্পনা বাস্তবায়নে সমস্যাগুলো আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে তোমার সুপারিশ ব্যাখ্যা কর। ৪

১১ ▶ দারিদ্র্য বিমোচনের মাধ্যমে দ্রুত অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি দেশের অর্থনীতিতে পরিকল্পনার গুরুত্ব অপরিসীম। ১৯৭৩ থেকে ২০০২ সাল পর্যন্ত বাংলাদেশে পাঁচটি পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং একটি দ্ব-বার্ষিক পরিকল্পনা প্রণীত হয়েছে। প্রতিটি পরিকল্পনার অন্যতম লক্ষ্য ছিল দারিদ্র্য বিমোচন, রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত ষষ্ঠ ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনারও গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হলো দারিদ্র্য বিমোচন, দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগণের সংখ্যা বর্তমানে ৩১.৫ শতাংশ থেকে ১৫ শতাংশে নামিয়ে আনা এবং এভাবে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করা।

ক. স্বল্পমেয়াদি পরিকল্পনা কাকে বলে? ১
খ. বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবরূপ লাভ করে– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ১৯৭৩ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনার ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন কৌশল বাংলাদেশ সরকারের দারিদ্র্যের হার কমিয়ে আনার লক্ষ্যমাত্রা অর্জনে কতটুকু সফল হবে বলে মনে কের? মূল্যায়ন কর। ৪

## ৪২ ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কৃষক রমিজ উদ্দীন তার জমিতে শাকসবজি চাষ করে। দারিদ্র্যতা ও সংরক্ষণসহ বিভিন্ন সমস্যার কারণে সে নামমাত্র মূল্যে তার উৎপাদিত ফসল স্থানীয় বাজারে বিক্রি করতে বাধ্য হয়। ফসলের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হয়ে সে কৃষিকাজে নিরুৎসাহী হয়ে পড়ে। সরকার কৃষকদের এসব সমস্যা সমাধানে কৃষি অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. বহুমুখী খামার কাকে বলে? ১
খ. কৃষিজোত বলতে কী বোঝায়? ২
গ. কৃষিপণ্য বিপণনে কৃষক রমিজ উদ্দীনের সমস্যাগুলো আলোচনা কর। ৩
ঘ. কৃষিপণ্য বিপণনের সমস্যা সমাধানে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপ ছাড়াও আর কী কার্যকরী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

২ ▶ বর্তমানে তৈরি পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতিতে বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প হিসেবে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কিন্তু এ শিল্পে নানাবিধ সমস্যা বিরাজমান। তন্মধ্যে শ্রমিকের দক্ষতার অভাব, কাঁচামালের অভাব, পর্যাপ্ত ঋণের অভাব, অপর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ, তীব্র প্রতিযোগিতা ও কোটা পদ্ধতি বিশেষভাবে উল্লেখযোগ্য।

ক. কুটির শিল্প কী? ১
খ. আমদানি বিকল্প শিল্পের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে বিরাজমান তৈরি পোশাক শিল্পের সমস্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের সমস্যাবলি সমাধানের জন্য তুমি কী কী সুপারিশ করবে? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ একটি দেশের জনসংখ্যা কাঠামো নিম্নরূপ :

| ২০১৯ সালের মধ্যবর্তী সময়ের জনসংখ্যা | ২০১৯ সালের মোট জীবিত জনসংখ্যা | ২০১৯ সালের মোট মৃত জনসংখ্যা |
|---|---|---|
| ১৮,০০,০০,০০০ জন | ৪৮,০০,০০০ জন | ৩২,০০,০০০ জন |

ক. কাম্য জনসংখ্যা কী? ১
খ. ম্যালথাসীয় চক্র বলতে কী বোঝায়? ২
গ. প্রদত্ত উদ্দীপক থেকে প্রতি হাজারে স্থূল জন্মহার ও স্থূল মৃত্যুহার নির্ণয় কর। ৩
ঘ. যদি দেশটির আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কি.মি. হয়, তবে দেশটির জনসংখ্যার ঘনত্ব কত হবে? ঘনত্ব বিবেচনা করে দেশটি জনবহুল হলে তা সমাধানের উপায় বর্ণনা কর। ৪

৪ ▶ আফনান তার বাবার নিকট জানতে চাইল, 'বাংলাদেশ বৈদেশিক সাহায্য গ্রহণ করে কেন?' আফনানের বাবা উত্তর দিলেন যে, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে মূলধনের অভাব অত্যন্ত প্রকট। বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের ভিত্তিও ততটা শক্তিশালী নয়। রপ্তানি বাজারের সংকীর্ণতা, ভোগ্যপণ্য ও মূলধনী দ্রব্য আমদানি, আমদানি নির্ভর রপ্তানি দ্রব্য প্রভৃতি কারণে আমদানি ব্যয়ের তুলনায় রপ্তানি আয় কম। অবকাঠামোগত উন্নয়ন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, মানবসম্পদ উন্নয়ন প্রভৃতি কারণেও বাংলাদেশকে বৈদেশিক সাহায্য গ্রহণ করতে হয়। তথাপি বৈদেশিক সাহায্য হ্রাস করে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ করতে পারলে সেটাই বাংলাদেশের জন্য মঙ্গলজনক হতো।

ক. বিশ্বায়ন কী? ১
খ. দুটি দেশের মধ্যে বাণিজ্য সংঘটিত হয় কেন? ২
গ. বাংলাদেশ কেন বৈদেশিক সাহায্য গ্রহণ করে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাংলাদেশের জন্য বৈদেশিক সাহায্যের তুলনায় রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ মঙ্গলজনক'– উক্তিটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▶ 'ক' দেশের সরকার মেট্রোরেল প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক্কলিত ব্যয়ের ৫০% এশীয় উন্নয়ন ব্যাংক এবং বিশ্বব্যাংকের ঋণ সহায়তা নিয়ে এবং অবশিষ্ট ৫০% ব্যয় সরকারি বন্ড, ঋণপত্র, সঞ্চয়পত্র বিক্রি এবং বন্ধু রাষ্ট্র থেকে দীর্ঘমেয়াদী ঋণ গ্রহণের মাধ্যমে মিটানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. আয়কর কী? ১
খ. মূল্য সংযোজন করকে পরোক্ষ কর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সরকারি ঋণের উৎসগুলো থেকে অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎসগুলো চিহ্নিত কর এবং ব্যাখ্যা কর। ৩
ঘ. সরকারি ঋণের অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎসের মধ্যে কোনটি 'ক' দেশের জন্য মঙ্গলজনক? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬ ▶ বান্দরবানে প্রচুর আনারস উৎপাদন হয়। উৎপাদিত আনারসের মান যথেষ্ট ভালো। ব্যবসায়ীরা এ আনারস চট্টগ্রামের বাজারে নিয়ে গিয়ে বিক্রি করেন। আবার সিলেটে প্রচুর ভালো মানের চা উৎপাদন হয়। উৎপাদিত চা আমেরিকার বাজারে যথেষ্ট চাহিদা আছে।

ক. বাংলাদেশের কয়েকটি আমদানি দ্রব্যের নাম লেখ। ১
খ. "বৈদেশিক সাহায্য বাংলাদেশের জন্য আবশ্যক।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে চায়ের বাণিজ্যকে কী নামে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. আনারস এবং চায়ের বাণিজ্যের মধ্যে পার্থক্যসমূহ বিশ্লেষণ কর। ৪


৭ ▶ মিসেস সেলিনা 'A' দেশের নাগরিক। তার LED TV এবং এয়ারকন্ডিশন (AC) প্রয়োজন। বাজারে গিয়ে দেখেন, LED TV সেটের দাম ২০১৫ সালে ছিল ১০৫০ ডলার, যা ২০১৬ সালে দাঁড়ায় ১৪০০ ডলার এবং AC-এর দাম একই সময়ে ১৫০০ ডলার থেকে ১৮৫০ ডলার হয়। তিনি আরও দেখেন বাজারে অন্যান্য পণ্যের দামও ক্রমাগত বেড়ে চলছে। সেলিনার দেশের নিম্ন আয়ের লোকজন, শ্রমিক শ্রেণি ও সরকার এ বিষয়ে উৎকণ্ঠায় আছেন।

ক. মুদ্রা সংকোচন কী? ১
খ. চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি কাকে বলে? ২
গ. উদ্দীপকের আলোকে ভোক্তার মূল্যসূচক ব্যবহার করে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ক্ষেত্রসমূহে মুদ্রাস্ফীতির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮ ▶ বাংলাদেশ একটি উদ্বৃত্ত শ্রমের দেশ। এদেশে শ্রমিকরা অশিক্ষিত ও অদক্ষ। বর্তমানে অদক্ষ শ্রমিকরা মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত। তাদের পাঠানো বৈদেশিক মুদ্রা আমাদের রপ্তানি আয়ের একটি উল্লেখযোগ্য অংশ। শিক্ষা, স্বাস্থ্য ও উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদে পরিণত করা যায় তবে এ আয় আরও বাড়বে। এ উদ্দেশ্যে সরকার তথ্যপ্রযুক্তি, আবাসন ও নারী উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

ক. অধিবাসন কী? ১
খ. আত্মকর্মসংস্থানের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মানবসম্পদ উন্নয়নের বিভিন্ন উপায়সমূহ বর্ণনা কর। ৩
ঘ. মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি ও নারী উন্নয়ন বিষয়ক যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে তার ব্যাখ্যা দাও। ৪

৯ ▶





ক. স্থূল জন্মহার ও স্থূল মৃত্যুহার কী? ১
খ. জনসংখ্যার ঘনত্ব পরিমাপ বলতে কী বোঝায়? ২
গ. উল্লিখিত চিত্রটি কোন জনসংখ্যা তত্ত্বের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রটি জনসংখ্যার যে তত্ত্বের সাথে সম্পর্কযুক্ত তার কী কী সমালোচনা রয়েছে তা সম্পর্কে মতামত দাও। ৪

১০ ▶ আমেরিকা প্রবাসী দুই বন্ধু আফনান ও তানজীলাল দুটি ভিন্ন দেশের নাগরিক। আফনানের দেশটি সমুদ্র উপকূলবর্তী দেশ। নিচের ছকে (২০১৩-১৪) অর্থবছরে উভয়ের দেশের জিডিপিতে কৃষি উপ-খাতের অবদান তুলে ধরা হলো–

| কৃষি উপখাতের নাম | তানজীলাল'র দেশ (%) | আফনান'র দেশ (%) |
|---|---|---|
| ১। শস্য ও শাকসবজি | ১২.০০ | ৮.৫০ |
| ২। পশু সম্পদ | ৮.০০ | ৪.০০ |
| ৩। বনজ সম্পদ | ৪.০০ | ২.৫০ |
| ৪। মৎস্য সম্পদ | ৫.০০ | ৩.০০ |

ক. শস্য বহুমুখীকরণ বলতে কী বোঝায়? ১
খ. জীবন নির্বাহী কৃষি খামার ও বাণিজ্যিক কৃষি খামারের উৎপাদনের উদ্দেশ্য কি একই? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে তানজীলালের দেশের ক্ষেত্রে জিডিপি'তে কৃষি উপখাতসমূহের অবদান লেখচিত্রের মাধ্যমে দেখাও। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি আফনানের দেশের জিডিপি'তে কৃষি উপখাতের উল্লিখিত অবদানের ক্ষেত্রে কীরূপ প্রভাব বিস্তার করতে পারে বলে তুমি মনে কর? ৪

১১ ▶




ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. শ্রমিকের মজুরি বৃদ্ধি পেলে কী ধরনের মুদ্রাস্ফীতি ঘটবে? ২
গ. চিত্রে কী ধরনের মুদ্রাস্ফীতি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সৃষ্ট মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকার কী ধরনের ভূমিকা গ্রহণ করবে? আলোচনা কর। ৪

# ৪৩ অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ জনাব সরোয়ার স্যার ক্লাসে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বললেন, কৃষি জমির গুণাগুণ, রোগ বালাই ও তার প্রতিকার সম্বন্ধে জানা, প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস এবং কৃষি বিজ্ঞানী ও গবেষকদের সাথে যোগাযোগ ক্ষেত্রে ICT গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এজন্য সরকার উপজেলা পর্যায়ে "কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্র" স্থাপন, প্রশিক্ষণ প্রদান, কৃষি SMS সহ নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে।

ক. কৃষি কাঠামো কী? ১
খ. কৃষি ঋণের উপানুষ্ঠানিক উৎস ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ICT এর মাধ্যমে কৃষকরা কী কী সুবিধা পায়? বর্ণনা কর। ৩
ঘ. কৃষিক্ষেত্রে ICT এর সুবিধাদি বাস্তবায়নে সরকারের গৃহীত উদ্যোগসমূহ কী যথেষ্ট? ৪

২ ▶ 'ক' শিল্পটির সূচনা হয় ১৯৯০ সালে। ২০১৮-১৯ অর্থ বছরে এ শিল্প থেকে প্রায় ৪৩৭ মিলিয়ন মার্কিন ডলার আয় হয়। এ শিল্প ঋণের অভাব, দক্ষ শ্রমিকের অভাব, বিদ্যুৎ ও জ্বালানি ঘাটতি ইত্যাদি কারণে সাময়িক ক্ষতিগ্রস্ত হলেও বর্তমানে তা কাটিয়ে উঠেছে। সরকারি পৃষ্ঠপোষকতা পেলে এ শিল্পটির ভবিষ্যৎ সম্ভাবনা যথেষ্ট উজ্জ্বল।


ক. হাইটেক শিল্প কী? ১
খ. পাট শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনা উজ্জ্বল— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ক' শিল্পটির যে সমস্যার কথা বলা হয়েছে তার সমাধানের উপায় বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত শিল্পটি বাংলাদেশের অধিক সম্ভাবনাময় শিল্প— ব্যাখ্যা কর। ৪

৩ ▶ 'Y' দেশের জনসংখ্যা ও খাদ্যোৎপাদন সম্পর্কিত তথ্য দেওয়া আছে—

| বছর | - | ১৯২৫ | - | ১৯৭৫ | - | - |
|---|---|---|---|---|---|---|
| জনসংখ্যা বৃদ্ধি | ৮ | - | ৩২ | - | - | ২৫৬ |
| খাদ্যোৎপাদন বৃদ্ধি | - | ৫ | - | - | ৮ | ৯ |

ক. নিট অভিবাসন কাকে বলে? ১
খ. মানবসম্পদ উন্নয়ন কীভাবে আত্মকর্মী সৃষ্টিতে সহায়ক? ২
গ. উদ্দীপক অনুসারে যথাযথ কারণ ও ব্যাখ্যাসহ টেবিলের খালিঘর পূরণ কর। ৩
ঘ. অর্থনীতির সাথে সংগতিপূর্ণ তত্ত্বানুযায়ী বিরাজমান অভারসাম্য কী কী উপায়ে দূর করা যায়? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶




ক. সূচক সংখ্যা কী? ১
খ. শ্রমিকের মজুরি বৃদ্ধি পেলে কী ধরনের মুদ্রাস্ফীতি ঘটবে? ২
গ. চিত্র অনুযায়ী মুদ্রাস্ফীতির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে সৃষ্ট মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করবে? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ অর্থনীতির ক্লাসে হাসান স্যার শিক্ষার্থীদের 'M' নামক একটি ধারণার উপর আলোকপাত করতে গিয়ে বলেন, এ দেশের লোকসংখ্যা অধিক হলো বেশিরভাগই নিরক্ষর ও অশিক্ষিত যা সমাজের জন্য বোঝাস্বরূপ। এ জনগোষ্ঠীকে দক্ষ ও শিক্ষিত করে গড়ে তোলা ছাড়া দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। সরকার ইতোমধ্যেই শিক্ষা ও স্বাস্থ্যসেবার সম্প্রসারণ এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. কাম্য জনসংখ্যা কী? ১
খ. অধিক জনসংখ্যা বাংলাদেশের প্রধান সমস্যা— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'M' নামক ধারণাটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ধারণাটির উন্নয়নে সরকারের গৃহীত ব্যবস্থাসমূহ মূল্যায়ন কর। ৪

৬ ▶ রহমত মিয়া পদ্মানদীর চরে বসবাস করেন। তিনি তার জমিতে বিভিন্ন ধরনের শাকসবজির চাষাবাদ করেন। জমির উর্বরতার কারণে প্রচুর শাকসবজি উৎপন্ন হয়। কিন্তু দরিদ্রতা, সংরক্ষণের সমস্যা এবং শহরে যাওয়ার রাস্তাঘাট ভালো না থাকায় তিনি তার সবজি কম দামে দালালদের কাছে বিক্রি করতে বাধ্য হন।

ক. কৃষি কী? ১
খ. জীবন নির্বাহী খামার ও বাণিজ্যিক খামারের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকে রহমত মিয়ার সবজি কম দামে বিক্রি করার কারণগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. রহমত মিয়ার এসব সমস্যা সমাধানের উপায় বর্ণনা কর। ৪

৭ ▶ রিফাত 'Z' নামক একটি জনবহুল উন্নয়নশীল দেশে বাস করেন। দেশটিতে বাণিজ্য ঘাটতি বিদ্যমান। এ পরিস্থিতি মোকাবিলার লক্ষ্যে দেশটির সরকার একটি বিশেষ শিল্প প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেয় যা বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ দেশীয় শিল্পের বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

ক. PPP এর পূর্ণরূপ কী? ১
খ. 'কর্মসংস্থান সৃষ্টিতে কুটির শিল্পের অগ্রণী ভূমিকা রয়েছে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন শিল্প প্রতিষ্ঠার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশীয় শিল্পের বিকাশে উদ্দীপকে বর্ণিত শিল্পের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ বাংলাদেশের রপ্তানি ও আমদানি পরিস্থিতি নিম্নরূপ—

| রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | | আমদানি ব্যয় (মিলিয়ন মার্কিন ডলার) | |
|---|---|---|---|
| ২০০৯-১০ | ২০১০-১১ | ২০০৯-১০ | ২০১০-১১ |
| ১৬২০৪.৬৫ | ২২৯২৪.৩৮ | ২৩৭৩৮ | ৩৩৬৫৮ |

ক. বিশ্বায়ন কী? ১
খ. বাংলাদেশের অর্থনীতিতে আন্তর্জাতিক বাণিজ্য কেন গুরুত্বপূর্ণ? ২
গ. উল্লিখিত তথ্যের আলোকে বাংলাদেশের বাণিজ্যে কীরূপ ভারসাম্য বিরাজ করছে? কেন? ৩
ঘ. উল্লিখিত তথ্যের আলোকে এ ব্যবধান কমানোর জন্য তুমি কোন ধরনের নীতিকে সমর্থন করবে? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ড. আলোক অর্থনৈতিক এক সেমিনারে বলেন, সাম্প্রতিককালে বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের গতি প্রকৃতিতে বেশ পরিবর্তন সাধিত হয়েছে। বর্তমান সরকার শিল্পবান্ধব হওয়াতে দেশে নতুন নতুন শিল্প কারখানা স্থাপিত হয়েছে। এ লক্ষ্যে সরকার বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ, কারিগরি জ্ঞান, শিল্প ঋণ প্রদানসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ফলে ঔষধ, প্লাস্টিক সামগ্রীসহ বহু পণ্য বিদেশে রপ্তানি হচ্ছে।

ক. বাংলাদেশের কয়েকটি আমদানি দ্রব্যের নাম লেখ। ১
খ. আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ বাণিজ্যের মধ্যে প্রধান দুটি পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচি রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে কীরূপ ভূমিকা পালন করছে? ৩
ঘ. দেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা কর। ৪

১০ ▶ স্বর্ণা, প্রমি ও প্রতিভা দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী। ওদের দেশের আয়/ব্যয় সংক্রান্ত যাবতীয় তথ্য জানার খুব আগ্রহ। ওরা অর্থনীতির ক্লাসে ম্যাডামের কাছ থেকে জানতে পারে যে, দেশের সুষম উন্নয়ন, প্রশাসনিক ব্যয় নির্বাহ, সামাজিক কল্যাণ, বাণিজ্যচক্র নিয়ন্ত্রণের জন্য সরকারকে যেমন ব্যয় করতে হয়, তেমনি কর ও করবহির্ভূত খাত থেকে সরকারের প্রচুর অর্থ উপার্জিত হয়। বিষয়টি ওদের খুব আনন্দ দেয়।

ক. আবগারি শুল্ক কী? ১
খ. মূল্য সংযোজন করকে পরোক্ষ কর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে সরকারের ব্যয়ের বিভিন্ন খাতসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. সরকারের আয়ের উৎস হিসেবে কর ও করবহির্ভূত খাতের কোনটির ওপর গুরুত্ব দেয়া উচিত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▶ আশ্রাফুল সাহেব 'X' দেশে বসবাস করেন। তিনি ছুটির দিনে বাজারে গিয়ে দেখেন, ২০১৯ সালে যে চালের দাম ছিল ৪৫ টাকা ২০২১ সালে সেই চালের দাম বেড়ে ৫৮ টাকায় উন্নীত হয়। ফলে সীমিত আয়ের লোক, শ্রমিকশ্রেণি, কৃষিজীবী ও ঋণ দাতারা আর্থিক ক্ষতিগ্রস্ত হয়। তিনি চিন্তিত হন।

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. অর্থের যোগান বৃদ্ধি মুদ্রাস্ফীতি সৃষ্টি করে কি? ২
গ. উদ্দীপকে প্রদত্ত তথ্যের ভিত্তিতে 'X' দেশের মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩
ঘ. 'X' দেশের উল্লিখিত শ্রেণির মানুষদের ওপর মুদ্রাস্ফীতির প্রভাব কতটুকু তা যৌক্তিকভাবে বিশ্লেষণ কর। ৪

## ৪৪ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

**অর্থনীতি দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন**

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সাদেব ও শরীফ উভয়েই কৃষিকাজের সাথে জড়িত, সাদেকের খামারের আয়তন অনেক ছোট যার মাধ্যমে সে কোনোরকমে তার পরিবারের ভরণ-পোষণ করতে পারে। অপরদিকে, শরীফের খামারের আয়তন বড়, যা দ্বারা সে তার পরিবারের চাহিদা মিটিয়ে উদ্বৃত্ত পণ্য বাজারে বিক্রি করে প্রতিবছর প্রচুর অর্থ আয় করে।

ক. কৃষিজোত কী? ১
খ. সমন্বিত খামার কাকে বলে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে সাদেক ও শরীফের খামারের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উৎপাদন দক্ষতা বিবেচনায় তাদের দুজনের মধ্যে কার খামারের প্রতি বেশি গুরুত্ব দেওয়া দরকার তা বিশ্লেষণ কর। ৪

২ ▶ শ্রেণিকক্ষে শিক্ষক কৃষির আলোচনা করতে গিয়ে বাংলাদেশের বিভিন্ন অর্থবছরে কৃষির বিভিন্ন উপখাতের অবদানের হার দেখান, যা সূচিতে দৃশ্যমান। যথা–

| কৃষির উপখাত | অর্থবছর | | |
|---|---|---|---|
| | ২০১১-১২ | ২০২-১৩ | ২০১৩-১৪ |
| শস্য ও শাকসবজি | ১০.০০ | ১১.০০ | ১২.০০ |
| মৎস্য সম্পদ | ৩.০০ | ৪.০০ | ৬.০০ |


তিনি বলেন, বর্তমানে কৃষিক্ষেত্রে নিরব বিপ্লব সংঘটিত হচ্ছে, কারণ হিসেবে তিনি বর্তমান সরকারের কৃষি উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ যেমন– ভর্তুকি প্রদান, ঋণ বিতরণ সহজীকরণ ও সুলভ মূল্যে প্রয়োজনীয় কৃষি উপকরণ সরবরাহ সহ বিভিন্ন কার্যক্রম বর্ণনা করেন।

ক. 'Biotechnology'-এর প্রবক্তা কে? ১
খ. কৃষকরা প্রাতিষ্ঠানিক ঋণ কম পায় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের শস্য ও প্রাণী খাতের অবদান স্তম্ভচিত্রের মাধ্যমে দেখাও। ৩
ঘ. কৃষি উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ কি যথেষ্ট? সে প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

৩ ▶ মানসম্পন্ন পণ্য উৎপাদনে বাংলাদেশ বিশ্ববাজারে একটি পরিচিত নাম। তৈরি পোশাক, পাট, চা ও চামড়াজাত পণ্য উৎপাদনে বাংলাদেশের যথেষ্ট সুনাম আছে। সম্প্রতি শিল্প ক্ষেত্রে মূলধনের সংকট প্রকট আকার ধারণ করায় সরকার 'ক' নামক প্রকল্পের প্রবর্তন করেছে, যা দ্বারা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান মিলে যৌথভাবে মূলধন গঠন করে সংকট মোকাবেলার চেষ্টা করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে অলস বেসরকারি মূলধনেরও কাম্য ব্যবহার হচ্ছে।

ক. বাংলাদেশে কতটি চা নিলাম কেন্দ্র রয়েছে? ১
খ. ফার্ম ও শিল্পের মধ্যকার পার্থক্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' প্রকল্পের পরিচয় দাও। ৩
ঘ. মূলধনের সংকট মোকাবিলা ও অলস বেসরকারি মূলধনের কাম্য ব্যবহার করার ক্ষেত্রে উপর্যুক্ত প্রকল্পের কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৪ ▶ নিচের সূচির আলোকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :





ক. SME-এর পূর্ণরূপ কী? ১
খ. অগ্রাধিকার শিল্প কাকে বলে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের '?' শিল্পের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উপর্যুক্ত শিল্পে বিদ্যমান সমস্যা সমাধানে এবং উন্নয়নে কী পদক্ষেপ গ্রহণ করা দরকার সে প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

৫ ▶ ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার আয়তনের দেশের জনসংখ্যার কাঠামো নিম্নরূপ–

| ২০১৬ সালের মধ্যবর্তী সময়ের জনসংখ্যা | ২০১৬ সালের মোট জন্মসংখ্যা | ২০১৬ সালের মোট মৃত্যুসংখ্যা |
|---|---|---|
| ১৬,০০,০০,০০০ | ৩০,০০,০০০ | ৮,০০,০০০ |


ক. ZPG-এর পূর্ণরূপ কী? ১
খ. জনগণনায় প্রাক্কলিত পদ্ধতি কীভাবে কাজ করে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে স্থূল জন্মহার ও স্থূল মৃত্যুহার নির্ণয় কর। ৩
ঘ. উপর্যুক্ত দেশের জনঘনত্ব নির্ণয় করে দেশটি জনবহুল হলে তা সমাধানে তোমার মতামত দাও। ৪

৬ ▶




ক. স্বাভাবিক জনসংখ্যা বৃদ্ধির হারের সূত্রটি লেখ। ১
খ. উদ্বাস্তু জনগোষ্ঠী জনসংখ্যায় নেতিবাচক প্রভাব ফেলে– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে A, B ও C বিন্দুতে অসমতার প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উপর্যুক্ত আলোচনার ভিত্তিতে বাংলাদেশের জনসংখ্যার প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নিচের চিত্রটি লক্ষ করে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. ভোক্তার দামসূচক (C.P.I) নির্ণয়ের সূত্রটি লেখ। ১
খ. 'মুদ্রাস্ফীতি কষ্টকর কিন্তু মুদ্রা সংকোচন অযৌক্তিক'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে কোন ধরনের মুদ্রাস্ফীতির দিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে আর্থিক নীতি ও রাজস্ব নীতির কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ বিশ্ব অতিমারি করোনার করাল থাবায় বিপর্যস্ত অর্থনীতিতে সম্প্রতি দ্রব্যের বাজারে অস্থিরতা বিরাজ করছে, প্রায় সকল দ্রব্য/সেবার দাম ঊর্ধ্বমুখী। ২০১৮ সালে সয়াবিন তেলের দাম প্রতি লিটার ৯৫ টাকা ছিল, যা ২০২২ সালে এসে লিটার প্রতি ১৯০ টাকায় এসে দাঁড়িয়েছে। ফলে বলা বাহুল্য যে, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে সীমিত আয়ের মানুষের নাভিশ্বাস উঠেছে।

ক. সীমিত বেকারত্ব মুদ্রাস্ফীতিতে কী প্রভাব ফেলে? ১
খ. প্রাকৃতিক দুর্যোগ কীভাবে মুদ্রাস্ফীতি সৃষ্টি করে? ২
গ. উদ্দীপকের আলোকে সয়াবিন তেলের ক্ষেত্রে মূল্যস্ফীতি নির্ণয় কর। ৩
ঘ. সীমিত ও নিম্ন আয়ের মানুষদের ভোগান্তি লাঘবে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? সে প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

৯ ▶ আন্তর্জাতিক বাণিজ্যে বাংলাদেশ একটি পরিচিত নাম। কিছুকাল আগেও আমাদের রপ্তানি শুধু পাট, চাসহ হাতে গোনা কয়েকটি পণ্যের মধ্যে সীমাবদ্ধ ছিল, যাতে এখন তৈরি পোশাক, হিমায়িত খাদ্য, পেট্রোলিয়াম পণ্য, বিভিন্ন রাসায়নিক দ্রব্য, হস্তজাত শিল্পপণ্য, আইটি শিল্পসহ অন্যান্য আরও অনেক পণ্য ও সেবা যোগ হয়েছে। সেজন্য প্রতি বছর রপ্তানি আয়ের সীমা পূর্বের রেকর্ড অতিক্রম করছে।

ক. বিশ্বগ্রাম ধারণার প্রবক্তা কে? ১
খ. বৈদেশিক সাহায্য পরনির্ভরতা বাড়ায়– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে প্রচলিত ও অপ্রচলিত রপ্তানি পণ্য চিহ্নিত কর? ৩
ঘ. রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে সরকারের করণীয় কী? এ প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

১০ ▶ শরিফ সাহেব অনেক দিন বিদেশে থাকার পর দেশে ফিরে এসে লক্ষ করেন, এদেশের মানুষ আর ঘরমুখো নেই। কর্মসংস্থানের সন্ধানে বিভিন্ন দেশ-মহাদেশ পাড়ি দিচ্ছে, ব্যবসায় বাণিজ্যের সম্প্রসারণ হয়েছে। দেশের মানসম্পন্ন পণ্য বিদেশের বাজারে জায়গা করে নিচ্ছে। এছাড়াও পরিবহণ ব্যবস্থায় দৃষ্টিগ্রাহ্য উন্নতি হয়েছে। বিভিন্ন দেশ বিশেষত উন্নত দেশসমূহ এতে প্রচুর লাভবান হচ্ছে, তবে অসম প্রতিযোগীতার জন্য উন্নয়নশীল দেশসমূহ নানাভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

ক. FDI-এর পূর্ণরূপ কী? ১
খ. 'তুলনামূলক ব্যয় সুবিধার জন্য বাণিজ্য সংঘটিত হয়'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে শরিফ সাহেবের দৃষ্টিতে বিশ্বায়নের ইতিবাচক দিকসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশ্বায়নের প্রভাব উল্লেখ করে এতে উন্নয়নশীল দেশসমূহ কীভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১১ ▶ সরকারের আয়ের উৎসের মধ্যে আয়কর, সম্পদ কর, ফি, মূল্য সংযোজন কর, আবগারি শুল্ক ও জরিমানা প্রভৃতি। এসব উৎস হতে প্রাপ্ত আয় দ্বারা ব্যয় সংকুলান না হলে ঘাটতি অর্থায়নের উৎস হিসেবে সরকার অভ্যন্তরীণ এবং বৈদেশিক উৎস হতে ঋণ নেয়। যদিও এ দুটি উৎসের সুবিধা ও অসুবিধা দুটোই রয়েছে।

ক. দেশীয় পণ্যের উপর আরোপিত করকে কী বলে? ১
খ. সরকারের ব্যয় করার থেকে আয় করাই সহজ– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে সরকারের কর রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব চিহ্নিত কর। ৩
ঘ. ঘাটতি অর্থায়নের উৎস দুটির মধ্যে কোনটি অধিকতর কার্যকর? এ প্রসঙ্গে তোমার মতামত দাও। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৪৫ রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 1 0

সময়–৩০ মিনিট

**অর্থনীতি দ্বিতীয় পত্র — বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'FIS' শব্দটির পূর্ণরূপ কী?**
K Food and Irrigation system
L Fertilizer Irrigation seed
M Fertilizer Irrigation System
N Food & Intensive seed

**২. দেশে উৎপাদিত মোট ধানের কত ভাগ বিআর-২৮?**
K ৪০ ভাগ L ৪৫ ভাগ
M ৫০ ভাগ N ৫৫ ভাগ

**৩. Bio-technology শব্দটি সর্ব প্রথম কে প্রবর্তন করেন?**
K আলফ্রেড মার্শাল L কার্ল এরেকি
M ডেভিড রিকার্ডো N রবিন্স

**৪. বাংলাদেশের কোন অঞ্চলে মূলত চিংড়ি চাষ করা হয়?**
K পূর্বাঞ্চলে L পশ্চিমাঞ্চলে
M উত্তরাঞ্চলে N দক্ষিণাঞ্চলে

**৫. মাশরুম যা প্রতিরোধে সহায়কতা হলো—**
i. ডেঙ্গুজ্বর ii. অর্শরোগ iii. জন্ডিস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬নং প্রশ্নের উত্তর দাও :**
'X' একজন কৃষক। তিনি তার জমিতে ফসল আবাদের জন্য একটি ব্যাংক হতে নষ্ট যন্ত্রপাতি মেরামতের জন্য ঋণ গ্রহণ করেছেন।

**৬. 'X' নামক কৃষক ব্যাংক হতে কোন ধরনের ঋণ গ্রহণ করেছেন?**
K স্বল্পকালীন L অতিস্বল্পকালীন
M মধ্যকালীন N দীর্ঘকালীন

**৭. বাংলাদেশের শিল্পখাত কয়টি উপখাতের সমন্বয়ে গঠিত?**
K ১ L ২ M ৩ N ৪

**৮. শিল্পনীতি-২০১০ অনুযায়ী মাইক্রো শিল্পে কর্মরত শ্রমিকের সংখ্যা কত?**
K ১০-১৫ জন বা তার কম
L ১-২৪ জন বা তার কম
M ২৫-৯৯ জন বা তার কম
N ৫০ জন বা তার কম

**৯. কত সালে কওমী জুট মিলস লি. কে খালিশপুর জুট মিলস লি. নামে চালু করা হয়?**
K ২০০৯ সালে L ২০১০ সালে
M ২০১১ সালে N ২০১২ সালে

**১০. বাংলাদেশে চা চাষের নতুন এলাকা হলো—**
i. সিলেট, শ্রীমঙ্গল
ii. পঞ্চগড়, ঠাকুরগাঁও
iii. দিনাজপুর, লালমনিরহাট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. বাংলাদেশ বিশ্ব বাজারে কয়টি আইটেমের পোশাক রপ্তানি করে?**
K ৬-১২টি L ৮-১২টি
M ১২-১৮টি N ১৮-২০টি


**১২. মার্কিন যুক্তরাষ্ট্র তৈরি পোশাক শিল্পের উৎপাদিত পণ্যের GSP সুবিধা প্রত্যাহারের ক্ষেত্রে যে বিষয়গুলোর উপর শর্ত আরোপ করেছে তা হলো—**
i. শ্রমিক সংগঠন করা
ii. কাঁচামাল উন্নত করা
iii. কারখানার পরিবেশ উন্নয়ন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. মানব সম্পদ উন্নয়নে কয়টি মৌলিক সূচক বিবেচনা করা হয়?**
K ১টি L ২টি M ৩টি N ৪টি

**১৪. জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার বলতে নিচের কোনটিকে বোঝায়?**
K PGR L NGR M CDR N GR

**১৫. ১৯৮১ সালে বাংলাদেশে নারীদের গড় আয়ু কত ছিল?**
K ৫৪.৫ বছর L ৫৫ বছর
M ৫৫.৩ বছর N ৬০ বছর

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:**




**১৬. উদ্দীপকে উল্লিখিত চিত্রে যে তত্ত্বটি প্রকাশ পেয়েছে তা কোন গ্রন্থে তত্ত্বাকারে উপস্থাপন করা হয়?**
K Principle of Economics
L Wealth of Nations
M Wealth
N The Population Problem


**১৭. উক্ত তত্ত্ব অনুযায়ী চিত্রে LN স্তরে—**
i. কাম্য অপেক্ষা জনসংখ্যা স্তর কম
ii. কাম্য অপেক্ষা জনসংখ্যা স্তর বেশি
iii. কাম্য অপেক্ষা মাথাপিছু আয় কম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. ২০১২ সালে 'A' দেশে ১০ লক্ষ জীবিত শিশু জন্মগ্রহণ করে এবং ৮ লক্ষ লোক মৃত্যুবরণ করে যখন দেশের জনসংখ্যা ছিল ১০ কোটি। ২০১২ সালে 'A' দেশে স্থূল জন্মহার কত ছিল?**
K ২০ L ১২ M ১০ N ৮

**১৯. "সূচক সংখ্যা হলো একটি বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ গড়" উক্তিটি কার?**
K ব্লেয়ার L ক্রাউথার
M পিগু N কেইন্স

**২০. মুদ্রাস্ফীতির ফলে কারা ক্ষতিগ্রস্ত হয়?**
K ঋণ গ্রহীতা L করদাতা
M কৃষক N ব্যবসায়ী

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**




**২১. উদ্দীপকে উল্লিখিত চিত্রে মুদ্রাস্ফীতির পরিমাণ কত?**
K ১০ L ১৫ M ৫ N ২৫

**২২. উল্লিখিত মুদ্রাস্ফীতিটি সৃষ্টি হয়—**
i. ভোগ বৃদ্ধির ফলে
ii. সরকারি ব্যয় বাড়লে
iii. শ্রমের দক্ষতা যোগান বৃদ্ধি পেলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. বিশ্বায়নের যুগে নতুন অর্থনীতি বিকাশে কার ভূমিকা মুখ্য?**
K শিক্ষা L তথ্য প্রযুক্তি
M সরকার N জনগণ

**২৪. বাংলাদেশের হিমায়িত খাদ্যের প্রধান ক্রেতা দেশ নয় কোনটি?**
K চীন L কোরিয়া
M সিঙ্গাপুর N ইতালি

**২৫. বৈশ্বিক পল্লি ধারণার পরিবর্তিত প্রতিরূপ হচ্ছে বিশ্বায়ন"— উক্তিটি কার?**
K মার্টিন অ্যালব্রো L ম্যাকলোহান
M অনিটা রভিস N ডালটন

**২৬. তৈরি পোশাক বাংলাদেশের অন্যতম প্রচলিত পণ্য যা রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন হয়। উক্ত পণ্য রপ্তানির মাধ্যমে বাংলাদেশের—**
i. কর্মসংস্থান বৃদ্ধি পায়
ii. দেশীয় শিল্পের বিকাশ হয়
iii. খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. NBR বহির্ভূত কর কোনটি?**
K যানবাহন কর L মূল্য সংযোজন কর
M আবগারি শুল্ক N আমদানি শুল্ক

**২৮. কোনটি নিষ্ক্রিয় ঋণ?**
K শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ঋণ
L যুদ্ধের জন্য ঋণ
M ভোক্তা ঋণ
N শিল্প স্থাপনের জন্য ঋণ

**২৯. ২০০০ সালে আন্তর্জাতিক অর্থ তহবিল কয়টি বিষয়কে বিশ্বায়নের সজ্ঞায় চিহ্নিত করেছেন?**
K ১টি L ২টি M ৩টি N ৪টি

**৩০. বাংলাদেশের রাজস্ব আয়ের একটি বিরাট অংশ প্রত্যক্ষ ও পরোক্ষ কর থেকে অর্জিত হলেও কর বহির্ভূত উৎস হতেও বাকিটা আদায় করা হয়। তাহলে সরকারের রাজস্বের অবশিষ্ট উপাদান কোনগুলো?**
i. লভ্যাংশ ও মুনাফা
ii. প্রশাসনিক ফি
iii. সম্পূরক শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | L | ৪ | N | ৫ | N | ৬ | M | ৭ | N | ৮ | L | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | L | ১৩ | M | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | M | ২২ | K | ২৩ | L | ২৪ | L | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | L | ২৯ | N | ৩০ | K |

## ৪৬ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

### অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জন্য দায়ী সর্বোচ্চ গ্রিন হাউজ গ্যাস নির্গমনকারী দেশ কোনটি?**
K ভারত L যুক্তরাষ্ট্র
M রাশিয়া N চীন

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কবির একজন কৃষক। তার পরিবারের সদস্য সংখ্যা ৪ জন। পৈত্রিক সূত্রে প্রাপ্ত এক খণ্ড জমিতে তিনি পরিবারের সদস্যদের নিয়েই চাষাবাদ করেন এবং তা দিয়েই পরিবারের ভরণপোষণ নির্বাহ করেন।

**২. উদ্দীপকে কোন ধরনের খামারের কথা বলা হয়েছে?**
K জীবন নির্বাহী খামার
L বহুমুখী খামার
M বাণিজ্যিক খামার
N মিশ্র খামার

**৩. উক্ত খামারের বৈশিষ্ট্য হলো—**
i. জীবন ধারণ করা
ii. অধিক উদ্বৃত্ত সৃষ্টি করা
iii. ব্যবস্থাপনা অসংগঠিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. বাংলাদেশের আদর্শ কৃষি খামারের আয়তন কত?**
K ১ একর L ৩ একর
M ৫ একর N ১০ একর

**৫. আবাদযোগ্য জমিকে বলে—**
K কৃষিজোত
L কৃষি খামার
M জীবন নির্বাহী খামার
N বাণিজ্যিক খামার


**৬. ম্যানুফ্যাকচারিং শিল্প কোনটি?**
K নির্মাণ শিল্প
L বিদ্যুৎ
M খনিজ
N ক্ষুদ্রায়তন ও মাঝারি শিল্প

**৭. আমদানি বিকল্প শিল্পায়নের সুবিধা—**
i. দেশীয় শিল্পের সংরক্ষণ হয়
ii. বৈদেশিক মুদ্রা সাশ্রয় হয়
iii. আমদানীর পরিমাণ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. কোনটি অপ্রচলিত রপ্তানি দ্রব্য?**
K চা L চামড়া
M কাগজ N হিমায়িত খাদ্য

**৯. Tax-holiday সুবিধা পায় কারা?**
K ভোক্তা L উৎপাদনকারী
M রপ্তানিকারক N আমদানীকারক

**১০. সংরক্ষিত শিল্পের উদাহরণ হচ্ছে—**
i. অস্ত্রশস্ত্র
ii. সিকিউরিটি প্রিন্টিং
iii. সার শিল্প
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii




**১১. চিত্রে লম্ব অক্ষে কী পরিমাপ করা হয়?**
K মাথাপিছু ভূমি L মাথাপিছু সম্পদ
M মাথাপিছু আয় N মাথাপিছু ব্যয়

**১২. A একটি দেশ যেখানে ১৫ কোটি লোকের বাস। দেশটির আয়তন ১ লক্ষ ৫০ হাজার বর্গ কি.মি.। দেশটির জনসংখ্যার ঘনত্ব কত?**
K ১০০ জন L ১,০০০ জন
M ১০,০০০ জন N ১,০০,০০০ জন

**১৩. ম্যালথাসের মতে, জনসংখ্যার চেয়ে খাদ্য উৎপাদন অনেক ধীরে বাড়ে। কারণ—**
i. জমির যোগান সীমিত
ii. প্রকৃতির প্রতিকূল পরিবেশ
iii. জমিতে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি প্রযোজ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. $M = \frac{A-0}{0}$ সমীকরণে M = 0 হলে কী নির্দেশ করে?**
K প্রকৃত জনসংখ্যা L অধিক জনসংখ্যা
M নিম্ন জনসংখ্যা N কাম্য জনসংখ্যা

**১৫. বাংলাদেশের কোন বিভাগে জনসংখ্যা সবচেয়ে কম?**
K রাজশাহী L খুলনা
M চট্টগ্রাম N বরিশাল

**১৬. CPI-এর পূর্ণরূপ কী?**
K Customer Price Index
L Cunsumer Price Index
M Common Price Index
N Compact Price Index

**১৭. চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে ভূমিকা রাখে—**
i. রাজস্বনীতি
ii. পররাষ্ট্রনীতি
iii. আর্থিক নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. মনে কর, ২০১৫ সালে কিছু পণ্যের দাম ১৫ টাকা এবং ২০১৬ সালে এসবের দাম ২৫ টাকা। মুদ্রাস্ফীতির হার কত?**
K ৬৭% L ৭০%
M ৭৫% N ৮০%

**১৯. মুদ্রাস্ফীতির ফলে লাভবান হয়—**
i. ঋণদাতা
ii. ঋণ গ্রহীতা
iii. উৎপাদনকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. কোনটি ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির কারণ?**
K নতুন নোট ছাপানো
L দ্রব্যের উৎপাদন হ্রাস
M বাণিজ্যিক ব্যাংকের ঋণ বৃদ্ধি
N শ্রমিকদের মজুরি বৃদ্ধি

**২১. বাংলাদেশের রপ্তানি পণ্যের বৃহৎ বাজার কোনটি?**
K আমেরিকা L যুক্তরাষ্ট্র
M ভারত N চীন

**২২. বিশ্বায়ন বলতে মূলত বোঝায়—**
K অর্থনৈতিক বিশ্বায়ন
L রাজনৈতিক বিশ্বায়ন
M ভৌগোলিক বিশ্বায়ন
N তথ্যগত বিশ্বায়ন

**২৩. বিশ্বায়নের সুবিধা কী?**
K উপকরণের গতিশীলতা বৃদ্ধি
L একচেটিয়া উদ্ভব
M দাম হ্রাস
N ভোক্তা ক্ষতিগ্রস্ত হয়

**২৪. বাংলাদেশ সার্কভুক্ত দেশসমূহের মধ্যে সবচেয়ে বেশি পণ্য রপ্তানি করে কোন দেশে?**
K পাকিস্তানে L নেপালে
M ভারতে N শ্রীলঙ্কাতে

**২৫. বাংলাদেশে আমদানি ব্যয় রপ্তানী আয় অপেক্ষা বেশি হওয়ার কারণ—**
i. বাংলাদেশ কৃষিপ্রধান দেশ
ii. শ্রমনির্ভর শিল্প উৎপাদনে জড়িত
iii. রপ্তানি পণ্য বেশি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. সরকারের আয়ের প্রধান খাত কোনটি?**
K সরকারি ঋণ
L কর রাজস্ব
M কর বহির্ভূত রাজস্ব
N বৈদেশিক অনুদান

**২৭. সরকারের রাজস্ব ব্যয় কোনটি?**
K সেতু নির্মাণ
L বয়স্ক ভাতা
M কর্মচারীর বেতন
N কৃষি উন্নয়ন

**২৮. যে করের করখাত ও করপাত একই ব্যক্তির ওপর পড়ে এ ধরনের করের উদাহরণ হলো—**
K বিক্রয় কর L আয়কর
M আমদানি শুল্ক N রপ্তানি শুল্ক

**২৯. দেশের অভ্যন্তরে উৎপাদিত দ্রব্য সামগ্রীর উপর আরোপিত কর—**
K টার্নওভার কর
L বাণিজ্য শুল্ক
M আবগারি শুল্ক
N সম্পূরক শুল্ক

**৩০. প্রশাসনিক ফি সরকারের কোন ধরনের প্রাপ্তি?**
K NBR ভুক্ত L NBR বহির্ভূত
M বাধ্যতামূলক N কর বহির্ভূত

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | L | ৫ | K | ৬ | K | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | K | ১১ | M | ১২ | L | ১৩ | N | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | N | ২১ | L | ২২ | K | ২৩ | K | ২৪ | M | ২৫ | K | ২৬ | L | ২৭ | M | ২৮ | L | ২৯ | M | ৩০ | N |

# ৪৭ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

## অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]


**১. বাংলাদেশের পোশাক শিল্প—**
i. বৈশ্বিক বাজারে দ্বিতীয় স্থানে
ii. বর্তমানে ৩০০০ সচল পোশাক কারখানা রয়েছে
iii. কমনওয়েলথভুক্ত দেশসমূহের বাজারে পিছিয়ে আছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২. সমুদ্রগামী জাহাজ চলাচল কোন ধরনের শিল্পের উদাহরণ—**
K সংরক্ষিত শিল্প L নিয়ন্ত্রিত শিল্প
M সৃজনশীল শিল্প N অগ্রাধিকার শিল্প

**৩. প্রয়োজনীয় পরিসংখ্যানের অগ্রদূত হিসেবে কোন দেশকে সম্মান করা হয়?**
K ইংল্যান্ড L বাংলাদেশ
M সুইডেন N আমেরিকা

**৪. $\frac{\text{জন্মহার} - \text{মৃত্যুহার}}{\text{১০০০}} \times \text{১০০} =$ কী হবে?**
K DP L CDR M PGR N NGR

■ **চিত্রটি দেখে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**




**৫. চিত্রটি কোন তত্ত্বের সাথে সম্পর্কিত?**
K ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব
L কাম্য জনসংখ্যা তত্ত্ব
M জনসংখ্যা উন্নয়ন তত্ত্ব
N জনমিতিক তত্ত্ব

**৬. প্রত্যাশিত জনসংখ্যা স্তর হচ্ছে—**
K OM L ON M OS N PM

**৭. "জনসংখ্যা শুধু সংখ্যাগত সমস্যা নয় বরং এটি সম্পদের দক্ষ উৎপাদন ও ন্যায্য বণ্টনের সমস্যা"— বক্তব্যটি কার?**
K ম্যালথাস L সেলিগম্যান
M ডাল্টন N এডউইন ক্যানন

**৮. বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব প্রতি কিলোমিটারে কতজন?**
K ১০১৫ L ১১১৫
M ১২১৫ N ১২৫৩

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
সরকারি কর্মচারীদের নতুন পে-স্কেল প্রদানের ফলে পূর্ববর্তী বছরের প্রেক্ষিতে এ বছর নতুন মূল্য সূচক ১২০.৬।

**৯. উদ্দীপকে মুদ্রাস্ফীতির হার—**
K ১০.৬ L ২০.৬
M ৫০.৬ N ১০০.৬

**১০. পূর্ববর্তী বছরের মূল্য সূচক কত ছিল?**
K ১০.৬ L ২০.৬
M ৫০ N ১০০

**১১. আর্থিক GNP ১০০০ ও প্রকৃত GNP ৫০০ হলে GNP ডিফ্লেটর কত?**
K ১০০ L ২০০ M ৩০০ N ৪০০

**১২. অত্যধিক অর্থের প্রচলনকে মুদ্রাস্ফীতি বলে— উক্তিটি কার?**
K ক্রাউথার L কুলবর্ণ
M পিগু N হট্রে

**১৩. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে মুদ্রাস্ফীতিতে—**
i. বিনিয়োগ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে
ii. জনগণের ভোগ ব্যয় বৃদ্ধি পায়
iii. গরিব মানুষের জীবনযাত্রার মান হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৪. বাংলাদেশের প্রধান আমদানি দ্রব্য হলো—**
K পাটজাত দ্রব্য L চামড়াজাত দ্রব্য
M শিল্পের কাঁচামাল N কৃষি উপকরণ

**১৫. বাংলাদেশের রপ্তানী নীতিতে বর্তমানে বিশেষ উন্নয়নমূলক খাতে পূর্বের ১৪টি পণ্যের সাথে নতুন সংযুক্ত হলো কতটি পণ্য?**
K ১ L ২ M ৩ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
বর্তমানে বাংলাদেশে শাকসবজি ও ফলমূল, সার ও রাসায়নিক পণ্যদ্রব্য, টেরিটাওয়েল রপ্তানি করছে। এতে বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে।

**১৬. উদ্দীপকে উল্লিখিত দ্রব্যগুলো কী ধরনের দ্রব্য?**
K প্রচলিত L অপ্রচলিত
M কৃষিজাত দ্রব্য N শিল্পজাত দ্রব্য

**১৭. উক্ত দ্রব্যগুলো রপ্তানি করে বাংলাদেশের—**
i. জাতীয় আয় বৃদ্ধি পায়
ii. উৎপাদন হ্রাস পায়
iii. কর্মসংস্থান বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৮. নিম্নের কোনটি বাংলাদেশের 'শিল্পজাত পণ্য' হিসেবে আমদানিকৃত পণ্যের তালিকায় নেই—**
K অপরিশোধিত পেট্রোলিয়াম
L ভোজ্যতেল
M সুতা
N স্টেপল স্কাইবার

**১৯. বিশ্বায়নের অর্থনৈতিক প্রভাব পরিমাপ করা হয় কয়টি উপাদানের সাহায্যে?**
K ৪ L ৩ M ২ N ১

**২০. কেন্দ্রীয় ব্যয়ের খাত কোনটি?**
K ইউনিয়ন পরিষদ
L মিউনিসিপ্যাল কর্পোরেশন
M বিচার বিভাগ
N জেলা পরিষদ

**২১. সরকারের বিশাল ব্যয়ের অর্থসংস্থানের জন্য কয়টি উৎসকে চিহ্নিত করা হয়?**
K ৩ L ৫ M ৭ N ৯

**২২. পণ্য করের উপাদানগুলো হলো—**
i. মূসক
ii. সম্পূরক শুল্ক
iii. যানবাহন শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৩. প্রত্যক্ষ কর হলো—**
K বিক্রয় কর L প্রমোদ কর
M সম্পদ কর N VAT

**২৪. বিএডিসি সারাদেশে কয়টি পাট বীজ উৎপাদন খামার পরিচালনা করে থাকে।**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২৫. বাংলাদেশের অভ্যন্তরীণ জলাশয়ে কত প্রজাতির মাছ?**
K প্রায় ১৯৩ L প্রায় ২৯৩
M প্রায় ১৭৩ N প্রায় ২৭৩

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জীবের অবশিষ্টাংশ, বর্জ্য, মল-মূত্র, বৃক্ষ ও গুল্ম প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে এক ধরনের ফুয়েল তৈরি করা যায়।

**২৬. উদ্দীপকে তৈরিকৃত ফুয়েলটির নাম কী?**
K LPG L বায়োফার্মিং
M বায়ুফুয়েল N জৈবপ্রযুক্তি

**২৭. উক্ত ফুয়েলের ফলে—**
i. পরিবেশ দূষণ কম হবে
ii. উষ্ণতা হ্রাস পাবে
iii. ফুয়েল আমদানি হ্রাসের ফলে বৈদেশিক মুদ্রার মজুত হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৮. কোন মাছের শরীরে থাকা চর্বি বা তেল উচ্চ রক্তচাপ ও বাতের ব্যাথা নিয়ন্ত্রণে সহায়তা করে, চোখ উজ্জ্বল করে, অবসাদ দূর করে, মস্তিষ্কের কর্মক্ষমতা বাড়ায়।**
K বাগদা চিংড়ি L গলদা চিংড়ি
M ইলিশ N রুই

**২৯. সবজি উৎপাদন বৃদ্ধির হারের দিক থেকে বাংলাদেশ এখন বিশ্বে কততম?**
K ১ম L ২য় M ৩য় N ৪র্থ

**৩০. কোন শিল্পনীতি ঘোষণার মাধ্যমে শিল্পসমূহকে ব্যক্তি মালিকানায় ছেড়ে দিতে শুরু করলে শিল্প উৎপাদন বৃদ্ধি পায় এবং মুদ্রাস্ফীতি ঘটে?**
K শিল্পনীতি-১৯৭৩ L শিল্পনীতি-১৯৮৬
M শিল্পনীতি-১৯৯১ N শিল্পনীতি-১৯৯৯

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | M | ৪ | N | ৫ | L | ৬ | K | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | N | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | K | ১৯ | K | ২০ | M | ২১ | M | ২২ | K | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | M | ২৯ | M | ৩০ | M |

## ৪৮ ✓ শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

### অর্থনীতি দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত রয়েছে?**
K ইসলামি L ধনতান্ত্রিক
M সমাজতান্ত্রিক N মিশ্র

**২. উৎপাদনের ভিত্তিতে খামার কত প্রকার?**
K দুই L তিন
M চার N পাঁচ

**৩. মুনাফা অর্জন কোন খামারের উদ্দেশ্য?**
K বাণিজ্যিক L জীবন নির্বাহী
M বহুমুখী N সমবায়

**৪. উচ্চ ফলনশীল ইরি বীজ কোন দেশে উদ্ভাবিত হয়েছিল?**
K ইন্দোনেশিয়া L বাংলাদেশ
M ফিলিপাইন N ভারত

**৫. অত্যাবশ্যকীয় অভাব কোনটি?**
i. অন্ন
ii. বস্ত্র
iii. বাসস্থান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষিতে এমন একটি প্রযুক্তি আছে যা জীবকোষের উপাদান, কাঠামো, গঠন ইত্যাদি নিয়ে আলোচনা করে। এ প্রযুক্তি কৃষি উন্নয়নে ব্যাপক সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে।

**৬. উদ্দীপকে উল্লিখিত প্রযুক্তিটি কী নামে পরিচিত?**
K কৃষি প্রযুক্তি L শিল্প প্রযুক্তি
M আইসিটি N জৈব প্রযুক্তি

**৭. উক্ত প্রযুক্তির ফলে সম্ভব হয়েছে—**
i. প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার
ii. অধিক ফসল উৎপাদন
iii. ফসলের রোগ নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও ii N i, ii ও iii

**৮. কোনটি সামষ্টিক অর্থনীতির চলক নয়?**
K জাতীয় আয় L মুদ্রাস্ফীতি
M সার্বিক বেকারত্ব N ব্যক্তিগত আয়

**৯. TAX Holiday সুবিধা পান কারা?**
K ভোক্তারা
L উৎপাদকেরা
M আমদানিকারকেরা
N রপ্তানিকারকেরা

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**

| সময় (বছর) | ০ | ২৫ | ৫০ | ৭৫ |
|---|---|---|---|---|
| জনসংখ্যা | ১ | ২ | ৪ | ৮ |
| খাদ্য উৎপাদন বৃদ্ধি | ১ | ২ | ৩ | ৪ |

**১০. ১২৫ বছর পর জনসংখ্যা ও খাদ্যের পরিমাণ হবে যথাক্রমে—**
K ১০ ও ৫ L ১০ ও ৬
M ৩২ ও ৫ N ৩২ ও ৬

**১১. জনসংখ্যা ও খাদ্য উৎপাদনের এ অসামঞ্জস্যের প্রভাব পড়বে—**
i. খাদ্যের উপর
ii. পরিবেশের উপর
iii. মাথাপিছু আয়ের উপর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. কাম্য জনসংখ্যা তত্ত্বটিতে নিম্নের কোন অর্থনীতিবিদের অবদান আছে?**
K ডাল্টন L পিগু
M ম্যালথাস N মার্শাল

**১৩. বাংলাদেশের জনসংখ্যা কাঠামোকে কতভাগে ভাগ করা যায়?**
K ২ L ৩ M ৪ N ৫

**১৪. কোন জেলায় প্রতি বর্গকিলোমিটারে সবচেয়ে কম লোক বাস করে?**
K যশোর L বান্দরবান
M খাগড়াছড়ি N সিলেট

**১৫. মুদ্রাস্ফীতি বৃদ্ধি পেলে অর্থের মূল্যের কী হয়?**
K বৃদ্ধি পায়
L কমে যায়
M স্থির থাকে
N কম হারে বৃদ্ধি পায়

**১৬. মুদ্রাস্ফীতি পরিমাপ করার জন্য নিচের কোনটির ব্যবহার সবচেয়ে বেশ লক্ষ করা যায়?**
K CPI L PPI
M ECI N GNP Deflator

**১৭. পূর্ববর্তী বছরের সাথে যে বছরের দামস্তর তুলনা করা হয় তাকে কী বলে?**
K তুল্য বছর L হিসাবি বছর
M ভিত্তি বছর N নির্ধারক বছর

**১৮. মুদ্রাস্ফীতির সময় কে লাভবান হয়?**
K উৎপাদক L করদাতা
M সরকার N ক্রেতা

**১৯. আন্তর্জাতিক বাণিজ্য কার্যকর হতে প্রয়োজন—**
K সরকারি নীতির অভিন্নতা
L অভিন্ন মুদ্রা
M দুই বা ততোধিক দেশ
N অভিন্ন রাজস্ব নীতি

**২০. ক্লাসিক্যাল অর্থনীতিবিদগণ কোন ধরনের বাণিজ্যের সমর্থক ছিলেন?**
K অভ্যন্তরীণ বাণিজ্যের
L বৈদেশিক বাণিজ্যের
M সংরক্ষণ বাণিজ্যের
N মুক্ত বাণিজ্যের

**২১. অভ্যন্তরীণভাবে দ্রব্যের উপর কোন ধরনের শুল্ক আরোপ করা হয়?**
K আমদানি শুল্ক
L রপ্তানি শুল্ক
M বাণিজ্য শুল্ক
N আবগারি শুল্ক

**২২. আন্তর্জাতক বাণিজ্যের কয়টি দিক রয়েছে?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২৩. কোন অর্থনীতিবিদ সর্বপ্রথম বাণিজ্যের কারণ বিশ্লেষণ করেন?**
K মার্শাল
L অ্যাডাম স্মিথ
M ডেভিড রিকার্ডো
N কেইন্স

**২৪. রপ্তানি বৃদ্ধির জন্য সরকারের পদক্ষেপ কী হতে পারে?**
K টাকার অতিমূল্যায়ন
L টাকার অবমূল্যায়ন
M ভর্তুকি হ্রাস
N শুল্ক বৃদ্ধি

**২৫. কত সালে বিশ্ব বাণিজ্য সংস্থা গঠিত হয়?**
K ১৯৪৮ L ১৯৯৫
M ১৯৭৫ N ১৯৯৩

**২৬. কোন দেশ থেকে বাংলাদেশ সবচেয়ে বেশি পণ্য আমদানি করে?**
K যুক্তরাষ্ট্র
L জার্মানি
M চীন
N ভারত

**২৭. সরকারি আয়ের প্রধান উৎস কোনটি?**
K কর রাজস্ব
L কর বহির্ভূত রাজস্ব
M আমদানি শুল্ক
N সরকারি ঋণ

**২৮. প্রশাসনিক কাজ পরিচালনার ব্যয় কোন ধরনের ব্যয়?**
K উন্নয়ন ব্যয়
L উৎপাদনশীল ব্যয়
M রাজস্ব ব্যয়
N মূলধন ব্যয়

**২৯. সার্বিকভাবে সরকারি ব্যয়ের মূল উদ্দেশ্য কোনটি?**
K প্রশাসনিক খরচ
L জনকল্যাণ সাধন
M নির্বাচনি অঙ্গীকার পালন
N দারিদ্র্য বিমোচন

**৩০. জনগণ কর্তৃক সরকারকে বাধ্যতামূলক প্রদেয় অর্থকে কী বলে?**
K ফি L জরিমানা
M কর N ঋণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | N | ৬ | N | ৭ | N | ৮ | N | ৯ | N | ১০ | N | ১১ | N | ১২ | K | ১৩ | L | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | M |

## ৪৯ সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

### অর্থনীতি দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. Biotechnology শব্দটি প্রথম কে প্রবর্তন করেন?**
K Marshall L Kerl Ereky
M P. A Samuelson N Adam Smith

**২. কৃষকেরা স্বেচ্ছায় পরস্পরের জমি একত্রিত করে যে খামার গড়ে তোলে তাকে বলে—**
K ব্যক্তিগত খামার L ক্ষুদ্রায়তন খামার
M সমবায় খামার N যৌথ খামার

**৩. বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য হলো—**
i. অনুন্নত কৃষি
ii. অনুন্নত অবকাঠামো
iii. বৈদেশিক বাণিজ্য ঘাটতি
**নিচের কোনটি সঠিক?**
